আদাটায় ঝণিতায় ঝুশ্রীলী ক্রান্তান

দয় দয় রবশ্যায় মিলো ট্যাট্—
ক্যাচারায় টট্-লি সো সো গটা,
হাই তায়া, তুমি টনিয়া বাই বাই রে
রৈ বাইটা।
হোয়াইটী ঐ ওয়াসী চেহারালে তুমি টনি
টানতায় সকলারে করাতে আইইঙ্-টা
তোমাতে, ধারবারে পারতার মর্তায়
একটা আঁক-তাকি তিলক, চোখ পরি—
কোয়াইটী রৈ কোয়াশী নেহারালে তুমি টনি
জানতায় রকলারে দরাতে হাইইঙ্-টা
তোমাতে, আরবারে কারতার শর্তায়
একটা জাঁক ডাকি তিলক রোখ ভরি।
শতালী ওয়ে-য়ীত ধরায়ে করি বলে
করিতয়ী এই যে এথা, তব পরবর্তী
কতটা হোতোয়া ঐ অন্য তথা বার
তার বারিলে—খটমট হৈ হচ্‌মচি—
রতালী স্যোয়েয়ীত্ ডরায়ে বরি ডলে
দরিতায় যেই যে যথা—অব্
ধরধর্তী মতটা জোতোয়া বৈ
অন্য অথা পার তার পারিলে—
গট্‌কট্ জৈ খচ্‌জচি।
হয় হোক না ঝোঁক সামালেয়ে যেই
সামলানা কথা নাই ভোলে-ই-ভালেলে,
বলি টনি—জয় জাঁকিলায় ফের আয়
তুমিতেয়ী নটীনেসী গেট্-টা—আয়া, ইন্—
তয় থোক না ছোঁক ঝামালেয়ে রেই
ঝামালানা যথা তাই ঢোলে-ই-ঢালেলে—
বলি টনি,—সয় সাঁকিলায় ঘের তায়
চুমিতেয়ী হটীফেসী পেট্-টা—দায়া সীন্।
লিখতায় বিকালায় চলতয়ী এ কলমা—
থামেলে হয় থিতু যেই হয় শেডিঙ্‌টা
লোড্-এ, নিবুই যায় আলো, ঝায়

তাৎপর্য্যে সাজালী সাঁঝ হয়—নৃত্যে
নটী-সদৃশায়, হেই টনি, —যায় যায়
ছাপায়ে শীতেলী আজকার
এই ওয়ারটা—সো কোল্ডী—
দিখতায় ঝিতালায় তলতয়ী এ চলমা—
হামেলে হয় হিতু—রেই জয় ফেডিঙটা
নোড্-এ, —দিবুই ঝায় ভালো, ছায়
আৎতর্য্যে বাজালী ঝাঁঝ বয়
হৃত্যে কটী-যদৃকায়, তেই টনি—
ধায় ধায় দাপায়ে শীতেলী
যাজধার—রেই হোয়ারটা—
সো হোল্ডী।

[১৬-১-০৭
দুই-দশ-তেরো
বার মঙ্গলীর বিকালায়।]

টুক্ কথালীতে হও যে টুকীটাকীল ভালো লাগাটিয়ী, ও টিপসী

ভরা হিত্ ঝরী টুক্ করা কথালীতে হও
যে টুকীটাকীল্ ভালো লাগাটিয়ী
ও টিপসী—ঝরে যেন ঝরী-ঝরীল
খুশ-খাতী প্লেজারাসী বন্দয়ী—এ বাদ্য—
ধরা দীত্ জড়ী স্যুক্ ভরা যথালীতে রও
যে স্যুক্-স্যাকিল্ আলো জাগাটিয়ী
ও টিপসী—ঘরে যেন ঘরী ঘরীল
হুঁশ-মাতী প্লেজারাসী চন্দয়ী—এ আদ্য।
টিপ্‌টিপুলী ভাবটার ভাড়ারায় যাই
রচিতায় পাই যাচ তক্ যাচয়ে—
যেই কোন্ আর্জ—এই লেখেলায়
কী তবে বলি, লেখন খোঁজতায়ে—
জিঁপজুঁপিলী ধাবটার আড়াড়ায় তাই
যচিতায় ধাই আচ ছক আচয়ে
রেই রোণ চার্জ—যেই শোখেলায়
কী রবে রোল্-ই, সেখানে গোঁজঝায়ে।
টিপসী তাপসায় মাতেলায় দারুণীয়
তুমিরই মাতৃত্বয় যে অনাবিল—
অরুণিমাময়ী ছিলে, —চুণী আত্মজায়—
ছিলেও তায় দামুয়া, ছিলে জনিতে, টনিতে—
টিপসী দাপসায় ধাতেলায় আরুণীয়
তুমিরই ধাতৃত্বয় যে রণাদীল—
তরুণিমাজয়ী হিলে, —চুণী আত্মজায়—
আরে হিলেলে আ দামুয়ায়, মিলে জনিতে টনিতে।
দুপুরার পর আসতীত্ এই আশাবরীল্
গড়ানোয়ী এ বিকেলায়—ভরালীত্
শীতি ঝামরাল্—খুউব নয় এই যে
আতারালী রুউব—এই যে এই এখনায়—

টুপুরার বর ভাসমীত্ যেই ঠাশাতরীল্
দড়ানোয়ী এ বিকেলায় পরালীত্
শীতী কামড়াল্ চুউব রয় রেই যে
তাতারালী হুউব যেই যে যেই রখনায়।
টিপসী, ছিলে যে সাজুয়ীতে নিয়ে সাজ
রাজুয়ীত্ মায়েরই, যেন যেন কবিবর
ভণিতায়ী পোয়েজীজ এক নর্মী
নর্মালী জিঁক-জাঁক, টিপ্ টপ্ মাদার—
টিপসী, মিলে যে কাজুয়ীতে দিয়ে কাজ
যাজুয়ীত্ মায়েরই, রেণ রেণ কবিধর
ধ্বনিতায়ী সোয়েজীজ ছক বর্ণী
বর্ণালী ঠিক-ঠাক, হিপ্-হপ্ মাদার।
আজ এই দিন পর ছাড়োয়ে দিন বেশী
একটা—ভাবি যাই না পাহিতায়েতে
ভাবুলায় রাখি ঘিরে তার ঘেরে—
তাই যে অনারেতে করে হাট, —টিপসীতে—
কাজ চই ঋণ তর তাড়োয়ে ঋণ রেশী
ছকটা—ধাবি আই আ গাহিতায়েতে
কাবুলায় শাখি মীড়ে কার জেড়ে
গাই যে ডানারেতে বরে চান্ট,—এ টিপসীতে।
পক্ষেয়ায় নাহি ধারিলায় ও ধারিতব্য
এই কজ্ ভরা ধারালায়, তবুয়ায়
বলি কাবুয়ায় টিপসীয়ী কথাটা
জারি-জুরিলী কারু ভরাট্ এ কৃতেলে—
অক্ষেয়ায় তাহি পারিলায় ও পারিতব্য
তেই ডজ্ ধরা তাড়ালায়, হবুয়ায়
ঢলি রবুয়ায়—টিপসীর কথাটা
ঝরি-ঝুরিলী চারু দরাট্ এ হৃতেলে।
হ্যাড্ নয় চৈবেয়ে নৈবনী, বলি
মায়ী সাতালাই ঐ মাতৃত্বেরই
ভরা এই ঘরা-ঘরা প্রীতলাই
শ্রীতলাই ঘেরেলায় থাকা তুমি

টিপসী, হোলে পুরোপুরি—আন ক্যমন—
স্যাড্ নয়, রৈবেয়ে দৈবনী, বলি
জারী আতালাই রৈ মাতৃত্বেরই
ঘরা যেই ভরা ভরা হৃতীলাই
বৃতীলাই ফেরালায় ডাকা—
ঝুমি টিপসী, দোলে ঘুরোঘুরি রণ্-শণন্।

[২৬-১-০৭
১২-১০-১৩
শুক্কুরী বিকেলায়।]

ইতি, নয় বয়ী রে দ্য এণ্ড—ঐ তোমারি কথানে

ভারী তুষীয়ে এই পৌষী মাতালীক্ এই
মাচ্ ভেরী ঠাণ্ডায়, —বলি, ইতি
নয় নয়ী রে দ্য এণ্ড—ঐ তোমারি কথানে—
জারী পুষীয়ে রেই হৌশী ধাতালীক তেই
টাচ্ মেরী চাণ্ডায়, —বলি, ইতি,
ময় ময়ী রে দ্য টেণ্ড—রৈ তোমারি মথানে।
হাই নয়, তবুও এই দাই তরে দায়ীত্বেয়ে
পাই ফিরে হীরাদিল্ এই একটায়
কষি ছক্ হাউ—তুমি নাউ হোয়ারান—
বয়ী, কবুও যেই লাই দরে আয়ীত্বেয়ে
ধাই ধীরে হীরামিল্ যেই হকটায়
ঝষি তক্ বাউ—চুমি দাউ স্যোয়ারন্।
আজি এই পাওরী পারা কিছুর এই
ঝিলিক ঝিলিক রোদ্দুরার রাখো
জাঁক নয়, ছাঁকা যায় যায়, তুষ্টে—
কাজি তই তাওরী আরা ইছুর যেই
ফিলিক ফিলিক রোদ্দুরার দ্যাখো
ঝাঁক ময়, পাঁক খায় খায়, হুষ্টে।
ইতি, দাই নেম্ আজকার রচিতায়
এই দোলালী ধারার চপলীত্
ছাঁদেলে—জানায় সুধাভার ভালোবাস—
ইতি, দাই ফেম্ কাজকার যচিতায়
যেই বোলালী পারার তপলীত্
জাঁদেলে—শাণায় সুধারার আলোবাস্।
যাজী রই তাজী নয় নট্ এ ইভেনে
দলী কী তলী ফুল্ তক্ ইভেন্টস্
পাতপাতী তোমাতে, টু ফীল্ মোর্—
বাজী জই রাজী ময় মট্ এ লিভেনে
চলী ই ফলী রুল ঝক্ লিভেন্টস্
ধাতধাতী তোমাতে, টু রীল্ লোর্।

দিদিটা ত তুমি রে ইতি ও ইতিয়া,
টাইপী দিদিগিরিয়ায়, রাখতেয়ে
চোখেরই পাহারায়, গুড্ডী ভাইটিকে—
হু-দিটা ত ঝুমি রে ইতি ই ইতিয়া,
রাইপী হুদিঝিড়িয়ায় মাখতেয়ে
রোখেরই চাহারায়, গুড্ডী ভাইটিকে।
নাই তুমির সাথ বাঁধুনি ধরাতায়
ঐ যে ঐ গতয়ী মাস মার্চে
ভাই গুড্ডীও নেয়—মার্চ পাস্ট্টা—
নাই তুমির আথ আঁধুনি জড়াতায়
কৈ যে কৈ রতয়ী ধাস্ বার্চে
ভাই গুড্ডীও দেয় বার্চ কাস্ট্-টা।
আই মাসী, তাই ইতি বারেক তরে
থেকে রবির ছবিয়ী সরোবরা—
একটু রে তাকায়ে দেখবা না
ভাইপোটা—এই টফী শ্রীমানেরে—
তাই মাসী, আই ইতি ধারেক ভরে
ডেকে ছবির রবিয়ী ধরোবরা—
জঁকটু রে ডাকায়ে রাখবা না
ভাইপোটা—এই টফী শ্রীমানেরে।
এই এই লিখছি যব এই হবি
ভরা কথা—ইতি, ঘুরোলোয়া ঘরের
চারোধার—আদরী টফী, শ্রীমান—
রেই রেই লিখছি রব যেই ছবি
ধরা কথা—ইতি, ধুরলোয়া ঘরের
আরো আর, সাদরী টফী ধীমান।

নোতন, বলি সংক্ষেপে ইন্ বাট্ নোনু, নোনুয়া
ভাইটা ঘোঁতন আর নায় কোরলোয়া ঐ
ঘোঁতয়ী আওয়াজ, ঐ তিনে ঠিকঠাকে—
নায়ী হয় বশ, হবে কালবায় পাইলায় নোতনাকে—
তাইটা দোঁতন বার চায়. বোরলোয়া তৈ
দ্যোতয়ী কাওয়াজ, কৈ জিনে দিকদাকে।
তায়ী ঝয় পশ্, তবে চালতায়, চাইলাম নোতনাকে।
ঘর মধ্যয় নিতো তার আরামঝোরীল এক
কায়দায়ী রেস্ট-টা, আরুরায় ঐ বই
আলমারার, কাঁচ নাই ঐ ফোঁকরাই তাকে—
ধর তধ্যয় ইতো বার দারামদোরীল বুক
চায়হায়ী বেস্ট-টা, তারুরায় ছৈ বাই
আলমারার, কাঁচ নাই জোঁকড়াই চাকে।
টুপ্ তার তাপী ক্ষণটায়, ভাসতায় রে নোনু—
হাসিলী এক খুশীতে পাশলাই
পেশটায় আবেশীত ভরা শুধু আবেশায়—
ঝুপ বার ঝাপী মনটায়, ঠাশতোয়া রৈ
নোনু-ধাশিলী এক যুশীতে ঠাশিলাই।
খেশটায় তাবেশীত ধরা শুধু তাবেশায়।
পায়রায়ী ঐ কবুতরার নাম ধরতায় যে
নাচ নাচতি এরা ঘুরে পর ঘেরেতে
নোতন নোতন পায়রাগুলো, তা চেনো কী নোনু—
তায়রায়ী রৈরুতরার ধাম ভরতায় রে
টাচ্ টচী বার সুরে ভর বেড়েতে—
কোতন কোতন সায়রাগুলো জেনো ই নোনু।
বিলাসীত যই ভাবঘোরী এ আমারই তরে
রাখা ঘরটায় তবু যে তবুয়াই নাই রে
নায় পেলাম নোতনরে, নব নব চিতে—
ঋলাশীত ঝই তাবতোরী এ ঝামারই ভরে
মাখা পরটায় কাবু যে কাবুয়াই নাই রে
তার খেলায় নোতন রে, রব রব হিতে।

হিতলীন এই দিতয়ার ভাব আর ধাব
চলি চলি আয়ী চলিতায় এই এই আয়ো—
জকী যাচ্ তার যাচনে—এসো তব্ নোনু—
মিতলীন যেই ঋতরায় কাব ভার দাব
চলি ঢলি চায়ী বলিতায় যেই যেই যায়ো।
ছকী আঁচ তার আঁচনে—বেসো অব নোনু।
আর কী এই শীতেরি এই কলি যাওয়া
বিকেলার এ বেলী অবসান কালে
তান আর ঝাণ ধরি, নোতন তরে রে—
বার কী বই শীতেরী এই চলি ধাওয়া
নিকেলার এ ফেলী যবসান ঢালে।
গান আর আন ভরি, নোতন দরে রে
রীচ্ করি এই লিস্ট্ সময়ার জময়ী
তালে ময়ূবীর মতোতি ভাবেলীন
তুলে পেখমটা, ও তোমারে, বন্দি নোতন—
শান তার ঝান জড়ি
নোতন তরে রে
পীচ্ ঘরি যেই ইস্ট রময়ার তময়ী
আলো রয়ূরীর রতোটি ডাকেলীন
দুলে দেখমটা, ও তোমারে সন্ধি নোতন।

[৯-১-০৭
তেইস-নয়-তেরো
মঙ্গলী বিকেলে।]

দামু

রাত-ভোর অবশায় ঢালে ঢলে পরে
ঘুমাতোয়া দামু, দামুই, কিন্তু
দিন-তোর বাজাতো তান বুঝি
তোড়ী, তোড়েলে—ট্রীম্ আর ট্রীস্—
কাত ঘোর রবশায় ধালে ধল দরে
ঝুমাতোয়া—দামু, দামুই, কিন্তু
ঝিণ-দোড় বাজাতো—আন তুঝি
কোড়ী, কোড়েলে শ্রীম বার শ্রীস্।
এ ডাক নয় তয়েতায় যেন কী তেন—
এ যে এ ছিলো বোঝতায় চায়েলে
বোঝানটা পেয়েছে বার তার এই
বার—খিদেটার ভরা এই জিদ্—
এ ডাক হয় কয়েতায় হেন কী যেন
এ যে এ নিলো সোঝতায় তায়েলে
সোঝানটা ধেয়েছে আর বার এই
আর—খিদেটা ধরা য়েই খাদ্।

[১৯-১-০৭
পাঁচ-দশ-তেরো
শুক্কুরী বিকেল।]

মিলন ত্রিযামা

নবাগতা প্রাবন্ধিকা—শুচিস্মিতা সন্ধ্যা মুখোপাধ্যায়, আমার আদরণীয়াকে।

রঙীন হাসির ঝরনায়—নিজের প্রাণের সব রকম সুন্দর সুখকে ভাসিয়ে দিতে—যে কোন প্রেমিকা মেয়েই স্বতঃস্ফূর্ত হয়ে ওঠে—এমনি একটি রাতের—প্রথম যামে। মধুমাসের জ্যোৎস্নার সাগরে ডুব দিয়ে—অন্য একজন প্রেমিক সুজনের খুশীর ফোয়ারা থেকে—হাজার রকমের আনন্দ আবেশ কেড়ে নিতে অনেকেই হয়ে ওঠে—আহ্লাদিনী। আর সঞ্চারিণী। ঠিক ঝরনা, সুন্দরী ঝরনার মতনই তারা তখন—তরলিত চন্দ্রিকা চন্দন বর্ণা হয়। কে না জানে এমন একটা মোহ জড়ান, সেই সঙ্গে মায়া মেশান, আর সুষমা ছড়ান মধুরিম রাত—জীবনে একটিবারই আসে। সে রাতের প্রত্যেকটি যাম যে—প্রাণকে নানান রঙে রঙীন কোরে তোলে। প্রতি পলকে পলকে এক প্রাণ আর এক প্রাণের মুখেতে—সুধার পেয়ালা তুলে ধরে। মুখে মুখ রেখে—সুধা খাইয়ে দিতে দিতে—মদির বিহ্বলতায় ভাসে। ভরা তৃষ্ণায় প্রাণকে হিল্লোলিত কোরে—সুখের তরঙ্গ-দোলা ফুটিয়ে তোলে। সুখের সে তরঙ্গ-দোলায় দুলতে দুলতে যে কোন মেয়েই চিরন্তনী প্রিয়ার ছন্দখানা পেয়ে—অন্য জনের প্রাণ ছাপিয়ে নেচে যায়। রঙের পরশ আর মনের পরশ—এই দুইয়ে এক হ'য়ে মিলে গিয়ে—নিত্য-নতুন আনন্দ-নাচের রিম্ ঝিম্ করা রিদম্ সৃষ্টি করে।—প্রাণের তন্ত্রীতে তন্ত্রীতে যেন বীটোভেনের অমর সুরের মূর্ছনা জেগে ওঠে। নেচে যায় রিমঝিম কোরে।

রাধাকে দেখলে কিন্তু এ কথার ভেতরে এখন কোন রকম মিতাক্ষরের ছন্দখানাকে খুঁজে পাওয়া যাবে না। সে যেন চিরা-চরিত প্রেমিকা মেয়েদের থেকে একটি ব্যতিক্রম। মিলনের মধুরাত হাতের মধ্যে পেয়েও—সে ব্যাপারে রাধা যেন বড় বিবাগিনী। একটা কি যেন অজানা ব্যাপার তাকে ঘিরে ঘিরে চলেছে। সে ব্যাপারটুকু এখনই প্রকাশ পেতে চায়।—কিন্তু প্রকাশ হ'তে চেয়েও হ'তে পারছে না। রাধার চব্বিশ বছরের পরিপূর্ণ নিটোল যৌবনের দীপ্তিলতার দরজায় এসে তা বাধা পড়ছে। তার রূপ-সুষমার ঘোমটার অন্তারালে তা লুকিয়ে রয়েছে। রাধার মিলন রাতের জন্য—আপন অঙ্গ-সজ্জার লাল সাজের আবরণের ভেতরে সে ব্যাপার অন্তরালবর্তী। তবু,—তবু যেন সে প্রেমের একটা মৃদু ছন্দের মূর্ছনা জাগছে তার চোখের মধ্যে। রাধার সে চোখেতে কিসের—সত্যি কিসের যেন একটা ছবি দেখা দিচ্ছে—সে কি রাঙা বেনারসীর ঝিলিমিলিতে নেচে ওঠা—চব্বিশ থেকে এই মুহূর্তে অষ্টাদশীতে রূপান্তরিতা নববধূর—প্রথম প্রেমরাগের আরক্তিম লজ্জায় জড়ানো রাধার ছবি ?—সত্যি বধূ রাধার,—না, অন্য কিছুর ? কোনটা ?

—হঠাৎ রাধার মধুময় বধূবেশের লজ্জা মাখানো যুবতী দেহখানা যেন কঁকিয়ে কেঁদে উঠলো—সাদা ভেলভেটের মোলায়েম চাদরে ঢাকা বিছানার ওপরে। পা গুটানো অবস্থায় বসে থেকে—হাঁটুর মধ্যে মুখখানা চেপে ঢেকে রেখে—রাধা তার চব্বিশ বছরের চব্বিশটা বসন্তকে—ভয়ানক করুণভাবে কাঁদিয়ে তুললো। কান্নার দোলায় রাধার নিটোল শরীরের সুন্দরী যৌবন—দুলে দুলে, ফুলে উঠতে লাগলো।

সে সময়ে আনন্দরূপ বিছানা ছেড়ে—সেখান থেকে একটু তফাতে বসে ছিল একখানা সোফার ওপরেতে—আধ শোয়া অবস্থায়। তারও মন এখন এক অজানা ব্যথায় মোচড় খাচ্ছে।—সত্যি সে এমন কি দোষ ক'রেছে—যার জন্যে এই একটুখানি আগে—রাধা তার ভালবাসাকে প্রত্যাখ্যান ক'রল ?—আনন্দরূপের কাছ থেকে রাধা—একটা শুধু সামান্য আদরের পরশও নিতে চাইল না।

আনন্দরূপের পঁচিশ বছরের প্রাণও তাই কেঁদে উঠলো রাধার এমন ব্যবহারে।—যে বিশেষ, রাতের প্রতিটি যাম সাক্ষী থেকে—তাদের দুটি জীবনের গ্রন্থিকে দৃঢ়তম বাঁধনের মধ্যে বাঁধতে এলো—ঠিক তখনি ঘটলো এমন এক অপ্রীতিকর জিনিস ! সোফায় বসে বসে—আকুল-পাথারি ভাবে ছাই-পাশ ভাবতে ভাবতে চলল তার মন। অত সব ভেবেও এর কূল-কিনারার কোন হদিস মিলল না। শেষে নিজের মন যখন প্রায় কান্নার সামিল হ'য়ে উঠলো,—তখনি আনন্দরূপ শুনতে পেল—রূপবতী রাধার ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্নার শব্দ।

কান্নার হঠাৎ পাওয়া চমক তখন ভেঙে গেল আনন্দরূপের ভেতর থেকে। সোফা ছেড়ে খাটের কাছে এগিয়ে দাঁড়ালো। আর তখনি বিছানার ওপরে বসে পড়ে—মুহূর্তের ভেতরে আনন্দরূপ দু হাত দিয়ে রাধাকে এক রকম জোর করেই কঠিন আলিঙ্গনেতে ধরে রেখে—নিজের বুকের মধ্যে টেনে নিয়ে আটকালো। একটু আশ্চর্য্য হলো। এবার ত রাধা কোনো রকম ভাবে বাধা দিতে চাইল না তাকে। বরং তার প্রিয়তম মানুষটির বুকেতে আশ্রয় পেয়ে—সেই আশ্রয়টুকু যাতে হাত ছাড়া হয়ে না যায়—তারই জন্য চেষ্টা ক'রতে লাগল সে। প্রেমের আবেশে ভরা চোখ দিয়ে তাই দেখে দেখে আনন্দরূপের মনে হলো—বয়সে চব্বিশ বছরের হ'লেও অষ্টাদশীর মতন দেখতে রাধা—যেন একটি ছোট্ট শিশুতে রূপান্তরিত হ'য়ে উঠেছে। শুধু একটি ছোট্ট শিশু ! তা ছাড়া আর কি !—মনে হলো আরো কিছু।—এই মুহূর্তে রাধা যেন অনেক বেশী অসহায়া হ'য়ে পড়েছে। অনেক আগে থেকেই সে একটা নিরাপদ আশ্রয় খুঁজে বেড়াচ্ছিল। এখন আনন্দরূপের বুকের মধ্যে সে তার খুঁজে খুঁজে বেড়ানো—সেই পরম আকাঙ্ক্ষিত আশ্রয়টুকু পেয়েছে। তবু,—তবুও যেন মনে হচ্ছে—এখনও সে সম্পূর্ণ নিরাপদ হ'তে পারেনি। কি যেন একটা অব্যক্ত ব্যথার কথা রাধার সমস্ত যৌবন-দেহের ভেতরে—গুমরে গুমরে মরছে। প্রকাশ পেতে চায় অচিরেই। তবু

প্রকাশিত হ'তে চেয়েও—হ'তে পারছে না। সেই হ'তে পারছে না বলেই—এখনও তার তনুরাগের ভেতরে করুণ কান্নার মৃদু কম্পন-রেখা জেগে জেগে উঠছে। তার সুছাঁদের অপরূপ দেহবল্লীরর মদালসা রূপ এলোমেলো হোয়ে পড়ছে। তার পুলক জাগানো বুকের যৌবন রঙ্‌টি—জ্বল জ্বল অবস্থায় স্নিগ্ধ সৌন্দর্য্যের ভারে—ফুলে ফুলে দুলে চলেছে। নিজের হাতের কঠিন বাঁধনের মধ্যে থাকায়—তা স্পষ্ট অনুভব ক'রতে পারছে আনন্দরূপ। অবশ্য এইমাত্র রাধার স্নিগ্ধা রূপের ভেতর থেকে ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্নার শেষ আবেগটুকু থেমে গেছে। বিছানার ওপরে পা দুটো লম্বা ক'রে ছড়িয়ে দিয়ে—রাধা এখন আনন্দরূপের বুকের ওপরে তার রেশম জামার তুল্‌তুলে ভাবের মধ্যে নিজের মুখখানা লুকিয়ে রেখে—আদুরে মেয়ের মতো ঘষতে লাগল। একটু পরেই আবার ছড়ানো পা দুটোকে টেনে এনে গুটিয়ে রাখলো। আনন্দরূপের আরামে ভরা—আবেশে বিহ্বল কোরে তোলা বুকেরই কঠিন বাঁধনে থাকা আলিঙ্গনের মধ্যে—সে শিশু হ'য়েই রইলো। বড় নিশ্চুপ তার এখনকার ভাবের অভিব্যক্তি, কোন রকমে ভালবাসার লাজ লাগানো ও ফোটানো দু'একটি মিষ্টি কথার কাকলি শোনাবার মতো—শক্তিটুকুও যেন নববধূ রাধার ভেতরে বিন্দুমাত্র নেই।

আনন্দরূপ এবার তার প্রিয়া রাধাকে আদরের ভেতরে ভাসিয়ে নিয়ে যেতে চেষ্টা কোরল। তবু কোন রকমে একটি কি দুটি মাত্র কথা বলে শোনাবার জন্য আপন প্রিয়ার রূপ ঝলসানো যুবতী দেহের কোথাও—অনুভূতিময় সূক্ষ্ম কম্পনের রেখাটুকুকেও জাগতে দেখা গেল না। মুখ তার নির্বাক। তাই দেখে দেখে—বধূর রঙীন তনুশোভার সুন্দর সুন্দর ছবির মতন চোখে-মুখে-বুকে-পিঠে, আর ঘন তমসাবৃত অলকের গুচ্ছে গুচ্ছে—আনন্দরূপে নিজের আবেশে ভরা আদর মাখানো হাত বুলালো প্রথমে। শেষে দু'হাতের মুঠোর মধ্যে রাধার মধুক্ষরা মুখখানা নিয়ে—নিজের রূপ-পিয়াসী চোখের সামনে তুলে ধরলো। যুবতী প্রিয়ার চব্বিশ বছরের চব্বিশটা বসন্তে ভরা আরক্তিম মুখের দীপ্তির মধ্যে প্রকাশ পেয়েছে অসম্ভব রকম সরলতায় পরিপূর্ণ—শিশুরই স্বর্গীয় সুধামাখা মুখখানা। সে শিশু মুখের দিকে তাকালে পর—চোখ জুড়িয়ে আসে আপনা থেকেই। পরিপূর্ণা প্রেমরাগে রঞ্জিতা—নিটোল। যৌবনের ভারে লাজুকা রাধার ঠোঁটের প্রগাঢ় রঙের লাল আভার মায়াবেশ—আর সিঁথির টকটকে লাল রঙের জ্বলজ্বলে কিরণ ছড়ানো পবিত্রতা—দুইয়ে মিলে চোখ জুড়িয়ে দিল আনন্দরূপের। প্রিয়াবধূর চোখ থেকে অপরূপ আলোর পরশ ছড়িয়ে পড়ছে ভেজা ভেজা অবস্থায়। সে আলোকের ভেতরে যেন একটা বিশেষ অভিব্যক্তির পরিচয় আছে। আনন্দরূপ তার কিছুই ধরতে পারলো না। একটি যুবতী মেয়ের এ সময়কার মনের ভেতরে যদি সে ঢুকে পড়তে পারতো মোকাবিলায়—তা হোলে বুঝতে পারতো রাধার চোখের ঐ আলোর পরশটুকু কিসের। আর

রহস্যটুকুই বা কী ? সে অত সব ভাবতে চাইলো না। কোন সন্ধান ক'রল না সে রহস্যের উন্মোচনে। আর শুধু শুধু সময় নষ্ট ক'রতে ভাল লাগছে না তার। এটা হলো তার আর রাধার বিবাহিত জীবনের পরিপূর্ণ যুগল রূপের ভেতর থেকে—এক সাথে শয্যা গ্রহণের—প্রথম মিলন রাত। অবশ্য আনন্দরূপ যদি এ নিয়ে অন্তত একটিবার ভেবে দেখতো ; আর যদি একবার নিজের প্রিয়া সুজনার সম্বন্ধে মনোবিশ্লেষণ কোরত—তা হোলে নিশ্চয়ই সে ধরতে পারতো আসল জিনিসকে।—রাধার টানা টানা চোখের মধ্যে যে ছবি ফুটে উঠেছে—তা কি সত্যি নববধূর পরিপূর্ণ যৌবনের ভারে জড়ো-সড়ো থাকা—শুধু একখানা লজ্জারুণ ছবি ? না, অন্য কিছুর ব্যঞ্জনা আছে সে ছবির মধ্যে ? এর কোনটা সত্যি ?

অত কিছু এখন ভাববার সময় নেই আনন্দরূপের। সুন্দরী যৌবনে অনন্যা রাধার যৌবনের বিচিত্র রঙে ও রূপে অভিষিক্ত দেহরাগের—অপূর্ব ছন্দকে চোখের অপলক দৃষ্টিতে দেখতে লাগলো। তাই দেখে তার নিজের হাসি মাখানো ঠোঁটের ফাঁকে—এক সুন্দর কামনার ছবি ফুটে উঠলো। সে মধুর ছবির অভিব্যক্তি চঞ্চল হয়ে ছুটে চলল—তার পরিপূর্ণতা খুঁজতে। আর তা—খোঁজবারও কোন প্রয়োজন নেই। সুস্মিত আনন্দরূপের হাসিভরা মুখেরই ঠোঁটের ফাঁকে দেখা দেওয়া মিষ্টি কামনার ছবিটুকুর পরিপূর্ণ হয়ে রূপ পাওয়ার আধার—তার আপন পিয়াসী মুখের সামনে—নিজেরই দু'হাতের শক্ত মুঠোর মধ্যে ধরা আছে। অপলকে চোখের চাহনি নিয়ে দেখতে দেখতে মুহূর্তের মধ্যে তার কামনাযুক্ত মিষ্টি মাখানো অধর—সামনেয় হেলে লুটিয়ে পড়ল রাধার রূপানুরঞ্জিত ঢল্‌ঢলে মুখের—লাল ঠোঁটে। মিষ্টি মধুর পরশ খাইয়ে চলল—আনন্দরূপ—তারই প্রিয়া বধূর মুখের ঢল্‌ঢলানি রূপের—এখানে-সেখানে। একবার যুবতী সুজনার জলেতে ভেজা কাজল চোখেতে।—আর একবার তার টোল খেয়ে গড়িয়ে পড়া গালের গোলাপী কোমলতায়। আবার একবার তা অগ্নি-উজ্জ্বল রাখা টক্‌টকে অধরে নিজের পিপাসিত মুখ থেকে শতধারার উপছে পড়া—সুন্দর কামনা জড়ানো মিষ্টি ঠোঁটের পরশটিকে—ছুঁইয়ে ছুঁইয়ে নিয়ে গেল—উষ্ণতা ঝরাতে ঝরাতে। আবেশ ধরে।

মাঝখানে একবার কথা বলে নিল আনন্দরূপ আদর মাখানো গলায়—রাধা। আমার লক্ষ্মী রাধা। আমার দুষ্টু রাধা। আমার রাধা। মিষ্টি রাধা। এই।

আরো এক রকম অনেক মধুর কথাকেই হয় ত বলে বলে শোনাতো আবেগে। কিন্তু আর বলল না—রাধাকে এখনও একটা ছোট্ট কথা মুখে এনে উচ্চারণ কোরতে না দেখে। পুনরায় সে তার রূপসী সুস্মিতার মুখেতে মধুর সুধার আস্বাদ ঢেলে গেল। ঐভাবে ব্যতিব্যস্ত কোরে তোলার চেষ্টা করল—যুবতী প্রিয়ার মৌন অবস্থাকে। তা হলে যদি কথা বলে রাধা। এ ভাবে চলায় আস্তে আস্তে তার তনুশোভার লাল

লজ্জারূপটি বেপথুমন হ'য়ে উঠলো। ওদিকে ততক্ষণে একটু একটু করে আনন্দরূপের হাতের কঠিন বাঁধনটি—শিথিল হতে হতে শিথিলতর হ'য়ে এসেছিল। এবার যুবক স্বামীর গভীর প্রেমে পূর্ণ বুকের মধুর আশ্রয় থেকে—বিছানার ওপরেতে গড়িয়ে পড়লো তার বিপর্য্যস্ত দেহখানা। শাড়ীর আঁচলখানা সুন্দরী অনন্যার চব্বিশ বসন্তে পরিপূর্ণা বুকের—নিটোল সৌন্দর্য্যের ওপর থেকে সরে গিয়ে লুটিয়ে পড়েছে—বিছানারই শাদা রঙের ভেলভেটিনের ওপরে। শাদার মধ্যে লালবেনারাসীর লাজ-রাঙা পবিত্র রূপটি—ঝিকিমিকি খেলায় মেতেছে। কথা বলল না এখনও রাধা। তাই দেখতে পেয়ে আনন্দরূপের চোখ দুটো এবারে সত্যি করুণ বেদনায় ছল্ ছল্ করে এলো। কিন্তু তা ক্ষণেকের জন্য।

আবার রাধা তার ঐ বিপর্য্যস্ত রূপ নিয়েই—বিছানার মোলায়েম গ্লসি চাদরের মধ্যে মুখ লুকিয়ে—ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদে উঠলো।

আনন্দরূপ সত্যি এবার মরিয়া হ'য়ে উঠেছে। যে ক'রেই হোক্ তাকে জানতেই হবে—তার এই সুহৃদয়ার ভেতরে কি এমন গুরুতর ব্যাপারখানা ঘটে আছে—যার জন্যে আজকের এই রাতের প্রতিটি যাম নষ্ট হ'তে চলেছে! তাকে জানতেই হবে। সে যে কোরেই হোক্। কারণ সে আজ রাধার স্বামী।—কিছু নিয়ে কোন রকম লুকোচুরি খেলা অন্তত তাদের দুজনের মধ্যে আদপেও হওয়া উচিত নয়। তার কাছে আসল ব্যাপারটুকু কি খুলে বলতে লজ্জা পাচ্ছে—তারই সুস্মিতা বধূ? কিন্তু তার পক্ষে তা কখনো একটুও লজ্জা পাওয়ার কথা নয়। শুধু কি আজকের এই শুভ রাত্রিতেই—ওদের দু জনের পরস্পরের সঙ্গে পরিচয় ঘটলো—নববধূ আর নব বর রূপে! কিন্তু, তা তো মোটেই সত্যি নয়।

—রাধা নামে এক মেয়ে, আর আনন্দরূপ নামে এক ছেলে—আর এই তাদের দুজনারই পরস্পরের সঙ্গে পরিচয় হয়—বেশ কয়েক বছর আগেই। রাধার তখন বয়েস ছিল ষোলো।—আর আনন্দরূপের তখন সতেরো।—কৈ, কোন দিনই ত' তার কাছে কোন কিছু নিয়ে,—তা সে জিনিস যতদূর গোপনই হোক্ না কেন—বলতে বিন্দুমাত্রা লজ্জা পায় নি অকপট ভাব নিয়ে! সব জায়গায় যে কোনও ব্যাপারে, সব সময়েতেই আনন্দরূপের কাছে—রাধার ব্যবহার ছিল বড় বেশি খোলাখুলি ধরনের। কোন বিষয়ে নিয়ে কোন জিনিসকে—রাধা এক মুহূর্তের জন্যেও গোপন করা বরদাস্ত ক'রতে পারতো না।

আনন্দরূপ তাই ভাবল—তবে, আজ সে কেন নিজেই অমনটি ক'রছে? আজ এমন ব্যবহার করা মোটেই শোভা পায় না—এই নতুন পরিচয়ের লীলাসঙ্গিনীর পক্ষে। ভাল লাগাবারও কথা নয় তা। এতবছর পরে—এই ত' আজই তারা বর

আনন্দ আর বধূ রাধা—দুজনেই নিজেদের ভালবাসাবাসির চরম পরম আকাঙ্ক্ষিত বিবাহিতা জীবনেতে—ন্যায়ত ভাবে প্রবেশ ক'রতে পেরেছে।

সুইচ্ টেপার একটা শব্দ হলো খুট্ ক'রে। নিবে গেল দপ্ ক'রে ঘরের ভেতরকার অত্যুজ্জ্বল আলো। অন্ধকারের ভেতর দেহের শৌখিন পোশাকটি না ছেড়েই—বিছানায় উঠে শুয়ে পড়ল আনন্দরূপ। শুয়ে পড়েই হাত দিয়ে সজোরে কাছে টেনে এনেই—বুকের ওপরে জড়িয়ে ধরলো রাধার কান্নার বেগে ফুলে ফুলে ওঠা—কোমল কমনীয় দেহখানা। ঝড়ের বেগে যুবতী প্রিয়াকে—হাত-পা দিয়ে নিজের শরীরের সঙ্গে লতিয়ে ধরার মতো কোরে—বাঁধতে লাগলো আনন্দরূপ।

সত্যি এই মুহূর্তে—রাধা যেন নিজের সঠিক রূপটির মধ্যে ফিরে আসতে পারলো—ঘরের অন্ধকারের মায়াজাল—আর বাইরের জ্যোৎস্নার আলোর লুকোচুরি খেলার মধ্যে—আনন্দরূপের বুকেতে শায়িতা থেকে। খুশী হ'য়ে রাধা এখন আদর দিতে গিয়ে তার সুদর্শন স্বামীর পঁচিশটা বছরের বসন্ত রূপকে—একই ভাবে জড়িয়ে জড়িয়ে ধরতে লাগলো—নিজেরই মুঠো মুঠো আরাম ঝরানো বুকের—সুস্নিগ্ধ মোলায়েম আবেশের মধ্যে।—তার এখন অভিমানিনীর মতন মূর্তি। আনন্দরূপকে দিয়ে নিজের অভিমান ভাঙ্গাতে চাইলো। সুজন স্বামীর আদরের মধ্যে—সে তার নিজের অভিমানকে ভাসিয়ে দিতে চায়। নিজে গলে যেতে চায় সেই আদর পাওয়ার সুখেতে।—সে সুখ পেয়ে ঝিলমিলিয়ে উঠবে তার প্রাণ তার মন। সেই সঙ্গে তার সুন্দরী দেহের মধুরা প্রেমরাগ।—আর আনন্দরূপকেও রাধা সে সুখের ভাগ দেবে।—ভালোবাসাবাসির মধ্যে—সে তাকে তা দেবে ও নেবে।—আর নেবে ও দেবে।

পরম প্রিয়জনকে সুখ দেবে ভেবে—সে মুহূর্তেই রাধা নিজের মধ্যে গুমরে মরা সেই অব্যক্ত বিষাদময়তাকে ভুলে যেতে বাধ্য হলো। আর একটু ভাবলো—ছিঃ, ছিঃ। আজকের মতন এমন একটি দিনে নিজের প্রেমময় যুবক-সুদর্শনের প্রতি এই ধরনের ব্যবহার করাটা কি তার শোভা পায়? একটুও কি তার লজ্জা কোরলো না আনন্দরূপের মত একটি ছেলেকে অমন ভাবে শুধু শুধু মনেতে ব্যথা দিতে?—"তোমার হৃদয়ের মতনই আমার হৃদয় হোক্"—এই প্রতিজ্ঞাটুকু রাধাকে অগ্নিসাক্ষী রেখে ক'রতে হ'য়েছে—তারই অন্তরতমের জন্য। প্রেমিকা স্ত্রী হ'য়ে এরকমটি করলে পর যে—আনন্দরূপের জন্যই অমঙ্গল ডেকে আনা হবে! না, তা কখনও হ'তে পারে না। রাধার আজ আনন্দরূপ ছাড়া নিজের সমস্ত পরিচয়ই যে মিথ্যা।—আনন্দরূপই যে তার সব স্বত্বা।—এই রাধার মনের সমস্ত সুখ। আর সেই সঙ্গে তারই লীলাবাসরের পরম সঙ্গী।

রাধার এবার মন নাচলো। প্রাণ হাসলো। কথা বলল বড় মধুর ভাবে আদর ঢেলে। আস্তে আস্তে বলল—আনন্দরূপ। আমার আনন্দ। আমার রূপ। তুমি রাজা।

তুমি শুধু আমার। আমাকে কত ভালোবাসো তুমি। তোমাকেও 'বাসি। ভালবাসি খু-উ-ব। আমি তো-মা-র-ই। তো-মা-র—...

আবেগে কথা বন্ধ হ'য়ে গেল রাধার। বেশ কাটা কাটা ভাবে শেষের কথাগুলো বলে গেল। এর মাঝখানে আনন্দরূপ নিজের মুখ থেকে একটা উষ্ণ পরশ দিয়ে—সিক্ত টিপ এঁকে দিল তার কপালের কেন্দ্রস্থলে। আবার বোধ হয় এর থেকে বেশী কিছু ক'রতে যাচ্ছিল সে। কিন্তু ক'রতে দিল না রাধা—তীব্র হাসির তীব্র ঝলকানি দেওয়া নিজের মুখটিকে সরিয়ে নিয়ে। আনন্দরূপের চোখ থেকে খুশীর উজ্জ্বল রূপটি—মুখের শুভ্র হাসির ঝিলিকে ঝিলিকে ঝরে পড়ছে।

বলল আনন্দরূপ—তুমি দুষ্ট।

—জানই ত' বড় দুষ্ট আমি। এবার কিন্তু আমার। আমি দোব। বাধা দিও না। দুষ্ট ছেলে।

বলতে বলতে রাধার শরীরের মধ্যে—হাসির তরঙ্গে তরঙ্গে আনন্দদোলা সৃষ্টি হলো। চোখের মধ্যে বার কয়েক পলক পড়লো ও উঠলো। তারপরেই অষ্টাদশীর মত অথচ চব্বিশ বসন্তে ভরা রাধার রাঙা ঠোঁট দুটি এগিয়ে এসে—কঠিন হ'য়ে আঁটকিয়ে থাকলো আনন্দরূপের খুশীর রভস হাসিতে উপছে পড়া—আদরে-সোহাগে ভরা মুখেতে। ঐ ভাবে দু জনেই একে অপরের মুখ থেকে সুধা আহরণ ক'রতে লাগল। আনন্দরূপের বুকেতে—রাধার যৌবনেতে পরিপূর্ণা নিটোল বুকের পেশলতা আরামের শিহরণ তুলে—পরস্পরের সুদৃঢ় আলিঙ্গনের মধ্যে পরশের ঘনিষ্ঠতায়—অন্তরঙ্গতারই লাজহর রভসে ভরিয়ে দিল। অপরূপ আনন্দেরই প্রবল আতিশয্যের তাড়নায়—অশেষ পুলক-আদর লাগিয়ে গেল। যুগল লীলার পারিজাতের মদিরায় তারা হ'য়ে থাকলো মাতোয়ারা।—রাধা সুখ দিয়ে খুশী ক'রল আনন্দরূপকে। আনন্দরূপ খুশী হয়ে সুখ ঢেলে দিলে রাধার মধ্যে।—সুখ হলো খুশী। আর খুশী পেলো সুখ।

ভালোবাসাবাসির পবিত্র পরিণয়ের যুগল লীলায়—কেউই ক্লান্ত হলো না।—সুধা খেয়ে—আর সুধা দিয়ে—দুজনেই হ'য়ে উঠেছে প্রাণের অণুতে অণুতে—চিরশক্তিতে উচ্ছল ! সমুজ্জল !—খাঁটি প্রেমের যে হোল তাই ধর্ম। তাই কৃতি। তাই ধৃতি।

আনন্দরূপ বলল—আমার একটা কথার উত্তর দেবে, লক্ষ্মী রাধা ?

তাই বলে সে তার যুবতী বরবর্ণিনীর পিঠেতে হাত বুলালো আস্তে আস্তে। মধুরতার আবেশ মাখাতে মাখাতে।

বলল রাধা আদরে গলে্ যাওয়া গলায়—দোব, আনন্দ। নিশ্চয়ই দোব।

কথা বলতে বলতে আনন্দরূপের কাঁধের ওপরে—আবেশ ভরিয়ে মাথা রেখে—আরামে চোখ বন্ধ ক'রল রাধা। একটু পরেই হাসির নাচনে তার চোখের বন্ধ দৃষ্টি খুলে গেল। আনন্দরূপকে দেখতে লাগল আলো আঁধারির রূপের মধ্যে অপলক চাহনি নিয়ে।—দেখতে দেখতে ছোট্ট শিশুর মতো আবদারের মধুর সুরেতে ভেঙে পড়লো রাধা।

রাধা কথা বলল মুখের শুভ্র হাসির ঝলমলানি ছড়িয়ে—কি দেখছো, আনন্দ, মুখের দুষ্টুমি ভরা হাসিতে মুখর হ'য়ে, তোমাকে আজ রাতে বুকের বাঁধ থেকে কিছুতেই আর ছাড়ছি না, আনন্দ। এভাবে তোমার বুকের মধ্যে বন্দিনী থেকে—নিজের সুখের উদার আশ্রয়টুকুকে স্থায়ী ক'রে রাখব—অন্তত যতদিন না,—সে আসে! সে সত্যি আসি আসি করছে!

এই কথা বলতে বলতে—রাধার উজ্জ্বল রাঙা মুখের রঙীন হাসির ঝরনা আর চোখের চঞ্চলা হরিণীর দৃষ্টি—অন্ধকারের মধ্যেই নিথর আর নিশ্চল হ'য়ে এলো।—ঝরণা তার নিজের গতি হারালো রাধার মুখের হাসি মরে যাওয়ায়।—দৃষ্টি অন্ধ হলো হরিণীর নিশ্চলতা প্রাপ্তিতে।

আনন্দরূপ দেখেও এর কোন কিছু ঠাহর ক'রতে পারল না। বোধ হয় ভুলেই গেছিল যে—ভালবাসার নরম মেয়েরা সুখ আর দুঃখ—যখন যেটা আসে—তখনি হাসির কি কান্নার স্রোত—সেটার যে কোন একটির মধ্যে অনায়াসেই নিজেদের ভাসিয়ে দিতে পারে! রাধার এখন হ'য়েছে সেই অবস্থা। দুঃখের কথা মনে হওয়াতেই—তার ছবির মতো কাজল আঁকা চোখ দিয়ে—জল ঝরার উপক্রম হলো।

সেদিকে আনন্দরূপের কোন রকম ভ্রূক্ষেপ ছিল না। রাধার মুখের এই কথার কোন মানেই ক'রতে চাইল না। খিল্ খিল্ ক'রে হেসেই আনন্দরূপ উড়িয়ে দিতে পারলো সে সব কথা।

কিন্তু এ কি!

চমকে উঠলো আনন্দরূপ।

আলো-আঁধারির মধ্যে রাধার চোখ দুটি চিক্ চিক্ করে উঠলো জলে ভরা অবস্থায়।

আবার কান্না!

আর এক মিনিটও দেরি ক'রতে পারলো না আনন্দরূপ এই দেখে। বিছানার ওপরে উঠে বসে রাধাকে নিজের কোলের মধ্যে টেনে নিয়ে বুকেতে জড়ালো। বিছানায় লুটানো প্রিয়া নারীর বুক থেকে সরে যাওয়া আঁচলখানা হাতের মধ্যে তুলে নিয়ে—রাধার উদোল বুকের অনিন্দ্য রূপশিল্প ঢেকে দিয়ে—তার গালেতে হাত বুলিয়ে বুলিয়ে আদর ক'রলো।

আনন্দরূপ বলল—আমার রাধা। লক্ষ্মী রাধা। আমাকে কি তুমি বলবে না এমন কি কথা ভেবে ভেবে নিজেকে এই ভাবে কষ্ট দিচ্ছ ? রাধা, তুমি কি আমাকে তোমার মনের ভেতরকার অব্যক্ত ব্যাথার কথা না জানিয়ে এমনি ক'রে কাঁদাতে চাও ? বল লক্ষ্মীটি।—বলতে বলতে রাধার কপালেতে—আনন্দরূপ নিজের এক পাশের কপোল ধরে লাগিয়ে রেখে—আদর কোরল তার পিঠে-মাথায় হাতের পরশ ছুঁইয়ে ছুঁইয়ে।

ডুকরে কেঁদে উঠলো এবারে রাধা।

কান্নার সঙ্গেই মধুরা রাধা বলল—আমাকে তুমি ক্ষমা ক'রবে বল ? আগে বল, তাই ক'রবে ? আমি যে তোমার প্রতি মিথ্যাচার ক'রেছি। হ্যাঁ, মিথ্যাচারই ক'রেছি। সত্যি বলছি। বিশ্বাস কর আনন্দ। সত্যি তাই।

এ ধরনের কথা শুনতে শুনতে—বিস্ময়ে হতবাক্ হয়ে গিয়ে নিজের আলিঙ্গনের মধ্যে আরো শক্ত ক'রে চেপে ধরলো আনন্দরূপ—তার সুন্দরী যৌবনেতে অনন্যা স্ত্রী—এই রাধার ক্রন্দসী দেহকে।

বলল আনন্দরূপ—এ সব তুমি কি বলছ, রাধা ?

কান্নায় ফুলতে ফুলতে রাধা বলল—বিশ্বাস কর আনন্দ, সত্যি কথাই বলছি। আমার রূপ, আমি যে তোমারই সন্তানের মা হ'তে চলেছি। তুমি যে হবে তারই বাবা। রূপ, মিথ্যাচার ক'রে খুব গর্হিত অন্যায় ক'রে ফেলেছি, তাই না ? বল আনন্দ, বল লক্ষ্মী রূপ, এ জন্যে আমি তোমার কাছে ক্ষমার যোগ্যা কি ? বল, আমার লক্ষ্মী আনন্দ ?

সব কথাই শুনলো আনন্দরূপ। তার পায়ের নীচে থেকে যেন পৃথিবী কেঁপে উঠলো দারুণ ভাবে একটা ভূমিকম্প হয়ে যাওয়ায়। এ কি কথা বলছে রাধা ! এ কি অঘটনের ব্যাপার ! তার সমস্ত শরীর আর মন থর থর করে কেঁপে গেল অজানা ভয়েরই প্রহেলিকায়। আর একটু হ'লেই খাটের কিনারে বসে থাকা—আনন্দর বেসামাল দেহখানা সেখান থেকে নীচের মেঝেতে পড়ে যেতো। রাধা ছিল তারই বুকের আশ্রয়। আর সেও এই একটু আগে সরে সরে এসে বসেছিল—একেবারে বিছানার ধারটি ঘেঁষে।—সে সময়ে হঠাৎ রাধা নিজের সংবিতটুকু ফিরে পেলো। তার এই অবস্থায় নীচের দিকে পড়ে যাওয়ার সম্ভাবনা দেখে—রাধা চকিতের মধ্যে আনন্দরূপকে সজোরে নিজের বুকেতে টেনে এনে জড়িয়ে ধরলো। এ অবস্থায় যুবতী বধূ—তারই বেপথুমন স্বামীকে জোর করে বিছানায় শুইয় দিল।

রাধার ছবির মতো মুখশ্রীটি শুভ্র হাসির ছটায় ঝল্‌মল্ ক'রে উঠল। তার টানা টানা চোখ আনন্দে ডগ্ মগ্ ক'রে নেচে গেল। ঠোঁটের গাঢ় রঙ আরো বেশী লাল হয়ে উঠতে লাগলো। গালেতে হাসির তরঙ্গে তরঙ্গে—টোল গড়িয়ে পড়লো।

রাধা বলল হাসিতে ঝলমলিয়ে—সব বলছি আনন্দ, আগে তুমি শান্ত হও লক্ষ্মীটি।

মুহূর্ত মধ্যে আনন্দরূপের মনের সমস্ত আঁধার যেন কেটে গেল। আর এক হঠাৎ আলোর ঝলকানি খেলে গেল তার সমস্ত প্রাণ জুড়ে।—সে আলোর ঝলকানো আভায় উদ্ভাসিত হলো—তার মনেরই গোপন কথার।

—"বুঝেছি রাধা। বুঝেছি আমি।"—বলতে বলতে আনন্দরূপ আষ্টেপৃষ্টে বাধাকে বুকেতে বাঁধতে লাগলো। স্ত্রীর আরক্তিম গালেতে নিজের দু'ধারের গাল জোরে জোরে ঘষতে লাগলো।

বলল আনন্দরূপ ঐ রকম ভাবে তার প্রিয়া স্ত্রীকে আদর ক'রতে ক'রতে—আচ্ছা রাধা, সে ত কবেই ঠিক হয়ে চুকে গেছে। কিন্তু তার পরেও এ তুমি কি কথা বলছ রাধা? আজ থেকে ঠিক পাঁচ মাস আগের হঠাৎ ঘটে যাওয়া একটা ঘটনা—যা সম্ভব হ'য়েছিল আমাদের দু'জনকারই মনের এক অপ্রতিরোধ্য কামনা পূর্ণ করার প্রবলতম ইচ্ছা জাগায়—আর সে ইচ্ছাকে পূর্ণ করাতেই ঘটে গেল সেই ব্যাপার—সর্বাংশে শুধু তোমাকে ঘিরে। আর সচেষ্ট হ'য়ে তখনি সেই ঘটনার রেশটুকুকে তোমার ভেতর থেকে সমূলে উৎপাটন করা হয়েছে। কিন্তু রাধা, তার পরেও তুমি এ কি কথা বলছো! এ কি কথা....

কথা শেষ হলো না আনন্দরূপের। নিজে থেকেই সে তা শেষ ক'রতে পারল না। আবেগে তার গলা বন্ধ হয়ে এসেছে। ভয়ের ভয়ানক শিহরণে কেঁপে উঠল তার শরীর। চোখ অসম্ভব রকম ছল্‌ছল্‌ করে উঠল জলে ভরা অবস্থায়।—আনন্দরূপের প্রেমের ভরা চব্বিশ বছরের প্রত্যেকটি বসন্ত এই কাঁদলো বলে!

আনন্দরূপের কান্নার সামিল সবুজ প্রেমের মাধুরী জড়ানো মুখের ওপরে—নিজের ছবির মতন আলো হাসির ঝিলিক দেওয়া—প্রেমের রভস মুখখানা ধরে রাখলো রাধা। দেখতে লাগল—গর্ব ভরিয়ে আপন স্বামীর সরলতায় মূর্ত অপরূপ মুখ-চোখ। দেখে দেখে স্বামী গর্বে ফুলে ফুলে উঠতে লাগল। আনন্দগরিমায় নিজের অঙ্গরাগেতে মাখালো রুমঝুম করা ছন্দ।

ভাবল রাধা—পৃথিবীর কোটি কোটি লোকের মধ্যে আর কেউ তার এই আনন্দরূপের চাইতে কোন অংশেই আপন নয়। তার সমস্ত স্বত্বাই একমাত্র এই সুন্দর ছেলেটির—জন্যে-ই।—যে ছেলে তার সমস্ত জীবনানন্দের লীলাসঙ্গী। তার অকৃত্রিম বন্ধু। মনে হলো তার—উঃ, কত ভাল তার আনন্দরূপ। কত অতুলনীয়।

রাধা বলল—ছিঃ আনন্দ, পাগলামি ক'রে ভয় পেয়ো না। তুমি মেয়ে নও। তোমার পরিচয় ছেলে। সেটা আগে খেয়ালে রেখো। আর আমি যদি মেয়ে হয়েই সবরকম সামাজিক লজ্জা আর ভয়কে তুচ্ছ মনে করে অস্বীকার ক'রতে পারলাম,

ও সেই সঙ্গে যে ঘটনা অপ্রতিরোধ্য ভাবে ঘটলো তোমাকে ও আমাকে ঘিরে,—তাকে যদি ভগবানের অভিপ্রেত কাজ বলেই মেনে নিতে পারলাম—ও আরো জানলাম যে, ওটা তাঁর-ই আশীর্বাদের এক পবিত্র ফুল বই আর কোন কিছু নয়। মেয়ে হয়ে আমি যা ক'রতে পারলাম, কৈ তুমি সবল ছেলে হ'য়েও তা সেটুকু সাহস ক'রতে পারলে না? কেন পারলে না, রূপ? তুমি তখন নিশ্চিন্ত হবার জন্য ভাবলে—তুমি যা যা ব্যবস্থা আমার জন্যে ক'রে দিয়েছো তাইতেই ঘটনার মূল তার গোড়া সমেত নষ্ট হ'য়ে গেছে।—কিন্তু এর পরেও দেখা গেল ঘটনার ফলটুকু সমূলেই রয়ে গেছে—আগের মতনই প্রাণ-চঞ্চল। একটু কোন আঁচড়ের দাগও পড়তে পারলো না—তার গায়েতে। সে প্রণে বেঁচে থাকলো আমারই জন্যে। তোমার দুষ্টু শিরোমণি—এই রাধার জন্যে-ই।

এক টানে এতগুলো কথা বলে এখানে এসে থামলো রাধা।

ছল্ ছল্ চোখে আনন্দরূপ বলল—তোমারই জন্যে রাধা? তুমি-ই তাকে বাঁচিয়ে রেখেছো?

গর্বিত ভাবে বলল রাধা—হ্যাঁ, আমি। আমিই তোমার সেদিনকার সেই সন্তানকে বাঁচিয়ে রেখেছি। দীর্ঘ চার মাস ধরে তাকে আমার রক্ত দিয়ে, অপার স্নেহ দিয়ে অকৃত্রিম ভাবে সৃষ্টির রূপটুকুকে দিয়ে আসছি—শিল্পীর মতন। দেখ আনন্দ, বিশ্বাস যদি তোমার এক রকম নাই হয়, তা হ'লে লক্ষ্মীটি রূপ—আমার শরীরের এইখানটায় নিজের হাতে ধরে স্পর্শ করে দেখ। হাত ছুঁইয়ে পরখ ক'রে দেখলেই তোমার ভাবী সন্তানের প্রাণের স্পন্দনটুকু টের পাবে এর ভেতর থেকে। এখানে সে দিনে দিনে বড় হ'চ্ছে পৃথিবীতে উন্মুক্ত আলোকের মধ্যে এসে—তারই উজ্জ্বল ধারায় স্নান ক'রে—নিজে অপরূপ হ'য়ে উঠবে বলে। ভুলে যেও না সে তোমারই সৃষ্ট। তাই তোমারই মত হবে মূর্ত তার প্রাণ।—সে যে তুমি-ও। আমার আদর-আহ্লাদ দেওয়া-নেওয়া আর পাওয়ার লীলাসঙ্গী আনন্দরূপেরই সে হবে—এক ঝক্‌ঝকে চক্‌চকে উজ্জ্বল রাঙা—টুকটুকে সংস্করণ। সে দেখতে কতটুকু হবে জান—এই মানে এই এত-ত-টুকুন।

রাধা খিলখিল করে হাসতে হাসতে হাত দিয়ে পরিমাণটুকু দেখিয়ে বলল—বুঝলে আনন্দ, সে এই, এই এত-ত-টুবুন হবে।

বলে ও দেখিয়ে দিয়ে আনন্দরূপের ডান হাতখানা টেনে নিয়ে রাধা তার উদরেতে ছুঁইয়ে ধরে রেখে বলতে লাগলো—সেদিন অসময়ে আমাদের দুজনের ক্ষণিকের দুর্বলতার জন্য আমার মধ্যে অবৈধভাবে তোমার সন্তানের সম্ভাবনা দেখা দেয়। ফলে কুমারী হ'য়েও জননীর মূর্তি ধরতে হলো আমাকে। তুমি তাই দেখে আমার কুমারীত্বের মর্য্যাদাকে অক্ষত ক'রে রাখবার জন্য চেষ্টা করলে। উঃ, সে

কি ভীষণ ব্যাপার ! সাধারণ একটা সামাজিক লোকলজ্জার জন্য শেষে একটি শিশুর প্রাণকে অকারণে হত্যা ক'রতে হবে ! তুমি ত সেই ব্যবস্থাটুকু করেই কলকাতায় ফিরে গেলে। সেখানে ফিরে গিয়ে এই ভেবে তুমি নিশ্চিন্ত হলে যে, সব রকম অঘটন চুকে গেছে। ভয়ের বা দুশ্চিন্তার আর কোন অন্য কারণ এর পরে থাকতে পারে না, আর নেই-ও। আমি কিন্তু তোমার কোন পরামর্শকে গ্রহণ ক'রতে পারিনি। দেখ আনন্দ, তুমি অবুঝের মতো যা করতে চেয়েছিলে, আমি বুঝে কখনও সেটি হ'তে দিতে পারি না। দেখ রূপ, আমি একজন মেয়ে। মেয়েরা জীবনে এক সময়ে না এক সময়ে মা হয়। তবে অনেক সময় অনেক জায়গায় মেয়েদের ভেতর থেকে অনেকেই হয় ত সব দিক অনুকূলে থাকা সত্ত্বেও—মা নাও হতে পারে। এর মানে এই নয় যে, তারা মা হওয়ার অনুপযুক্তা। এর পেছনে সব সময়ে উপস্থিত থাকে—প্রাকৃতিক কোন কারণের ব্যতিক্রম ! বা মানুষের আদর্শের কোনো মহান দৃষ্টির উদার প্রসারতা ! বা কামনার সাব্লিমশেন্ ! মেয়েদের এই বিশেষ দিকটিও বাস্তব জীবনের দিক দিয়ে সত্য।—আবার অন্য দিকটিও অতিমাত্রায় বাস্তবে সত্য—যেখানে নির্বিশেষে সব মেয়ের মধ্যেই প্রিয়ার মতন স্বতন্ত্রতা নিয়ে—মায়ের শাশ্বত রূপটি বিরাজ করে। আনন্দ, তোমার সঙ্গে সেদিন পর্য্যন্ত আমার বিয়ে হ'তে পারেনি বলে কি—আমি তোমার সন্তানের মা হ'তে পারব না ? ওগো আনন্দ, আমি যে একমাত্র তোমাকেই আমার আরাধ্য স্বামী, আমার প্রাণের অর্ঘ্য দেওয়া দেবতাটিরূপে দেখতাম—সেদিনের অনেক আগে থেকেই। আমার রূপ, তুমি কি তা জানতে না ? আমি জানি, আমার আনন্দ সেটুকু জানলে পর অমন ক'রে ভয় পেতো না। তাই ভয় পেয়ে সরে গেছিলে তুমি।

সে কথা শুনতে শুনতে আনন্দরূপের নিজের স্বত্বা হারিয়ে যাচ্ছিল প্রিয়ার গর্বিত ভাবের মধ্যে। তার চোখের মধ্যে ভরা জল থৈ থৈ ক'রছে। কান্না আসছে তার দারুণভাবে। কিন্তু কাঁদতে চেয়েও কাঁদতে পারছে না। এর মতো কষ্ট নেই ! কেন না একবার কেঁদে ফেললেই—কষ্টের অনেকটা অবসান হয়। তাই দেখে কথা থামিয়ে রাধা মিষ্টি আদর ঢেলে দিল প্রিয়ার জলে ভরা চোখে। শান্ত হয়ে উঠলো তার ঐ অবস্থার সেই ভয়ানক অস্থিরতা।

ঐভাবে তাকে শান্ত ক'রে রাধা বলল—ওগো আনন্দ, কৈ তুমি আমাকে ক্ষমা ক'রেছ ত ? আর কয়েক মাস পরেই আমি তোমার সেদিনকার অবাঞ্ছিত সন্তানের মা হব তাই বলে কি তুমি আমায় ক্ষমা ক'রবে না ? শুধু একটা সামাজিক ঘটনা ঘটবার আগেই এমনটি হলো বলেই কি এর জন্যে কোন রকম ক্ষমা নেই ?—বিয়ের পর সবই বুঝি বৈধ ? আর তার আগে সবই বুঝি অবৈধ ? তা হলে আনন্দ, তুমি যে আমাকে অনেক বছর ধরেই ভালবেসে এসেছো, সেটাও ত আনন্দ, তোমার

উচিত ছিল এই পৃথিবীর আলো-বাতাসের মধ্যে থেকে সরিয়ে ফেলা! কিন্তু রূপ, তুমি ত' তা ক'রলে না! আমার প্রতি তোমার সীমাহীন ভালবাসাই যে তোমাকে সেরকম কিছু ক'রতে দেয় নি। তবে তোমারই দেহে থেকে আমার শোণিতে অঙ্কুরিত হওয়া এই ভাবী শিশুটির বেলায়—কেন অমনটি ক'রতে চেয়েছিলে?

আরো আবেগের সঙ্গে রাধা জানালো—তুমি কি জানতে না, যে, তোমার ও আমার এই যৌথ প্রয়াসের সৃষ্টি কাজের মূলই হলো—আমাদের ভালবাসার পূর্ণাহুতি? ধর আনন্দ, বিয়ের পরে আমাদের জীবনেতে কোন না কোন সময়ে—আমার মধ্যে তোমারই সন্তানের জন্য প্রাণ সৃষ্টি করার সম্ভাবনা দেখা দিতে পারতো। আর সম্ভাবনা দেখা দেওয়া কি হওয়টা মোটেই অস্বাভাবিক কিছু নয়। রূপ, তখন সে সন্তানের ব্যাপারে বৈধতার প্রশ্ন জাগে না ত'? আর যত্ন প্রশ্ন জাগে তার সবই আমার মত মেয়েদেরই ব্যাপারে? আনন্দ, বাস্তবের মধ্যে সমাজ অনুমোদিত বিবাহিত জীবনেতেও ত দৈনন্দিন হাজার রকম অবৈধ ব্যাপার ঘটে চলেছে!—কিন্তু সে নিয়ে ত সমাজের কোন রকম মাথা ব্যথা হ'তে দেখা যায় না? বরং নিশ্চিন্তে হেলে-দুলে ঘুমিয়ে থাকে সে সব সমাজ ব্যবস্থাগুলো। কোন জুজুবুড়ির অতি দাপটে তার মুখটি সেলাই করা থাকে। সে মুখ খোলবার উপায় থাকে না তার। এই, চুপ করে রইলে কেন? কথা বল লক্ষ্মীটি। ছিঃ, পাগলামি করে না। ওগো আনন্দ, এবারে ক্ষমা ক'রেছ নিশ্চয়?

রাধা কথা শেষ ক'রলো। তার বলার যতটুকু ছিল, বলেছে সে ততটুকুই। এবার আবেশে ভরিয়ে নিজের মাথা রাখলো আনন্দরূপের কাঁধেতে শুইয়ে। হাতের আঙুল দিয়ে স্বামীর সুন্দর মুখেতে বুলানো পরশ লাগিয়ে—আদর ক'রতে লাগলো আবেশ দিয়ে।

নিজের ভুলে আর রাধার মহানুভবতার শান্তরাগে ভরানো ভাবী মায়ের অপূর্ব গরিমায় সুস্নাতা মূর্তির কাছে—এই মুহূর্তে আনন্দরূপের অভাবনীয় পরাজয় ঘটে গেছে। রাধা মেয়ে হয়ে যে অসম সাহসের পরিচয় দিতে পারলো, ছেলে হয়ে আনন্দরূপ ত তার এক অংশও সাহস ক'রতে পারেনি। প্রিয়া নারী যা ক'রতে ভয় পায়নি, তাই ক'রতে ভয় পেয়েছিল তার-ই প্রিয়তম পুরুষ। সত্যি প্রিয়তমা স্ত্রীর কাছে এই পরাজয় স্বীকারের মধ্যেই তার আনন্দের সুখ সব চাইতে বেশী। তাই মনে ক'রে আনন্দরূপের পঁচিশ বছরের পরিপূর্ণ যৌবনের সুখী প্রাণটি কেঁদে উঠলো—শিশুর মত। তার চোখ থেকে জমা হয়ে থাকা জল দুই গাল বেয়ে গড়িয়ে গড়িয়ে পড়তে লাগলো বিছানার ওপরে।

তাকে ও ভাবে কাঁদতে দেখে রাধা তখন অস্থিরা হয়ে উঠলো। এ সে চায়নি কখনো। অন্ততঃ তার লীলার সঙ্গীকে কাঁদতে দেখলে পর নিজেকে না কাঁদিয়ে রাখা

যায় না। আনন্দরূপের বুকের ওপরেতে রাধা উপুড় হয়ে পড়ে বলল—চোখের জল ফেলছো ? কষ্ট পেয়েছ ?

বলতে বলতে রাধা ক্ষিপ্রগতিতে আনন্দরূপের জল ভরা চোখ থেকে সমস্ত জল—মুখ লাগিয়ে পরশে পরশে শোষণ করে নিল। শেষে বলল রাধা—আমার রূপ, এবার বেশ একটুখানি খিল্‌খিল্‌ ক'রে হাসো।

ঝক্‌মকিয়ে তখনি হাসির ঝিলিমিলি ফুটে উঠলো আনন্দর মুখেতে।—তুমি রাধা। তুমি আমার ভাবী সন্তানের মা হবে! তুমি মিষ্টি রাধা! তুমি মিষ্টি মা হবে। উঃ, কি সুখের কথা! রাধা, তুমি শুধু অফুরন্ত সুখ! দুষ্টু রাধা! তুমি শুধু সুখ আর সুখ!

বলতে বলতে ছোট্ট শিশুর মতো হয়ে উঠলো আনন্দরূপের মনের তাজা উচ্ছলতা। সুখের শুধু মধুর নাচ নাচতে লাগলো—তার প্রাণ জুড়ে। খুশীয়াল যুবক তাই হাত দিয়ে টেনে রাধার লাজুক শরীরের যৌবন চঞ্চলতাকে বুকেতে কঠিন বাঁধনের ভেতরে—জড়াতে লাগলো। মুখ দিয়ে তার শুধু খুশীবিভোর হাসির রঙীন ছর্‌ররা ছুটেছে। আর নাচছে। রিদম্‌ ধরে ধরে।

ওদিকে রাধা তার সেখানকার মোলায়েম রূপের নিটোলতার মধ্যে মধুরভাবে অপরূপ পুলকানন্দের ছোঁয়াচ্‌ পেল। তার বুকের শিল্পশোভার এই অনন্য ব্যঞ্জনার মধ্যে—নিজের মুখখানাকে এনে রেখেছে আনন্দরূপ। রাধা অনুভবের পরশে পরশে মাতোয়ারা হয়ে উঠতে লাগলো—প্রিয়তমেরই মুখের এক একটা উষ্ণ পরশের মদিরা ভরা—সিক্ত বিহ্বলতায়। সুখের তালে তালে আর খুশীর কাকলিতে—কলকলিয়ে উঠলো রাধার চব্বিশ বসন্তে ভরা রাঙা যৌবন।

—আনন্দ। আমার রূপ। তুমি আমার ভাবী শিশুর বাবা। আর আমি তার মা। কত সুখী আমি! সুখী তোমারই জন্যে।

কথা বলে নিয়ে আনন্দরূপের বুকেতে কঠিন বাঁধনের মধ্যে বন্দী অবস্থাতেই—হাসির খুশীবিহ্বল ঝরনায় ঝলমল করে নেচে উঠলো—প্রিয়ার সুখ আর খুশী। রাধা মুখ নীচু করে আনন্দরূপের গালেতে হাসির সে ছোঁয়াচটি বসিয়ে দিল।—খুশীরই তরঙ্গের মাঝে আলো আঁধারির লুকোচুরি খেলাতে করা সুখের মদির সুরভিতে কল-কাকলি মুখর হয়েই থাকল তারা দু'জনা—বেশ কিছু সময়। তারা দু'জনা। এক সুখ। আর তারই খুশী। দুষ্টু আনন্দরূপ আর মিষ্টি রাধা।

—তখন রাতের শেষ যাম।

—মহাকবি শ্রীমধুসূদনের জন্মদিনে, ২৫শে জানুয়ারী, ১৯৫৭।

আমাদের 'কাকু'—আই. সি. এস দেবেশ চন্দ্র দাস

লেখক-জায়া রুচিস্মিতা সন্ধ্যা রায়ের লেখা

ছোটখাটো চেহারর স্মিত মুখ এই দেবেশ দাস একাধারে ছিলেন ভারত সরকারের জবরদস্ত প্রশাসক ও সেই সঙ্গে অনন্য এক সাহিত্যিক, সৃষ্টি ধর্মের স্বকীয়ত্বে। উনি এবং আমার শ্বশুরমশাই ঢাকার পাশাপাশি অঞ্চলের বাসিন্দা ছিলেন। সেই সুবাদে দুজনের মধ্যে ছিল অগ্রজ ও অনুজের সম্পর্ক। উনি বিখ্যাত টেকনো- ব্যুরোক্র্যাট বি. কে. রায়-কে 'দাদা' বলে ডাকতেন। যদিও শ্রীযুত রায় ১৯৩৩ সালে বিলেত থেকে ইম্পিরিয়াল সার্ভিস অব্ ইঞ্জিনিয়ার্সের সদস্য হয়ে ফিরে আসেন। সেই বছরই দেবেশ দাস প্রেসিডেন্সি কলেজ থেকে অর্থনীতি নিয়ে পাস করেন এবং সঙ্গে সঙ্গে টাটা মেমোরিয়াল স্কলারশিপ পেয়ে, এখান থেকে আই. সি. এস পরীক্ষায় কম্পিট করে—বিলেত যান। তাঁর সহপাঠীদের মধ্যে ছিলেন ভাবী কালের আইনমন্ত্রী অশোক সেন, আই. সি. এস. ভবানীপুরের শিশির দত্ত (ভারত খ্যাত চন্দ ভ্রাতাদের ভাগীনেয়), নিখিল চক্রবর্তী (বিধান রায়ের ভাইঝির স্বামী), ভারতের প্রাক্তন বিচারপতি অজিত নাথ রায় এবং ম্যুর অ্যাভেনিউয়ের বিজয়ানন্দ মুখার্জী ওরফে মিশনের স্বামী হিরন্ময়ানন্দ।

ঢাকা জেলার সদরে ষাঁটীর পাড়ার বিখ্যাত রায়বাড়ির সঙ্গে রমণার বিখ্যাত আইনজ্ঞ শ্রী গোপাল চন্দ্র দাসের সম্পর্কটা ছিল—আত্মার আত্মীয় সদৃশ। এই গোপাল দাসই দেবেশ দাসের পিতা। ছেলে যখন বিলেতে তখন তিনি এখানকার ল'কলেজের অধ্যাপক। ছেলে দেবেশের জন্য (যে ছেলে দুদিন পরে আই. সি. এস্ হয়ে দেশে ফিরছে) এক নম্বর অভিজাত এলাকা আলিপুরের নিউ রোডে সুদৃশ্য এক বাংলো-বাড়ি তৈরি করান রাতারাতি, যদিও সিটি কলেজের কাছে নিজের বড় বাড়ি থাকা সত্ত্বেও—অবশ্যই আমার শ্বশুরমশাইয়ের পরামর্শে। তখন বি. কে. রায়-এর কর্মস্থল সারা ভারত জুড়ে।

সসম্মানে সতীর্থ শিশিরের সঙ্গে দেবেশ—শেষ ধাপে উত্তীর্ণ হয়ে আসাম ক্যাডারের তালিকাভুক্ত হন। ছবির মতো সেই সেদিনকার অখণ্ড আসামের দু-একটি মহকুমার কর্তৃত্ব করে, তারপর বছর পাঁচেক লামডিং ও কোহিমায় ডি. এম-এর দ্বায়িত্ব পালন করেন। স্বাধীনতার অব্যবহিত পরেই মাত্র ৩৪ বছর বয়সে আসীন হন ওই বিরাট রাজ্যের—মুখ্য সচিবের পদে। সে সময় আসাম রাজ্যের রাজধানী ছিল শিলং। সেই 'শেষের কবিতা'র দেশ। পাহাড়, ঝরনা, গাছ-গাছালি, অফুরন্ত প্রাকৃতিক সৌন্দর্য—তরুণ দেবেশকে আরও উদ্দীপ্ত করে তোলে সাহিত্য সাধনায়। যেন এক নতুন 'অমিট রে' হয়ে উঠতে চাইলেন লেখক। বেরোল উপন্যাস 'অর্ধেক মানবী তুমি'। পাঠককুল সেই বইয়ের খুশবু উপভোগ করল।

বলার কথা—আসামে থেকেও লিখে ফেলেন মনের মাধুরী মিশিয়ে বিলেত প্রবাসের কথা ও কাহিনী। 'ইউরোপা'। বইটি সৌভাগ্যবশত বিশ্বভারতী প্রকাশ করে সেই তাদের চিরাচরিত রীতিমাফিক ছবিহীন হলুদ মলাটে। শুধুমাত্র লাল কালিতে লেখক ও বইয়ের নামটি ছাপা। মানে একটি প্রেস্টিজিয়াস প্রকাশনা। আর ভূমিকা? স্বয়ং কবিসম্রাট রবীন্দ্রনাথের লেখা। সেদিনকার দিনকাল এমনই ছিল—দেশের এক নম্বর ছাত্ররাই তখন হত—আই. সি. এস। পদাধিকার বলে বা চাকরির সেই বিরাট কৌলীন্যের জন্য নয়—ওদের প্রত্যেকেই রবীন্দ্রনাথের খুবই কাছের মানুষ হতে পেরেছিলেন। এ শুধু মনিকাঞ্চন যোগ নয়, তার চাইতেও অনেক, অনেক বেশি পারম্পর্য যুক্ত।

সে সময়ে একজন ভারতীয়—আই. সি. এস—হয়ে দেশে ফিরলেই কী বাঙালী কী অবাঙালিতে কাড়াকাড়ি পড়ে যেত—কে তাঁকে আপন ঘরের জামাই করতে পারবে। দেবেশের যিনি শ্বশুর হন তিনি অনেক দিক দিয়েই ভাগ্যবান। ঢাকার বিখ্যাত বারোডির নাগ পরিবারের মানুষ। শ্রীযুত কে. সি. নাগ প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ছাত্র। আইন ব্যবসায় নেমে, সফলতার কিছু দিনের মধ্যেই—শ্রীযুত নাগ ওয়াজ টীপড টু দ্য বেঞ্চ। হলেন অনারেবল জাস্টিস। তাঁর ছিল দুই মেয়ে। বড় মেয়ে বিমলাকে বিয়ে করেন আই. সি. এস. ব্রজকান্ত গুহ। যিনি পরে উন্নীত হন প্রশাসক থেকে হাইকোর্টের বিচারক পদে। আর অবসরান্তে হন নবগঠিত বর্ধমান বিশ্ববিদ্যালয়ের—দ্বিতীয় স্থায়ী উপাচার্য। যেহেতু তখন ওই পদ থেকে সদ্য অবসরপ্রাপ্ত—বিশ্ববিশ্রুত আই. সি. এস. সুকুমার সেনকে আরও বড় কাজের দায়িত্ব দিয়ে—খোদ জওহরহলালজী—প্রচণ্ড সমস্যা জর্জরিত উদ্বাস্তু পুনর্বাসনের দায়িত্বে বহাল করেন। মহাভারতের সেই দণ্ডকারণ্যে।

আর শ্রীযুক্ত নাগের ছোট মেয়ে কমলার পাণিগ্রহণ করেন আমাদের কাকু—দেবেশ দাস। 'এই বিখ্যাত জামাতা যে পরবর্তী কালে একজন বিখ্যাত সাহিত্যিকও হবেন তা কে জানত?' উপরের এই মন্তব্য করেন অশোক রায়ের প্রতি, পরবর্তী কালে ওঁর জেঠশ্বশুর—শ্রীযুক্ত বি. সি. নাগ। আইনি দুনিয়ার এই বিখ্যাত ব্যক্তিত্ব—স্কুলের প্রেসিডেন্ট হিসাবে ওঁকে খুবই স্নেহ করতেন। এই বীরেন্দ্র চন্দ্র নাগ ছিলেন সরকার পক্ষের পি. পি. এবং জি. পি। ওঁর উপরে বর্তেছিল স্বাধীনোত্তর কালে ঘটিত—সেই দমদম-বসিরহাট আরমারী রেইড কেসের বিচার-বিশ্লেষণ পর্ব। তখন সাদার্ন অ্যাভেনিউ-এর ছবির মতো বাড়ির সর্বত্র ছিল—পুলিশে পুলিশে ছয়লাপ। এই নাগ মহাশয়ের আইনজ্ঞা স্ত্রী-শ্রীমতী জ্যোতির্ময়ী নাগ পরবর্তী কালে এই রাজ্যের সর্বোচ্চ ন্যায়ালয়ের—প্রথম মহিলা বিচারপতি। উনি তখন নেই। দেখে যেতে পারলেন না যে, প্রিয় ভাইঝি 'কমল দাস' নামে একের পর এক উপন্যাস লিখে চলেছেন। যদিও স্বামী দেবেশ দাস তখন যেন সাহিত্য রচনা থেকে অবসর

নিয়েছেন— নিজের স্ত্রীকে জায়গা করে দিতে। কমল দাসের 'অমৃতস্য পুত্রী' উপন্যাস বেরনোর সঙ্গে সঙ্গে সাড়া জাগায় ও সাহিত্য আকাডেমি পুরস্কারে ভূষিত হয়। স্বামী দেবেশ স্ত্রীর প্রতিভা বিকাশে অনুপ্রেরণা জুগিয়েছিলেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় স্বামীরা নিজেদের প্রতিভা বিকাশে সচেষ্ট থাকেন। আমার অভিজ্ঞতা থেকে দেখেছি— আমাদের মেসোমশাই অন্নদাশঙ্কর রায় অনন্য প্রতিভার অধিকারী হলেও—তাঁর স্ত্রী লীলা রায় কখনোই নিজস্ব প্রতিভার বিকাশে—সচেষ্টা হয়ে ওঠেননি। যদিও তিনি স্বামীর চেয়েও বেশি ক্ষমতার অধিকারী ছিলেন। তিনি স্বেচ্ছায় ও সানন্দ চিত্তেই স্বামীর সাফল্যকে অধিক গুরুত্ব দিয়েছিলেন। একই পথ অবলম্বন করেছিলেন রবিশঙ্করের স্ত্রী অন্নপূর্ণা দেবী। দেবেশ দাস চেয়েছিলেন স্ত্রীকে সাহিত্য জগতে প্রতিষ্ঠা দিতে। তার মধ্যেই তাঁর একটি বই প্রকাশিত হয়েছিল, নাম—'প্রেম, আগ্রা স্টাইল।'

যখন কেন্দ্রে—কাকু দেবেশ দাস সচিব পর্যায়ে সমাসীন তখন রাজস্থানের রাজপুত ঘরানার অনন্য সৃষ্টির মাধুর্যকে নিখুঁত করে ফোটানোর জন্য দুটি গ্রন্থ লেখেন, নাম—'রাজসী' এবং 'রাজোয়ারা'। এই দুটি সৃষ্টি, না উপন্যাস, না রম্যরচনা, না কাব্যাশ্রয়ী বিভূষণা। এ যেন তিন ধারার এক নতুন সঙ্গম।

দেবেশ কাকু জীবন যাপনে পুরোদস্তুর সাহেব ছিলেন। যখন তিনি প্রশাসক তখন তিনি দুঁদে আই. সি. এস.। কিন্তু এই কাকুই যখন সাহিত্যের বাসরে উপস্থিত তখন বাঙালিত্বে অসাধারণ। প্রশাসনিক ব্যক্তিত্ব ছেড়ে তখন তিনি পুরোপুরি একজন সাহিত্যিক। বহু আগে থেকে বছরের পর বছর ধরে—প্রতি শীতকালে অনুষ্ঠিত হত নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন। কখনও এ রাজ্যে, কখনও-বা অন্য রাজ্যে। গত শতক থেকে ছয়ের দশক পর্যন্ত—একজন কেন্দ্রীয় সেক্রেটারী-এর দায়িত্বে থাকতেন। তিনি আই. সি. এস হিসাবে যে ভাষাভাষি বা যে প্রদেশের হোন না কেন কেন্দ্রীয় সরকারের চোখে এবং আলাদা আলাদা রাজ্যের চোখে তাঁর একমাত্র পরিচয় ছিল তিনি একজন ভারতীয়। একজন কেন্দ্রীয় সচিব যেকোনো রাজ্যের মুখ্য সচিবের কাছ থেকে সম্মান আদায়ের চেষ্টা না করেও—আপনা থেকেই পেয়ে যেতেন আন্তরিক সম্মান। বাংলার সাহিত্যিকদের ওই মহাসম্মেলনের জন্য দেবেশ কাকু সহযোগিতা করতেন কেন্দ্রীয় চাকরির সুবাদে—যাতে যখন যে রাজ্যের যে শহরে সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হবে তার জন্য সে রাজ্যের মুখ্য সচিব—উপরওয়ালার সনির্বন্ধ অনুরোধ সমেত বাংলা থেকে আগত প্রতিটি প্রতিনিধির ৩-৪ দিনের জন্য থাকা, খাওয়া ও ঘোরাফেরা—সমস্ত দায়িত্ব বহন করতো। এক কথায় বলতে গেলে দেবেশ কাকুর এই প্রচেষ্টায় প্রতি বছর এক এক রাজ্যে অভ্যাগতরা হতেন—রাষ্ট্রীয় অতিথি। পেতেন সসম্মান, সমন্বয়ী আন্তরিকতা। সেইজন্য সম্মেলনের কর্তাব্যক্তিরা ওঁকে করেন প্রতিষ্ঠানের স্থায়ী সভাপতি। তার মানে অন্যান্য সব কর্তাব্যক্তিদের

নির্বাচনের মুখোমুখি হতে হত—কিন্তু সভাপতি থাকতেন এর বাইরে। একটা কথা—কাকুর শুধু ইচ্ছা রূপায়ণে বিভিন্ন রাজ্যের এই তৎপরতা দেখে—এই রেন্ডারিং হসপিটালিটি টানটান সৌহার্দ দেখে—দিল্লিতে সমপর্যায়ের কেউ কেউ—গট্ জেলাস্ অফ ইট। ফলে চাকরির ব্যাপারে কিছু অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হলেও আমাদের কাকু—নেভার কেয়ারস্ ফর দ্যাট। তিনি উপেক্ষা করতেন। যার ফলে প্রধানমন্ত্রীর সঙ্গেও হত এ নিয়ে মন কষাকষি। বাঙালি বলে দু-পর্যায়ে দুজন বাঙালি মুখ্যমন্ত্রী মণীষীপ্রবর বিধান রায় এবং জনতার সম্রাট প্রফুল্ল সেন ছিলেন—কাকুর আত্মপক্ষ সমর্থনের—আপসহীন বর্ম ও অস্ত্র। টানা বারো বছর তিনি তখন আই. সি. এস দেবেশ দাস নন, সাহিত্যিক কাকু দেবেশ দাস হয়ে বারোটি রাজ্যের বারোটি শহরে স্থায়ী সভাপতির ভাষণ দান কালে সুভাষিত, সুবিনীত বক্তব্য রেখেছেন। প্রতিটি ভাষণই ছিল লিখিত প্রবন্ধ। সেই বারোটি জায়গার বারোটি প্রবন্ধ একত্র করে 'ভারতবর্ষ, নামে একটি গ্রন্থ বেরোয়। যা কাকুর এদেশীয় সাম্রাজীয়—অল্ মোস্ট অল্ টীট বীটস সমেত—তিনি লেফট নো কালচারাল এপিসোডস—আনটোল্ড। তবে মজার কথা ও হাসির কথাও—লজ্জার কথা বলছি না এজন্য লজ্জার মাথা খেয়ে সেই সময়কার অনেক সুবিধাভোগী সাহিত্যিকই তাঁর কাছ থেকে অনেক সুযোগ সুবিধা পেয়েও 'আনফেইথফুল' কথাটিকে নিজেদেরই শিরোপা করে তুললেন—যেই আমাদের কাকু দিল্লি থেকে অবসর নিলেন—ঠিক তখনই। সম্মেলন ভাঙতে শুরু করল। লেখকরাও ছত্রাকার। কাকু সাহিত্যের প্রতি হতে লাগলেন—বিমুখ। এছাড়া ছা-পোষা সাহিত্যিকরা তাঁদের দেউলিয়া ঘরে থেকে আর কীবা দিতে পারতেন? স্টিল ফ্রেমের আমাদের কাকু মনে দুঃখ পেলেও তাতে কোনো গুরুত্ব দেননি। তিনি যে কটি বই লিখে গেছেন চাকরির মাঝে মাঝে—রোম থেকে রমনা, পশ্চিমের জানলা, রক্তরাগ, কুমড়ো ফুল—সবগুলিই ভালো সৃষ্টি, কেননা পঞ্চাশ-ষাট বছর আগেকার আই. সি. এস-ই চার হাজারি বেতন—কাকুকে দিয়ে টাকার জন্য লেখাজোকা করায়নি। এ ছিল দেবেশের নেশা, পেশা নয়। তাই তাঁর সৃষ্টিকে ক্লাসিক বললে ভুল বলা হবে না। কাকুর 'রক্তরাগ' বইটি স্বাধীনতা সংগ্রামে ভারতীয় বিপ্লবীদের নিয়ে লেখা। ব্যাপ্তিতে ও প্রসারণে ক্ল্যাসিক রীতির ধারাবাহিক এই রক্তরাগের পাণ্ডুলিপি পড়ে—ভারতের প্রথম রাষ্ট্রপতি ডা. রাজেন্দ্র প্রসাদ নিজেই দেবেশকে ডেকে—পাণ্ডুলিপি ফেরত দেওয়ার সময় সবিনয়ে জানান—'বাংলা জবানে দেবেশবাবু আমি কি তোমার এই বইয়েতে একটা ভূমিকা দিতে পারি?' দেবেশের কাছ থেকে কোনো উত্তর পাওয়ার আগেই রাষ্ট্রপতি খোলসায় নামেন।—'কোনো অস্বস্তি নেই, তোমার বইয়ের ভূমিকা আমি বাংলাতেই লিখব।' বলেই দারুণ এক হাসি হেসে পাশের শ্বেত পাথরের টেবিল থেকে একটা রোল করা কাগজ তুলে ধরে বলল—'দেখো, তুমি না চাইলেও এত সুন্দর বইয়ে আমার কিছু মন্তব্য রাখা

দরকার। দেবেশ বাবু তুমি তো জানো, স্বাধীনতা পাওয়া ছিল আমাদের ব্রত। এর জন্য সংসার, সমস্ত রোজগার বন্ধ করে এই যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলাম। অনেক কষ্ট পেয়েছি। অত্যাচার সহ্য করেছি। ব্রিটিশের জেলে বহু বছর কাটিয়েছি। দেবেশবাবু, 'সেই সংগ্রামীদের নিয়ে তুমি এই বই লিখেছ। সুতরাং আমারই কর্তব্য এর মুখবন্ধ রচনা করা।' অতি বিনয়ের সঙ্গে কাকুর হাতদুটো ধরে ভারতের রাষ্ট্রপতির মিনতি, 'দেবেশবাবু তোমার বইয়ের প্রথমে আমার ভূমিকা যাওয়া—তার মানে আমার জীবনে একটা বড় পুরস্কার পাওয়া। ইট হ্যাভ অনার্ড মী।'

ভাবা যায় দেবেশ কাকু—আজ ভাবছি তুমি নেই, ডক্টর প্রসাদও নেই। টেলিফোনে, চায়ের আসরে রাষ্ট্রপতি ভবনে স্বয়ং রাষ্ট্রপতির এই আহ্বান তোমার প্রতি, এই উষ্ণ ব্যবহার তোমার প্রতি—যখন ভাবি, তখন ভাবি অবাঙালি হয়ে বাঙালি তোমার প্রতি, এই বাঙালি-মনস্ক রাষ্ট্রপতি—তামাম ভারতের দ্য ফার্স্ট সিটিজেন হয়ে এভাবে তোমায় সংবর্ধিত করা—চাট্টিখানি কথা নয়।

দেবেশ কাকু তুমিও নেই, নেই কমলা কাকীমাও। জানি না কোন অজানিত অস্বস্তিকর কারণে অনেকবারের মতোই লন্ডন গিয়ে—আর কিন্তু ফিরলে না এদেশে। ওখানেই ঘটল তোমার ব্যারিস্টার কন্যা নৃত্যশিল্পী অনুরাধা পারিখ-এর বাড়িতে অন্য পৃথিবীর জন্য—শেষ যাত্রার তোড়জোড়। আগে গেল কাকীমা। তাঁকে অনুসরণ করলে তুমি।

মনে আছে তোমার নিউ আলীপুরের বাড়ি 'কমলা'য়—সারা বাড়ি ঘুরিয়ে দেখানোর সময় হাসি খুশি মুখ ঐ চার্টার্ড অ্যাকাউনটেন্ট জামাই—পারিখের ছবির সামনে দাঁড়িয়ে মুখে হাসির ছররা ফুটিয়ে বলেছিলেন—'এই যে এই শ্রীমান হনুমানই হচ্ছে আমার জামাতা।' পিছনে কাকীমার মুখে হাসির হিল্লোল।

কাকু তোমার স্টিল ফ্রেমি সেই হেভেন বর্ন সার্ভিসের কথা আমরা জানি। আরও অনেকেই জানে। কিন্তু, বড় বেশি বাস্তবের অস্তিত্বে স্ট্যাটিক ভাব-ভাবনা এখনও দারুণ ডায়নামিক হয়ে আছে—তোমার ও কাকীমার লেখা বইগুলিতে। কেন জানো। প্রতিটি উপহার দেওয়া বইয়ে—আমাদের নাম সস্নেহ সম্ভাষণে বিভূষণী বিভাষে—যেন করে রেখেছ সম্মানীয়-সম্মানীয়া। তোমার বই পুরোটাই তোমার হাতের লেখায় উপহৃত প্রেজেন্টেড। কিন্তু কাকীমার বইয়ের নাম-ধাম সবকিছু তুমি নিজের হাতে লিখে তারপর কাকীমার দিকে এগিয়ে দিয়ে বলেছ 'ওগো তোমার নামটা এবার নিজে হাতে—লিখে দাও।' ভুলিনি, ভুলব না। টাইম ইমমোরিয়ালে তোমরা, বিশেষ ভাবে তুমি দেবেশ কাকু—আজও আলোচিত।

মাসীমা লীলা রায় যে কথা বলে বিশেষ ভাবে—ওঁর স্বামী অন্নদাশঙ্করের বিলেতের বন্ধু শ্রীযুক্ত বি. কে. রায়ের পুত্রবধূ এই সন্ধ্যাকে পরিচিত করাতে বলেছিলেন, তা ভোলার নয়, তা আশীর্বাদী ফুল। মনে আছে দেবেশ কাকু, লীলামাসী স্বগর্বে সুহাসে তোমাকে মানে তোমাদেরকে বলেছিলেন, 'অশোকের বউ,

মানে আমাদের এই বউমা সব ব্যাপারেই রুচিযুক্তা। ওঁর হাতের তৈরি রান্না প্রায়ই আমাদের রসনা তৃপ্তির কারণ হয়।' দেবেশ কাকু সম্পর্কে বলি, 'আমার বাবা ও কাকু তখন চাকরির সুবাদে হয়ে যায় ওপর-নীচের সম্পর্ক। আমার স্বামীর কথায়—"কাকু তখন দিল্লিতে ভারতের যোগাযোগ সচিব। ওঁর মন্ত্রী তখন বাবু জগজীবন রাম। বাবা তখন দিল্লি ছেড়ে ব্যাঙ্গালোরে নবগঠিত দূরবানী নগরে। সবে প্রতিষ্ঠিত হয়েছে ইন্ডিয়ান টেলিফোন ইন্ডস্ট্রিজ। বাবা তখন এর বড় কর্তা। তাই বয়সে বড় হলেও বাবা হয়ে যান দেবেশ কাকুর সাব্‌অর্ডিনেট। তাতে কিন্তু স্নেহ প্রীতিতে কোনো ব্যাঘাত ঘটেনি। কারণ ওঁরা দুজনেই সমতুল্য ক্যাডারের মেম্বার ছিলেন। মনে আছে—১৯৫৩ সালে যখন লালদিঘির দক্ষিণ পারে তৈরি করা আকাশছোঁয়া ইমারতে টেলিফোন কেন্দ্র স্থাপিত হল—সে কথা স্মরণ না করে পারছি না। সেই বিরাট অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হিজ্ এক্সেলেন্সি ডাঃ হরেন্দ্র কুমার মুখার্জী এবং প্রধান অতিথি ছিলেন ডক্টর বিধান চন্দ্র রায়। উদ্বোধন করেন স্বয়ং বাবু জগজীবন রাম। আর প্রস্তাবক দেবেশ দাস। প্রধান বক্তা ছিলেন 'দ্য ডয়েন অফ্ ইন্ডিয়ান জার্নালিজম'—আচার্য হেমেন্দ্র প্রসাদ ঘোষ। সেদিন সকালেই ফোন করে কাকু চলে আসেন আমাদের বাড়ি তাঁর বিরাট ডজ্ কিংস্‌ওয়ে নিয়ে—বাবাকে ও আমাকে ওখানে নিয়ে যাওয়ার জন্য। সঙ্গে ছিলেন কলকাতা টেলিফোনসের প্রাণপুরুষ—স্যার রাজেন মুখার্জীর নাতি—কর্নেল সরোজ কুমার কাঞ্জিলাল। তিনি তখন এর জি. এম। সেই বিরাট সভায় সকলেই বক্তব্য রাখেন। আমার বাবাও তা থেকে বাদ যাননি। কিন্তু এই পঞ্চাশ বছর পরে তাঁদের দুজনার নাতিদীর্ঘ বক্তৃতা এখনও স্মৃতিতে জাজ্বল্যমান। চলার পথে অনেক ভারতীয় দিকপালের চোস্ত ইংরেজি জবান শুনেছি কিন্তু মনে হয়— বাবু জগজীবন রামের ইংরেজি বাচনভঙ্গি ভোলার নয়। যেন খাস ইংরেজ তাঁর বক্তব্য রাখছেন। আর হেমেন্দ্র প্রসাদ বলেছিলেন, 'রোমান্স ইন টেলিফোন ইন্ডাস্ট্রিজ।' যদিও সেদিন সকালে অমৃতবাজার পত্রিকায় এই সম্পর্কিত বিশেষ ক্রোড়পত্রে বাবার লেখা যে রচনাটি বেরিয়েছিল—তার ক্যাপসন ছিল উপরোক্ত ওই নামে।

বরাবরের জন্য বিলেত যাওয়ার আগে দেবেশ কাকু আমার লেখা 'ভালোবাসার শিল্প কথায়' ওঁরই সমসাময়িক এক ডজন লেখকের উপর করা সহৃদয় আলোচনা দেখেন আর নিজেরটা না দেখতে পেয়ে আমাকে বলেছিলেন, 'আমাকে নিয়ে কবে লেখা লিখছ।' বারবার জানতে চান। সাক্ষাতে ও ফোনের মাধ্যমে। সে লেখা হয়েছিল একটু পরে। কিন্তু উনি বেঁচে থাকতে তা দেখতে পাননি। এটা আমার কাছে খুব অস্বস্তির বিষয়। লেখাটি বেরোবে সম্প্রতি। বইয়ের নাম—'আপন মনের মাধুরী মিশায়ে।'

১৮ মার্চ—২৫ মার্চ, টু মেমোরাইজ কন্যা চুনী ও মা টিপসী, দ্য পেটস।

একান্ত দাম্পত্যিক

আমার চুমায়ীতী আদরের জায়া—রুচিস্মিতা সন্ধ্যা রায়, মধুরিকাসু।

বধূজীবনের বুকভরা মধু নিঙাড়িয়ে সকালের সোনা রঙ রোদে ঝকমক ক'রতে—করতে স্বামী গৌতমের প্রতি কথাকাকলী জানালো মিষ্টি যুবতীকার রিমঝিম ছান্দসিকা—শ্রীমতী সন্ধ্যা।

—"ঈষ্! ঈষ! আজও যদি গত কালকার মতো দেরি ক'রে রাত দশটা বাজিয়ে ফের, তা হোলে কিন্তু আজ রাতে আমার কাছটিতে আর তোমাকে বিন্দুমাত্র ঘেঁষতে না দিয়ে—জানাবো অভিমানী বৌ-টির অসহযোগ। সত্যি সত্যি। দেখো, আজ ঠিকই তা করবো। হ্যাঁ, কোরবো ব'লেও আজ পর্য্যন্ত তা ক'রতে পারলাম না ব'লে ভেবো না যেন, তোমার এই সন্ধ্যা তা পারে না জানাতে! বা ক'রতে! পারি খুবই। আজ ঠিকই কোরবো। গৌতম, এই?"

শ্রীমতী সন্ধ্যা হোল গ্রাম বাঙলার—এক বৌ। তবে উপস্থিত আর কি।— এই পরিচয় ছাড়িয়ে, ও শহুরে। ও আধুনিকা।—কিন্তু ছোটবেলা থেকেই পল্লী গাঁয়ের প্রতি থাকা মস্ত এক প্রীতির টানে টানে—সন্ধ্যা তার স্বামী গৌতমকে নিয়ে ছোট্ট একখানা শান্তির আর স্থিতির নীড় রচনা ক'রে নিয়েছে—গ্রাম বাঙলারই এক অতি নিঝুমতায় সাজানো—এই নিভৃতিটির কুলায়। বছর খানেক ধরে এখানে গাছ-গাছালির পাতায় পাতায় তৈরী করা ছায়ার ঘেরাটোপ দেওয়া—শুধু নিরালায় সুনিবিড়—এই এক রকমের আধুনিক বাংলোখানাকে দূর থেকে দেখলে পর মনে হয়—প্রাচীন ঐতিহ্যের যেন এক লতাবিতান। এরই মধ্যে সংসার পেতেছে—এই সন্ধ্যা ঘোষ। আর তারই যৌবনের সুখ—ঐ গৌতম ঘোষ। আর আছে ওদেরই দুটি ছন্দ এক হোয়ে সৃষ্টির—প্রায় এক বছরের মেয়ে,—নাম যার—'টুলটুল'।

হ্যাঁ,—শহরেরই এক আধুনিকার যৌবন-স্বপ্ন গ্রামীন বধূ হোতে চেয়ে—নীড় বেঁধেছে তাই। কিন্তু, হ্যাঁ এত শান্তির নীড়খানায় আজ বেশ অনেকদিন ধরেই—যেন একটা না-বোঝা এমন কিছু ধূসর মেঘ দিয়ে ঢাকা পড়ে যাচ্ছে! মেঘের আড়ালে যেন দুলে উঠছে—অস্বস্তির ঝড়। —সন্ধ্যাকে যেন তা ভয় দেখাচ্ছে। ভয় পাইয়ে কাঁপাচ্ছে। বাংলোর বারান্দায়—সিলিঙ্ থেকে ঝুলে থাকা চকচক মতন মাধবীলতাগুলো যখন মৃদুল হাওয়ায় দুলতে থাকে,—আর বারান্দারই কাঠের থামগুলোতে লতানো জুঁইফুলের ঝাড় থেকে যখন—গত সাঁঝেতে ফোটা সুবাস-ঝরা ফুলগুলো প্রভাতের আলো তীব্র হওয়ায়—একে একে শুকিয়ে উঠে নীচেকার বালু-চিকচিক মাটিতে পড়ে—জমায় ঝরাফুলের জন্য শোকের আসরখানা—তখন গৌতম ঘোষের অফিস যাওয়ার পথেতে সাত-সকালেই তোড়জোড় করার ফাঁকে-

ফাঁকে—স্ত্রী সন্ধ্যা ঘোষ না-জানা এক ভয়ের দোলনে অস্থিরা হ'য়ে পড়ে। মাঝে মাঝে গোরোচনা রঙের দেহলতা কেঁপে ওঠে।

হ্যাঁ, —সাত সকালেই অফিসে বেরিয়ে পড়ে সন্ধ্যার স্বামী। আর বেরুনোর মুখে—প্রায় এক বছরের ফুটফুটে মেয়ে টুলটুলকে প্রিয়ার কোল থেকে নিজের কাছেতে নেয়। —রোজকার মতো বেশ সময় ধরে দু'হাতের মুঠোয় রাখা আপন সৃষ্টির অতি ছোট্ট আকারের প্রাণময় স্বতঃস্ফূর্ততাটিকে ঘুরিয়ে-ফিরিয়ে হাসিয়ে-নাচিয়ে—প্রায় ক্লান্ত ক'রে এনে—শেষে শুইয়ে দেয় ছোট বেবি-কটে। আর তারপর হাতঘড়ির দিকে তাকাতে তাকাতে শোবার ঘর ছেড়ে বেরিয়ে আসে—বসবার ঘরটিতে। আদরভরা গলায় রোজ যে ভাবে প্রিয়াকে কাছে ডাকে, সেভাবে আজও ভোরের রাগ-রাগিণীদের জাগিয়ে দেওয়ার মতো কোরেই ডেকেছিল—"আমার দেরি হ'য়ে যাচ্ছে সন্ধ্যা, শোন। কাছে এসো একবারটি। এই, এসো। সন্ধ্যা। লক্ষ্মীটি বলছি।"

তারপর রোজকার মতো দাঁড়িয়ে থেকে যেমন অপেক্ষা করে স্ত্রী সন্ধ্যার জন্য—তেমনি আজও সকালে গৌতম কোরল তাই।

তাই সেই আহ্বানে সাড়া দিয়ে কাছে এসে একটু ব্যবধান রেখে আজও সন্ধ্যা বলেছিল—ওপরের কথাগুলো।—প্রথমেই সেই মানা জানানোব—'ঈষ্' শব্দখানাকে স্বামীর প্রতি ছুড়ে দিয়ে। জানিয়ে।

অন্য দিনের মতো সন্ধ্যা ঐ কথা শেষ ক'রে—পুরনো ব্যবহারে ও কথালাপে নামিয়েছিল নিজেকে। বলে উঠলো সন্ধ্যা মুখময় ছাপিয়ে তোলা পবিত্র সিঁদুরের মতো রঙীন ঝলস্ ফুটিয়ে—

—"আচ্ছা, আচ্ছা। এ ত' বেশ আবদার! বলি, আমায় কী টুলটুল ঠাওরেছো? এই গৌতম, ওকে যেমনভাবে আদর কোরলে তুমি এইমাত্র, বলি, আমায়ও কী সেই ভাবে আদর আর সোহাগ জানাবে? না-না। অত আদর আমি পারবো না সহ্য কোরতে—এই দিনমানেতে। দ্যুৎ। ভারী দুষ্টুমি হচ্ছে কিন্তু। আরে, এ কি! যাও, ভালো লাগে না, না..."

ততক্ষণে প্রিয়ার কথা চালাচালির সুযোগেতে—গৌতম এগিয়ে এসে নিজের বুকের মধ্যে ঘন ক'রে কেড়ে নেয়—সন্ধ্যাকে। সজোরে চাপ দিয়ে প্রিয়ার দেহরাগে ফুটিয়ে তোলাতে চায়—আবেশের ঊর্মিময়তা। আর তারই মধ্যে দুরন্ত হ'য়ে সন্ধ্যার মুখের সচলতায় আদর ঝরাতে চাওয়ারই দরুন—প্রিয়ার কথা এর পর সত্যি বাধ্য হয়—থেমে যেতো। একটি যুবতী-অধর যখন তারই একান্ত একান্তের যুবকাধরের সোহাগে বন্দী হয়ে—চুমার আলিম্পন ফোটাতে চায়, তখন আর একটুও সুযোগ থাকে না কথা বলার—জন্য। —তাই এই মুহূর্তে গৌতম—তার আদর করার

সন্ধ্যাকে ঘনভাবে অধরালিঙ্গনে টেনে নেওয়ায়—স্ত্রীর পক্ষে কোন অনুযোগভরা কথায় আর ঝলমলানো সম্ভব হ'ল না। এমনভাবে সাত-সকালে অফিসে বেরুবার পথেতে—স্ত্রী সন্ধ্যাকে করা আদর-সোহাগ দেখলে পর মনে হবে—স্বামী গৌতম যেন অনেক দিনেরই জন্য কাছ-ছাড়া হয়ে কোন দূর দেশের পথেতে—পাড়ি দিচ্ছে। হ্যাঁ, তাই যেন প্রিয়াকে অনেক দিনের জন্য দেখতে পাবে না!—ঠিক তা ভেবেই তৃষিত দেহমনের উৎফুল্লতায় নেচে-নেচে—বরনারী সন্ধ্যাকে আশ মিটিয়ে আবদারী-আদর কোরে তোলে—লাজে-লাজে নিলাজিতা। আর দোদুলা।—কিন্তু গৌতমের ভালো লাগলেও,—এমনটা এই ফর্সা আলোর মধ্যে পেতে সন্ধ্যার একান্ত যুবতী-মনখানার কাছে মোটেই সুন্দর লাগে না। সন্ধ্যা চায়—'আমার গৌতমের এ সব দুষ্টু-দুষ্টু আদরগুলো ঝরুক মুষলধারে সেই নিভৃতির 'সন্ধ্যা'য়। হ্যাঁ, সেই নিরালার নিঝুম-নিঝুম রাতের গহন আঁধারে যে প্রহরগুলো ফুটে-ফুটে ওঠে প্রমত্ত হ'য়ে—হ্যাঁ-হ্যাঁ, তাই ত' হ'ল আমার আদর করার, আর আমাকে নিলাজ করাবার প্রশস্ত সময়। ধ্যাৎ, গৌতম যে কি না! সময়-অসময়ের ধার মোটেই ধারে না। এমনি ওর ভালোবাসা জানাবার স্বভাবখানা। দ্যুৎ। কী যে না!'

আজও গৌতমের কাছ থেকে সাত-সকালে তেমনি প্রণয়ের ঝড়ে পথ হারিয়ে শিউরে-শিউরে কেঁপে উঠে—সন্ধ্যা তাই আবার ভাবলো। না চাইলেও এই অনির্বচনীয়তার আবেদনটি—গৌতমের করা অধরের আদরকণা ধরে-ধরে—স্ত্রী সন্ধ্যার দেহে—আবেশ ধরালো। ঠিকই। চোখ দু'খানা আমেজে তাই বন্ধ হ'য়ে যায় তখন প্রিয়ার। তবু মুখ ফুটে অস্ফুটে কথা বেরুবার মতো দুটি ঠোঁটে বিন্দুপরিমাণ ফাঁকটিকে পর্য্যন্ত—দুরন্ত স্বামীরই মুখের দস্যুময়তা আবরিত ক'রে রাখলেও—তারই মধ্যে দ্রুত একটা বিকর্ষণ সত্যি ফুটে ওঠে। সন্ধ্যার, চুমায়-চুমায় বিপর্য্যিত — ঠোঁট দু'খানায় জাগা সেই অশ্রুতপূর্ব কথায়।

আজও অন্য দিনের সকালের মতোই গৌতম বেশ কয়েকটি পলক ও-ভাবে আবেশেরই নিঝুম ঘরেতে নিলাজে কাটিয়ে ওঠার পর—দু'হাতের বাঁধনে সন্ধ্যার কাঁধ শক্ত ক'রে ধ'রে জানালো—

—"সন্ধ্যা। আমার মিষ্টি। এই ? এবার তুমি সন্ধ্যা, কেমন ?" কিন্তু সেই মুহূর্তে সন্ধ্যা নিজেকে স্বামীর কবোষ্ণ ছোঁয়ার মাদকতা থেকে জোর ক'রে ছাড়িয়ে নেবার চেষ্টা ক'রেই বলল—

—"না। না। বার বার বলি, সকালে আমায় আর এমন ভাবে দুলিয়ে দিও না। কিন্তু তুমি তা শোন না কিছুতেই। বল, সব সময়ে ভালো লাগে ? এই, অনেক হ'য়েছে। আর দেরি করে না। ও-দিকে তোমার নির্দিষ্ট ট্রেনখানাকে হয় ত ফেল ক'রে বসবে। না, না। কিছু হ'বে না। কিছুটি এখন পাবে না। আর আমি দেবোও

না তা আমার কাছ থেকে পেতে। সত্যি বলছি। হ্যাঁ পাবে। খুবই পাবে—তবে এখন আর নয়। আগামীকাল সকালের জন্য ডবল্ ভাবে জমা রেখে দিচ্ছি—আমারই কাছ থেকে পাওয়ার—পাল্টা আদরটিকে। —অবশ্য মস্ত শর্ত থাকছে। সত্য থাকলো এই, যে, আজ তাড়াতাড়ি অফিস ছুটির সঙ্গে সঙ্গেই—বাড়ী ফিরতে হবে। হ্যাঁ, কথা দাও—সত্যি-সত্যি ফিরবে বলে ? ফিরবে ঠিক-ঠিকই ? তাড়াতাড়ি ? কেমন ? শোন গৌতম, যদি না ফের তা হ'লে আজ রাতেতে, হ্যাঁ, —সত্যি বলছি। তা হ'লে আজ সত্যিই একটা কিছু...না, না। থাক। যখনকার যা তখনি দেখা যাবে 'খন। এই গৌতম, বলছি ত' আজ আর পাল্টা আদর না হয় নাই পেলে !"

বলতে বলতে থামলো সন্ধ্যা। ঝলমলালো আমেজ মুখর হাসিতে। স্বামীর কপোল বরাবর নিজের মুখের একটি ধার ছোঁয়ালো। আস্তে আস্তে বলল—"এই, তুমি বল যে, আমি কখনো কারুর সঙ্গে ঝগড়া ক'রতে পারি না, এই ত ? তা গৌতম, আজ তুমি যদি কথা না রাখতে পার, তাহ'লে তুমি দেখবে এই সন্ধ্যা কেমন ভীষণ ঝগড়াখানাই না ক'রে বসে ! হ্যাঁ, হ্যাঁ। সত্যি বলছি।"

"তুমি, মানে সন্ধ্যা তুমি ঝগড়া ক'রতে পারবে কী ? ওগো দুষ্টু মেয়ে, মনে হয় তুমি তা পারবে না।"

তাই বলে প্রিয়া সন্ধ্যাকে এই ফুটফুটে রোদ থেকে মধুর ভাবে ঝলকিত সকালটিতে—আরেকবার, মানে বাড়ী ছেড়ে বেরুবার আগে শেষ বারের মতো—নিজের হাতের ছড়ানো বাঁধনটি সঙ্কুচিত করার মধ্যে—গৌতম কাছে আটকালো। ঘনতর করালো। আর তখনি সন্ধ্যার কাকলীকথা ঝরে পড়লো মেয়েলি ভয়কাতরতায়—

—"এই গৌতম, ও কি কোরছো ! দ্যুৎ। লাগছে বড়। সত্যি ব্যথা দিচ্ছ। ছাড়ো। তা না হ'লে এখনি হয়ত আমি কেঁদে ফেলবো। সাতসকালে প্রিয়ার চোখে জল দেখে অফিসের পথে পা বাড়াতে কী তোমার ভালো লাগবে ? তবে ছেড়ে দেও এইবারটি। ঈষ্, কি যে না তুমি ! ছাড়ো, লক্ষ্মী ছেলে। লাগছে সত্যি। এ ত' দুষ্টুমিপনা নয় ! এ যে নিখুঁত দস্যিপনা ! বাব্বা। চোখের জল ঝরাবার কথা বলতে না বলতেই দেখছি লক্ষ্মী ছেলেটি হ'য়ে উঠেছো। গৌতম, শোন মাথার দিব্যি রইলো, আজ কিন্তু তোমার তাড়াতাড়ি ফিরে আসার কথা থাকছে মনে রেখো। এই, বুঝলে গো ?"

বলতে বলতে—সকালের এই আমেজ থেকে মধুরতায় নেচে উঠে সন্ধ্যা তার স্বামীর দস্যুবৃত্তিতে এই একটু আগে পর্য্যন্ত মেতে থাকা অধরের ওপরেতে—আপন অধর নিয়ে ঝুঁকে পড়ে বললো —কাটা কাটা কথায়—আর ঝলকানো গলায় সুরেলা ক'রে—

—"দুষ্টু ? বলি চোখ বোজো। আর, আর, এই গৌতম, একবার পেলেই খুশী হবে ত' ?"

চোখের সুন্দর দৃষ্টিখানা পাতার ফাঁকে ঢাকতে ঢাকতে বলল গৌতম—"ঈষ্। একেবারেই কি খুশী হবো! সন্ধ্যা, যদি না হই ?"

মেয়েলি ভয়কাতরতায় সাজা মুখের অভিব্যক্তি নাচিয়ে সন্ধ্যা জানালো—"এই ত' মুস্কিলে ফেললে দেখছি! তুমি ত' বয়েসে আমারই সমান। মাত্র সপ্তাহ খানেকের মতো বড়। —বলি অন্তত তুমি ত' আমাদেরই টুলটুলের মতো অবুঝ শিশু নও ? আর তুমি ত' হলে ওরই বাবা। দ্যুৎ। ও না হয় আমার কাছ থেকে অমন আদরখানা বারংবার চেয়ে-চেয়ে—ওরই ছোট মুখখানাকে আগাগোড়া ভরিয়ে নেওয়াতে পারে। কিন্তু ওর বাবা হ'য়ে তাই বলে কী ওরই মায়ের কাছটি থেকে—এত বেশী ক'রে এইসব আদর চাওয়া যায় ? ভারী দুষ্টু তুমি। টুলটুল এখন ও-সব বোঝে না তাই আর কি! ও যদি বড় হয়ে জানতে পারে, যে, তুমি তার মায়ের কাছ থেকে—ওরই শুধুমাত্র আবদার করার এক্তিয়ারগত আদরগুলো থেকে—দস্যুর মতো খালি লুট ক'রে-ক'রে কেড়েই নিচ্ছ—কি সময়ে, কি অসময়ে,—তা হ'লে দেখো ও তোমায় কেমন জব্দ করে। ঈষ্। টুলটুল এমন অবুঝ আর ছোটটি বরাবর থাকলেই বড় ভালো হয়, না ? থাক, থাক। আমি কিন্তু এখন একবারের বেশী আর দুবার আদর কোরতে পারবো না। তা আগেই জানাচ্ছি। রাজী না হ'লে আমার করার কিছুটি নেই।"

প্রিয়ার পিঠময় হাতের তাপভরা আদর মাখাতে মাখাতে গৌতম তখন হাসতে হাসতে রঙীন হ'য়ে বলল—

—"বেশ। রাজী আছি। তবে তোমার দেওয়া ঐ একবারটির মতো আদরখানাকে—তুমি লক্ষ্মীটি মুহূর্তেই থামিয়ে দিও না কিন্তু। হ্যাঁ, করাবে তা বিলম্বিত। ছন্দিত। ঠিক-ঠিক, তাই আর কি। দেখ সন্ধ্যা, ওদিকে আবার দেরি হ'য়ে যাবে যে! সন্ধ্যা, এই ?"

তৃষ্ণাভরা অধরেতে সকালের সোনা রঙ্ নাচিয়ে—আর চোখের কালো কালো মণিতে খুশী হতে চাওয়ার ছবি দুলিয়ে—নিজের জানানো দুষ্টু আবদারখানায়—স্বামী গৌতম সত্যি এক অসহায় যুবকেরই মতো যেন ভেঙ্গে পড়লো। —প্রিয়ারই বুকের সপেশল—আরাম দরিয়ায়।

প্রিয়া সন্ধ্যা এইবারটি মান-অভিমানের রেশ থেকে প্রভাতেরই আতপ্ত সোনা রঙ-রোদেতে ঈষৎ তাতিয়ে ওঠায়—শেষ পর্য্যন্ত আদর দিয়ে স্বামীর প্রতি—সারাদিনমান ধরে কাজ করার জন্য—উৎসাহ ভরাট দীপখানাকে চাইলো জ্বালিয়ে দিতে। সাজিয়ে দিতে। —তাই এবার হাতের বালা-চুড়িতে রিনী-থিনী আওয়াজ

কোরতে থাকা—দু'খানা হাতেরই প্রসারণেতে রাখা বিস্তৃতিটি সংক্ষিপ্ত করাতে-করাতে—প্রিয়ার প্রেমডোর করালো সঘন। কংক্রীট। যেন হৃদয় দিয়ে হৃদি।—স্ত্রী সন্ধ্যা তার সুন্দরী বুকের মাধবীরাগ ঘেরা আপীনতার যাদুময়তাতে—অতি মধুরভাবে পরশ ভরিয়ে—আরামঝরার সুখ লাগালো—স্বামী গৌতমেরই কবোষ্ণ বুকখানার অধিত্যকা প্রদশেতে। যুবকের বুকের সুখ নাচলো—খুশীয়ালিনী মধুরিকারই ছবি হ'য়ে ছন্দিত থাকা, সেই বক্ষসাজের দু'ধারার—বৃন্তে বৃন্তে মিতাক্ষর হ'তে না পারা—পাহাড়ী পথেরই মতো দু'ধারের উদ্ধত থাকা—পীনোতায়। সকালের সোনা রঙ্ রোদের তাপ-ম্লানিমা ঈষৎ ভাবে যেন তাতল—সৈকত ক'রে তুলেছে।—আটপৌরে ছাঁদে পরা সন্ধ্যার ভাঁজ-ভাঙ্গা রেশমী শাড়ীর আঁচলের ভেতর থেকে—ঢেউ খেলানো রূপবতী বুকখানার শৈল্পিক সুষমার ওপরে—সেই তাপ ঝরছে এখনো। হ্যাঁ, তারই উদ্ধত বঙ্কিমাতে। এ রূপ দেখিয়ে আর সাজিয়ে—প্রিয়া তার স্বামীর যুবকত্বকে শ্রীরাধার মতো সুভাষিত ক'রে বলতে চায়—

"মৃগমদ বলি ঝাঁপিয়া কাঁচলি রাখিব হিয়ার মাঝে ;
তোমার বরণ বসনে ঝাঁপিয়া রাখিব লোকের লাজে॥
কিম্বা কেশপাশে কুবলয়-দামে রাখিব যতন করি।
একলা হইয়া মুকুত করিয়া দেখিব নয়ান ভরি॥"

প্রিয়া তার যুবতী দেহময়তার কারাপ্রাচীরেতে—প্রিয়কে যেন আড়াল করাতে করাতে, আর মধুছন্দার হাসিতে দুরন্ত হ'য়ে ভাঙ্গতে ভাঙ্গতে—শেষ মুহূর্তে অধরের অনির্বচনীয় আদর ধারাটিকে লুটিয়ে দেওয়ালো—স্বামী গৌতমেরই তৃষায় নাচানাচি করা অধরেতে ছাপা—সাত-সকালের ঐ সোনা রঙ রোদ ঢেকে দিয়ে।

প্রিয়র করা এই বিশেষ ধারার আবদার মেটাবার জন্য—প্রিয়া যে লাজময় আদরটি ছড়িয়ে-ছিটিয়ে দেওয়ালো চোখে-মুখে—তারই অভিব্যক্তি খুব ছোট্ট ছোট্ট শব্দ হয়ে-হ'য়ে—বার কয়েকের জন্য ছোট-বড়-মাঝারি লয় ঝরে-ধরে—ফুটলো। ফুটতে ফুটতে প্রিয়ার অধর দিয়ে করা কারুকাজের সিক্ততায় ভিজতে-ভিজতে—সে শব্দ-মুখরতা ম্লান হ'তে-হ'তে মিলিয়ে গেল—গৌতমেরই অধর বরাবর। তারই মিষ্টি খুশীতে নেচে ওঠার—ছন্দে ছন্দে। যতিতে যতিতে।

হ্যাঁ—সকালের চনমনে সোনালী রোদ মাখতে মাখতে—ষ্টেশনের পথেতে পা বাড়াবার আগে রোজকার অভ্যাস মতো—প্রিয়ার অধরাধারের সুরভিতে বন্দিত স্বামী—স্বতঃস্ফূর্ত প্রাণময়তায় মশগুল থেকে বেরিয়ে পড়ে—অসম এক খুশীর মাতনে, নাচতে-নাচতে।

তারপর রোজই শেষটায় সন্ধ্যা যেমন ক'রে থাকে—তেমনিভাবে শাড়ীর আঁচল হাতে নেয়। —স্বামীর অধরের ওপরে ওরই দুষ্টুময়তার আহ্বানে সাড়া দিয়ে

জানানো—প্রিয়ার আপন দুষ্টুপনায় ঝরা চুমার সিক্ততার ছাপা, আলপনার রঙীন রেখাগুলোকে—আঁচলেরই প্রান্ত-ভাগ দিয়ে—মুছিয়ে দেয়।

আর, তারপর সন্ধ্যা আবার বলে ওঠে কল্‌কলানো স্বরলহরেতে—

—"শোন। শোন। দুষ্টু, বলি মনে রেখেছো আজকের ফেরার ব্যাপারে আমার জানানো ফরমানখানা ? না, না। দেরি ক'রলে চলবে না। রোজ কথা রাখ না তুমি ! আজ রাখতেই হবে। তা না হ'লে জান ত' গৌতম—"

বলতে বলতে কথা শেষ না ক'রে সন্ধ্যা তার মদিরাভরা চোখেতে এখনো আবছায় ফুটে থাকা—সেই গত সন্ধ্যায় করা কাজল-প্রসাধন ছাপিয়ে—হঠাৎই যেন ছলছলালো। —আর সন্ধ্যার দু'খানা ঠোঁটেতে রাঙানো লাল রঞ্জনীর সাজখানা গত রাতের প্রণয়-দুষ্টুমিতে ধুয়ে-মুছে যাওয়ায়—সেখানকার শুভ্র হাসিটা এখন কেঁপে-কেঁপে উঠলো।

কয়েক পলক মাত্র। তারপরেই নিজেকে সামলে নিয়ে প্রিয়া সন্ধ্যা মধুরিকার মতো বলে উঠলো, ছন্দিত গলায়—

—"না, না। ও কিছু না। শোন গৌতম। লক্ষ্মীটি, ফিরে এসো তাড়াতাড়ি। আচ্ছা, আমার বুঝি অত রাত পর্য্যন্ত একলা থাকতে ভয় করে না ? টুলটুল ত' সন্ধ্যা হ'তেই ঘুমিয়ে পড়ে। ভাবো ত' দেখি আর তখন থেকে আমার অবস্থাখানা কেমন নিঃসঙ্গ হ'য়ে পড়ে ? এই, আজ তাড়াতাড়ি ফেরা চাই-ই-চাই। ঠিক ত ?"

সুন্দর এক মনোলোভা হাসি ছড়িয়ে গৌতম জানালো—বাংলোর জাফরি দিয়ে ঘেরা সিঁড়ি থেকে হলদে পাথরে ছাওয়া—ঘুটিঙ বাঁধানো পথখানায়—নেমে দাঁড়াতে দাঁড়াতে—

—"ঈষ্‌! না এলে তোমার করা রাগ আর অভিমান দেখার মধ্যে কিন্তু বেশ মজা পাবো। এই, এই ? দেখ ত' আবার অভিমান ক'রে সন্ধ্যা তুমি ছোট্ট মেয়েটির মতো যে ঠোঁট ফোলাচ্ছ! বাব্‌বা। দুষ্টু মেয়ে, তুমি শুধু থেকো মিষ্টি। শুধু মধুরিকাটি। মাঝে মাঝে দুষ্টুকা হ'য়ো অবশ্য। —তাই ব'লে চোখের পাতায় ফোটাবে কেন ছলছলানো সজল ভাবখানা ? দ্যুৎ। শোন সন্ধ্যা, ঠিক ফিরবো সময় মত। ফিরতে খুবই চেষ্টা কোরবো। আর একটা কথা। সন্ধ্যা, শোনো ? এই, একটু কাছে এসো।"

বলতে বলতে সিঁড়ির শেষে—পর-পর দু'খানা ধাপে উপরে-নীচে ক'রে পা দুটির অবস্থান রেখে—গৌতম হাত বাড়ালো ওপরের দিকে। মধুর হাসির স্ফূর্ত গমক লাগালো স্ত্রীর প্রতি। দু' একটা ধাপ নেমে নীচেকার সিঁড়িতে—সন্ধ্যা সামনাসামনি প্রায় হ'য়ে দাঁড়ালো। দাঁড়িয়েই ছান্দস্‌ কাকলীতে বলল সন্ধ্যা—

—"ঈষ্‌। আজ কিন্তু অফিসে বেরোবার আগে যেন তোমায় পেয়ে বসেছে—দুষ্টুপনার দুরন্তময়তা। বাব্‌বা। আর সিঁড়ির ধাপ ভেঙ্গে হ'তে পারবো না তোমার

মুখোমুখি। ভয় হচ্ছে। এখনই বোধ হয় আবার দুষ্টুমির পাগলামিতে মেতে—আমায় ছোট্ট টুলটুলের মতোই বুকে টেনে নেবে। তারপর দারুণ ভাবে জড়িয়ে-জড়িয়ে ধরবে ত'? ঈষ্। আর কাছে আসছি না দুষ্টু। ওখান থেকেই বল না কি বলবে। গৌতম, এই তোমার যে সত্যি দেরি হ'য়ে যাচ্ছে?"

প্রিয়ার থেকে অল্প একটু ওপর-নীচের ব্যবধানে দাঁড়িয়ে থেকেই—গৌতম দু'হাতের আদরকে একটু ওপরের দিকে প্রসারিত ক'রে সন্ধ্যার রুচিস্নিগ্ধ মুখখানা ধরে নিয়ে বলল—"শোন। তাড়াতাড়ি ফিরবো। তবে আজ কিন্তু তোমায় সাজতে হবে আমারই ফরমায়েশী পোশাকে। লাল ব্লাউজে। লাল শাড়ীতে। লাল ওড়নায়। শুধু রেশমে। আর রেশম সাজেতে। লাল ভেল্‌ভেটের স্লিপার থাকবে অলক্তকলেপা পায়েতে। কপালের কেন্দ্রস্থ সিকির মতো সিঁদুরের বড় টিপ্‌টির দু'ধার দিয়ে কপোল অবধি নেমে আসবে—চন্দনের লবঙ্গ ছাপ। গলায়-হাতে-কবরীতে থাকবে জুঁই ফুলের হার। রজনীগন্ধার বালা। আর মালা। সাজবে তুমি ফুল সাজে। প্রতীক্ষা কোরবে। আমি আসবো তাড়াতাড়ি। এসে তোমারই জন্য তৈরী করাবো নিজেকে। তারপর তুমি নিজেকে তখন—নতুন থেকে নতুনতর ক'রে ক'রে—আমার কাছটিতে হবে সমর্পিতা। কেমন? শোন, শোন। মান-অভিমানও যদি পার ত' সে সব তুলবে ফুটিয়ে অমন ভালোবাসার নিভৃতিটি ধরে-ধরে। ঠিক, তাই? এই, এবার চলি। তা না হ'লে নির্ঘাত আজ ফেল কোরবো আমার ক'লকাতা পৌঁছানোর নির্ধারিত ট্রেনখানাকে। এই, হেসে ফেল ঝলমলিয়ে। সন্ধ্যা, গেট পেরিয়ে যেতে-যেতেও যে তোমারই মিষ্টি হাসির রিনী-ঝিনী সুরখানা বাজতে থাকে অনবরত আমারই মন্‌মহলের ছন্দে। দুষ্টু, আসি তা হ'লে।"

কথা শেষ কোরলো। প্রিয়ার আরক্তিম মুখখানাকে হাতের আদরে আর একটু ঘনভাবে আরাম ছোঁয়াচের উষ্ণতায় ভরালো। তারপরেই প্রিয়ার দিকে পেছন ফিরে হলদে কাঁকর বিছানো পথখানায় নেমে—চলতে লাগলো—জুতোর মচ্ মচ্ শব্দতে মাতিয়ে। বারেকের জন্য পেছনে মুখ ফিরিয়ে—স্ত্রী সন্ধ্যার প্রতি ছুড়ে দিল দুষ্টু হাসিরই—গমকমালা। প্রিয়াও তেমনি হাসির মাধুরীতে জানাতে লাগলো সানন্দ বিকাশ। চৌকাঠের গায়ে নিজের ছবির মতো শরীরখানাকে হেলিয়ে দিয়ে রেখেছে। আবেশের মাদকতায় যেন প্রিয়া আর দাঁড়িয়ে থাকতে পারছে না।—এমনি ভাবখানায় ফোটা মূর্তি নিয়ে দেখছে—চলতে চলতে তারই দিকে পেছন ফিরে-ফিরে তাকাতে থাকা—স্বামী গৌতমের সুন্দর মুখটিকে। প্রিয়র সহাস ঘেরা মুখের দুষ্টু ঝরনাটিকে। আর তাই দেখে নিজেও সেই হাসির সাথে সাথে তাল মিলিয়ে মিলিয়ে দেখে চলেছে। সন্ধ্যা মনে মনে বলছে—অস্ফুট ক'রে—"আমার গৌতম। আমার দুষ্টু ছেলে। আজ কিন্তু ফিরে এসো তাড়াতাড়ি। বিকেল গড়িয়ে ঠিক সন্ধ্যা হওয়ার মুখোমুখি। আচ্ছা,

সকালে যেমন সাত-তাড়াতাড়ি অফিসের জন্য বেরিয়ে পড়, বলি, ঠিক তেমনি কী ঘরে ফেরার জন্য ফিরতে পার না—দেরি না ক'রে ? আমি যে একলা থাকি তুমি যতক্ষণ না ফিরে আসছো ! সেটা ভুলে যাও কেন ? তুমি যাওয়ার পর সেই সকাল থেকে দুপুর পার করিয়ে বিকেল গড়ানোর পর—আস্তে আস্তে ফুটে উঠতে থাকা সন্ধ্যা পর্য্যন্ত—কোনো রকমে নিজেকে স্থির রাখি। —নানান কাজের তদারকি করার মধ্যে—মেয়ে টুলটুলকে কোলে-পিঠে রেখে-রেখেই। একলা ওকে রেখে কাজ ক'রতে মন চায় না। যতক্ষণ ঘুমায় ততক্ষণ শুইয়েই রাখি দোলনায়। যখন জেগে থাকে—তখন কোল ছাড়া করি না। ভয় কী জান ? ভয় এ জন্য, যে, তোমার অনুপস্থিতির মধ্যে মনে জেগে ওঠা একাকীত্বের নিঃসঙ্গতাকে কাটাবার জন্য—ছোট্ট টুলটুলকে বুকের মধ্যে লুকিয়ে রাখি। ওর হাত-পা নেড়ে, মুখেতে খৈ ফোটানোর অভ্যাসের সাথে—আমিও যোগ দেই।—ওকে আদর মাখাতে মাখাতে। রোদ পশ্চিমের দিগন্তে—মাটির শেষ সীমানা ছুঁয়ে হেলে না পড়া পর্য্যন্ত—মালি. চাকর, ঝি, দরোয়ান, তোমার শখের করা পোলট্রির ছোট-ছোট ঐ দুটি ছেলের সাথে কাজে আর কথায় সময়টা বেশ কেটে যায়। তারপর সন্ধ্যা ছাড়িয়ে রাত যখন গভীর হ'তে থাকে—তখনই আরম্ভ হয় আমার মধ্যে অস্বস্তিকর বিরক্তিখানা। আমাদের এই বাংলোখানায় অবশ্য পল্লীগাঁয়ের রাত—তার পাখায় বিস্তার করা কালো আঁধার দিয়ে ঘন ভাবে ঢাকতে পারে না ঠিকই। বাংলোর চারধারে অন্ধকার ঐ রাতের মাধুর্য্য ছড়িয়ে দিলেও—ভেতরের ওপর আর নীচের প্রতিটি ঘরেই জ্বলতে থাকে ঝকমকে বিদ্যুতের আলো। সন্ধ্যা হ'তে না হ'তেই দরোয়ান এসে সুইচ্ অন্ ক'রে দেয়—নতুন লাগানো—হোম জেনারেটরটির। ঘরে ঘরে আলো থাকে ঠিকই। তবু যেন কেমন-কেমন লাগে কৈ, ছুটির দিনে তুমি যখন কাছে থাকো তখন ত' আমি বেশ—স্বস্তিরই মধ্যে থাকি ! আর অন্য দিনগুলোতে—তোমার ফিরতে দেরি হওয়ারই সাথে মিল ধরে যেন আমি ডুবে যাই—বিরক্তিকর অস্বস্তির মধ্যে ! না, না। তুমি গৌতম আজ তাড়াতাড়ি ফিরে এসো। —কেন ভালো লাগে না তা আজ জানাবো। তোমারই ফরমায়েশী সাজখানায় ঝলমল কোরতে কোরতে—তোমারই হাতের আলিঙ্গনে প্রসারিত করা বাঁধনে ধরা দেবার জন্য—বুকের মধ্যে ঝাঁপিয়ে পড়বো। হ্যাঁ, তারপর পরম স্বস্তির সঙ্গে জানাবো, কেন আজকাল রাত গভীর হ'তে থাকলেই আমি কেমন যেন অস্বস্তিতে ঢাকা পড়ে যাই। আর তারপর রোজকার মতো সন্ধ্যা গাঢ় হ'তেই—ঘুমিয়ে পড়ায় টুলটুলকে এই সময়টায় কোল-ছাড়া ক'রে—ওরই ছোট্ট খাটখানায় শুইয়ে দেই। হ্যাঁ গৌতম, ঠিক তখন থেকেই আমার দেহে আর মনে অস্বস্তির সঙ্গে জুড়ে বসে—এক ধরনের ভয়। ভয় পেয়ে আমি তা সহজে কাটিয়ে ওঠাতে পারি না এই পল্লীর অতি নির্জন পরিবেশখানারই কতগুলো বিহ্বলতার মধ্যে থাকায়। তখন

জানালা দিয়ে বাইরে তাকালে পর—ভয় লাগে। ভয় পাই। বাংলোর পেছনে তখন ঘুটঘুট্টি অন্ধকার—কোন না জানা রহস্যময়তার জাল হয় ত' বুনে-বুনে চলেছে। অনেক দূরের ঐ গোয়ালের আটচালার ভেতরে—টিম্‌টিম্‌ ক'রে জ্বলতে থাকা হ্যারিকেন নিয়ে—মাঝে মাঝে মধু গোয়ালাকে দেখা যায়। আর কিছুটি নয়। আর বাংলোর সামনের জানালায় এসে বাইরের আঁধারের প্রতি আমার ভয় জড়ানো চোখের দৃষ্টি ছড়িয়ে দিয়ে দেখতে পাই—বেশ অনেকটা দূরে, যেখানে আমাদের বাগান বাড়ীর এই হলদে কাঁকড়ের পথ শেষ হয়েছে ফটক পর্য্যন্ত,—হ্যাঁ, ঠিক তারই বাঁ দিকে একজন নিঃসঙ্গ মানুষের পক্ষে শুধু হাত-পা ছড়িয়ে ওঠা-বসার মধ্যে সংসার পাতাবার মতো ঐ টালির ছোট্ট ঘরখানায়—বুড়ো দরোয়ান রামকিষেণকে দেখা যায় শুধু। —কেন না হ্যাজাকের প্রজ্জ্বলিত আলো একই সঙ্গে ওর ঘরখানা এবং ফটকের আশে-পাশে—মায় জেলা বোর্ডের সড়ক পর্য্যন্ত ছটাকখানা রাস্তা ক'রে রাখে—আলোকময়। তবু চারধারে ঘনভাবে সুবিস্তৃত আঁধার দেখে-দেখে মনে হয়—আলো যেন আঁধারের বুকেতে আছড়ে পড়ে—ভালোবেসে চলেছে। আর চোখে পড়ে—বুড়ো রামকিষেণকে। তার পাকা শনের মতো একরাশ চুলে ভরা মাথাখানা দোলাচ্ছে, আসন-পিড়িতে বসার মতো—বসে-বসে। —আর সামনেকার ছোট্ট বইদানিতে হেলিয়ে রাখা সেই তুলসীদাসী রামায়ণখানা—ওদেরই মৈথিলী ঢং-এর সুর ধরে-ধরে পড়তে দেখা যায়। অবশ্য এ মুহূর্তটি আমার দেখতে বড় ভালো লাগে। একটু স্বস্তি পাই। জান গৌতম, ও যেন মস্ত এক অনির্লিপ্ততা। এক মস্ত নির্বিকারচিত্ততা। দায় নেই বাঁধন নেই। কোন দাবী-দাওয়া পর্য্যন্ত নেই। দু'বেলা নিজের হাতেই যা হোক ডাল-ভাত কি দু'একটা ভাজাভুজি তৈরী ক'রে খাওয়ার মধ্যে—যেন থেকে যায় পরম খুশী! হ্যাঁ-হ্যাঁ, যখন ভয়-ভয় ভাব আমায় জড়িয়ে নিয়ে শুধু ভয় পাওয়াতে চায়—তখন আমি এই জানালাটিতে এসে দাঁড়াই। দাঁড়িয়ে সত্যি স্বস্তি পাই আর তোমার ফিরতে দেরি হওয়ার প্রতিটি মিনিট গুনতে গুনতে আমি অধীরভাবে দাঁড়াই কিছু সময়।—আবার কিছু সময় একটা বই নিয়ে মনোযোগী হবার জন্য পড়তে বসি—টুলটুলেরই ছোট্ট খাটখানার পাশটিতে। তবু কি জান গৌতম, এখনও তোমার একটা জিনিস জানানো হয় নি বলেই—তোমার ফিরতে দেরি হ'লেই—আমি ভয় পাই। ভয় পেয়ে সময়ে সময়ে—হয় ত' অযথাই আঁতকে উঠি। মাঝে মাঝে ঘুমিয়ে থাকা টুলটুলকে বিছানা থেকে তুলে বুকে জাপটে রেখে কেঁদেও ফেলেছি! না-না। তুমি তাড়াতাড়ি এসো। আজ নিশ্চয় বলবো,—কেন আমায় এ ধরনের ভয় কিছু দিন হ'লো আঁধার গভীর হ'তে না হ'তেই—জড়িয়ে ধরছে। আজ, হ্যাঁ, আজ সন্ধ্যার মধুক্ষরা মুহূর্তটিতে তুমি এসে আমায় পাবে আমারই যথার্থ রূপঝরনারই মধ্যে। কলোচ্ছলতায়। গৌতম, আমার আদর আমার মধুর।

তুমি এসো কিন্তু কথা মতো। প্রিয়ার দিব্যি রয়েছে তোমার আজ অন্তত দেরি না করার জন্য! জান গৌতম, তোমার এই দুষ্টু প্রিয়াটি তার স্বামীর যৌবনেতে সন্ধ্যার রঙীন মেঘ হ'য়ে সাঁতার কাটার জন্য—রোজই তৈরী রাখে নিজেকে।—হ্যাঁ গৌতম, তোমার এই আদরণীয়া স্ত্রী তোমারই দেহসায়রে অনুরাগ ভরিয়ে ডুব-সাঁতারে মিলে-মিশে যাওয়ারই জন্য—যাতে কোন কণামাত্র বাধা-বিপত্তির মুখোমুখি না হয়, —হ্যাঁ, ঠিক তারই শঙ্কায় চালিত হ'য়ে-হ'য়ে—আমি আমার বুকখানার যুবতী লজ্জাধারকে কোন আবরণের লজ্জাভারেতে আবরিত রাখি না। শ্বেতশুভ্র কঞ্চুলিকার মঞ্জুলিত ঊর্মিময়তায় পবিত্র চন্দনের বিলেখনে ফোটাই না কোন—মৃগমদ চিত্রপাঁতি। আর আমার গলা থেকে ঝুলিয়ে রাখা সোনার দ্যুতি-ঝলকিত করা কোন হারখানা পরি না, এ জন্য, যে, তা পরলে পর হয় ত' তোমারই বিশেষণে অভিনন্দিত—আমারই মনোলোভা বুকখানার যুবতী-অনিন্দ্যতায় রিমঝিম করা লজ্জাধারেতে—অস্বস্তির আবরণ দিয়ে থাকবে—ওরই মুক্তা বসানো লকেটের দোদুল ছোঁয়া লাগাতে-লাগাতে। কেন জান? গৌতম, তোমারই জন্য আমার এই অনয়া আরাধিতার মতো রূপ গ্রহণ করা। এ আঁধার ঘন হ'তে থাকার মুহূর্তে একাকিনী আমার কাছটি থেকে ত' তখন তুমি থেকে যাও যেন—ছোট-ছোট নদী বা কোন পাহাড়েরই দূরত্ব ধরা—ছাড়া-ছাড়িতে। তাই আমার মনের যুবতী শখ চায় প্রোষিতভর্তৃকা শ্রীরাধার মতো—

"চির চন্দন উরে হার না দেলা।
সো অব নদী-গিরি আঁতর ভেলা।
পিয়াক গরবে হাম কাহুক না গণলা।
সো পিয়া বিনা মোহে কে কি না কহলা।।"

হ্যাঁ, হ্যাঁ, তাই হ'লো আমার মতো এক আধুনিকারও দেহমনের—মিলিত আকুলতা। ছন্দিত বিলোলতা। তারপর বুঝলে গৌতম, আমার মনে কবি বিদ্যাপতি আশ্বাসের বাতিদানটি জ্বালিয়ে দেন এই নিরিখেতে, যে, তুমি যত দেরিই কর না, —তবু এখানে ফিরে আসবে ঠিকই। আমার বাড়ীর আঙ্গিনা ছেড়ে, —আমার বুকের প্রণয় ঝরনায় সাঁতার কাটতে না চেয়ে,—ওগো গৌতম, তুমি সাত সকাল থেকে অনেক রাত পর্য্যন্তই যে থেকে যাও—'আন' জায়গায়। —মানে তোমার ক'লকাতার কর্মস্থলে। তাই তোমারই অনুপস্থিতি বিলম্বিত হওয়ারই দরুণ মনে হয়—"আন অনুরাগে পিয়া আন দেশে গেলা।

পিয়া বিনে পাঁজর ঝাঁঝর ভেলা
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারী।
ধৈরজ ধরয় চিতে মিলব মুরারি।।"

হ্যাঁ। সত্যি বলছি। ওগো গৌতম, তুমি আজ তাড়াতাড়ি ফিরে এসো। তোমার কাছে ধরা দেবো আজ একেবারে নতুন সাজেতে। নতুন আস্বাদনে। স্বাধীনা রাধার মতো আজ সন্ধ্যায় প্রিয়ার দেহসাহরে পরাবো—লাল রেশমের আবরণ। আর নানান ফুলের অলঙ্কার। তুমি গৌতম আমার ঐ বাসকসজ্জাখানাকে শুধু ফুলের বিছানায়—তোমারই সুনন্দিত স্বামিত্বের প্রণয়কলায় করাবে—এলোমেলো। হ্যাঁ, করাবে বিপর্য্যস্ত। না, না। আর আমি কিছুটি ভাবছি না! বলবও না। কিন্তু তুমি এসো। হ্যাঁ, এসো। ঠিকই তাড়াতাড়ি।"

বাংলোর একতলার দরজায়—যেখানে হলদে কাঁকরের পথেতে নামার জন্য সিঁড়ির কয়েকটি ধাপ দু'ধারে ছড়িয়ে গেছে—তারই ওপরের কাঠের জাফরিতে তৈরী প্রায় ছোট্ট এক 'ওয়াচ্-ঘরে'র মতো দেখতে ছাউনির নীচে সন্ধ্যা দাঁড়িয়ে থেকে—গৌতমের পথ চলার দিকেতেই চোখ রেখে মনে-মনে ভাবলো—এতসব মধু কথার রাগ-আলাপন। হলদে কাঁকর ছাওয়াকে ছুঁয়ে থাকা সিঁড়ির শেষ ধাপে সন্ধ্যা নেমে এসে—কাঠের রেলিঙে ঠেসান দিয়ে দাঁড়িয়ে দেখছিল। একটা মোড় ঘুরে গৌতম যখন স্টেশনের পথখানা ধরলো—তখন সন্ধ্যা আর দেখতে পায় না। রোজই যতক্ষণ না গৌতম জেলা বোর্ডের এই মেঠো পথখানার বাঁক ঘুরে পিচের রাস্তা ধরছে—ততক্ষণ পর্য্যন্ত এক মুহূর্ত চোখের পলক পড়তে দেয় না সন্ধ্যা। তারপর প্রিয়ার মাথার ওপরের জাফরির ছাউনির ফোকরগুলো থেকে ঝরে পড়া সোনা রঙ্ রোদের চক্‌চক্ করা জাল বুনে তোলা আমেজ পেতে পেতে—চোখের প্রায় সজলিত দৃষ্টি ভেজা ভেজা হ'য়ে আসে—গৌতম স্টেশন রোডে ঢুকে আড়ালে চলে যাওয়ায়। আস্তে আস্তে সন্ধ্যা তখন ভেতরে আসে। ঘরকন্নায় নিজেকে তারপর থেকে মাতিয়ে রাখে।

অন্য দিনের মতো আজ দুপুরে জেগে-জেগে বই পড়া, বা ছবি আঁকা, বা সেলাইয়ের টুকিটাকি কাজ না ক'রে—ঘুমিয়ে পড়েছিল। বেশ অনেকক্ষণই ঘুমিয়েছিল। কী আশ্চর্য্য! পাশেই দোলনার দুলুনিতে ঘুমিয়ে থাকা টুলটুলও আজ অনেকক্ষণ পর্য্যন্ত ঘুমিয়েছে! ঘুম ভাঙ্গায় ওর হাত-পা ছুড়ে-ছুড়ে জানানো চীৎকারে—সন্ধ্যা উঠে পড়েছিল ঘুম থেকে। তারপর টুলটুলকে আদর ক'রে দুধ খাইয়ে, সাজিয়ে-গুছিয়ে—অনেকক্ষণ কোলে-কোলে রেখে ঘুরেছিল। ফিরেছিল আধুনিকা সন্ধ্যা মেয়েকে ছোট ছোট আদরে—কোরে তোলাচ্ছিল ব্যতিব্যস্ত। মেয়ের কানের কাছে মুখ নিয়ে গুনগুনিয়ে শোনালো ছড়া।—ঘুরতে-ঘুরতে চলতে-চলতে।—সেই 'আতাগাছে তোতাপাখী ডালিমগাছে মৌ' থেকে আধুনিক ছড়াকার—অন্নদাশঙ্কর রায় পর্য্যন্ত। সুকুমার রায়ের পর সন্ধ্যার সব চাইতে প্রিয় ছড়াকার হলেন—এই অন্নদাশঙ্কর। কেননা তাঁর রচনা করা ছড়ার মধ্যে আধুনিক সমাজের অনেক কথাই উঁকি-ঝুঁকি দেয় বলেই—সন্ধ্যা এত ভালোবাসে। ও মনে ক'রে—

শিশুরা এর মানে না বুঝেও ছড়ার মাধুর্য্য যেমন ক'রবে উপভোগ—হ্যাঁ, তেমনি বড়রাও মাধুর্য্য পেয়ে উপরি পাওনার মতো পাবে—অন্য এক কথা,—যা ছড়ার আকারে জানানো হ'য়েছে। তাই আজ সন্ধ্যা মেয়েকে বুকে চেপে—ওর ছোট্ট মুখখানায় ফোটা জ্যোৎস্নাময় হাসির ওপর-ওপর হাজারবার চুমা খেতে-খেতে—জানালো মৃদুল গলায়—অন্নদাশঙ্করেরই ছড়া। মেয়েকে দোলাতে দোলাতে—সুর ধরে ধরে গুণগুনালো মিষ্টি সন্ধ্যা—"ওঃ টুলটুল। ও দুষ্টু। আমার মা সোনা, জান কি—

'ব্যাঙ্ বললে, ব্যাঙাচ্চি, দাঁড়া তোদের ঠ্যাঙাচ্চি।
তা শুনে কয় ব্যাঙাচ্চি, আমরা কি, সার ভ্যাঙাচ্চি?

—ঈষ্, টুলটুল, তুমি বুঝলে না, না? তবে শোন আরেকখানা—

'আদুড় বাদুড় চালতা বাদুড় বাদুড় দেখ'সে
ট্রামগাড়ীতে ঝুলছে বাদুড় রাত্রিদিবসে
বাসগাড়ীতে ঝুলছে বাদুড় টিকিট না কেটে।
রেলগাড়ীতে ঝুলছে বাদুড় প্রাণটি পকেটে।'

—কী, কেমন মজা লাগছে শুনতে, না? বাঃ, বাঃ। আমার খুকুসোনা। আমার দুষ্টু সোনা। আমার টুলটুলরানী। এবার, এবার তা হ'লে প্যারাম্বুলেটারে শুয়ে থেকে—ঘুরে এসো কেমন?"

বলতে বলতে সন্ধ্যা তার শত আদরের ছোট্ট মেয়ের দেয়ালা হাসিতে ভরপূর মুখখানাকে—শতেক চুমায় ঢাকতে ঢাকতে—প্যারাম্বুলেটারের গদীর বিছানায় শুইয়ে রেখে—রঙীন চাদরখানা পায়ের দিক দিয়ে বুক পর্য্যন্ত টেনে দিল। আর ছোট্ট হাতখানায় কোন রকমে মুঠো করানো শিখিয়ে, ধরিয়ে দিল—একটা প্লাস্টিকের ঝুমঝুমি। তারপর বেশ কিছু সময়ের জন্য সন্ধ্যা পোলট্রির ছেলে দুটোর জিম্মায় ছেড়ে দিল টুলটুলকে। ওরা রোজকার মতো ওকে গাড়ী ঠেলে-ঠেলে সমস্ত বাগানের পথে ঘোরাবে। এই বেশ কিছু সময়টায়—সন্ধ্যা নিজেকে তৈরী করাতে পারে—সাজে-পোশাকে-হাবে-ভাবে। আগতপ্রায় বাসক-সন্ধ্যাটি, গৌতমের সঙ্গে রভসেতে কাটাবার জন্য।

বাংলোর দো'তলার পেছনে—দক্ষিণ খোলা চওড়া বারান্দা। ঐ বারান্দা ঘুরে যাওয়া যায় এক তলাকার প্রশস্ত ছাদে। তার পরেই শ'খানেকের মতো একরের সবজু জমীন। সবটাই ওদের। দক্ষিণের যে প্রান্ত ছুঁয়ে ওদের জমির সীমানা শেষ হয়েছে—ঠিক সেই সীমারেখা ধরে পাহারা দিচ্ছে—দেবদারু গাছের চলমান সারি। মাঝে মাঝে রয়েছে—পাইন আর নারিকেল। হাওয়া যখন দক্ষিণ থেকে তাদের উঁচু হয়ে থাকা মাথা ডিঙ্গিয়ে বাংলোর দিকে আসতে-আসতে, দমকা হ'য়ে পড়ে—তখন

পাইন ও নারিকেলের ঝালরের মতো পাতায়-পাতায় খেলে যায়—দোলনের ঢেউ। তা দাঁড়িয়ে থেকে সন্ধ্যার দেখতে খুবই ভালো লাগে নিঃসঙ্গ মুহূর্তগুলোতে,—যখন পাশে গৌতম থাকে না। আর টুলটুলও থাকে না। মনটা খালি ভ্রমর-গুঞ্জনে হতে চায় বিবাগী। হাতের চুড়িতে-বালাতে-শাঁখাতে জাগে—বেলোয়ারী বাজনা।—পলকে পলকে সন্ধ্যার যুবতীকা তখন নাচের রিদম্ ঘেরা অভিমানে দুলতে থাকে। আর মদালসা চোখের মদিরতা অজানতে কখন জানি পদ্মপাতায় জলের মত টলমল করা কয়েক ফোঁটা—মুক্তা-বিন্দুর অশ্রুতে ভরিয়ে তোলায়। তারপর কখন জানি সন্ধ্যারই অজানায়—বৃষ্টি শেষে নারিকেলের মসৃণ পাতার খাঁজ ধরে ধরে চুইয়ে যাওয়ারই মতো ক'রে—সেই জমাট বাঁধা কয়েকটি মুক্তাশ্রু আনন্দেরই সুখী গমকেতে—মুক্তি খোঁজে দু'ধারার—কপোল বেয়ে। সন্ধ্যার মদিরেক্ষণ যুবতীকা তখন—অনুরাগবতী সন্ধ্যার জন্য—নতুন সাজে-পোশাকে আবরিতা হওয়ার আগে—সেই বিকেলের গোধূলিতে হ'য়ে পড়ে কেমন যেন—বিশ্রস্ত। বাঁধনহারা। তাই সুযোগ বুঝে দখিনা হাওয়া তখন পাগলামিতে মেতে ওঠে। হাওয়া নিজের দমকা ঝাপটায়—বিবাগিনী হওয়া যৌবন-স্নাত ঐ পেশল মাধবীরাগে টইটম্বুর বুকখানার লাজ-নিটোলতাকে—বারে বারে চাইছে নিলাজে প্রকট করাতে। সত্যি সন্ধ্যা তেমন মুহূর্তে বুঝেও যেন ইচ্ছা করেই বুঝতে চায় না এ হেন অবস্থায় এটাই, যে—

"ঝরে যায় উড়ে যায় গো আমার বুকের আঁচলখানি
বাধা মানে না হায় গো তারে রাখতে নারি টানি!"

—ঠিক-ঠিক। তাই হয়ে ওঠে সন্ধ্যার মনের সঙ্গে—দেহেরই মিল ধরা এমন উদাসীনতাটি। সন্ধ্যা আজকেরও গোধূলি-লগ্নের মিষ্টি আলোতে—এই প্রশস্ত বারান্দার খোলামেলা পরিবেশের আমেজটি উপভোগ ক'রতে ক'রতে—আপন অঙ্গসজ্জার বর্ণময়ী প্রসাধনে মেতেছে। আবিষ্টা রেখেছে। বারান্দার সবুজ রঙ্ করা কাঠের জফরি বসানো ওপরের ঢেউ-ঢেউ খেলানো সীলিঙের নীচেতে—নিভৃতির প্রসাধন কক্ষটিকে সন্ধ্যা তৈরী করিয়েছে—তার আদরের গৌতমেরই পরিকল্পনায়। শোবার ঘর থেকে বেরিয়েই—এই বারান্দাটি। বারান্দা আর ঘরের একখানা দেওয়াল ঘেঁষেই এই সাজ করার ঘরটি—আর সাজ করার ফাঁকে-ফাঁকে—নিলাজ হওয়ার মতো আব্রু দেওয়া পরিবেশটিকে ঠিক-ঠিকই সন্ধ্যা বজায় রেখেছে।—এই, এইখানটারই খোলামেলা প্রাকৃতিক শোভা—ও মাধুরীর মধ্যে। বাঁশের সরু সরু কঞ্চি চেঁচে-ছুঁলে—রঙীন সুতোয় বেঁধে-বেঁধে বোনা জাপানী কারিগরদের সেই নয়ন-সুখকর 'ব্যাম্বো ম্যাট্রেস্' ছাদের শান্ ছুঁইয়ে, প্রায় ছ'ফুট পর্যন্ত ঝুলিয়েছে ওপরের কাঠের সীলিং থেকে। শুধু পুব আর পশ্চিম দিকটায়। উত্তরে রয়েছে ঘরের দেওয়াল। আর দরজা।

শুধু খোলা রেখেছে দক্ষিণটা পুরোপুরি। কেননা, এখানে থেকে ছাদটা বারান্দার অল্প একটু উঁচু চত্বরেতে ঘেরা কাঠের রেলিঙ্ ছুঁয়ে —সামনে এগিয়ে গেছে প্রায় ষাট কী সত্তর ফুট পর্য্যন্ত। ছাদের শেষে তিন ফুট চওড়া পাঁচিল। কাঠেরই তবে জাফরির কাজ ফোটানো নয়। তারপর থেকে সেই শ'খানেক একরের ফুল ও সবজির বাগান বহু দূর পর্য্যন্ত এগিয়ে গেছে। তারপরেই ত' কাঁটা তারের ঘনভাবে বেড়া দেওয়া লোহার খুঁটিগুলোর এ-পারে—ওরই সমান্তরালে সারি বেঁধে ঘুরে গেছে—দেবদারু-পাইন-নারিকেল গাছগুলো। —যেন পাহারায়—মোতায়েন থাকে। তাই সন্ধ্যা ভাবে, আর মাঝে মাঝে গৌতমকে শুধায় কথার উত্তরে—"দ্যুৎ। লজ্জা কেন পাবো। এমন সুরক্ষিত দুর্গের মতো বাগান-বাংলোর প্রাকৃতিক ছবিতে মুখর থাকা—এই পেছনকার পুরোপুরি খোলা দক্ষিণায়ণের পথেতে, বল, কার সাধ্য আছে যে, গোধূলির মায়াঞ্জনে রাজকন্যা হ'তে চাওয়া—আমারই আচমকায় লাজ-হারা করানো—দেহখানাকে দেখে ফেলতে পারে ? —লুকিয়ে-চুরিয়ে ? না, তা কেউ পারে না। হ্যাঁ, পারে শুধু একজন। হ্যাঁ, এমন বিশেষ একজন ! যার আমাকে সলাজের চাইতে বরং বেশী মাত্রায়—নিলাজ আর নিরাবরণ সৌন্দর্য্যে দেখে-দেখেও—আশ কিছুতেই যেন মিটতে চায় না ! জান গৌতম, সে কে ? ঈষ্ জান না, না ? তুমি কী তাকে চেন ?"

—সে কথায় দুষ্টু-দুষ্টু হাসিতে ঝলমলিয়ে থেকে কিছুটি না বোঝার মতো ক'রেই বলতো গৌতম—"বাঃ মেয়ে। আমি কী ক'রে তাকে চিনবো বল ? আমি যে নিজেকেই চিনি না যে ! এই, এই ? না, না। আর না। একবারটি শুধু !"—তাই বলতো গৌতম। আর তখনি কিন্তু আরেকবারটি সাঙ্গ কোরে নিত—স্ত্রীর প্রতি স্বামী-দুষ্টু-মানেরই—নিলাজক কৃতি ! তখন হয় ত' ঐ কথাকে পরস্পরের প্রতি চালাচালি করার ফাঁকে—মনে হয় স্ত্রী সন্ধ্যার প্রসাধনে ব্যস্ত থাকারই দরুন খেয়াল থাকতো না মোটেই, যে,—ওর যৌবনের বঙ্কিমায় মঞ্জুষা হ'য়ে ঝকঝক ক'রতে থাকা ভরাট—সুষমাঙ্কিত বুকের লাজরেখার উদ্ধতা—সত্যি কবিতার ছন্দ-সিমফনি নিয়ে—আবরণ-মুক্ত বোতামে ব্লাউজের আড়ালে দেওয়া কারাগার থেকে হ'য়ে পড়েছে—মুক্ত লাজ। তাই সে সময়ে মুহূর্তেকের সুন্দর দুরন্ততায় মেতে—স্বামী গৌতমের দুষ্টুমিতে আনচানানো অধরায়ন—সুন্দরতায় ভরিয়ে দিত—প্রিয়ার ঐ হঠাৎ হ'য়ে পড়া মুক্ত-লাজ বরাবর—নিলাজিত প্রণয়-সমীক্ষাটি ! কিন্তু এর পরেই আর কী,—স্ত্রী সন্ধ্যার মনে আবরিত হতো বিষম সংকট। সন্ধ্যা তখনি সুখ পেয়ে আর খুশীয়ালিনী হ'তে হ'তে —কেঁদে ফেলতো অঝোর ধারায়। কী আশ্চর্য্য সন্ধ্যা যুবতী মনেতে অনুসন্ধান করার পর তা বুঝেছে, যে, —স্বামী গৌতমের কাছ থেকে কারণে-অকারণে সময়ে-অসময়ে এমন সব প্রণয়-দুর্দমতারই ঝড়ের কাছে—ঝরে

পড়তে সত্যি ভালো লাগে ! তবু, —হ্যাঁ তবু, এত'র পরেও কেন জাগে—এ হেন কান্না ? সত্যি স্বামীর যুবকত্বে মুখর এই মঞ্জুলিত দুষ্টু আবদারটি সাঙ্গ করাবার জন্য—গৌতমও তার প্রিয়া স্ত্রীকে সুন্দরের অর্চনাতেই এ ভাবে দেহী-লাজরেখার প্রতি—জানায় আদর ! করায় অধরায়ন ! তবু কেন সুখ পেতে-পেতে আর রভসিতা হ'তে-হ'তে—সন্ধ্যা চোখের বাদুলে ধারায় ভেসে যায়—ঠিক-ঠিক এক ক্রন্দসী মধুছন্দারই মতন ? —তাই প্রিয়াকে সজলিত চোখেতে আরও মুক্তোর দানার মতো আকার ছাপিয়ে—ছোট ছোট অশ্রুকণায় অভিমানিনী হ'তে দেখা মাত্র গৌতম জানতে চাইতো—"এই ? এ কী ? এতে কান্নার কী আছে ? সন্ধ্যা, ভালো লাগে না বুঝি ? না কী মোটেই পছন্দের নয় ? তুমি সত্যি সন্ধ্যা যে কিনা আমার পক্ষে তা বোঝা মুস্কিল। আমারই হঠাৎ আচমকা ক'রে ফেলা—এমন সব আদর করার পরই দেখি—তুমি কেঁদে ফেল ! কী যে না তুমি ! সন্ধ্যা, এই দুষ্টু ?"

প্রিয়র কথা থামতেই—স্ত্রী সন্ধ্যা বলতো গৌতমের কাঁধের ওপরে কান্নায় আরো মধুর হওয়া মুখখানা আড়াল কারার পর—"না, না। তুমি ভুল বুঝছো কেন ? আমার ভালো লাগে। তবে কী জান, এই দুর্দম দুষ্টুপনায় চালিত হ'য়ে তোমার করা আদরেরই দুরন্তপনার মধ্যে—আগে থেকে নিজেকে তৈরী না রেখে—হঠাৎই সঁপে দেওয়ার মুহূর্তগুলোতে আমার যুবতী-স্বভাবটি ভারসাম্য রাখতে না পারারই দরুণ—আমি অসম সুখের আবেশে মুগ্ধ হ'তে হ'তে—তারই প্রকাশখানা দেখিয়ে ফেলি—কান্নায় ভেঙ্গে পড়ে। আর কিছু নয়, গৌতম ! সত্যি বলছি। আদর জানাবার জন্য, বা আবদার মেটাবার জন্য তুমি যত সহজে মুহূর্তেই তোমার বুকের আশ্রয়ে বন্দী করাতে পার—বুঝলে গৌতম, আমি ত' মেয়ে—কাজেই অত সাততাড়াতাড়ি নিজেকে মদিরে-বিলোলে—দুষ্টুমতী করাতে পারি না আর কি।"

কথা শেষ কোরেই—বরনারী সন্ধ্যা মুখোমুখি চাহনিতে ভেজা-ভেজা ভাবখানা ছড়িয়ে দিয়ে—মধুস্নিগ্ধারই মতো ঝরাতো—হাসির রঙীন শুচিতা। আর কি আশ্চর্য, তারই মধ্যে কিনা স্বাভাবিক ছন্দর যতি ফুটিয়ে—সন্ধ্যার দু'চোখের কোণা দিয়ে তখনও পড়তো টপ্ টপ্ ক'রে—মুক্তোর ঝকঝকে দানা।

সে সব অতি দাম্পত্যিকে বোঝাবুঝির খেলায় মাতামাতি করার দুর্দমতা ভুলে—দুরন্ত যৌবন নিয়ে সত্যি শান্ত হ'য়ে উঠতো—এই গৌতম। স্ত্রীর ছবির মতো চোখের স্নিগ্ধতায় অশ্রুকণা টলমলাতে দেখলে পর—গৌতমেরও চোখের টানা মণি ছাপিয়ে—জল জমতো। চিকচিক কোরত। সন্ধ্যা এই কান্নায় বেশীদুর পর্য্যন্ত অকারণেই এগুলে পর—গৌতমও মাঝে-মাঝে কেঁদে ফেলেছে। ওরই মধ্যে একদিন গৌতম বেশ সুন্দর কথা বলেছিল—সেদিন সজলিত হওয়া নিজের দু'চোখের কালো-কালো কুটিমে এক রুচিস্নিগ্ধ যুবকের আর্তি সাজিয়ে। —আর একটু আগে নিজেরই

অতর্কিত ভাবে জানানো আদরের দুরন্তপনাতে এলোমেলো মুখ-রুচিরায় কান্নার গমক ধরা প্রিয়া সন্ধ্যার স্নিগ্ধ হ'য়ে থাকা—দু'খানা কাজল আঁকা চোখের পাতার কিনারায়—টলমলানো আনন্দাশ্রু রুমাল দিয়ে মুছিয়ে দিতে-দিতে বলেছিল—"ছিঃ, সন্ধ্যা! আর কাঁদে না। দেখেছো ত' যত বড় দুরন্ত স্বভাব নিয়েই না কেন আমি তোমায় আদরে-আবদারে ব্যতিব্যস্ত কোরে তোলাই,—সেই আমিও সত্যি তোমার অকারণের মস্ত এই মেয়েলি রীতিকায় কাঁদতে দেখলে পর—আমিও নিজেকে ঠিক রাখতে পারি না মুহূর্তের জন্য। আমিও কান্নার সামিল হ'য়ে উঠি।" তাই বলে সেদিনের কান্নায় আর কান্না-দোদুল মুহূর্তে—স্বাভাবিক ছন্দ-যতি মিলেতে ফিরতে ফিরতে—সন্ধ্যার মুখখানা দু'হাতের দৃঢ় করা অঞ্জলিতে তুলে নিয়ে—কয়েকটি আলতো চুমায় রাঙাবার পর বলেছিল গৌতম হাসি মুকুলিত মুখে—"আচ্ছা সন্ধ্যা, তুমি অস্কার ওয়াইল্ডের লেখা পড়েছো? ভালো কথা, বলতে পার ইংরেজী সাহিত্যে ওঁর বৈশিষ্ট্যটি কী?"

—"হ্যাঁ। পারি বলতে। মোস্ট স্টাইলিস্ট লেখক। ইংরেজী কাব্য-সাহিত্যে নতুন-নতুন শব্দ তৈরী, আর শব্দের আহরণ ও যথাযথ যোজনার ব্যাপারে—উইলিয়ম সেক্সপীয়ার ও জন কীটস্—যেমন মহাকবি ছাড়াও ভাষার কারিকুরিতে মস্ত যাদুকর ছিলেন,—হ্যাঁ বুঝলে গৌতম, তেমনি আধুনিক লেখার মধ্যে চাকচিক্যে ভরা শুধু নতুন-নতুন বহু শব্দ, আর তারই মধুরেতে করা বিন্যাসের রূপকার হিসাবে—অস্কার ওয়াইল্ডও বিখ্যাত হ'য়ে আছেন—ভাষার যাদুকর নামেতে। কী, তাই না? শুধু কি তাই? ওয়াইল্ড একাধারে মধুর বাক্যবিন্যাসে ও ততোধিক সুন্দর শব্দের সমারোহে—খুবই সহজ ও সরল ভাবদ্যোতনা রেখে গেছেন। সত্যি বলতে গেলে কথার যাদুকর অস্কার ওয়াইল্ডের গল্পে বা উপন্যাসে বা প্রবন্ধে—মায় সাহিত্য-সমালোচনা সম্পর্কিত তাঁর সেই বিখ্যাত গ্রন্থ—"The Intentions",—হ্যাঁ, যার মধ্যে তিনি 'criticism as an art'-এর ভাষ্যকার হ'য়ে দেখা দিয়েছিলেন, —বলি গৌতম, সেসব রচনার যে অসাধারণ শিল্পনৈপুণ্য ও শব্দ-চয়নের অনির্বচনীয়তা রেখে গেছেন—তার হদিস কী আর কোন প্রখ্যাতনামা লেখকের মধ্যে পেয়েছি? না, পাওয়া যায়? স্কুলের জীবনে ক্লাস টেনে উঠে পড়েছিলাম সিলেকশনের অন্তর্ভূত 'The Selfish Giant.'—পড়তে-পড়তে, বা শিক্ষকের পড়া শুনতে-শুনতে আমি ত' একদিন ক্লাসসুদ্ধ মেয়েদের মধ্যে বসে বসে থেকে—হঠাৎই কেঁদে উঠেছিলাম—গল্পের শেষ পরিণতিটি দেখে। আজও মনে পড়লে মন আমার ব্যাথাতুল হ'য়ে ওঠে। মনে হয়, যে, মানুষের মধ্যে যখন মঙ্গলময় ভগবান সত্যিই ক্ষণিকের জন্য হ'লেও উদিত হন,—হ্যাঁ তখন তাঁর পক্ষেই এ ধরনের একখানা 'Song Celestial.'-রূপী গল্পের আকারে তা রচনা করা—সম্ভব হয়। পরে কলেজে উঠে যৌবনের প্রথম

সোপানেতে দাঁড়িয়ে পড়েছিলাম—ওয়াইল্ডের বহু বিতর্কিত ও সব দেশেতেই আলোচিত—সেই 'দি পোট্রেট অফ্ ডোরিয়ান গ্রে', বুঝলে গৌতম। সে আবার আরেক জগতের সন্ধান পেলাম। হ্যাঁ, ঐ উপন্যাসেরই মধ্যে আলোকপাত করা জটিল প্রণয়াদি সম্পর্কে। যাক্ সে কথা। এই বল, কেন ওয়াইল্ডের কথা জিজ্ঞাসা ক'রলে ?"—বলে দু'হাতের বাঁধন এক হাতে রেখে—সন্ধ্যা অপর হাতখানা তুলে আঁচলের প্রান্ত দিয়ে স্বামী গৌতমের চোখের কালো রঙ্ ছাপিয়ে থাকা—জলের টলমলে রেশ মুছিয়ে দিয়েছিল। আর হেসেছিল তখনি দুষ্টু মধুরিকার মতো।

গৌতম প্রিয়ার ঘন এলোচুলে ভরা মাথার সুগন্ধি আঁধারে অধরের ছোঁয়াকে ধরে রাখার মতো ক'রে বলেছিল—"জান, এই ওয়াইল্ড তোমাদের মতো মধুরিকা স্ত্রী-সুজনাদের সম্পর্কে রেখে গেছেন এক মস্ত প্রশস্তি ? আর সে কথাটিকে আজ তোমারই মধুরে-সুন্দর ঐ যুবতী স্বভাবেতে থাকা মুঠো-মুঠো অনির্বচনীয়তার আভাতে ঝলকিত হ'য়ে—না ভেবে পারলাম না। তুমি কত মধুর। কত অনিন্দ্যা। —তাই ওয়াইল্ডের প্রশস্তির ভেতর দিয়ে—তোমারই মহত্বকে বোঝাতে চেয়ে বলবো যে,—"There is nothing in the world like the devotion of a married woman.'—কি দুষ্টু তাই না ? বলি, আমাদের ছেলেদের সম্পর্কেও বোধ হয় এত বড় প্রশস্তি নেই ! এ ছাড়াও আর আর যা আছে—তার সবই তোমাদের বিবাহিতাদের গুণগাথায় ভরাট। জান ত' সন্ধ্যা—দার্শনিক সোপেনহর—যিনি পৃথিবী জুড়ে এক সময় পয়লা নম্বরের নারী-বিদ্বেষী হিসাবে পরিচিত ছিলেন—হ্যাঁ, সেই তেমন তিনিও পর্য্যন্ত একটি জায়গায় হার স্বীকার করেছেন—তোমাদেরই অসাধারণ এমন কিছুর ব্যাপারে। তোমাদের, মানে মেয়েদের যৌবনবাসরটি মিথুনলীলায় তাদের প্রিয়তমদের থেকে ধার করা অণু পরিমাণ এক শোণিতকণায়—নতুন প্রাণ সৃজনের জন্য অঙ্কুরিতা হ'য়ে—যে অসম ধৈর্য্য ও সহনশীলতা থেকে সৃষ্টির সম্পূর্ণ রূপখানা ফোটায়—হ্যাঁ, তারই পরম বিস্ময়ের টানাপোড়েনে ধাঁধিয়ে যাওয়া সোপেনহর করেছেন—তারই গুণগানটিকে। সন্ধ্যা, এই ধর না কেন,—তুমি যেমনটা ক'রেছো আমারই টুলটুলের 'মা' হ'য়ে। ঈষ্ ! রাঙা হচ্ছো যে এই কথায় ! দ্যুৎ। শোন, সন্ধ্যা। ধ্যাৎ, কী যে মেয়ে না তুমি ! ওঃ কিছু বলবে বুঝি ?"

স্বামীর কাঁধেতে মুখ ন্যস্ত রেখে শুধু বলেছিল তখন—"এই বলত' ওয়াইল্ডের বৌ যিনি ছিলেন—তিনি কী খুব সুন্দরী আর বিদুষী রমণী ? স্বামীকে কী খুবই ভালবাসতেন ? ওগো, বল না।"

তখনি গৌতম বলেছিল—"হ্যাঁ। শ্রীমতী ওয়াইল্ড মানে—কনস্টান্স মেরী লয়েড়—দেহী-রূপে ছিলেন—পরমাসুন্দরী। আর সেই সঙ্গে—গুণবতী। এ পায়াস লেডি। বেশ কয়েক বছরের ভালোবাসাবাসির পর—তিনি শেষে অস্কারের পরিণীতা

হন—তাঁরই সমবয়েসিনী সাথী এই কনস্টান্সের সাথে। বিয়ের পরই—পর-পর দু'বছরের মধ্যেই স্ত্রী কনস্টান্স দুটি সন্তানের মা হন। প্রথম সিরিল ও দ্বিতীয় ভিভিয়ান। তাতে নিজেকে তিনি যেমন গর্বিতা মনে ক'রতেন, তেমনি মন-প্রাণ দিয়ে গরিমা ভরিয়ে ভালোবাসতেন অস্কারকে। তিনি ছিলেন যুবতী রত্না। বুঝলে সন্ধ্যা, তারই জন্য—লেখক লুইস ব্রড্ ওঁদের জীবনী লিখতে গিয়ে ওয়াইল্ড-প্রিয়া কনস্টান্স সম্পর্কে বলেছেন, "A thoroughly womanly woman is the summing up of her character." আশা করি সন্ধ্যা, এ থেকে তোমার সব জানা হ'লো।"

মাস দু'তিন আগের এ সব কথা মনে পড়ায়—আজ সন্ধ্যা এমন মধুর গোধূলিতে ঘেরা ম্লান আলোর ঠাণ্ডাঠাণ্ডা আমেজে—একটু অন্যমনস্কা হয়ে পড়েছিল। আকাশের সীমাহীন নীল রঙ্ ছাপিয়ে মেঘের খেলা তখন চলেছে—রঙ্ ধূসরিমায়। হংস বলাকা আর চাতক পাখীরা তখন ঘুরছে কোথাও কোথাও দল বেঁধে। —চক্রাকারে। ঘুরতে-ঘুরতে নীচের দিকে নামছে। আবার পরমুহূর্তেই উঠে যাচ্ছে ওপরেতে-—ডিগবাজী খেয়ে। দক্ষিণ পথেতে বাগান শেষ হওয়ার সীমানাসূচক রেখা ধরে-ধরে—চারটি ধার ঘেরাও রাখার মতোই পাইন-দেবদারু নারিকেলের সারির—উঁচু-উঁচু মাথা ছুঁয়ে—আকাশের মেঘমালা—বড় ঝড় নামাবার ঈশারাখানা যেন জানাচ্ছে। নারিকেলের আর পাইনের ঝালর দেওয়া পাতার জাফরি মতন রূপখানা হাওয়ায়-হাওয়ায় দুলতে থাকায়—সন্ধ্যার চোখের দৃষ্টি আকর্ষিত রেখেছে। —কেন না সবুজ সবুজ শরীরেতে ছোট্ট লাল ঠোঁটখানায় সুন্দর দেখতে—অনেকগুলো টিয়াপাখী তখন ঘুরছিল আর ফিরছিল—এক গাছ থেকে উড়ে-উড়ে আর বসে-বসে—অন্য গাছটিতে। সবুজ পাতায় ঢেকে যাওয়া টিয়াদের সবুজ শরীরে—অপরূপ মিল ধরে, বারে বারে হারিয়ে যাচ্ছিল—সন্ধ্যার চোখের স্থির রাখা দৃষ্টিপথ থেকে। এ এক আশ্চর্য্য খেলায় পেয়ে বসেছে তাকে। কোন্ টিয়াটি এক জায়গা থেকে উঠে গিয়ে কোথায় আবার বসলো সবুজ পাতারই মধ্যে গা ঢাকা দিয়ে—তাই খুঁজে বার ক'রতে চারধারে তন্ন তন্ন ক'রে সন্ধ্যা খোঁজ ক'রছে। খুঁজে দেখার মাদকতায় নেচে গেছে ওর মন। —কিন্তু বেশ কিছু সময় ধরেই যে ছাদের দক্ষিণ খোলা এই নির্জন প্রসাধন কক্ষের মধ্যে—গদি দেওয়া ছোট মোড়াখানায় বসে আছে—তা বোধ হয় সন্ধ্যা ভুলতেই বসেছিল প্রায় আটপৌরে ঢঙে পরা তাঁতের শাড়ীর রঙ-বেরঙ্ কাজে বোনা চওড়া আঁচলখানা—এতক্ষণ আলতোভাবে বাম কাঁধের আশ্রয়ে ছিল। ওর এক প্রান্তে বাঁধা ছিল ঘর-গৃহস্থালির জন্য চাবির একটা-থোকা। সন্ধ্যা একটি লুকিয়ে পড়া টিয়াকে দেখবার জন্য বাঁয়ে একটু হেলতেই—আঁচলখানা বারান্দার টালির মেঝেতে পড়ে গিয়ে—সেই চাবির থোকায় ঝনৎকার করা শব্দেতে মুখরিত করালো।

দখিনা বাতাস অবশ্য অনেক আগে থেকেই ছিল—আলতো হয়ে থাকা আঁচলখানাকে স্থানান্তরিত করাতে। এখন চাবির ভারে আঁচল কাঁধ ছেড়ে বুকের রূপঝরনার লাজরেখা আড়ালে না রেখে—নীচের দিকে পড়তে থাকায়—হাওয়ার ঢল তাকে ঝনঝনানির মধ্যেই ছড়িয়ে দেওয়ালো। লাজে লাল বুকের পাহারায় মোতায়েন থাকা আঁচলখানা ওড়াতে ওড়াতে। সন্ধ্যার খেয়াল হ'লো। সঙ্গে সঙ্গে ঘুরলো পেছনের দেওয়ালে ঠেস্ দিয়ে রাখা হাল ফ্যাসানোর ড্রেসিঙ্ টেবিলের ফ্রেমে বাঁধা আয়নার দিকে। আয়নাতে যে দেহীরূপ নিলাজ সুষমায় ঝলমলালো—সন্ধ্যারই অন্যমনস্কতার সুযোগ পেয়ে—তা নিলাজ হ'তে পারে! কিন্তু তাই-ই হ'লো—আসল লাজ-যুবতীকা। সন্ধ্যার বিবাগী মনের ঘেরাটোপ সরিয়ে ওরই অজানায় কখন এক সময় আর কি আঁচলের কারাগারে বন্দী থাকা—যৌবন-সবুজতায় প্রগাঢ় দুই ছান্দসী রিদম—রেশম ব্লাউজের বাঁধনটি খুলে যাওয়াতেই,—আর হাওয়ারই দক্ষিণায়নী ঝাপটার দুরন্তপনায় সামলে না রাখায়—ঐ ব্লাউজের উন্মুক্ততাকে আরো প্রসারিত করিয়েছে। —দু'ধারের রেশমী প্রান্ত তাতে পাশ বরাবর স্থানান্তরিত হ'য়ে দুলতে থাকছে। আর কাঁচলি ছাড়া বুকের সৌন্দর্যসায়র ধরে ত্বক-যৌবনায়নী মাধুর্য্যধারার দুই ঝরনা—রিমঝিম ঝিলিমিলিতে স্বতঃস্ফূর্ততা পেয়ে—আয়নার স্বচ্ছতায় যেন হ'য়ে পড়েছে—আটক। আলিঙ্গিত। পীনোদ্ধ। সন্ধ্যা আজ এই গোধূলি রাঙা মুহূর্তে,—আর আকাশের নীল নির্জনতা ছাপিয়ে ঝরতে থাকা মেঘ-ধূসরিমায়, —আর দক্ষিণ থেকে শন্‌শনানো হাওয়ার দাপাদাপির মধ্যে—সত্যি এক ধরনের অতি মেয়েলি লাজে—লাল হ'তে হ'তে গুনগুনালো—“ছি ছি লাজে মরি হায়, /তরুণ এ তনু আর গোপন কি রাখা যায়?/সে এসে দেখার আগে বসনেলো ঢাকি কায়; /দেহ সে যে নাহি চায়।”—সন্ধ্যা তাই ভাবলো—“হ্যাঁ, এ যে তরুণীর লাজ! এ যে বিবাহিতা যুবতীর লাজ!—কিন্তু, সত্যি একটা কিন্তু আছে এই লাজময়তার শূন্যতায়।” স্ত্রী সন্ধ্যা টেবিলের থেকে চিরুণী হাতে নিয়ে মাথার কালো মেঘের মতো ঘন রাশি রাশি অলক প্রসাধন করার জন্য—ডান হাতখানা কেশে ছুঁইয়ে, আর বাঁ হাতেতে তার গোড়া ধরার চেষ্টা ক'রতে ক'রতে ভাবলো মস্ত এক দুষ্টুকার মতো—“দ্যুৎ। সব সময় কী আর লজ্জার ধার ধারলে চলে? মাঝে-মাঝে লজ্জার মাধুরী ঝরা ভারখানাকে—মুঠো মুঠো নিলাজেরই শাণিত ধারখানার মধ্যে দিয়ে কাটাতে—যে কোন মিষ্টি যুবতীর ভালো লাগে খুব। —দুষ্ট মনেরই দুরন্ত অভিলাষে! হ্যাঁ, এই সন্ধ্যারও তা ভালো লাগে। খুব। তা কী হয়েছে? আমার এই রূপ দেখুক না এই খোলা পরিবেশখানা এর গোধূলি লগ্নখানা। তারই মেঘমেদুর আকাশের ঐ ছায়া-ছায়া ধূসরিমাখানা। হ্যাঁ-হ্যাঁ, দেখুক বাগানের শেষ ধারেতে প্রহরীর মতো এক-এক পায়ে মাথা উঁচু ক'রে দাঁড়িয়ে থাকার—ঐ দেবদারু-পাইন-নারিকেলেরা। ঐ

টিয়া পাখীরাও সবুজ ডানা মেলে আকাশে উড়ুক। ঘুরুক এলোপাতাড়িতে। —আর ওদের সেই 'bird'seye view' ফেলুক—আমারই বুকখানার এই প্রভাসখানায়। হ্যাঁ, ওরা সবাই দেখুক আর চিনুক। ভাবুক। —হ্যাঁ, ভাবুক এটাই, যে, আমার বুকের এই রূপঝরনা ওদের পরশ করবার আর পরখ করার নাগালের বাইরেকার জিনিস! না পরশ পাওয়ায়, না ধরতে পারায়, না অনুভব করায়—প্রকৃতির ওরা সব এমন নিলাজ আকর্ষণ দেখে-দেখে হিংসা ক'রতে শিখুক, বা জানুক—এই পৃথিবীরই একজন বিশিষ্টতমকে। এই বিশিষ্টতম হ'লো সন্ধ্যারই স্বামী সুজনক। —হ্যাঁ, বরনারী সন্ধ্যা প্রিয়া-স্ত্রী হিসাবে জানে অন্তরঙ্গতায় আর একান্ত চাহিদায়, যে, —তার বুকের সৌন্দর্যভারের ঝকঝকানিতে—রিমঝিম করা মাধুর্য্যধারের আপীনতাকে, একমাত্র আবদার থেকে পরশ ক'রতে আর শুধু দুষ্টুমি থেকে আদরের দস্যিপনায়—এরই বৃন্তে বৃন্তে লাজ-পেশলতাকে শুধু নিলাজতায় স্নাত করাবার জন্য মধুরিক দেহ-মনের অধিকারক হ'লো—ওরই শত আদরের, আর শতেক আহ্লাদের মধ্যে রাখা হ্লাদিত স্বামী—ঐ গৌতম। —হ্যাঁ, সারা পৃথিবীর মধ্যে আর অন্য কোন রূপবান বনাম গুণবান যুবক—যতই সুজনক বা মধুরিকও হোক না কেন ভালোবাসা নিয়ে, —তবু বধূ সন্ধ্যার কাছে থেকে পাওয়া এই অনির্বচনীয়তাকে দেখার জন্য, জানবার জন্য, বা পরশ ক'রে আবদার ধরে আদর করাবার অধিকারেতে স্বামী গৌতমই হ'লো—যৌবনের প্রথম ও শেষ ধৃতি। ও—তারই কৃতি।" সে কথা মনে হওয়াতে আজ সন্ধ্যার ইচ্ছা জাগলো—নিজের অজানায় উন্মুক্ত হ'য়ে ওঠা বুকের রূপঝরনা ধ'রে-ধ'রে, আর আয়নার প্রতিফলন দেখে-দেখে—রঙ্ আর সূক্ষ্ম তুলির টানে-টানে এঁকে তুলবে—মৃগমদ চিত্রপাঁতি। আঁকবে শুভ্র ফুলের ছবি। খুব ছোট ক'রে ক'রে। জুঁই-চাঁপা-রজনীগন্ধা-শাদা গোলাপ—এদেরই পাপড়ি ফোটানো পুরোপুরি ছবি। —গোল আকারে। ধরে-ধরে। পর-পর। —হ্যাঁ, তারপর আঁকা শেষ ক'রে—সন্ধ্যা আজ সাজ-পোশাক পালটানোর সময়—বুকের রূপঝরনায় ফোটানো মৃগমদ চিত্রপাঁতিকে নিখুঁত রাখার জন্য পরবে না কোন—আঁট-সাঁট বাঁধনের ব্লাউজটি! কেন না শ্বেতশুভ্র ছোট্ট কাঁচলির আঁট ঘটনা মৃগমদ বিলেখনকে মুছে দিতে পারে। —কঠিনতর পীনোতায় বন্দিত রেখে মুছে দেবে। সন্ধ্যা তাই আজ সাঁঝের রূপপ্রসাধনে কাঁচলি ছাড়াই শুধু ধূপছায়া রঙের জরিদার রেশমী ব্লাউজখানায়—কৌশলে আড়াল দেওয়াবে আলতো ভাবে। তা হ'লে শ্বেত আর রক্ত রঙ্ চন্দনেতে বৃত্তাকারে আঁকা ফুলের ছবি—থাকবে নিখুঁত। আবরণের বাঁধনে যাবে না আর—মুছে। আর কুঁচিয়ে পরা লাল টকটকে মুর্শিদাবাদী শাড়ীখানা পরার পর—তার আঁচলটি সামনে দিয়ে ঘুরিয়ে নিয়ে—পেছনে টেনে ফেলার আগেতে—বুক বরাবর রাখবে আলতো প্যাঁচে। টান-টান করালে অসুবিধা আছে। কেন না লাজ-বুকের পাহারাদার আঁচলেতে টানের

সৃষ্টি থাকলে পর—উপরের তৈরী টানে-টানে ব্লাউজের রেশম—নিশ্চয়ই ভেতরের ঐ মৃগমদ বিলেখনে ফুটে থাকা ছবিকে—মুছে নিশ্চিহ্ন করাতে পারে। আর টুলটুলকে সে জন্য কোলে নেবে খুব সাবধানে। এ ত' রোজের ব্যাপার নয়—শুধু আজ সন্ধ্যাটির জন্য। না-না। —আর দেরি করা যায় না। কেশ প্রসাধনটি পরিপাটি ক'রে আগেই, গা ধুয়ে নেওয়া ভালো। তারপর লাল মুর্শিদাবাদী রেশমখানা কুঁচিয়ে পরে, —আর ঐ আলমারী থেকে বার করা ধূপছায়া-রঙ্ জরিদার ব্লাউজখানায় বুকের দু'ধারে ঝলমল করা সুষম-শিল্পকে—মোতায়েনী পাহারার লাজ আবরণ দিয়ে—পুনরায় ফিরে, এইখানটাতেই বসে-বসে মনের আমেজ নিঙাড়িয়ে আঁকা যাবে—মৃগমদ বিলেখন। ততক্ষণে আঁধার ঘনালে, জেনারেটরের ত্বরিত গতি নিশ্চয় তড়িৎপ্রবাহে ছুটে এসে—জ্বালিয়ে দেবে মাথার ওপরকার বেলোয়ারী কাঁচের নক্সা তোলা—বাতির ঝাড়টি। হ্যাঁ, হ্যাঁ, সেই ভালো।" —এতসব ভাবনার মধ্যেই পরিপাটি ক'রে অজন্তা ছাঁদের মস্ত খোঁপাখানা বাঁধা হ'য়ে গেল সুন্দরী সন্ধ্যার সন্ধ্যা- ভাবে—"সত্যি এ-দেশীয় মেয়েদের খোঁপাবাঁধার নানান রীতির বহুল রকম চমৎকারিত্ব দেখে-দেখে বুঝি, যে,—এটা মস্ত এক আর্ট। যা আমাদেরই একচেটিয়া।" সন্ধ্যা না ভেবে পারে না তাই, —"হ্যাঁ, এই ত' কিছু আগে রাশি-রাশি এলো চুল যে ছড়িয়ে-ছিটিয়ে ছিল ঘাড়ে-পিঠে-বুকে—সত্যি এখন যেন আলাদিনের আশ্চর্য্য প্রদীপের মতো উধাও হয়েছে—সব এলোত্ব সমেতই। —এই অজন্তা প্যাটার্ণের কবরী রচনার মধ্যে। সত্যি ও-দেশের ওরা যেসব সিঙল্, বব্, হর্স-টেল, পনি-টেল্ বা পিগ্-টেল্ করে অলক-বিন্যাসে—তা কী আগাগোড়া বৈচিত্র্য ছাড়িয়ে—শুধু একঘেয়েমিতাকে প্রতিপন্ন করায় না? —থাক্ ও কথা। আমাদের কবরী-রচনা করার আর্টেতে আছে—যাদু। —তা না হ'লে সময়ে-সময়ে কবরী রচনার পারিপাট্য হেতু—অনেক দেখতে ভালো নয় তেমন মেয়ের আকৃতিখানা সুন্দর বলে মনে হতো না! তাই আকৃতিবিজ্ঞান, মানে 'Science of Physiognomy' আমাদের নানান রীতির কবরী-রচনার মধ্যে নিহিত—এইসব মস্ত বৈশিষ্ট্য ও সুযোগাদিকে স্বীকার ক'রে।" —তাই ভাবতে-ভাবতে মুখের, আর চোখেতে নাচানাচি করা মাধবীরাগের মতো ঝলস্ আয়নার কাঁচেতে ঠিকরে পড়তে দেখে—খিলখিলানো শিশুময়তার ঝলমলানিতে স্ফূর্ত হাসি নিয়ে সন্ধ্যার পোশাকে এলো সারা শরীরে—বুলালো হিল্লোল রেখা। বুকের আপীন জৌলুসকে মুক্ত রাখা ব্লাউজের দু'পাশ বরাবর সরে থাকা প্রান্ত—টেনে বোতাম-বন্ধ না ক'রতে চেয়ে—টালির মেঝেতে লুটিয়ে বিশ্রাম ক'রে চলা আঁচলখানা তুলে—পিঠের পেছনেতে ঘুরিয়ে দিল। কিন্তু দখিনা হাওয়া তা ঠিক রাখতে দিতে রাজী নয়। এলো ক'রে, আর উড়িয়ে—আবার সামনে দিয়েই নীচে গড়িয়ে ফেলাতে

চাইছে। তাই আঁচলের একটা অংশ মুখে চেপে রেখে—ওপরে তোলা দু'হাতের চাপে-চাপে শেষ বারের মতো—রচনা করা কবরীর অবস্থানটিকে খুবই নিখুঁত রাখার জন্য—আনমনা ভাবেই রবীন্দ্র-সুভাষণে গুনগুনালো সন্ধ্যা—লাজে লাল রঙ্ ধরতে ধরতে—

"সজ্জা খুলিতে লজ্জায় মরি অঞ্চল-তল দংশিয়া ধরি
নির্জ্জনে একা বক্ষ আবরি' আপন কক্ষ-মাঝে।"

—"দ্যুৎ। আজ হঠাৎ আমি এ সব কী ভাবছি? এত নিলাজিতা হ'য়ে পড়েছি? বাব্বা। আর নয়। আজ এমনভাবে চললে সাজ-পোশাক পালটাতে অযথা দেরি করাবো।" —সন্ধ্যা মনে-মনে তাই অস্ফুটে বলে নিয়ে শোবার ঘরে ঢুকলো। আর দেরি না ক'রে তোয়ালে হাতে ঐ ঘরেরই সংলগ্ন স্নানঘরে চলে এলো। ওর যুবতীমন উপছিয়ে তখন মৃদুল আওয়াজে—ছোট ছোট গানের কাকলী-কথা উঠছে—গুনগুনিয়ে। ঝলমলিয়ে। আনচানিয়ে।

তারপর কিছু সময়ের বিরতি দিয়ে সন্ধ্যা শোবার ঘরের দরজা খুলে ঐ বারান্দার ড্রেসিং টেবিলটির সামনে—ঘুরিয়ে-ফিরিয়ে আয়নায় নিজেকে দেখতে লাগলো। লাল মুর্শিদাবাদী রেশমের কুঁচিয়ে পরার পরিপাটি ভাবখানা—এই মুহূর্তে সন্ধ্যাকে আরো মোহনীয়া, আরো লোভনীয়া ক'রে তুলেছে। বুকের মাধবীরাগে ঝলসানো শিল্প সম্ভারের যৌবন-উদ্ধতাতে—ধূপছায়া রঙের জরিদার ব্লাউজখানা খুবই ম্যাচ করেছে। এ মানানোটা অবশ্য একটু বেশী টাইট ফিটিংসে কেটে তৈরী করার জন্য—এক ধরনেরই মাদকতা নিয়ে আঁট আকারকে ফুটিয়েছে। হ্যাঁ, কথা মতোই সন্ধ্যা তার এই লোভনীয় সজ্জায়—নিলাজ দুষ্টুপনা ভরিয়ে দিয়েছে। শ্বেতশুভ্র কাঁচলের কঠিন বাঁধনমাখায় আবরণ না দিয়ে তা ধূপছাপা রঙ্ জামার দু'খানা প্রান্তকে—অর্গলমুক্ত রেখেছে। তবে লাল শাড়ীর রেশমী আঁচলে আবরিতা থাকায় মনে হওয়ার জো নেই, যে, ধূপছায়া-রঙ্ জামা এখনো আছে বোতাম-ু কেন না, খুবই আঁটসাঁট গঠনে তৈরী করারই দরুন—ব্লাউজের দুটি খোলা প্রান্ত অবশ্য পাশ বরাবর মোটেই সরে যেতে পারেনি—ওরই আকারগত সংক্ষিপ্ততার ফলে। তাই সন্ধ্যার সুষমে ছন্দিত বুকেতে লজ্জার দোলন ফোটানো দুটি ঝরনাধারার ভারসাম্য—নিটোলতার আপীন প্রকাশ ধরে থাকায় ধূপছায়া রঙ্—লাল আঁচলের নীচেতে বেশী ঝলস ছড়াচ্ছে। আর ঐ পীন ঔদ্ধত্যের ধারে ও ভারে আপন সংক্ষিপ্ততার দরুণ—তা আকারে-আকারে আছে স্থানগত। এ যে অর্গলমুক্ত!—তাই পাহারায় মোতায়েন থেকেও রয়েছে ঢিলেঢালা। এ কথা সন্ধ্যা নিজে জানে। কিন্তু তা দেখেও অন্যে কেউ সত্যি জানতে পারবে না, যে,—এর সংক্ষিপ্ততায় ঘেরা আঁট অবস্থানটি ত' পুরোপুরি

ভাবে—শুধু লাজরেখার ধার ঘেঁষে জুড়ে আছে। তা না হ'লে বাঁধনহারার দুষ্টুমিতে—মুহূর্তে জৌলুসখানা আছড়ে পড়তো—রেশম শাড়ীরই টকটকে লাল রঙ্‌টিকে পর্য্যন্ত—অস্বীকার করার মতোই।

মায়াবিনী মদিরেক্ষণার সজ্জায় ঝলমলানো—বধূ সন্ধ্যা কাকলী ভরা কথায়—বারান্দার স্নিগ্ধ পরিবেশের নির্জনতা ভাঙ্গতে-ভাঙ্গতে বলল—"না-না। এই সময়টাতেই সেরে রাখি সব। হ্যাঁ, গৌতম ঠিকই তাড়াতাড়ি ফিরে আসবে বলে আজ কথা দিয়েছে। তবু যদি দেরি ক'রে ফেরে ? তবে ? তখন ? না, আজ বিশ্বাস রেখেছি—ওর ফিরে আসার জন্য দেওয়া কথাতেই। হ্যাঁ, যদি ফিরেই আসে তাড়াতাড়ি, তা হ'লে এর পরে আমার বুকের লজ্জাধারে অভিলাষিত সেই মৃগমদ বিলেখন ফোটাবার আর সময় কী পাবো ? মনে হচ্ছে, আমায় অকারণেতে কাঁদিয়ে তোলার দুষ্টুমিতে দুরন্ত—ঐ গৌতম যেন আজ আর দেরি ক'রবে না ! হ্যাঁ, আজ যদি দেরি ক'রেও আমার দুষ্টু মিতা ফেরে,—তা ব'লে আর অভিমান নিয়ে অনুযোগ জানাবো না। কাঁদবো না। আজ আমারই অবুঝ থাকা মধুরকে নিবেদনে জানাবো একখানা কথা,—যা এই কিছুদিন ধরে বলি-বলি ক'রেও—জানাতে পারলাম না। এটা জানানো দরকার। আজ সকালে কথা দিয়েছি—এটা জানাবো এই নিরিখেতে যদি আমার গৌতম তাড়াতাড়ি ফেরে। না-না, গৌতম আজ ফিরতে দেরি ক'রলেও—আমি যে ক'রেই হোক্ আজ জানাবো !"

সন্ধ্যা গুনগুনানা স্বর-লহরে নাচানো—প্রিয়া মনের কথা-কাকলী থামিয়ে ঝুপ ক'রে ব'সে পড়লো গদি আঁটা মোড়াতে।—আয়নার সামনে মুখোমুখি হ'য়ে। বিকেলের গোধূলির আলো ততক্ষণ ছন্দ মিলিয়ে দিয়েছে—মিটি-মিটি আঁধারেতে মিষ্টি সন্ধ্যারই উঁকিঝুঁকি দেওয়ার মধ্যে। এরই মধ্যে এক সময় জ্বলে উঠেছে মাথার ওপরের বেলোয়ারী বাতিদান। খোলা দখিনা পথে মাতাল হাওয়া ঘন হ'তে থাকা সন্ধ্যার অনুরাগনির্ঝরকে আপন ঝাপটায় ছড়িয়ে-ছিটিয়ে দিচ্ছে ওদিক পানে পেছন দিয়ে বসা—সন্ধ্যারই আমেজভরা—বর-অঙ্গে। ঠাণ্ডা-ঠাণ্ডা একটা শিহর আছে এই দখিনা বাতাস। সন্ধ্যার তা বেশ ভালো লাগছে। হাওয়ার সেই শিহরে-শিহরে মাদকতা নিয়ে সন্ধ্যা ব্যস্ত হ'লো তারই বুকের লাজ-রেখার যৌবনতায় ঝলস্ ঝরাতে থাকা—দুধে আলতায় মিল ধরা ত্বক-মসৃণতায় সূক্ষ্ম-তুলির টানে-টানে—শ্বেত আর রক্ত চন্দনেতে—বিলেখন-চিত্রপাঁতি আঁকার জন্য।—আর তাই মোলায়েম রেশমী শাড়ীর লাল আঁচলখানা—বুক-পিঠ থেকে তুলে দিয়ে যত্ন ক'রে জড়ো হ'য়ে আনচানালো ব্লাউজের ধূপছায়া রঙ্ ভাসছে—আয়নার স্বচ্ছতায়। তারই বাঁধনহারা ফাঁকটুকুন দিয়ে দুধে-আলতায় মেলানো গোরোচনা ত্বক-ঝলস্ হাসছে—দুষ্টুমির প্রকাশ ধরে-ধরে। আঁট গঠনায় তৈরি ঐ জামার ফিটিংস্ খুব বেশী কঠিনভাবে জড়িয়েছে—ওখানকার

যৌবন-পেশলতায়ই।—যার দরুণ বরনারী সন্ধ্যার এখনকার মধুরা অনুরাগে রাঙা আবেশটি পরিবেশের নির্জনতায়—নিলাজ হ'তে চেয়েছে। ঐ রূপঝরনা দুটির আপীন ঔদ্ধত্যকে বোতাম-মুক্ত জামারই অতি সংক্ষিপ্ততাটি—দু'ধারের পাশ অবধি একটুও সরে না গিয়ে—দুটি প্রান্তরেখা ওরই ভেতরের লাজরেখাকে আকারে-আকারে—পাহারার সীমিত আড়াল দিয়ে রেখেছে। তারই জন্য—আবেগ আর আবেশের উত্থান-পতন—সেই নিটোলতায় জাগিয়েছে কবিতার ছান্দস্ গতি! রিদ্‌মিক মিটার!—'সফ্‌ট ফল্ য়্যাণ্ড সোয়েল'।—হ্যাঁ, তাই। ঠিক-ঠিক। কি ভেবে সন্ধ্যা বলল—"আরে, আমি তা হ'লে এ মুহূর্তে বড় বেশী লাজ হীনা হয়ে পড়ছি না? তা বেশ ক'রেছি। গৌতম, হ্যাঁ, গৌতমকে খুশীয়ালে আজ চমকিত করাবো। বুকের মৃগমদ বিলেখন দেখাবার জন্যে আমি নিজে থেকে আবদার ধরবো,—যাতে ও যেন নিজের দুষ্টু হাতেই আমার বুকের ব্লাউজের বাঁধন সরিয়ে—তা দেখতে দেখতে—যৌবন-নাচা যুবকত্বকে ধাঁধাতে পারে! না, আর দেরি নয়। এইবারটি শেষ করা যাক্ এমনি এক দুষ্টু আর দুরন্ত হওয়া—একান্ত মেয়েলিপনা।"—তাই ভেবে সোনার কাঁকন আর চুড়ির ঝনক-ঝনক রিনী-থিনীর আওয়াজ সুদ্ধ বাঁ হাতটি একটু ওপরে তুলে—লাজ-পাহারারই আবরণের—ধূপছায়া-রঙ্ ধরে এক ধারের প্রান্ত, অল্প পাশে সরিয়ে—ডান হাতের তুলিকাটি ঘষে নিতে লাগলো চন্দনদানি থেকে। একটু শুধু অন্যমনস্কা হয়ে পড়েছিল। প্রায় এমন পরিবেশটির কথা সন্ধ্যা ভুলতে বসেছিল। কিন্তু—

"—আরে, তুমি কখন এলে? অথচ একটুও জানতে পারলাম না! এখানে যে এসে চৌকাঠটিতে হেলান দিয়ে দাঁড়িয়ে পড়েছো,—কৈ তাঁরও বিন্দুমাত্র আভাষ পেলাম না! দ্যুৎ। গৌতম, কী যে না তুমি।"—বলতে বলতে মোড়া ছেড়ে উঠে পড়লো দ্রুত। হাত থেকে তুলিকা পড়ে গেল টালির মেঝেতে। কোলে রাখা লাল ঝলস্ ছড়ানো আঁচলখানাও মেঝেতে পড়ে গিয়ে—ছত্রাকারে ছড়িয়েছে। আর আপনা থেকে ছন্দ-চিরন্তনীর প্রভাব সন্ধ্যার মধুরেতে-মধুর মদালসা দৃষ্টির কাজল-ঘেরা-চাহনি—যন্ত্রচালিতের মতো নীচেতে লুটিয়ে পড়া লাজ-প্রতীক—ঐ লাল আঁচলেরই লাল দ্যুতির মধ্যে নেমে গিয়ে যেন—আটকালো। কাঁপা-কাঁপা লাল অধরাধার দিয়ে কাটা-কাটা ভাবে—সন্ধ্যা লাজময়তা জানালো—"ঈষ্। ঈষ্। কী যে না তুমি? ভারী দুষ্টু। দ্যুৎ। এমনভাবে মাঝে-মাঝে তুমি না..." কথা আর শেষ করালো না সন্ধ্যা। একটা নিখুঁত লজ্জারই স্থির ভাররূপতা হ'য়ে—নিশ্চলে আর কাঁপনে—চুপ হয়েই পড়লো প্রিয়া।—শুধু নিলাজ দেহী-সজ্জায়। লাল লজ্জায়। আর ছন্দ-চিরন্তনীতে।

—"এই? এই মেয়ে, বলি অত 'ঈষ্' আর 'দ্যুৎ' আর 'কী যে না' —বার-বার জানাচ্ছ কেন? ওগো দুষ্টুকা, বলি অপরাধ কী আমার? এত তাড়াতাড়ি আজ

ঠিকই কথা মতো এসে পড়েছি বলে ? আমি কী তোমার কাছে অচেনা ? না, না। যে ভাবেতে বিলোলিতা হ'য়ে দাঁড়িয়ে পড়েছো, হ্যাঁ, একটু থাকো না ও ভাবেই। হ্যাঁ, ঠিক হওয়ার আর চেষ্টা ক'রো না গো কিছু সময়ের জন্য। না, না।—সন্ধ্যা, থাকো তুমি এমনি বেঠিক ছন্দে আর যতিতে—এলো। আমি, হ্যাঁ, তোমার আদরের গৌতম—দুষ্টুমি ভুলে অতি লক্ষ্মীটির মতো এমন মুহূর্তটিতে—বেঠিকে এলোমেলো তোমায় জানাতে চাই—মহাকবি জন কীটসের কথাতেই—'No—yet still stedfast, still unchangeable,/Pillowed opon my fair love's ripening breast,/To feel ever its soft fall and swell,/Awake forever in a sweet unrest,...." হ্যাঁ সন্ধ্যা, আমারও এখনকার মনের সুভাষণখানাও হ'লো তাই। এই দুষ্টু ? তুমি স্ট্যাচুর মতো দাঁড়িয়েই থাকো। নড়বে না। সরবে না। আমিই কাছে আসছি। আমার দুষ্টুকা।"—বলতে-বলতে হাসির মধুর স্ফূর্ততায়—খুশীয়াল ভাবেতে প্রিয়ার প্রায় নিলাজে কুসুমিত বুকখানাকে ছুঁয়ে দাঁড়াবার মতোই—গৌতম এক লহমায় কাছে এলো। দু'হাত সুবিস্তারিত করালো।—বুকের বাঁধনে প্রিয়াকে বন্দিনী করাতে। এক কি দুটি পলক কাটলো। তার পরেই ঝড়ের বেগে ঝাঁপিয়ে পড়লো বধুরত্না সন্ধ্যা—তারই আদর করার ও দেওয়ার—গৌতমেরই পরম নিশ্চিত ও নির্ভয়ে ঘেরা—আলিঙ্গনেতে। পরম খুশীর আবেশময়তাতে।

তারপর ?—হ্যাঁ, তারপর ঝড়—সন্ধ্যার এই সমর্পিত ভঙ্গিমায়—তুফান হ'তে চেষ্টা কোরল। প্রাকৃতিক সন্ধ্যার অনুরাগ আগে থেকেই ভেতরে-ভেতরে কিন্তু—তার যুবতীকা ভরিয়ে—ছন্দ অভিমানখানা ফুটিয়ে রেখেছিল। এখন সুযোগ পেয়ে তা হঠাৎ নির্ঝরে ঝরা—বাদল হ'লো।

কিন্তু সব মান-অভিমান, আর লাজ-নিলাজের কথা ভুলে—এই মুহূর্তে সন্ধ্যা অভিমানের কান্নায় বাদলার রূপ ঝরিয়ে—আষ্টেপৃষ্ঠে গৌতমকে বুকের মধ্যে ঘন করালো।—নিজেরই একধারের কপোল নিয়ে স্বামীর কপোলে, গলায়, কাঁধে, দুষ্টু হাসিতে নাচতে থাকা ঠোঁটে—ঘষতে-ঘষতে বলল কাটা-কাটা আর কাঁপা ভাবেতে—

—"গৌতম আমার গা ধরে কথা দাও এই শপথ নিয়ে, যে, আর তুমি কখনো ফিরে আসতে দেরি ক'রবে না। রাত ক'রবে না। যত তাড়াতাড়ি পার ফিরে আসবে আমার, হ্যাঁ, আমারই জন্য। জান, আমাকে কিছুদিন ধরে রাত হওয়ার সাথে-সাথে এক ধরনের ভয় পেয়ে বসছে। তুমি কাছে না থাকলে আমি যেন একটু বেশী ভয়কাতরা হ'য়ে পড়ি। কেমন জান, ঠিক সেই পুরানো ভয়খানাই পেয়ে বসছে আমাকে। গৌতম, বিশ্বাস কর, সেই টুলটুলের জন্মের আগেতে কয়েক মাস ধরে যেমন রাত হ'লেই ভয় পেতাম, হ্যাঁ, ঠিক তেমনি ধারার ভয় আজকাল আবার

আমার মধ্যে—জুড়ে বসেছে। ওগো, তুমি এমন সময়ে যদি কাছে থাকো, তা' হলে কিন্তু আমি ভয় পাবো না। সত্যি বলছি।"—এক লহমায় কাটা-কাটা আর কাঁপা স্বরে এত কথা বলে, থামলো সন্ধ্যা। আর চোখের জলে তখন স্বামী গৌতমের কপোল, গলা, কাঁধ, আর শার্টের কলার থেকে কাঁধেরই পুট্ পর্য্যন্ত—ভিজিয়ে তুলেছে। তারই মধ্যে মুখ আর চোখ ঘষায়—ছোপ ধরে গেছে লাল ওষ্ঠরঞ্জনীর আর কালো কাজলের। আর সন্ধ্যার সিঁথিতে ঘন ও লম্বা ক'রে আঁক টানা—সিঁদুরের লাল পবিত্রতা আলগা থাকায় ওরই গুড়ো—ঝরে লেগে গেছে গৌতমের কপালের কাছে। কানের লতিতে।

—"আচ্ছা সন্ধ্যা, এমন ভাবে ভয় পাচ্ছ কেন ? আর আমার আসতে দেরি হ'লে ওদিকে রাত যত বাড়তে থাকে—ততই তুমি বা কেন মুষড়ে পড়—ভয়েতে ? বলবে না কেন, এই ? বল, আমার আদর ?"—কথার ফাঁকেতে জোর ক'রে গৌতম অধর দিয়ে—প্রিয়ার চোখেতে থৈ থৈ করা জলের প্রবল বান—পথরুদ্ধ করার চেষ্টা করালো। কতকটা পর্য্যন্ত বাঁধ গড়ে তুলে—জলের তোড় এগিয়ে আসাকে বাধা দেওয়ালো এ ভাবে।—ঠিক স্বামীরই মুখের অবস্থানে প্রিয়ার মুখটি অবস্থান পাওয়ায়—অতি কাঁপা-কাঁপা ঠোঁট দুটি নিয়ে সন্ধ্যা তা ঘন ভাবে রাখলো—গৌতমেরই কাজলের ছোপ ধরা অধরেতে। যুগপতে দু'জনই চুমায় চুমায়—দু'জনকে আদর কোরল। পালটাপালটি ভাবে।

তৃপ্তা হ'য়ে, আর দৃপ্তা থেকে—সজলিতে দিঠি দিয়ে একেবারে মুখোমুখি অবস্থানে থাকা স্বামীর খুশীয়াল মুখখানা দেখতে-দেখতে—সন্ধ্যা জানালো—"ভয়ের কারণটা জানালে পর তুমি খুশী হ'তে পারবে ত' ? আমাকে ভুল বুঝবে না ত' ? সত্যি বলছো ? সত্যি ? তবে শোন।"—হঠাৎ কথা থামিয়ে সন্ধ্যা আদুরে গলায় বলল—"বলছি। গৌতম ? এই, আবার বেশ দুরন্ত হ'য়ে আদরে এলো করাবে না ঐ না জানা কথাটি শোনার আগে ? এই, আদর কর।"

—"ঈষ্। আগে আদর খায় না আর ! তোমার কথা ত' শুনি। তারপর যত খুশী আদর চাও সবই পাবে। সন্ধ্যা, এখন শুধু এই।" বলে গৌতম ছোট একখানা আলতো চুমা ওর কপোলে ছোঁয়ালো।

গৌতমের কাঁধেতে মুখরুচিরা লুকিয়ে অধরের সিক্ত আদরে শার্টের পুট্খানা প্রায় ভিজিয়ে তোলার মতো ক'রে জানালো সন্ধ্যা—"এই গৌতম ? জান, টুলটুলের জন্য ভাই, নয় ত' বোন—এদের কেউ একজন আসছে—শীগগির। আসছে মানে, এসে গেছে। টুলটুল ছাড়াও যে আরো একজনের বাবা আর কিছুদিন পরেই তুমি হ'তে চলেছো,—তা কৈ গৌতম, তুমি কী বুঝতে পার নি ? আচ্ছা, আচ্ছা গৌতম, এত তাড়াতাড়ি আমায় আবার সন্তানসম্ভবা করালে কেন ? আমার টুলটুলের কথাটা

একবার ভাবলে না ? ও কিছু বুঝবে না ঠিকই, এমন কি ওর কিছু অসুবিধাও যে হবে না—সে আমি জানি। তবু এই ছোট্ট শিশুকে আমার কাছ থেকে কোলছাড়া করিয়ে ছাড়বে—ঐ নতুন শিশু। না-না। এমনটা এত তাড়াতাড়ি হোক্ না কিন্তু হলফ্ করেই তোমার সন্ধ্যা বলতে পারে, যে,—ও চায় নি কিন্তু! তবু, হ্যাঁ তবু, নতুন আরেকজনের জন্য প্রজায়ন করায়—আমি অচিরে যে দ্বিতীয়বার 'মা' হ'তে চলেছি,—বুঝলে গৌতম, তার জন্য কিন্তু আমি খুবই গর্বের সাথে—নিজেকে সুখী মনে ক'রছি—প্রতিটি পলকে-পলকে। আর আমার তুমি, মানে আমাতেই সম্ভাবিত দ্বিতীয় সন্তানের স্রষ্টার কারুকাজখানাকে—তোমারই অজানায় অনুরণিত মিথুনিক লীলা-বাসরেতে—যে সম্পূর্ণতায় অঙ্কুরিত করাতে পেরেছো,—বলি সে কথা জেনে তুমিও নিশ্চয়ই খু-উ-ব খুশীয়াল হ'য়ে উঠেছো ? কী গো দুষ্টু ছেলে, তাই না ? এই, কথা বল। এই সম্ভাবিত দ্বিতীয় সৃষ্টির কবি-স্রষ্টা এত তাড়াতাড়ি হ'য়ে পরেছো জেনে কোন ছেলেমানুষি অভিমানে ভেঙ্গে পড়ো না কিন্তু! কী, রাগ ক'রছো বুঝি ভয়ানক ? তোমারই সন্ধ্যা নাম্নী দুষ্টুটির ওপরে, না ? এই, কী যে না তুমি! চুপ ক'রে আছো কেন ? কথা বল। তা না হ'লে এই আনন্দ-সংবাদটি তোমাকে শোনানোর পর এত সুখ আমায় আনচানিয়ে তুলছে, যে,—তাঁ সহ্য ক'রত না পেরে—আমি এখনি বোধ হয় কেঁদে ফেলবো—অঝোরধারায়। ঈষ্, আমায় দ্বিতীয় প্রাণেতে অঙ্কুরিতা করিয়ে অমন মান-অভিমান ক'রে কী বেশীক্ষণ পর্য্যন্ত পারবে, অবুঝ থাকতে ? এই আমায়, হ্যাঁ, তোমার সন্ধ্যাকে খু-উ-ব বিলোলিতায় আদর কর ? বলছি কর। তবে ত' বুঝবো, যে, তুমি রাগ কর নি।"

বলতে-বলতে যা বলা, করলোও তাই সন্ধ্যা। গৌতমের কাঁধে মুখ রেখে অঝোর-ধারার ছলছলানো কলোচ্ছলতায় কান্নার মৃদুল শব্দে ভরালো—এই শান্ত নিঝুমতাতে। সে কী কান্না!—সন্ধ্যার মতো মধুরিকা স্ত্রীরা বোধ হয়—তাদের সন্তান-সম্ভাবনার বার্তাখানা—ওদেরই না জেনে থাকা, বা বুঝতে না চাওয়া স্বামী-সৃজনকদের—জানাতে পারার পরই—ভেঙ্গে পড়ে—এমনতর অভিমানে বাঙানো আনন্দাশ্রুর—ভারেতে আর ধারেতে।—নতুন প্রাণের সৃষ্টি—এ যে মহাকবির মহাকাব্য রচনা করারই মতো! তাই না ?

প্রিয়ার মুখ থেকে আচমকা ঘোষিত হওয়া প্রতিটি কথাকে শুনলো—তারই স্বামী। শুনতে-শুনতে আর অনুভবে আশ্লিষ্ট হ'তে হ'তে—স্বামী গৌতম অপার বিস্ময়ে ঘেরা আনন্দের ধারায় উদ্বেল ভাবে—স্ত্রী সন্ধ্যাকে পুরোপুরি বুঝতে পারলো। আপন যুবক দেহ-মনের অন্বয়—ঐ ভাবে দ্বিতীয় পর্য্যায়েতে আনকোরা প্রাণকণার সৃজন সম্ভব করাতে পেরেছে—প্রিয়া সন্ধ্যারই নিসর্গ-সন্ধ্যার মতো অপার রসহ্যময় শারীরিবিতানেতে।—সে কথা এই মাত্র প্রিয়ারই অভিমানে কাঁপা লাল লাল অধরাধর

ছাড়িয়ে—কাটা-কাটা ভাবে জানাতে পারায়—গৌতম মুহূর্তকের জন্য বাক্‌শূন্য না হ'য়ে পারলো না। সত্যি, কী মধুর, কী উদার হোতে পারে তারই সন্ধ্যা !—তা না হ'লে পর এত তাড়াতাড়ি—পুনরায় সন্ধ্যা আরেক প্রাণস্বত্বায় পুষ্পায়িতা হ'য়ে—ওরই প্রথম সৃষ্টির কবিতা—ঐ ছোট্ট টুলটুলকে এই অচিরে আগতর জন্য—কোলছাড়া হতে হবে বলে—অযথা ভয় পেতো না। না, না। গৌতম চোখের দৃষ্টিতে সজলি'ত হ'য়ে পড়ে ভাবলো—"কী বিরাট আনন্দ পাওয়ায় সন্ধ্যা আজ ছোট্ট টুলটুলের জন্য ওরই মায়ের বুকেতে পাতা আশ্রয়খানাকে—আগতপ্রায় নতুন প্রাণখানা শিশু-কবিতায় ফুটে উঠে—যদি আশ্রয়হীন করায়,—সে কথাখানাও সন্ধ্যা ভেবে ফেলেছে। হ্যাঁ, তারই মিষ্টিকা এই সন্ধ্যা ! আর কিনা, সেই টুলটুলের কী হ'বে তা ভাবার পর—নতুনকে সানন্দে শিল্পীর রসনির্য্যাসে স্পন্দিত রেখে -রেখে—আজ এই একটু আগে আমার সন্ধ্য এ কেমন প্রশ্ন কোরে বসেছে—ওরই উতলা মন থেকে, যে,—এই তাড়াতাড়ি সৃষ্টির ছন্দে স্পন্দিত নতুন প্রাণকণার পুনরাবির্ভাব কী—আমাকে তুষ্ট কোরল না ? আমি কী রাগ ক'রলাম ? না-না। সন্ধ্যা, এ কথা আর মুখে এনো না তুমি। জান'ত তোমার মধ্যে দ্বিতীয় সৃষ্টির এই উৎসবখানা যত তাড়াতাড়িই—শুভায় ভবতু আর আমার থেকে করিয়েই থাকুক না কেন এরই অঙ্কুরণ—জান সন্ধ্যা, এ ব্যাপারে অসহায় যুবকত্বে অবুঝ আমি—আমারই প্রতিটি শিরা-উপশিরায় ছন্দিত হয়ে বাজতে থাকা আনন্দনির্ঝর নিয়ে —বাক্‌শূন্য হ'য়ে পড়ছি। সন্ধ্যা, আমার সুখ ! তোমায় আমি আজ তোমারই মুখ থেকে এমন কথা জানার পর দেখছি যে, খালি 'My heart leaps up'. অহরহ ভাবে তাই মনে জাগছে—

"The Child is father of the Man;
And I could wish my days to be
Bound each to each by natural piety."

—শুধু একথা ভেবে-ভেবে অনুরাগের মাধবীরাগে ছোঁয়া পেয়ে—দোদুল মনে আর সজল চোখের ইশারায় ঝরা জলরেখার দাগ—দু'ধারের কপোল দিয়ে নেমে-নেমে যাওয়ার মধ্যে—স্বামী গৌতম কথা বলল—

"না-না। সন্ধ্যা, তুমি যে এ ব্যাপারে আমায় ভুল বুঝবে না কখনো—তা আমি ভালো ক'রেই জানি। আচ্ছা, তুমি নিজেও কেঁদেছো এ কথায় ? কেন ? আমি জেনে রাগ ক'রেছি কিনা, তাই ? শোন, এ রকম প্রশ্ন আর কখনো ক'রো না। আমার দুষ্টু ! বুঝলে ? আমি সত্যি রেগেছি কিনা—তা মুখ তুলে আর কান্না থামিয়ে ভালো ক'রে চোখ খুলে দেখ—তা হ'লেই বুঝবে ! এই সন্ধ্যা, আমার মিষ্টিকা, তাকাও বলছি চোখ খুলে। তা না হ'লে কী ক'রে ঠিকই বুঝবে।"

গৌতমের ধীরে-স্থিরে জানানো এখনকার এই কথাগুলোর মধ্যে সজল ভাবখানার প্রকাশ পাওয়া মাত্রই—প্রিয়া সন্ধ্যা বিদ্যুৎচালিত ভাবে এক লহমায় তার কান্নায়-হাসিতে একাকার থাকা—মুখখানা তুলে ধরলো—মুখোমুখি অবস্থানে। তাকিয়েই চমকালো বিলোলিত থাকা কান্নার মধ্যেই। সন্ধ্যার চোখে হাজার মুক্তাবিন্দুতে জমা জল—টলমল ভাবে কাঁপছে। আর ঝরছে। বেয়ে পড়ছে ছড়ানো ধারায়। আনন্দাশ্রুতে ভেজা লাল-লাল ঠোঁট দু'খানা অভিমানে গমকে ফুলে-ফুলে উঠছে—ছোট্ট এক মেয়ের মতো,—যে মেয়ে হারিয়ে ফেলেছে তারই মুখের দেয়ালা হাসিটি। কান্নার ছন্দে বিলোলিতা হ'য়েও, মুহূর্তের দেখা থেকে সন্ধ্যা বুঝলো—গৌতমের দু'দিকের কপোল দিয়ে একখানা করে সরু-সরু ধারায় নেমে আসার—জলরেখা। তখনি নিজের ডান হাতখানা তুলে তর্জনী দিয়ে টেনে-টেনে সন্ধ্যা মুছিয়ে দিতে লাগলো—প্রিয়তমর সুন্দর সুখময় কান্নার স্বাক্ষরে ফোটা—সিক্ত রেখাকে। তারই মধ্যে নিজেরও কান্না ভেজা গলায়, সন্ধ্যা বলল—

—"ছিঃ। একটু দুষ্টুমি ক'রে আমার প্রশ্ন করায় তুমিও দেখছি ছেলেমানুষিপনায় কম যাও না! দ্যুৎ। সত্যি, কী যে না তুমি! বাব্ বা—ভাগ্যিস টুলটুল এখানে নেই, তা না হ'লে ও-ও তোমার চোখে জল দেখলে অবুঝ মনেতেই হেসে-হেসে, লাল হ'তো। শোন, আর একজন নতুন জন্ম নিয়ে আসছে বলে অত ভয় বা ভাবনার কী আছে? আমি ভেবেছিলাম পাছে যদি টুলটুলের কিছু অসুবিধা হয়, এই আর কি! উপায় অবশ্য আমি খুঁজে বার ক'রেছি। আপাতত দ্বিতীয়ের জন্ম না হওয়া পর্য্যন্ত, মানে এখন যদি আমার এই সন্তান-সম্ভাবনার সময়টা দু'মাসের হয়, তা হ'লে শেষের দিকে ও জন্মানোর মাস তিনেক আগেই—ক'লকাতায় তোমার মা'-বাবার কাছে ফিরে যাবো। আর থাকবোও ওখানেই। তা হ'লে আর আমাদের টুলটুলের অসুবিধা কিছুই হবে না। সংসারের প্রথম পৌত্রী হিসাবে ও ত'ওর ঠাকু'মা আর দাদুর থেকে—কাছছাড়াটি কখনো হ'বে না। তাই আমি আমার নতুনকে নিয়ে পড়বো না কোন অসুবিধায়। সব চেয়ে বড় কথা—পুত্রবধূর প্রতি দেওয়া আদরেতে-সোহাগেতে—আমাদের মায়ের নজরে-নজরে যে তখন থাকতে পারবো। শোন গৌতম, এখন থেকে যে মাস পাঁচেক এখানে থাকবো তার মধ্যে আর কোন দিনও তুমি অফিস ফেরত, বল, আর দেরি ক'রবে না? কথা দাও আমায়।"

প্রিয়া সন্ধ্যার কান্নায় ভেজা আর প্রসাধনে এলো মুখখানায়—নিজের কপোল ঘষতে-ঘষতে বলল গৌতম—"হ্যাঁ, সন্ধ্যা। তাই হবে। তোমার সিঁথির সিঁদুর ছুয়ে কথা দিচ্ছি। এরপর আগামীকাল থেকে আর কোন দিন ফিরতে—হবে না দেরী। ঠিক-ঠিক।"

আবার মুখোমুখি অবস্থানে মুখ রেখে—চার চোখেতে দু'জনারই ভেজা-ভেজা চাহনি বন্দী রেখে—সন্ধ্যা অনুরাগ-নির্ঝরে বহুত মিনতি করারই মতো জানালো—লাল-লাল ঠোঁটে মধুছন্দার কাকলী-স্বভাব নাচিয়ে রেখে। রাঙানো জৌলুস ভরিয়ে সন্ধ্যা বলল—

—"এই ? শোন মিষ্টি। এ ছাড়াও তোমার প্রতি এই সন্ধ্যার জানাবার আরও আরজি আছে। দুষ্টুমি পরে ক'রো। শোন। আমাদের দু'জনার বয়েসখানা এখন আঠাশেরই প্রখর যৌবনসায়রের পারাপারে রয়েছে। স্বামী হিসাবে তুমি ঠিকই স্ত্রীর ওপরে নিজর শ্রেষ্ঠত্বটি বজায় রেখেছো—মাত্র সাত দিন,—মানে পুরো একট সপ্তাহোর অগ্রজত্বে—আমারই বয়েসখানা থেকে। দেখ গৌতম, তোমার এই সন্ধ্যা শুধু তোমার প্রিয়া, বা শুধু স্ত্রী, বা শুধু 'বেটার হাফ'ও নয় ! ও হ'লো তোমারই —মস্ত বন্ধু। তাই বলছি যে, আমাদের সাতাশ বছর বয়সের মাঝামাঝি—আমরা প্রথম মা-বাবার পরিচিতিটি পেলাম—টুলটুলের জন্মতে। তুমি ত' জান,—টুলটুলের জন্য আমাদের দু'জনকারই ছিল কী বিরাট আর ব্যাপক আকাঙ্খা। কী দাম্পত্যিক অধ্যবসায়। কত যত্ন। কত শঙ্কা।—কিন্তু গৌতম, ওর জন্মের পরই সাত তাড়াতাড়ি—নতুন আরেকজঁনের জন্ম-সম্ভাবনাটি—একটি পুরো বছর ঘুরতে না ঘুরতেই দেখা দিল ! তবে কি জান, এজন্য আমরা কেউই নিজেদেরকে ভুল বুঝতে পারি না। একদিকে কিন্তু আমাদের এই সৃষ্টি-সমীক্ষাটি—বেশ রোমান্টিকই হ'লো আমাদের আঠাশ বছর পুরো হাওয়ার সাথে-সাথেই—টুলটুলের পিঠোপিঠি ওর জন্ম হচ্ছে।—কিন্তু গৌতম, তারপরই কিন্তু প্রতিজ্ঞার চরম দলিলে আমাদের স্বাক্ষর দিতে হবে এই নিরিখে, যে, আগতপ্রায় নতুনের জন্ম-অভিষেকটি সম্পন্ন হওয়ার পর,—হ্যাঁ, আর—মানে আর যেন না হয়,—মানে, মানে এই আর কি,—ঈষ্। তুমি সত্যি কি যে না! মুখ ফুটে বলতে পারছি না দেখছো ত'। তা তুমি বুঝে নিচ্ছ না কেন নিজে ? হ্যাঁ, মানে আর কি—এ ব্যাপারেতে একেবারে টানবো ইতিরেখা। কেমন ?"—বলতে বলতে সন্ধ্যা চোখের মুষলধারেতে ঝরা বিপর্য্যয়ে হওয়া মোহনীয় মুখশ্রীখানা একেবারে স্বামী গৌতমের অতি শান্তশ্রীতে ঢাকা—মুখেরই সাথে ঘন করালো। কপালে কপাল। ভুরুতে ভুরু। চোখে চোখ। আর অধরে অধরখানার অবস্থানটিই যা শুধু আলতো ছোঁয়াতে রাখলো। তারই মধ্যে সন্ধ্যার ডান চোখখানার ভেজা কাজল-চাহনিটি আধক-আধ-চিঠিতে ঠিকরে পড়েছে—গৌতমেরই পেছনের খোলা দরজা দিয়ে ঘরের ভেতরেতে। সামনেকার দেওয়ালে জ্বলতে থাকা ল্যাম্প-ষ্ট্যাণ্ডের নীচেতে—বড় ফ্রেমে আছে ভগিনী নিবেদিতার ছবিখানা। ছবির নীচে বড় টাইপে ছাপা রয়েছে নিবেদিতারই এক দামী কবিতা। ভালোবাসা সম্পর্কে ছন্দিত করা—প্রবাদ বিশেষ ! আরো বড় টাইপের মোটা

'phase'-এ জ্বল-জ্বল ক'রছে নামখানা। 'A Litany of Love.'—সন্ধ্যার সজলিত চোখের 'আধক-আট-দিঠি' একটু ফাঁক পেয়ে—নিজেদের নিশ্চল আর নির্জন আলিঙ্গন বাঁধনেতে আবেশ পেতে-পেতে—ও দিতে-দিতে,—গুন-গুন ক'রে পড়তে লাগলো—অধরের কাঁপন-ছোঁয়া গৌতমের অধরেতে—ভারে বসিয়ে রেখে কাঁপন তুলে তুলে—

"Love all transcendent,
Tenderness unspeakable,
Purity most awful,
Freedom absolute,
Light that lightest every man,
Sweetest of the sweet, and
Most terrible of the terrible."

সত্যি তা চোখের সজলিত 'আধক-আধ-দিঠি' বিস্তারিত ক'রে পড়তে পড়তে—সন্ধ্যা অজানিত পুলকানন্দে হেসে উঠলো, ঝলমলিয়ে। রিমঝিম প্রাণোচ্ছলতায়। হাসির স্ফূর্ত দোলনে সন্ধ্যার ঠোঁট এ ধরনের মুখোমুখি অবস্থানে থাকায়—অধরেরই নম্র আঘাত হানলো—স্বামীর অধরেতে। হ্যাঁ, যে গৌতমের দুরন্ত অধর সময় কি অসময়ের কোন ধার না ধারার মধ্যেই—প্রণয়ের দস্যিপনায় মাতামাতি ক'রে বসে, ওরই যুবকত্বের একান্ত নিয়মমাফিক—আজ সত্যি এমন মধুরিক অবস্থানের মধ্যে পেয়েও—কিন্তু হোতে চাইছে না —দুর্বার। অনিবার। সন্ধ্যা তা দেখে-দেখে—দারুণ খুশিয়ালিনী হ'য়ে পড়লো। চাইলো খুশীর ছোঁয়ায় গৌতমকে সুখের অন্বয় ধরে—আরো খুশীয়াল করাতে।

সন্ধ্যা বলল—"বল, কেমন আদর চাও ? গৌতম, এইবারটি ছেলেমানুষিপানা ভেঙ্গে ফেল। কিছু বল ?"—বলতে-বলতে সারা শরীরে মাদক হিলোলতা ঝরিয়ে প্রায় লাফাতে লাফাতে—গৌতমের অধরে চুমায়নী ঋতুসাজ আঁকতে থাকার মধ্যেই বললো—"বাব্‌বা। তোমায় ত' জানি কী ছেলে ! একবার মাত্র চুমায় আদর ক'রলেই কী হোল ! সত্যি, সত্যি ! কিছুতেই যে, একেবারে তুমি খুশী হও না। হ্যাঁ, তুমি যে দুষ্টু তখন বল, 'না, একেবারে হবে না। চাই—Twice more, Thrice more. আরো। আরো। হ্যাঁ, তাই গো দুষ্টু। তোমায় ত' আমি জানি। আর গৌতম তোমায় ত' আমি চিনি আমারই দেহের'—প্রতিটি অণুতে-পরমাণুতে। আর সে ভাবেই ত' আমি তোমায় ভালোবাসি। তুমিও যে আমায় বাসো তেমনি। প্রণয়-স্বাক্ষর ফোটাতে যে তুমি তোমার এই সন্ধ্যার দেহমনেতে—ঝড় আর তুফান ডেকে আনাও। তা কী, আমারও সুন্দর লাগে না ? মধুর লাগে না ?"—বলতে বলতে মধুরিম করা

হর্ষোৎফুল্লতায় নাচের মুদ্রা ফুটিয়ে—শ্রীমতী সন্ধ্যা তার ফুলের মতন নরম লাল অধরেরই দুষ্টু প্রণয়কাজখানায়—গৌতমের অতি শান্ত অধরেতে মৃদু-মৃদু আঘাত হেনে—অশ্রু টলমলানো দু'চোখের মদালসা চাহনি ঝলমলিয়ে বলল—"কী গো গৌতম, আমার করা এই আদরকণা চাইছো বুঝি—আরেকবারটি, না ? কী, once more ? খুশী হ'বে ত', না পুনরায় দুষ্টু ছেলের মতো আবদার ধরবে ! নেও, নেও। আর কিছুটা বলত হবে না তোমায়। কী, এই once more হ'লো ত' ? এবার গৌতম ? হ্যাঁ, আমার আদর—এই যে twice more-ও হ'লো। উঃ, আর পারি না। কী যে দস্যি না তুমি ! আমার সব আদর লুট ক'রে তবে ছাড়বে দেখছি। ঈষ্। ঈষ্। এই যে, এই ত' thrice more-ও হ'য়ে গেল। না-না। আর হবে না। আর এর বেশী চাইলে পর আর আমি কিন্তু সত্যি তোমার দস্যিপনার কবল থেকে ছাড়া পাওয়ার জন্য—কান্নারই বাদলা ধারায়, ভয়ানক ভাবে ভাসবো।"

আদর লুট করার একান্ত দাম্পত্যিক ঋতুমহলেতে করা শুধু নিলাজক আবদার অনুযায়ী—স্বামী গৌতম জানতে চাইলো—

—"বাঃ। এত' বেশ কথা ! তুমিও ত—'আর হবে না, আর হবে না' হ্যাঁ আর পাবে না, আর পাবে না' বলে-বলেও আদরখানা জানাচ্ছই বা কেন ? আর পরমুহূর্তে তার জন্য শ্রাবণের বাদলায় এলো হ'তে চাইছো কেন ? ঈষ্। আমি দস্যিপনা করি, না ? আর তুমি ? এই সন্ধ্যা, জানই ত' তুমি ভালো ক'রে, যে,—তুমিই আসলে আমার দুরন্তপনা ধরে-ধরে—পরম দুষ্টুমান হবার মতো ইন্ধনখানাকে—প্রযোজনা ক'রে থাকো। দেহেতে। প্রাণেতে। আর মনের প্রতিটি অণু পর্য্যন্ত—আবদার করার ঢেউ তুলে-তুলে। কী ভুল বললাম ? এই, চোখে চোখ রাখো। কথা বল। তা না হ'লে বুঝতেই ত' পারছো—এই সময়টায় টুলটুল কাছে না থাকার দরুণ এমন সুবিধাতে..."

সন্ধ্যা তার চুরি-বালাতে ঝনক-ঝনক তানসুদ্ধ হাতখানা দিয়ে এক ঝটকাতে চাপা দিয়ে ধরলো—গৌতমেরই অধরের কথা-নির্ঝরে। বাঁধ বাঁধার মতো। বলল—"না। আর পারি না বাপু এ ভাবে তোমারই আবদারগুলোর সাথে প্রতিনিয়ত যুঝতে ! ধ্যাত, কী যে কোবছো না তুমি ! না, না। অনেক হ'য়েছে।—ঈষ্ ! তোমার জারিজুরির কাছে একটি মেয়ের জোর—আর কতক্ষণ 'না' জানাতে পারে ? গৌতম, দ্যুৎ কী কোরছো ! লাগছে যে ! দোহাই তোমার। হার মানছি। ছাড়ো না এইবারটি। সারা রাতের তিনখানা যাম ত' এখনো পড়ে রয়েছে। এই, তখন না হয় আবার আবদারেতে ঝড় হ'য়ো। কেমন ?"

প্রিয়ার কপোলেতে আপন অধরের আবদারটি লুটিয়ে রেখে—ডান হাতেতে গৌতম আদরণীর পরশ ভরিয়ে—সন্ধ্যার মাথায়, গলায়, ঘাড়ের দু'পাশে, পিঠেতে,

আর সুনিবিড় যৌবনরহস্যে ভাব ও আবেগের উত্থান-পতনে ছন্দময় বুকখানার পাশাপাশি ভালোবাসার শিহরণ ফুটিয়ে বলল—"দেখ সন্ধ্যা, এমন নিরালায়, এমন স্নিগ্ধ পরিবেশে আমি দুরন্ত হই। আর দুর্বার হই ঠিকই। হই। —তোমারই জন্য সন্ধ্যা তোমায় আদর করারই জন্য। সন্ধ্যা, কিছু বলবে না?"

হঠাৎই কথার পিঠেতে কথা বসাতে গিয়ে তার শত আবদার নিয়ে উৎফুল্ল থাকা গৌতমেরই কাঁধেতে, মাথা রেখে সন্ধ্যা বলল—"হ্যাঁ, তাই। তোমার সন্ধ্যা মনে-প্রাণে তাই বিশ্বাস ক'রে। আর কিছুটি যে নয়, ত' তোমারও ভালো ভাবেই জানা আছে। তুমি তোমার ভালোবাসা জানাতে নেমে যত বেশী দুষ্টপনায় আমায় এলো করাও না কেন—সেটিকেই আমার বেশী পছন্দ। তবু আজ এতদিনে টুলটুলের মা হয়েও—পুনরায় আবার যখন এমন সময়টার প্রজায়নের নতুন-সৃষ্টিতে সম্ভাবিতা হ'য়েছি—জানবে, এখনও আমি তাই চাই। তাই চাইবো। হ্যাঁ, চিরকালই তাই চেয়ে-চিন্তে চলবো।"

সন্ধ্যা কথা নিয়ে থামতেই—আগেও অনেকবারই ক'রে থাকা উত্তর-জানা প্রশ্নখানা জানতে চাইলো গৌতম—"তবে বাধা দেও কেন? এ রহস্য বার-বার উদ্ঘাটন করেও—এর কোন স্থির লক্ষ্যে পৌঁছুতে পারি না যে, সন্ধ্যা! তুমি ত' আজ আমারই যৌবনধ্যানের মূর্তিখানাতে, নিজেকে হ্লাদিতে সঁপে দিয়ে দিয়ে—আমার ও তোমার সৃষ্টি-সুখেরই পালাবদলেতে—সত্যি প্রজায়িতায় সাজবদল ক'রায়—আত্মজাকে পৃথিবীতে এনেছো।—আর এনে 'মা'-তে নামধেয়া হ'য়েছো! তবু সন্ধ্যা, মাঝেমাঝে এই দাম্পত্যিক বাসরেতে সুখী থেকে—বুঝেও বুঝতে পারি না কেন—আমারই এই তোমাকে!"

সন্ধ্যা মদিরা ভরা হাসিতে ঝলমলিয়ে উঠে বলল—"ঈষ্! তুমি একেবারে ছোট্ট শিশু বুঝি! তবে, বুঝেও খালি 'বুঝি না' বল কেন? ওগো গৌতম, তুমি জেনে রাখো যে, তোমার সন্ধ্যা এর পরেও অনেক বছর ধরে—এমন ভাবেতেই নিজেকে হাসাবে। কাঁদাবে। রাঙাবে। আদরে-আবদারে করাবে এলোমেলো। অলাজুকা। কিন্তু, কী জান? এরপরও—তুমি নিজে থেকে সত্যি কিছু চাইলেই আমার মুখে তখনই শুনবে 'সম্মতি-বাচক'—সেই 'না। না' করার—প্রতিরোধখানা।"

গৌতম তার রঙের মাধুরীতে আনচানানো চোখের বিস্ময়-রাঙা ভাব ছাড়িয়ে উঠে জানালো—"আচ্ছা সন্ধ্যা, সে না হয় বুঝলাম। আর ভুলও না হয় বুঝবো না। কিন্তু বলি, তুমি যেদিন বার্দ্ধক্যের ভারে দিশেহারা হবে,—সত্যি সেদিন কী আর আগের মতো—যৌবনায়নী দুষ্টুমিগুলো না ক'রতে পারার দরুণ হবে না—ক্রন্দসী? একই বয়েসী যে আমরা দু'জন! জান সন্ধ্যা, এ-দেশের প্রবীণাদের ধারণা হ'লো, যে,—মেয়েরা নাকি কুড়ি পেরুলেই বুড়ি হ'য়ে যায়! অনন্ত ছেলেদের চাইতে

ত' ঠিকই। শোন সন্ধ্যা, আর কিছুদিন পরেই ত' আমারই মতো, তোমারও আঠাশ বছর পূর্ণ হ'তে চলেছে। আমার থেকে এক সপ্তাহের ছোটটি তুমি হ'লেও—তাতে কিছু সুবিধা হ'বে না এ জন্য, যে,—কবেই ত' তুমি কুড়ি পেরিয়ে এসে—তথাকথিত প্রবাদানুযায়ী—বুড়িয়ে যাচ্ছ না কি? জান ত' সন্ধ্যা, একই বয়সের তীরভূমি ছুঁয়ে থাকায়—মেয়ে বলে আমার আগেই ত' তুমি, হ্যাঁ আমার এই দুষ্টু বনাম মিষ্টি সন্ধ্যা নামের অতি লাজুকা যুবতী কী..."

প্রিয়তমার মুখেতে হাত চাপা দিয়ে—কথাটি আর শেষ করাতে না দিয়ে—একটি ভয়কাতর চাহনি ছড়িয়ে গৌতমের চোখেতে চোখ রেখে জানালো সন্ধ্যা তখনি—"না। না। অমন কথা তুমি মুখে এনো না কখনো। আমি কখনো বুড়ি হতে পারবো না। বুড়িয়ে গেলে বল কে তখন তোমাকে আদরে আর আবদারে পাহারা দিয়ে রাখবে? না না। তোমার সন্ধ্যা যে একদিন বার্দ্ধক্যের ভারে টাল খেয়ে পড়তে পারে,—ও কথা ভাবতে গেলে আমার সত্যি কান্না এসে যাচ্ছে। ওগো গৌতম, তুমি, হ্যাঁ, আরো অনেক বছর পর্য্যন্ত এইভাবেই ভালবাসবে শুধু। দেখবে তা' হলে তোমার সন্ধ্যার যৌবন থাকবে অটুট। অন্তত মনের দিক থেকে ত' নিশ্চয়ই। একথা ভাবতে পারি না যে।" বলতে বলতে বাদুলে বাতাসে আছড়ে পড়ার মতো দু'চোখে বাদলের ধারা নামালো সন্ধ্যা।—কিন্তু তারই মধ্যে—ভবিষ্যতের অমন ভয়ে কাঁপতে কাঁপতে—স্বামী গৌতমকে যুবতী প্রিয়ার চুমায় চুমায় সাজাতে লাগলো—সন্ধ্যা। তারই অন্তরতম আরাধ্যকে। হৃদয়কে দেবতাকে। একান্ত দাম্পত্যিকতায়—বধূরত্না সন্ধ্যা যে দেবিকা হয়েই থাকতে চায়—চিরন্তনীতে। তারই বরপুরুষের—কাছটিতে।

‘হেভেন-বর্ন’ সার্ভিসের ‘স্টীল্-ফ্রেমি’ আই. সি. এস.—করুণাকেতন সেন

ধ্যাতির কেতন ওড়ে—আজও এই পাঁচ দশকের পরেও ওই দুর্গাপুরে—বিধান রায়ের মনসিজ মানসপুত্রের ঘেরাটোপে—নয় নয় করুণায়, হয় হয় বরণীয় স্মরণ্যে। নয় নয় হাবেভাবে আটপৌরে। পারিপাটি মানুষী ব্যক্তিত্বটির—যাঁর নাম আই. সি. এস. করুণাকেতন সেন। ঢাকা জেলার জবরদস্ত এক বিক্রমপুরীয়ানের—যাঁর বাবা কুমুদ সেন, প্রভিন্সিয়াল সিভিল সার্ভিসের ছিলেন কেউকেটা, যদিও পুরোদস্তুরি বাঙাল, তায় বাঙালিবাবু। ছিলেন নানা জেলার সেশন ও ডিস্ট্রিক্ট জাজ। তখনকার বেথুন বিউটি শ্রীমতী বীরেন্দ্রমোহিনী অবশ্যই ইংরেজিতে নাম লেখার সময় বানানেব ‘বি’ না লিখে, লিখতেন ‘ভি’। আই. সি. এস. জননী এই মহিলা দেশের সমাজ সেবায়ও ছিলেন—অতিশয়ী খানদান য়্যারিস্টোক্রেট। বাংলার ফার্স্ট লেডি—সে সময়ের লেডি বঙ্গবালা মুখার্জী বলতেন—‘ছোট বোনটা বীরু যেমন সুন্দরী ছিল, তেমনি আদবকায়দায়িনীও।’ আর লেডি রমলা সিংহ অফ রায়পুর ব্যারোনেজ বলতেন, ‘ও না থাকলে আমাদের কাজে থাকত ঘাটতি’। আর সদ্য প্রয়তা সীতা-মাসি, অর্থাৎ ভারতের প্রাক্তন অর্থমন্ত্রী শচীন্দ্র-জায়া সীতা চৌধুরী জানাতেন—‘বীরুদি মেজাজে মেম-সাহেব। বিলেত না গিয়েও। আবেগে ছিলেন খাঁটি বাঙালিনী।’ হ্যাঁ, এই মা-ই তার একমাত্র পুত্রটির পড়াশোনার সবটাই রাখতেন আপনার আয়ত্ত-সমৃদ্ধা আবর্তনে—যার ফল করুণাকেতন, নারায়ণগঞ্জ হাই স্কুল থেকে ম্যাট্রিকে উত্তীর্ণ হন—অখণ্ড বাংলায়—প্রথম হয়ে। শুধু প্রথমই নয়—কথিত আছে অঙ্কে ছিল আন-বিলিভেবেল নম্বর। বীজগণিতের বিখ্যাত কে. পি. বোসের জামাতা—বেলিয়াতোড়ের টেক্‌নোক্র্যাট্ পি. সি. নিয়োগী আমায় বলতেন, ‘করণা-দার মেধা অঙ্ককে ঘিরে, যার তুলনা পাওয়া ভার ছিল—সেদিন। এই নিয়োগী মশাই দুর্গাপুর ইস্পাতে করুণাকেতনের পর—মিঃ ডি. জে বেলের পরবর্তী ছিলেন। সুনাম বহালে।

যাক। আজও দুর্গাপুরের পথচলিত যে কেউ যদি শোনে—আমি চিনি, আমি ভালো পরিচিতির সাথ—কাছের ঘনিষ্ঠ ছিলাম। তবে তখনি হাঁটা থামিয়ে, দু-দণ্ড সময় নিতো স্মৃতিচারণায়। মোদ্দাকথা, আজও ‘সেন সাহেবই ছিলেন ইস্পাত কারখানার সবটাই। প্রতিষ্ঠাতা প্রশাসক, আবার প্রাণ-সঞ্চারী মহান ব্যক্তিত্ব। যা কিছু দেখছেন সব ওঁর করা প্রশাসনী উদ্যম। অমন কট্টর প্রশাসক—কিন্তু বিজ্ঞানে ছিল অগাধ পড়াশোনা আর পাণ্ডিত্য। ওনার মতো লোকের অভাব সারা দেশে, তাই আজ আমাদের অসহায়ী দুরাবস্থা। সেন কে. কে-র সাথে পরিচিতি পাই, সেই চুয়ান্নয়

এস. এফ. পরীক্ষার পর—তিন মাসের থমথমী সেই না ফুরানোর মতো অবসরটায়। রহস্য ভরা, রোমাঞ্চে ঘেরা। ষোলোর বয়ঃসন্ধি চলছে। মধুরাংশ্চ যখন কথাটা—য়্যাডোলিসেন্স। রোজ সকালে মর্নিংওয়াকে—লেকে যেতুম। হাঁটা তো মস্ত ব্যায়াম। বাবা তাই বলতেন। হাতে থাকত ন্যাশনাল লাইব্রেরির বরো করা বই। কখনো ইংরেজি, কখনো বাংলা। খুব দুষ্টু ছিলাম। তা না হলে পড়ার দারুণ উৎসাহ দেখে—বাবা ও তস্য বিলেতের বন্ধু ডা. বি. এস. কেশবন—আইন ভেঙে আঠারো না হতেই আমায় জাতীয় গ্রন্থাগারে সামিল করান—অবশ্যই এঁদের কমন্ ফ্রেন্ড সে সময়ের কেন্দ্রীয় শিক্ষাসচিব ডা. হুমায়ুন কবীরের সাগ্রহী উৎসাহে। বলা ভালো—অনুজপ্রতিম কে. কে.-কে খুবই শ্রদ্ধা করতেন—শ্রীযুক্ত কেশবন—বিখ্যাত এই বিশ্ববন্দিত গ্রন্থাগারিক।

বলছি। সে সময় লেক হসপিটারের প্রধান গেটের সামনে দিয়ে লেকে ঢোকার রাস্তা ছিল—তিন কোণা হয়ে মিশে যায়—তেকোণী এক বসবার জায়গায়। তিন ধারে বেঞ্চ পাতা। সামনে তফাতে তিনি চারটি নব-নির্মিত চায়ের দোকান—সেই আদি ও অকৃত্রিম মাটির ভাড়ে সার্ভ করা—যা উদ্বাস্তুরা করেছিলেন। ওই জায়গায় জনা দশ-বারো পক্ক-কেশী বৃদ্ধের—সকালী আসর বসত—হ্যাঁ, যাঁরা কিন্তু প্রত্যেকেই বেশ বিখ্যাতর দলে পড়তেন। ষোলোর আমায় অলিখিত সভ্য করে নেন—হিন্দুস্থান পার্কের 'কমলালয়ের' নাইট উপাধিপ্রাপ্ত—স্যার কৃষ্ণচন্দ্র রায়চৌধুরী। ব্যারিস্টার, তায় শ্রমিক নেতা হিসেবে—ভারত-ভাইসরয় লর্ড চেমস্ফোর্ডের শাসন-পরিষদের অনারেবল মেম্বর অফ্ লেবার ছিলেন। বার পঁচিশেক তিনি জেনেভায় ভারতের প্রতিনিধিত্ব করেছিলেন। আর রবীন্দ্রনাথ ও সি. এফ. এন্ডরুজ এবং ভারত্-সচিব লর্ড প্যাথিক লরেন্স ও পরবর্তী লেবার প্রধানমন্ত্রী লর্ড ক্লিমেন্ট এটলীর—অন্তরঙ্গ ছিলেন। যশোরের কৃষ্ণচন্দ্রের প্রেসিডেন্সির সহপাঠী ছিলেন—কে. কে-র বাবা—ওই কুমুদবন্ধু। আর যাঁরা যাঁরা আসতেন তাঁদের মধ্যে দুজন তখনও রিটায়ারে যাননি—একজন অধ্যাপক বনাম আইনজ্ঞ—হবু প্রধান বিচারপতি ফণীভূষণ চক্রবর্তী। আর একজন তাঁরই পরবর্তী স্যাকসেশর—আই. সি. এস. শ্রীকুলদাচরণ দাশগুপ্ত, আরও একজন ঢাকাইয়া বিক্রমপুরী।

যাক। কথায় আসি। পুত্র করুণাকেতন কলকাতায় থাকাকালে রাজা বসন্ত রায় রোড থেকে—পিতা কুমুদবন্ধুকে নিজে একটি ক্রীম রঙের সিঙ্গেল ডোর মরিস মাইনর চালিয়ে নিয়ে আসতেন। নিজে নামতেন। বাবাকে দরজা খুলতে সাহায্য করার জন্য। গায়ে থাকত করুণাকেতনের ট্রাউজার ও বুকে ফিতে ঝোলানো শার্ট ও গেঞ্জির মিলিত রূপ। সুপুরুষ। মেদহীন বেশ ফর্সা। তার চেয়েও অধিক ফর্সায়

লালভ ছোপ ছিল—ধুতি-পাঞ্জাবী পরিহতি, পাম-শু পরা—বাবা কুমুদবন্ধুর। একদিন দেরি করে গেছি। বাবাকে পৌঁছে ছেলে গাড়িতে স্টার্ট নিচ্ছে। থামতে বলে—আমার সাথে পরিচিত করান ছেলেকে। 'লেখক। এখনই স্যুইট্ হার্টকে নিয়ে কবিতা লিখে শুনিয়েছে আমাদের বৃদ্ধের দলকে। বকব কেন, তারিফের যোগ্য ওর ওই রচনা। শতেক লাইনের। জানিস তো, খোকা ওর ডাক নাম বাবলু। এখনই গুরু বানিয়েছে—তোদেরই ক্যাডারের সিনিয়র অন্নদাশঙ্করকে। বলি, নট্ টু ফলো অলওয়েজ।'

করুণাকেতন ব্যাগ থেকে জি. এম. দুর্গাপুর স্টীল প্রোজেক্টস-এর আপন ভিজিটিং কার্ডখানা হাতে গুঁজে দিয়ে বলেন—'একদিন এসে দুর্গাপুর দেখে যাও। তৈরি হচ্ছে। ভালোই লাগবে।'

শুনে বাবা ছেলেকে বললেন—'এই শ্রীমানকে তো চিনি। দেখবি খোকা, ঠিকই গিয়ে ও তোর কাছে হাজির হবে। জানার চেনার কৌতূহলে—ওর কোনো ঘাটতি নেই।' বলেই ছেলে কে. কে-র হাসির ওপর রাখলেন—আপনভোলা বাজখাই হাসিকে।

আমি লেকে ঢুকছি। বাবকে নামিয়ে ছেলে ফিরে যেতে তৈয়ার। আমার হাতে ইংরেজি বই। কাছে আসতেই বইটা হাতে নিলেন। ছেলে আর স্টার্ট না নিয়ে চুপ থাকল। ন্যাশনাল থেকে নিয়েছি। ফ্রাঁসোয়া মারিয়াকের বিখ্যাত উপন্যাস 'এ কিস ফর দা লেপার'। লেপ্রস্রির রোগ ও রোগীকে নিয়ে সাড়া জাগানো কথারূপ।

বাবা নাম দেখে বললেন, 'দ্যাখ খোকা, এঁচোড়ে নয়। স্বাভাবিকভাবে এখনই পেকে গেছে, যেন টুসটুসে রসের কারবারী। পড়ায়। রিডিঙে। আমি নিলাম।' আমার দিকে তাকিয়ে—'কালই ফেরৎ পাবে।' বলেই খোলা জানালা দিয়ে হাত গলিয়ে ছেলের পাশে, সিটে রেখে দিল।

কথা মতন পরের দিনই ফেরত দিলেন, 'অসাধারণ ভালো বই—শুধু পড়ো না এর বিষয়বস্তুতে যা আছে—লিখবে তা নিয়ে—আপন চিন্তার আদানে।

একটা কথা, বই ফেরত নেওয়া নিয়ে, পরবর্তীকালে—মজার ঘটনা শুনিয়েছিলাম—করুণাকেতনকে, সাধারণ ব্রাহ্ম-সমাজের এক উপাসনার—সন্ধ্যায়। উনি তখন এর কার্যনির্বাহী আচার্য। কথায় কথায় জানতে চান, 'বনফুলকে কেমন লাগে।'

উত্তরে বলি, 'ভালোই। তবে ওয়ান বুক ক্রিয়েটর, নাম জঙ্গম। সাহিত্যের ভাড়ারে স্থায়ী সাধক। তবে আর অন্যগুলো নয়।'

এতদিনে কে. কে-কে কাকু বলে সম্বোধন করি। তাই রেশ ধরাতে বলি—রীগার্ডিঙ্ রির্টান অব বুক, অর বুকস। —'বুঝলেন কাকু, আপনি কারুর কাছ থেকে

বই ধার নিতে চান না। কারণ ফেরত দিতে যদি অনিচ্ছাকৃত নয়ই, ইচ্ছাকৃতভাবে দেরি হয়। কী ফেরত দিতে ভুলেই গেলাম। তবে আর কী, ফেরতই দিয়ো।

'জানেন কাকু, বাষট্টিতে বনফুল মানে বলাইবাবু সিংহীবাগানে বড় ছেলের কোয়ার্টারে উঠেছেন। ফ্ল্যাট আর কী। ছেলে মেডিকেলে ডিমন্‌স্ট্রেটর। অবাক লাগে, বাবা আর মা জানালেন, অল্প বয়সেই সহকারী অধ্যাপক। কিন্তু বনফুল খেয়াল রাখেননি এখনকার অধ্যক্ষ তখন আমারই পাড়াতুতো দাদা। যাক আসল কথা। বলাইবাবুর ইচ্ছে—লেপারদের জীবন ও সমাজ নিয়ে একখানা বই লিখবেন। আমার কাছে হেল্প চাইলেন। ওই বিষয়ী কোনো বই জানা আছে কিনা।'

কে. কে বললেন, 'এই সেই বাবাকে পড়তে দেওয়া বইটা নিশ্চয়ই। 'এ কীস ফর দ্য লেপার'। দেখলে তো অশোক, এত দিন পরেও মনে রেখেছি। হাসলেন, আর বললেন, 'কেমন স্মৃতিতে ধরে রাখার ব্যাপারে আমিও তোমার থেকে কম নই, কী বলো?'

দাঁত আছে আবারো দাঁত নেই কে.কে-র মুখের সেই তৃপ্তিধর হাসিটা আজও ভাসছে চোখের সামনে। 'তারপর' কে. কে-র উৎসাহ দারুণ তা জানত। ন্যাশনাল থেকে বইটা ইস্যু করিয়ে তার বাসায় এলুম। জানিয়ে এলুম, মেয়াদ পনেরো দিনের। ফেরৎ দেবেন মনে করে।

তখন ক'জনের বাড়িতে ফোন ছিল—তা গুনে বলা যেত। বনফুলের ছেলের ফোন ছিল না। তাতে সুবিধেই হয়েছিল, তাগাদা দেওয়ার সুযোগ নেই। দু-সপ্তাহ গেল। এক মাস যেতে যেতে, তিন মাস হল। মারিয়াকের ফেরতে কোনো পাত্তা নেই। স্বয়ং বনফুল দু সপ্তার মাথাতেই ভাগলপুরী হোয়ে যান, কিন্তু আমায় ভুলেই যেন। এক প্রকাশক বোধ হয় গোপাল মজুমদার মশাই বাজারি পরিচিতি আছে জেনেই আগাম পর পর যেন সব বইগুলি ছাপার বরাত আর কেউ নয়, তিনিই যেন পান—সেই কড়ারে—গাড়ীহীন বলাইবাবুকে—ঝকঝকে তকতকে ক্রীম-রঙি একটা নতুন অ্যামবাসাডার -উপহার দেয়—বিনামূল্যে। যেন এও যৌতুক। গাড়ি চড়ে মুলুক বিহারে—সস্ত্রীক পাড়ি। আর কিন্তু আর ওই গোপালবাবুর ভাগ্যে আর একখানাও নতুন বনফুল জোটেনি। ব্যস? নো ডকুমেন্টশ। এ হার সাহিত্যিকের অসাহিত্যকোচিত স্ল্যাপ। মার!

ডাক্তার ছেলের বাড়িতে হাজির। বইয়ের জন্য। 'ধের মশাই। বই ফেরত পেয়ে আজ এতদিন পরে বলছেন বই পাইনি। একজন ফার্স্ট ক্লাস লায়ার। বাবা কখনো এ কাজ করতে পারেন না। আপনি ঠকাতে এসেছেন।' যখন বলছেন ও কথা লেখক-তনয়—তখন ছোট্ট ফ্ল্যাটের জন্য দরজার সামনেই রাখা—ফেলে দেয়ার ও কাগজপত্তরে দেখি, মারিয়াক সাহেব উঁকি মেরে হাসছেন—হাঁস-ফাঁসে মুক্তি পেতে।

এক ঝটকায় হাত বাড়িয়ে বইটা নিতেই, 'এটা কী এটা কী'! জানেন, পুলিশে জানাতে পারি, হাতকড়া পরাব হাতে।' ভুলের তবু লজ্জা নেই। কোয়ার্টারের লোক ডেকে আপনাকে ট্র্যাসপাসার হিসেবে ধরিয়ে দিতে পারি। ধের মশাই তা জানেন।'

'দিন না, দিন না', আর কথা না বাড়িয়ে—বনফুলী ব্যড ওভার এড়াতে সিঁড়ি বেয়ে বাইরে চলে আসি—ঝরাফুল, বাসীফুল—যেন আর কস্মিনে এভাবে না দেখতে হয়।

আই. সি. এস-রা কিন্তু এই সব পেটি ব্যাপারে বিব্রত-বোধ করে। তাই কে. কে—খুবই বিশ্রী মনে করেই বলেছিলেন, 'শেমফুল ডিড। কেয়ারলেস টপ্ টু বটম্, ছিঃ।'

আর একটু। ভাবনুসরণ, না আত্মস্থীকরণ মারিয়াককে বনফুলেতে—তা আর আমায় কৌতূহলী রাখেনি। এই বইয়ের সাহায্যে ও সান্নিধ্য স্বীকারে লিখেছিলেন, 'মানসপুর'। বইটি প্রকাশক দিয়েছিলেন। বইটি পড়ার আগ্রহ আজও পাইনি। সংগ্রহে রেখেছি—মনোরম গেট-আপের জন্য।

রসবোধ্যে বোদ্ধা ছিলেন—কে কে.। সুযোগ পেলে তারিয়ে তার রসায়ন দেখাতেন। এই বই ধার নিয়ে ফেরত না দেওয়া প্রসঙ্গে বলতেন, করুণাকেতন—'বাংলা বর্ণের স্বরবর্ণীয় উ আর ই থেকে সাবধান থেকো। বই বা বউ যদি নিজের থেকে একবারটি হাতছাড়া হয়, তাহলে গেছ বাবা। কেউই অতি সহজে সরল পথে আসে না—ফেরত!' সেই হাসি, দাঁত নেই আবার দাঁত আছের।

হালফিলের কে. কে-র চেহারায় ফর্সা তনুরাগ বিবর্তিত ছিল—শ্যাম বরণে। বেশটি মলিন। তার কারণ—রোদে রোদে ঘোরাফেরায়—অস্বাভাবিক গরমে। স্ত্রী বাড়িতে তখন আধিব্যাধিতে জর্জরিতা। ওষুধ আর ডাক্তার। কাজের লোককে তদারকিতে রেখে উনি তাড়াতাড়ি লাঞ্চ গ্রহণান্তে বেরিয়ে পড়তেন। এখানে ওখানে ইতিউতি গেলেও প্রায় বিভিন্ন মিটিং অ্যাটেন্ড করতেন। গাড়ি-জুড়ি বিক্রি করে দেন। পাঁয়ে হেঁটে চলতেই ভালোবাসতেন।

অনেকদিনের অদর্শনের পর ওঁনাকে দেখি এ. জে. সি. বোস রোডের বুলেভার্ডে উঠে দাঁড়িয়ে আছেন—আর এক পারে—যাবার জন্য। চেহারায় ইচ্ছাকৃত আটপৌরীভাব। ময়লা ট্রাউজার। আকাশী রঙের হাওয়াই শার্ট। পায়ে পট্টি লাগানো হাওয়াই চটি। মুখে পাইপ। তাও তালি মারা—তামার। কাঁধে ঝুলছে কাপড়ের সাইড ব্যাগ। হাতে তিন-চারখানা বই, কষ্ট হলেও ভার বইতে—খুশিতেই যেন আটকে রেখেছেন। পড়ি পড়ি। বুঝলাম, ব্রিটিশ কাউন্সিল থেকে ফিরছেন। বাড়ির পথেই। ল্যান্সডাউন ধরে সামনে এগোলে পেয়ে যাবে অনেকটা পথ অতিক্রমান্তে—ডানহাতি

রাজা বসন্ত রায় রোড। খান কয় বাড়ির পরে ওনার পৈতৃক বসত। হাঁটবেন। হেঁটে হেঁটেই যাবেন। আর ফিরবেনও। কেউ যদি লিফট দেয়, তবে অন্য কথা।

বিদেশী পোশাক ছেড়ে শেষের দিকটায় উনি ধুতি-পাঞ্জাবীতেই বেশি সহজ বোধ করতেন। পোশাক পরার ব্যাপারে ছিলেন—নজরহীন। কাপড় কখনও কাচা, তা হলে পাঞ্জাবী থাকত ময়লা। দেখা যেত মাটি অবধি ঝুলছে সামনের কুঁচনো কোঁচা। কাছাটা অতি টাইট মেরে গোঁজা। ভিজাঁ ভেঁ। আবার কোনোদিন পেছনের কাছাটা। ঢিলেঢালা লুটপুটুনীতে। সামনের কোঁচা খাটোতে উঁচু হয়ে ঝুলছে। কাঁধে ব্যাগ। চশমা-কলম, আর চেক বইটা সবসময়ই তাতে থাকবে। আর খানকয় বই। নো ছাতি বাহন। ঝড়ে-জলে-রোদে চলছেন নির্বিকারে। কোনোদিন সিটি গ্রুপ অব কলেজেস-এর গভর্নিং বডির প্রেসিডেন্ট হিসেবে আমহার্স্ট স্ট্রিট পৌঁছে গেলেন—পাঁয়ে হেঁটেই। অতটা লম্বা টানা পথ দিত না যেন কোনো অস্বস্তি কে. কে.-কে। আবার সাধারণ ব্রাহ্ম সমাজের অধ্যক্ষ হিসেবে তেমনিভাবে এসে হাজির হতেন—কর্নওয়ালিশ পর্যন্ত। আর ভবানীপুরের দুটো প্রিয় জায়গা ছিল তাঁর পায়ে হেঁটেই আসা-যাওয়ার পথ। একটি ডা. রাজেন্দ্র রোডের ভবানীপুর সম্মিলনী ব্রাহ্মসমাজ। যার অধ্যক্ষ তখন তিনি। আর কথায় আছে না—শ্বশুরবাড়ি মথুরাপুরী—সেই ভবানীপুরের প্রান্তসীমানায় শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিটের—দত্তবাড়ি খুবই যেতেন। ওই ঢিলেঢালা মেজাজে। স্ত্রী অনেকদিন প্রয়াতা। তবু টানে টানে এই বৃদ্ধ আই. সি. এস. যেতেন সেথা—নিশ্চয়ই মধুরা স্মৃতির হাতছানিতে—কস্প্রবক্ষে কী—যিনি জবরদস্ত সাহেব সিভিলিয়ান ছিলেন। তাও আবারোয় ভুলেভালে কী?

জীবনে যৌবনকাল ধন্য হয়, হয় বরেণ্য যুবকের সাথে যুবতীর সাত পথ পরিক্রমণে সপ্তপদীর রচনায়—হয় তা অচেনায়। নয় তো চেনায়। আই. সি. এস. কে কে সেন বলেছেনও সে কথা সুযোগ পেলেই। এটা ওঁনার জীবনদর্শন—বাই রীজন্। বাই রিয়েলিটি।

'বিয়ে করবে যাকে তার থেকে যেন ছেলেটি বেশি বয়সীর না হয়। বেশি এজ্—ফারাক তৈরি করে। ইট্ মারস্ দ্য মোটো অফ আন্ডারস্ট্যান্ডিং—ফর বোথ।

তারপরেই নিজের কথায় যান ব্যুরোক্রেট সেন, জবরদস্ত প্রশাসক। মানসিকভাবে যিনি মানাতে পারেননি আপন স্ত্রীর থেকে নিজের বয়সী ব্যবধানী—অনেকগুলো বছরকে।

গল্পটা এই। আই. সি. এস. কে. কে তখনো ব্যাচেলার। পোস্টিং হল নদী নালা-জলা—আর আইতে শাল যাইতে শাল—সেই বরিশালে। অ্যাক্টিং ডি. এম. হিসেবে। বিয়ে করার মোটিভ ছিল কী না ছিল তাই নিয়ে মাথাব্যথা ছিল না কে. কে-র। অন্তত তখনও। অঘটন ঘটল—জেলা গার্লস স্কুলের খুবই অল্পবয়েসিনী

অবিবাহিতা—ব্রতে বিশ্বাসী—সুশ্রী প্রধানা শিক্ষিকা। বয়েস চব্বিশ। আর ওনার তখন পঁয়ত্রিশ শেষ হয় হয়। স্কুলের পদাধিকারবলে ডি. এম-রা হতেন সভাপতি—ম্যানেজিং কমিটির। সে বছর বাৎরিক উৎসবে আমন্ত্রিত—সেন কে. কে। সভাপতির ভাষণে তরুণ হাকিম বক্তব্যে মেয়েদের শিক্ষা বনাম স্বাধীনতা নিয়ে—কিছু য়্যাডভার্সে বলে যান। যা সত্যি মানতে পারেননি এইচ. এম. মিস দত্ত। উনি ওনার কথা বলতে উঠে হাকিম সাহেবের রাখা অপচ্ছন্দনীয় বক্তব্যগুলোকে—চোখা চোখা শাণিত কথার ভিয়েনে—এক এক করে খন্ডন করে যান—ভোট অব থ্যাঙ্কসকে বেমালুম ভুলে—সরিয়ে দিয়ে। একবারও সেনের দিকে তাকাননি—লজ্জায় আর মেয়েলি আক্রোশে।

যাক্। 'জানো অশোক, তুমি লেখক। ইউ উইল ফিল ইট বেটার। উনি, মানে সেদিনের মিস দত্ত কীভাবে যে আমাকে আমার কৌমার্যকে একেবারে ঝাঝরা করে দিল তার উত্তর আজও পাইনি। বাবার অনুমতি, মায়ের আশীর্বাদ পেতেই আমাদের বিয়েটা হয়ে যায়।' থামেন, আবার বলেন—'এ পর্যন্ত সব ভালোই ছিল। বাধ সাধলো বিবাহিত জীবন বোঝাবুঝির চেষ্টায় তখন সাড়া না দেওয়ায়—'আমার আপন কথায় এই উপলব্ধি পেলাম, বয়সের অনেক তফাৎ অস্বস্তির কারণে গড়ায়। ডরায় একে অপরকে। জানবে দেহের বন্ধু সহজেই হওয়া যায়—কিন্তু নেভার এভার মনের সখা হতে চেয়ে—সখ্যতা মেলে না। বয়সে বড় হওয়ায় প্রভুত্বগিরি মাথা চাড়া দেয়। অন্যের প্রতি, স্ত্রীর প্রতি। মস্ত অভাব যা তার আয়ত্তে নেই, তাই বলি। এমন বয়সী ফারাক না থাকই ভালো।'

'বলতে পারো, ভারত বেড়াতে এসে সংস্কৃতির বিনিময় করার ফাঁকে—ওই কাকুৎসু ওকাকুরা গান্ধীজীর নির্দেশে বিবেকানন্দের সাথে দেখা হয়—যার পর ওই বিবেকানন্দেরই কথায় জোড়াসাঁকোয় এসে নতুন দুনিয়ার খোঁজ পান। আর এই ঠাকুরবাড়ির কাউকে দেখে রবীন্দ্রনাথ ছাড়া—জানো কাকে বলেছিলেন, ভারত স্বাধীনতা পেলে আপনিই মুকুট পরা সম্রাটের উপযুক্ত!'

কে. কে-র উত্তরে জানাই, 'রবির প্রিয়তম ভাইপো, আদরের সুরি—বাবা মানে সুরেন্দ্রনাথ ঠাকুরকে—প্রথম আই সি. এস সত্যেন ঠাকুরের যিনি একমাত্র পুত্র।'

কিন্তু যার শেষ ভালো নয়, তার সব কীভাবে বলো ভালো হতে পারে? কে. কে বলেন—'সুরেন ঠাকুরের বিয়ের জন্যে নির্বাচিত হয় খোদ কুঁচবিহারের বড় রাজকন্যার সাথে। কিন্তু হল না বাস্তবায়িত। রাজকন্যা যে কেশবচন্দ্র সেনের নাতনি। বড় মেয়ে মহারানী সুনীতীদেবীর বড় মেয়ে। তাত্ত্বিক সংঘর্ষ ধর্মানুচারণে। তাই বাদ সাধলেন দাদু মহর্ষি দেবেন ঠাকুর—'নো, নট পশেবল। রিফিউজড্ দ্য প্রোপোজাল অফ স্যার নৃনেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর।' পাত্রী ঠিক আছে। কল্যাণীয়া সঙ্গা। বিখ্যাত

সংস্কৃত পণ্ডিতের কন্যা। দাদুর কথাই মান্য নাতির জন্য। জানো অশোক, রাজপুত্রের মতো সুপুরুষ আর সুপণ্ডিত সুরেন ঠাকুরের বিয়ে হয়ে গেল—চৌদ্দ বছরের ছোট ওই মেয়েটির সাথে। এর উপসংহার, জানো অত বড় জ্ঞানী ব্যক্তি—আপন মনের কাছে গুমড়াতে থেকে—মরে গেল। মনহীন অন্যমনস্কে বিরাট মাপেতে আর আরোহণ না করে, অবতরণে গেলেন। তিন কন্যা ও চার পুত্রের জনক হয়েই ফুরিয়ে গেলেন—সব হারানোর দেশেতে। রবিকা-র রাশিয়া সফরের ভাইপো-কাম-সচিব, 'গীতাঞ্জলি' তৈরির সময় নানান সহযোগিতার প্রদানকারী এই সুরেন ঠাকুর—'বিশ্বমানবের লক্ষ্মীলাভ' নামের গ্রন্থটি রচনার মধ্য দিয়ে।

'জানোতো সুরেন ঠাকুর সবাইকে বলতেন 'ডোণ্ট ডু দ্য ব্লাণ্ডার লাইক মি, বিবাহটা মনেরও, শুধু ফিজিক্যাল নয়। শোনো, স্বামী স্ত্রী বিয়ের মধ্যে দিয়ে যদি চায় সত্যিকারের সহযোগী বন্ধু হতে—একে অপরের আশা অভাবকে আর অভাব না রেখে, তবে তা হলে—বয়েসটার দিকে নজর রেখো। বয়েসী তারতাম্যতা যেন খুবই কম হয়।'

'ভাবতে খারাপ লাগে। মহর্ষি দাদু যদি—প্রিয় নাতি এই রবিকা-র চোখের মণি সুরি-বাবাকে কুঁচ-রাজকন্যার শিক্ষা, মাধুর্য ও সৌন্দর্যের সাথে—গাঁটছড়া বাঁধতে সাহায্য করতেন, তা হলে ঠাকুরবাড়ি—আর একজন বিশ্বখ্যাত ব্যক্তিত্বকে অর্জন করতেন। নিশ্চয়ই।'

আক্ষেপের ভাগীদার আমরাও। তবে বেশি ভাবিত ছিলেন—শ্রীযুক্ত কে. কে।

স্টিল ফ্রেমের আই. সি. এস ক্যাডারের মেম্বারদের মধ্যে—সমঝোতা ছিল সবারই সাথে সবাকার। বড় হোক, ছোট হোক, বয়সের সিনিয়ারিটি বা জুনিয়ারিটির তোয়াক্কা কেউই করতেন না। একে অপরের কাজের, সার্ভিসের প্রতি—থাকতেন ও ছিলেন—শ্রদ্ধাযুক্ত। সুসহযোগী, সমব্যথী।

রায় গুণাকর অন্নদাশঙ্করকে দাদার মতো শ্রদ্ধা করতেন। ওনার সাথে ব্যাচ্‌মেট্ হয়ে আরও ছ-জন বাঙালি আই. সি. এস. হন। বিলেতে থেকে পরীক্ষা দেন—সুবিমল দত্ত ও করুণাকুমার হাজরা। আর ভারত থেকে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সাগর পারে পাড়ি দেন—অন্নদা সহ—দ্বিজেন্দ্রলাল মজুমদার, রবি মিত্র, হিরন্ময় ব্যানার্জী এবং বীরেন্দ্রনাথ চক্রবর্তী। শেষোক্ত বীরেন তাঁর কর্মজীবনের শেষে লাস্ট বাট লাস্ট ওয়ানে—যথাক্রমে ছিলেন—রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি, আর হরিয়ানা রাজ্যের এইচ. ই. গভর্নর।

'সাত সাত বাঙালীর একই ব্যাচেতে আই. সি. এস হওয়া—সাংঘাতিক কোয়েনসিডেন্স। আমার বছর আমি আর রবি, মানে রবিচন্দ্র দত্ত। ভারতের দ্বিতীয় আই. সি. এস. মহান মনীষী ও অর্থনীতির এ দেশীয় প্রথম প্রবক্তা—রমেশচন্দ্র

দত্তর নাতি। আর আমার পরে পরেই কজন স্বকীয় সত্ত্বার সাহিত্যিক আই. সি. এস. হন। একজন দেবেশচন্দ্র দাশ, অন্যজন অশোক মিত্র। আর জেনে রেখো অশোক—বিখ্যাত স্যার নীলরতন সরকারের প্রিয় নাতি, বন্ধুবর মনীষীমোহন সেন মোটেই নন শেষ আই. সি. এস—এরকম একটা প্রচার আছে। এটা সর্বৈব ভুল। শেষ মানে, ভারতীয়দের মধ্যে সেই শেষ বছর একজনই উত্তীর্ণ হন এই সিভিলিয়ানী পরীক্ষায়। তিনি ভারতের প্রাক্তন ক্যাবিনেট সচিব—নির্মলকুমার মুখোপাধ্যায়। গৌরব তো বটেই, আই. সি. এস-এর ইতিহাস রচিত হয়েছিল যার সেই হেভেন বর্ন সার্ভিসের প্রথম-জন—বাঙালি—আর শেষ হওয়ার বছর—শেষ-জনও বাঙালি।

'লীলাদি, মানে লীলা রায় তো তোমার কাছে মাসীমার আসনে বসা। যেমন—তোমার কাকু। এমন সম্পর্ক মধুর। আরও মধুর। তুমি যেমনভাবে আমাদের সার্ভিসের প্রায় সবারই সাথে একটা না একটা সম্পর্কের সম্বোধনে টানতে পেরেছো, এটা চাট্টি খানি কথা নয়। এটা অসাধারণ ক্ষমতা, যা তোমার মধ্যে আছে। জানো তো—স্টিল ফ্রেমের এই মানুষেরা তাঁদের হেভেন-বর্ন সার্ভিসের বাইরে কারুর সাথে আত্মীয়তা তো দূরের কথা—পরিচিতিটুকু পর্যন্ত নিতে অপরাগ। এটা দোষও হতে পারে, গুণও হতে পারে। তার জন্য আমাদের কোনো অভাববোধ ছিল না। যা বলছিলাম—লীলাদি, কিছু মনে কোরো না, ওয়াজ স্যাপ্রেসড্ টোটালি বাই অন্নদাবাবু। জায়া বিদেশিনী হলেও যে কোনো কালচার্ড ফ্যামিলির বাঙালি বধূকে—নিজের কাছে—সব ব্যাপারেই হার মানিয়ে গেছেন। সী ওয়াজ মোর অ্যান্ড মোর দ্যান বেঙ্গলি মাদার—ইন য়্যাফেকশন্ ইভেন ইন্ কম্প্যাশন্। অন্নদাবাবুর মুখ চেয়েই ভারতীয় নারীরই যিনি আদর্শ হয়ে—নিজের সব প্রতিভা অটুট থাকা সত্ত্বেও—লীলাদি তাঁর আদর্শ বাঁচাতে কখেনোই অন্নদাবাবুকে ছাড়িয়ে—এগিয়ে যেতে চাননি।'

শেষ দেখা মাঘোৎসবে, সাধারণ ব্রাহ্মসমাজে। দুপুরে ভোজনে—পাশাপাশি বসা ওপরের হলে। ডানদিকে উনি। বামদিকে ভোজনবিলাসী সদ্য প্রয়াত মিথু দাশগুপ্ত, ভালো নামে পি. কে, হ্যাঁ, পি. কে দাশগুপ্ত আর একজন আই. সি. এস। গান্ডেরিয়ার মানুষ—যিনি কেন্দ্রে স্টেট্ ট্রেডিং কর্পোরেশন গঠিত হলে ফার্স্ট চয়েস হিসেবে মিথু-ই তার প্রথম চেয়ারম্যান হন। রসিক লোক। খাওয়া নিয়ে ইংরেজিতে এক বই লিখেছেন, নাম 'পালেটেবল বেঙ্গলী ডিসেস'। প্রকাশিকা স্বয়ং লেডি রমলা সিংহ, যিনি নিজে খেতেন না কিছুই—কিন্তু অন্যকে খাওয়াতে ভালোবাসতেন। রমলামাসী লর্ড এস. পি. সিংহের ছোট ছেলে—অনারেবল সুশীল সিংহ, আই. সি. এস-র পত্নী ও প্রীভি-কাউন্সিলর—আই সি. এস. স্যার বসন্তকুমার মল্লিকের ভাইঝি।

খাচ্ছি। একটা সাদা ধবধবে বেড়াল সামনের খোলা ছাদ থেকে এসে হাজির, ভয়কে তোয়াক্কা না করেই আমারই সামনায়। নোবেল্ লোরিয়েট্ জীববিজ্ঞানী স্যার

জে. বি. এস. হগলডেন আমায় বলেছিলেন 'আম্রপালী' তে—কয়জনের মধ্যে কে বেড়াল পোষে তা ওরা —মানে ক্যাটকুল সহজেই ঘ্রাণ থেকে বুঝতে পারে। যে ভালোবাসে তার শরীরে—পোষাদের ছোঁয়া গন্ধ থাকে। আর থাকে সেই ছোঁয়ার গন্ধ, যা মানুষ পায় না, কিন্তু বেড়ালেরা পায়—বেশদূর থেকেই। তাই অকুতোভয়ে কাছে আসতে সাহস পায়।'

'তুমিও বেড়াল পোষো'। কে. কে. খেতে খেতে সামনের এটাকে দেখিয়ে দাঁত নেই দাঁত আছেরই অধরে হাসির ঝিলিক নাচিয়ে বললেন—'মিথু (পি. কে-কে) অশোকও তোমারই পাড়ার কাছের লোক। এর বাড়িতে অনেক বেড়াল এরই পোষ্য। ফাইন চয়েস পশু-পক্ষীর ক্ষেত্রে। মিথু, আমাদের ভুলা মহলানবীশেরও (প্রশান্ত) অনেক পোষ্য ছিল। রানীদি দেখতেন। হ্যালডেন অন্ন দিতেন। এদেরই মধ্যে একটি নাদুসী কালো বেড়াল—হ্যালডেন্ দম্পতির পোষা হয়ে যায়। আগের প্রভুকে বাদ দিয়ে পায় নতুন প্রভু। জে. বি. এস. নাম দেয় কালো বলে—'ইঙ্কা।' তো খুব মজাদার খেলায় মাতত।—বিরাট মেহগনির দরোজার ওপরের একটি তাকে থাকত। নতুন কেউ হ্যালডেনদের ঘরে ঢোকা মাত্র ব্যাস তক্ষুনি লাফ তার ঘাড়ে, তাকে ভড়কাতে। আমারও তাই হয়েছিল বার কয়।

হাসি আর হাসি। পেটুক আমাকে নিজে হাতে জিলিপি আর বোঁদে—তুলে তুলে দেন। এরা খানদান খাবার না হলেও—প্যালেটবল।—আবার হাসি।

প্রসঙ্গ মার্জার। মানেটা মেশা নয়, মিলে যাওয়াও নয়। অর্থে—ক্যাট কীটেন—বেড়ালেরা। কাকু কে. কে. শেষ দিকে একাকী আপন নিভৃতির নিঃসঙ্গতা কাটাতে—বেড়াল ভালোবাসতেন। বড় বাড়ি, তখন স্ত্রী নেই। দুই পুত্র অন্য পৃথিবার আশ্রয়ে। বৌমা দেবীকা থাকেন অন্যত্র। 'বেড়ালেরাই এখন আমার সময় কাটিয়ে দেয়। বই পড়ি। কিন্তু পড়ছি যখন খোলা বই-এর ওপর ঝুপ করে কেউ এসে বসে পড়ল। ব্যাস, পড়া বন্ধ হলো। করো এবার মর্জিমাফিক সারা শরীরে হাত বুলোনার কাজ।' কে. কে-র মুখে সেই হাসি। বলেন, 'অন্নদাবাবু তোমার বাড়িতে জন্মানো প্রথম দুটি বেড়াল-কন্যের নাম দিয়েছিলেন—টিপসী ও জিপসী। আর লীলাদি টিপসীর দুই কন্যের নামকরণ করেছিলেন—চুনীয়া ও মুনীয়া। তা বলি অশোক—শুনছি ওদের সমবয়সী একটু বড় দুটি মামা আছে। নাম দাওনি তো। আমি তাহলে দিচ্ছি—জনি আর টনি। ভালো বেশ। সাহেবী গন্ধ আছে।' হাসি আলোয় ঝলসাচ্ছিল শেষ বারের জন্য কবি কে. কে. সেন, হ্যাঁ স্টিল ফ্রেমি সিভিলিয়নে—'তুমি তো ভাগ্যবান। তোমার বেড়ালদের নাম-দাতা আমরা দুজন আই. সি. এস-রা। এর একজন আমাদেরই স্ত্রী। দারুণ কথা।'

যাক, মার্জার কথা। ওরা, মানে তাদের ছজনাই আজ আর নেই। শেষ দরবারে কাকু করুণাকেতন জেনে বলেন, 'আমরাও তো যাই। ওরা আর বাদ যায় কী

সৃষ্টিকর্তার ইচ্ছে থেকে।' বলেছিলাম, 'কবিতার ভেতরে ভেতরে ওদের প্রত্যেককে নিজ নিজ পরিচিত সমেত এক একজনার নামে—কিছু লেখালেখি করছি। একেবারে নতুন চেহারায়। তুমি তো জানো কাকু, ডা. হ্যালডেন সেই কবে সাতান্নয় আমায় দিব্যি দিয়ে রেখেছেন, যেন যাতে আমারই কিছু সাহিত্যে ওরা স্থান পায়, অবশ্যই।' আপন অ্যানিম্যালী মাহাত্মে আর অ্যানালিসিসে—আজ তাই করছি।' 'বেশ-বেশ'। বলেন, 'আমায় তা দেখিও।' হ্যাঁ, দেখিয়েছিলাম। আমার মোস্ট প্যাট ক্যাট চুনীকে নিয়ে রচিত—লেখা কবিতা। এই চুনীই পরে —তার জন্য অভাববোধ থেকে—এসব লেখাতে, কবিতার কাড়িকুড়িতে ছিলো প্রেরণা। শুনে ও দেখে বলেছিলেন কাকু কে. কে—'একেবারে নতুন জিনিস। কবিতার ঘরানায়। থেমো না। চালিয়ে যেয়ো। পিপল মাস্ট র‍্যালিশ কাম্‌লি ইটস্ ইনার গাস্টো অ্যান্ড ফ্লেভার।' বলি একথাও কিন্তু এমনিভাবে কাকুর মতোই বলেছিলেন—ওই ওই কবিতারই প্রসঙ্গে—কাকু-কাম-মেসোমশাই, রায়গুণাকর অন্নদাশঙ্কর রায় ও আর মাসীমা লীলা রায়ও।

লেখা এবারটি শেষের শেষ ধাপে উপনীত। মনে আছে কাকু কে. কে. তখন কথাশিল্পী লিও লটস্টয়ের দারুণ ভক্ত ছিলেন। 'ওয়ার অ্যান্ড পীস' আর 'রেজারেকশন্' দুটোই ছিল—হাই প্রোফাইলের। ওঁনার প্রিয় বিষয়। কিন্তু 'ফ্যামিলি হ্যাপিনেস' নিয়ে বেশিরকম সোচ্চার ছিলেন। বলতেন কে. কে—'পারো তো এটি বাংলায় তর্জমা কোরো।' তাই আজ এ লগ্নে এ মুহূর্তে মনে পড়ছে এ কাজ আমি না করলেও আমাদের অকৃত্রিম দাদামণি, বিলেতপ্রবাসী, সেই বিলেত দেশটা মাটির ছোঁয়ায়—আজ এখান থেকে মহতী সাহিত্যায়ানে প্রয়াসী আপন আন্তরিক প্রচেষ্টায়। সবাই জানে—ছয় খণ্ডে 'ওয়ার অ্যান্ড পীস' এর বঙ্গানুকরণ হোচ্ছে। তাতেই তিনি ক্ষান্ত নন। আপন মনের মাধুরী মিশায়ে 'হোয়াই টলস্টয়' চিন্তনে আর বিন্তনী হিন্তনে মিলনে অরিজিন্যাল লেখী-সাহিত্যে নেমেছেন এই নামে। তিন খন্ডের সমানী জরীপে। প্রথমটি বেরিয়েছে। খুবই উৎসাহোদ্দীপ। আজ তাই করুণাকেতনের শেষে সমাপ্তি টানতে গিয়ে বলছি, 'উনি আজ থাকলে খুবই খুশি হতেন। শ্রীঅজিত চট্টোপাধ্যায়ের এই মহতী কাজ ও তার সাধ্যীয় সাধনা দেখে।

৯ অক্টোবর, ২০০৪ (লক্ষ্মীপুজোর দিন)
প্যাট্ কীটেন্ গুগলীর চলে যাওয়ার দিনে।
কুইন ক্যাট মার্শাল্নী টিটোর ছোটো ছেলে।

পলাশের লাল রঙ্

রমায়তী আদরের শুচিস্মিতা সন্ধ্যা মুখোপাধ্যায়, সুচরিতাযুকে—

খোলা বারান্দায় তখন বসন্ত-বিহ্বল হওয়া সন্ধ্যার রূপোলী চাঁদের সুষমার মধ্যে বসেছে—তারা দু'জনা।

বসে আছে তারা এক জোড়া কপোত-কপোতীর মতো মধুমাসের কল্-কূজনতায় মুখর হ'য়ে। জ্যোৎস্নায় স্নান করা সন্ধ্যার রূপোলী আলোর রঙীন ঝল্‌মলানিতে তাদের দু'জনাকে দেখাচ্ছে বড় বেশী—নয়নাভিরাম। বড় বেশী মধুরতায়—রিমঝিমানো।

বাসন্তী চাঁদের সুধা মেখেছে সমস্ত দেহ ভরিয়ে, আর মন রাঙিয়ে—তারা দুই রূপদর্শন যুবক ছেলে, —আর তারই শত আবদার জানানোর, আদর দেওয়ানোর সেই শত রূপে শত বার কোরো দেখা—যুবতী মেয়েটি।

ঋতুবিচিত্রার পরিণয়ে আশ্লেষ-বাঁধা—তারা একজন আর্য্যপুত্র বর।—আর অপরজনা হোল তারই—বরনারী প্রিয়া।

দু'জনা তারা। শুধু দু'জনা।

দুটি দেহ। দুটি মন। অবশ্য একে ও অপরের আলাদা হোলেও—স্বত্বে আর অস্তিত্বে—ওরা হোল এক। তখন আর দুই নয়।

ঠিক—একই অস্তিত্ব। যেন—এক অঙ্গে থাকা একই রূপ!—দু'জনারই।

ওরা দু'জনা, মানে—বরপুরুষ অরিজিতের। আর তারই বরনারী অশোকার।

বারান্দার রেলিঙের ধার ধরে বসানো ফুলের টব্‌গুলোকে ছুঁয়ে গেছে রজনীগন্ধার কুঁড়ি ফোটাবার জন্য রাতের আগমনী গান গেয়ে চলা—মর্ম্মর বাতাস।

সেই মর্ম্মর কার বাতাসের শন্ শন্ গতির চঞ্চল তাড়নায় নিজেদের ফুটিয়ে তুলেছে রজনীগন্ধারা। আর ছড়িয়ে ছড়িয়ে দিচ্ছে তাদের অশেষ পরাগের সুবাসখানাকে। সে সুরভির মদিরতায় তারা দু'জনা তখন বিভোর।

তারা বসে আছে নীল ভেলভেটিনের চাদরে ঢাকা একখানা ডিভানের ওপরে।

দু'জনার এই সময়টায় বসে থাকার ভঙ্গীমটুকু যে কোন শিল্পীর তুলির টানে টানে ক্যানভাসের ওপরে চিত্র হয়ে ব্যাঞ্জনা দিতে পারে—এক যুগল-দম্পতিরই। ওদেরই প্রণয়েতে সপ্রগল্‌ভিত থাকা আনন্দেরই এক নিরালা ঘেরা নিঝুম মুহূর্তকে।

আকাশ রঙীন দেওয়ালেতে ঠেসান দিয়ে অরিজিতের বসবার ভঙ্গি। তার গায়ে ঘিয়ে রঙীন রেশমের তৈরী শৌখিন পাঞ্জাবি। রূপোলী আলোর ঝলকানি লেগে জামার রঙ আরো রঙীন হয়ে আছে ঝল্‌মলে ভাবখানা নিয়ে। ধুতির কড়া মাঞ্জা লাগানো পাড়েতে—চুনোট করা রয়েছে। পাট পাট ক'রে ভাঁজ করা কোঁচার প্রান্তে তৈরী

ফুলখানা—একটু তফাতে নীল ভেলভেটেডর মধ্যে ছড়িয়ে পড়েছে—বিস্তৃত হয়ে খুলে যাওয়ায়। বসে আছে নিজের শরীরের ডান দিকে, একটুখানি হেলে। কাত হ'য়ে।—আর বরনারী অশোকা—তার বর-পুরুষের বুকেতে আরাম ভরিয়ে হেলান দিয়ে বসে থেকে ডিভানের নীল আচ্ছাদনের ওপর—পা দু'খানা মুড়ে নিয়ে শাড়ীর আবরণীতে রেখেছে আবৃত। প্রিয়া যুবতীর ঐ সময়কার আনন্দ-সায়রেতে ডগ্‌মগ্ করা শরীরের লাজুক লাজুক ভাবেতে পরিপূর্ণা যৌবনাভারখানাকে—প্রিয় তার নিজের বুকেতে সেখানকার স্নিগ্ধতা ভরা কামনার মায়া-জালেতে করিয়েছে বন্দী। অমন ভাবের একান্ত অন্তরঙ্গতার মধ্যে বেঁধে রাখবার জন্যই অরিজিত তার বাঁ হাতের কঠিন ক'রে তোলা বাঁধন দিয়ে—জড়িয়ে জড়িয়ে ধরেছে অশোকার বাঁ হাতের পেলবেতে—পেশল কব্জিখানায়। প্রিয়র একটি মাত্র হাতের কঠিন বাঁধনের মধ্যে থেকেই প্রিয়ার অপূর্ব অঙ্গরাগ নিয়ে ঝাল্‌সানো রূপাতিশয্য হয়ে পড়েছে—শান্ত আর ধ্যান-সমাহিত। চোখ ঝলসানো লাল সুইস্ সিল্কের সাজেতে রঙীন থেকে সুস্মিতা বধূটির গরিমায় মশগুলা অশোকা—একটু নত হয়ে আপন মাথা ধরে রেখেছে প্রিয় সুজনেরই কাঁধেতে। আসমানী রাগে রঞ্জিত প্রণয়েরই রভসে রভসে মুখর শুচিশ্রীখানা এক পরম খুশীর কারণ হয়ে অশোকার—মুখশ্রীরই সবটা নিয়ে আছে জড়িয়ে। প্রিয়ার সে অপরূপতার ছান্দস্ সুষমাকে তাকিয়ে দেখতে দেখতে অরিজিতের টানা টানা চোখ দুটি পীনোদ্ধ হয়ে থাকলো তারই ধাঁধিয়ে দেওয়া বিভাসেরই মধ্যে। নিজের প্রেয়সী স্ত্রীর রূপধন্য করা চোখের কাজলে রাঙা দুটি কালো কালো কুট্টিম ঘিরে যে চাহনি ঝরিয়ে রেখেছে সুখলোভাতুর করা যৌবনাকাঙ্ক্ষা, আর মদালসা এক বিলাসকে—তারই আঙিনায় পড়ে বিহ্বলিত হয়ে গেল প্রিয়র মনের আকুতিগুলো। তাকিয়ে তাকিয়ে প্রিয় দেখলো—তারই অশোকার সব সময়ে স্মিতা থাকা অধরেতে—গাঢ় লাল পরাগ দিয়ে মাখানো অবস্থায়, টক্ টক্ হয়ে ফুলে ওঠা ঠোঁট-যুগলের উজ্জ্বলা আভায় স্পষ্টাক্ষরেই যেন ছাপিয়ে গেছে—স্বর্গ-দুহিতা উর্বশীরই মুখের মতো কুন্দশুভ্র হাসির কল্‌কল্ আর ছল্‌ছল্ করা ঝরনাখানা।

শুভ্র মতন ঝরনা-ধারায় ভেসে যাওয়া কাকলি-মূর্ছনা নিয়ে আদুরে গলায় আদরের রেশ ঢেলেই বরনারী অশোকা বললো—এই, কী দেখছো?

প্রেয়সী বধূর দু'হাতের পেলব বাঁধনের ভেতরে তখন জড়ানো অরিজিতের গলা। আর অন্য দিক থেকে মৃদুল ছন্দে বরপুরুষের ডান হাতের আঙুলগুলো অশোকার ছবির মতো নিখুঁত চোখে-মুখে-গলায়-বুকে-কাঁধে-গালের দু'ধারের সুন্দরী পেশলতায়—বুলিয়ে বুলিয়ে আদর ক'রে বেড়াচ্ছে।

অশোকা আবার বললো মুখের কাকলি-ভরা হাসির কল্‌কলানি তুলে—এই রিজিতা, শোন, কৈ বললে না ত' কী দেখলে এতক্ষণ ধরে আমার মুখেতে?

প্রগাঢ় রীতির ঋতুসাজে মুখর ভালোবাসা জানানোর মধ্যে নিজেকে উজাড় করে বিলিয়ে দিয়ে —একমাত্র ভালোবাসারই সুজন ছেলেটির জন্য অশোকা নাম রেখেছে—রিজিতা। আপনার মনের মিষ্টি মাধবী-রাগ মিশিয়ে প্রেমিকা স্ত্রী তার এই সুন্দর-মনা স্বামীর আসল নাম থেকে—প্রথম অক্ষরটাকে বাদ দিয়ে—শেষের অক্ষরের সঙ্গে একটা আকার যোগ করে ডেকেছিল—"রিজিতা" বলে—ঠিক দু'টি বছর আগেতে, সেই সেদিনকার প্রেমিক অরিজিতের বাইশ বছরী যৌবন-মাধুর্য্যে সেজে ওঠা—সেই সুন্দরম্ পরিচিতিখানাকে। ঐ দু'টি বছর আগের সেদিনটি ছিল তাদের দু'জনার কাছেতেই—বিবাহের পর প্রথম মিলন রাতের, দ্বিতীয় যাম ঘেরা, ও যৌবন দিয়ে সাজা বাসরের মধ্যে। অশোকার মনেতে আজও সুস্পষ্ট হয়ে গাঁথা আছে এক অখণ্ড রূপ নিয়েই—সেই মনোরম রাতেতে অবিরাম আনন্দ-রভসেরই আদানে আর প্রদানে প্রগল্ভ হয়ে ওঠা—যুগপতে ভালোবাসাবাসির টুকরো টুকরো ছবিগুলো। এখনো অশোকার মনে জাগরূক রয়েছে—সেদিন ব্যারাকপুর রিভার সাইডের এই বিরাট জমিদার বাড়ীর বড় ছেলে অরিজিত রায়ের (বিলেত থেকে অল্প বয়েসেই ব্যারিস্টার হয়ে সদ্য প্রত্যাগত) জীবনে সজীব থাকা যৌবন বিভূষিত ক'রে এগিয়ে এসেছিল তারই কিশোর প্রাণেতে দোলা জাগিয়ে তোলা—দীর্ঘ আট বছর আগের সেই দুষ্টু মেয়েটি—পশ্চিমের এক বাঙালী জমিদারেরই সেখানকার লরেটো কন্‌ভেন্টের দশম শ্রেণীতে পড়া, সেই আদুরে মেয়ে—সেদিনকার মাত্র ষোলটা শীত আর গ্রীষ্মের তাপে সেজে ওঠা অনন্যা রূপবর্তী রূপে—অশোকা বন্দ্যোপাধ্যায়ের কুমারী যৌবন—সবে মাত্র যা রমণীয় যৌবনের সবুজে হয়েছিল—শত ধারে উন্মেষ নিয়ে বিভাসিত।

ঝরনা-ধারার মতো হাসির কাকলিতে মুখর থেকে গেছে অশোকার অধরের দুটি ঠোঁট ধরে লাল পরাগ রেণুতে রাঙিয়ে থাকা—আলোক-নির্ঝরিত আভাকে ছাপিয়ে ছাপিয়ে। আবার ডাকলো অশোকা আদুরে গলায়—এই, এই রিজিতা, শোন ?

অরিজিতকে ডেকেছে তারই প্রিয়া-সুজনা। ডাকলো আবার "রিজিতা" বলেই। এই নামে ডাকতে ডাকতে—নিজের মনেতেই অশোকার মনে হয়—এই নামটা তার শুনতে লাগে, সব থেকে মিষ্টি। আর সেই সঙ্গে দ্বিতীয় কারুর অমন নাম নেই বলে তা আর এক দিক থেকে অমূল্য ! ও ভাবে—এই রিজিতা নামের মধ্যে বেশ একটা মনোরম আর কবিসুলভ কল্পনার অনুরণন খুঁজে পাওয়া যায়।—তাই নিরালা ঘেরা, নিঝুম পরিবেশেতে যখনি নিজের আনন্দে আর খুশীতে বিভোর বুকের সুখ-ঝরানো অঙ্গনে বন্দী করাতে করাতে—এই মধুরে আর যৌবনে সুন্দর হ'য়ে ফোটা যুবকটির খুশীময়তায় ঝল্‌মল্ করা স্পর্শখানা পায়—তখনি অশোকা আজকের এই মুহূর্তটির মতোই আবেশে নরম আদুরে গলায় ডেকে ওঠে—"রিজিতা। আমার

বিজিতা।"—বলে। হ্যাঁ। অশোকার মনে এখনও জ্বল-জ্বলে প্রভা নিয়ে ভাবে বিভাবে মুখর হয়ে উঠছে একটি মধুর ছবি।

অশোকার মনে রুমঝুম ক'রে নেচে উঠলো ছবির পর ছবি। —সত্যি সেদিন এই বাড়ীরই একটি ছবির মতো সাজানো ঘরেতে পাতা হয়েছিল নব-দম্পতির জন্য মিলন বাসরেতে—যৌবনায়ন করা প্রথম রাতটিকে। সেদিন রাতের প্রথম যামখানা ঘন হয়ে ওঠার সঙ্গে সঙ্গেই এগিয়ে এগিয়ে এসেছিল যুগল স্বত্বায় নাচানাচি করা প্রণয়ের বাঁধনহারা স্রোতখানা। শুধু ফুল আর ফুলে ভরা সুখ-শয্যার মধ্যে অরিজিতের যৌবনাঙ্কিত দেহের বাইশটা বছরের এক একটা মধুরে উচ্ছলিত পরশ অশোকাকে করে তুলেছিল হত-চকিতা, প্রণয়-বিহ্বলা। ওরই রভসিত রবাব মুখরতাকে প্রিয়ার নরমে-পেশলে-মসৃণতায় পর্য্যাপ্ত পুষ্পস্তবকাবনম্রা হয়ে থাকা বুকেতে—দুটি পেলবে—সুবলয়িত হাতের কঠিন থেকে কঠিনতর করা বাঁধনের ভেতরে বন্দী ক'রে ক'রে রেখেছিল—প্রিয়র বয়েসখানা থেকে আড়াই মাসেতে পিছিয়ে থাকা—বাইশ বসন্তেরই নিখুঁত সৌন্দর্য্য হ'য়ে বিকশিতা—বধূ অশোকার সলজ্জ সুতনুকার—আকার ঘেরা জ্যোতির্ম্ময় রূপশ্রীকে, ধাঁধিয়ে দিয়ে।

ঐ অবস্থার ভেতরেই একবার বরপুরুষ তার প্রতীক্ষিতা বরনারীর সুস্মিতা মুখের অধরে—কানায় কানায় লাল রঙ্ ছাপিয়ে অজস্র ভাবে নিজের মুখের মধুলোভী ভাণ্ডার থেকে সুধা বিতরণ করার মধ্যে—দিয়েছিল পরিপূর্ণতায় ভরাট কোরে।— আর তার পরেতে, তখনি আরেকবারের পালায় নেমে বধূ দ্বিগুণ ভাবে প্রতিদান দিয়ে দিয়ে পূর্ণ করিয়ে তুলেছিল—নিজেরই পরিণীত পরিচয়ের শ্রেষ্ঠ সুখ—স্বামী অরিজিতকে।

সত্যি দু'বছর আগে, সেদিনটিতে অরিজিত প্রথম দিককার সক্রিয়তায় প্রণয়ের কারুকাজ—চিত্র-বিচিত্রায় প্রিয়ার দেহের সবুজ ঘন বাঁকে বাঁকে ফুটিয়ে রেখে—বধূর যৌবনান্বিত লজ্জা-ধারাটিকে অমন ভাবেতে সুখ দেওয়া-নেওয়ার অজস্রতায়, বেপমান করিয়ে ভাসিয়ে নিয়ে যেতে পেরেছিল বলেই—সে সময়েতে সত্যি মাত্র কয়েকটি মুহূর্তের এ-ধার থেকে সক্রিয়া হয়ে ওঠা অশোকা—সপ্রগল্‌ভা মেয়ের মতো দাম্পত্য সাজে রীতি মাফিক ঋতু ফুটিয়ে হয়েছিল—বধূ নিলাজিতা। তা' না হলে পর দয়িত-স্বামীকে নিজের লাল লাল অধরেতে, বাদুলে বাতাস কাঁপিয়ে যাওয়া হাসির ঝরনা থেকে সুধা বর্ষণের ভেতর দিয়ে—পারতো না প্রিয়কে পরিপূর্ণ আবেশে আর আমেজে—স্নান করাতে।—আর ঠিক সেদিনই রাতের শেষ যামের দিকে ঘুমিয়ে পড়ার আগে—চরম আর পরম সুখে বেপথুমন অবস্থায় বরপুরুষ অরিজিত তার বরনারীকে বলেছিল—"অশোকা। এই মেয়ে! বল, আজ থেকে আমায় তুমি কী বলে ডাকবে?"

সে কথা শুনে একটুও দেরী হয়েছিল না অশোকার পক্ষে তখনি নতুন একটা নামেতে—অরিজিতকে ডাকতে যাওয়ায়। আগে হতেই তার মনে ছিল এই নামটুকু। লাজুক লাজুক হাসির ছররা ছুটিয়ে সেদিন অরিজিতের কানে কানে প্রগল্‌ভতায় উপছানো আদরের মধ্যে বলেছিল—"রিজিতা। আমার রিজিতা। এই, কেমন, এখন থেকে তা হলে তোমায় আমি ডাকবো এই নামেতেই?"

প্রিয়াকে আদর মাখাতে মাখাতে অরিজিত বলেছিল—"বেশ। বেশ। আজ তেকে তোমার কাছে আমার নাম হোল এটাই। ভারী সুন্দর কিন্তু! এই অশোকা, যেমন তুমি, না?"

তারপর,—হ্যাঁ, দুটি বছর পরে—আজও ঐ একই ভাবে আর একই রূপের ছন্দ ফুটিয়ে রেখে অরিজিতের কানেতে প্রগল্‌ভতায় মুখর আদর মাখানো সুরটুকু ঢেলে দিয়ে ডাকলো অশোকা—রিজিতা। এই রিজিতা। বলবে না, কী দেখছিলে এতক্ষণ ধরে আমার মুখের দিকে তাকিয়ে তাকিয়ে?

প্রিয়ার প্রশ্নের দিকে নজর রেখে অরিজিতের চোখে-মুখে মধুর হওয়া হাসির ভেতর দিয়ে এক জানা ও অজানা অপরূপতার সপ্রগল্‌ভ ইচ্ছাখানা উঁকি দিয়েছে—প্রিয়তমেরই আপন মনের সবুজেতে ঘন হয়ে থাকা—গোপন কুঠুরীরই অপার রহস্য মাঝেতে লুকিয়ে থেকে।

বলল অরিজিত—দেখেছি কিছু। অনেক কিছুকেই। কিন্তু তবু বলবো না।

—এই। কী, তা হলে বলবে না ত'? বেশ, ভাল কথা। আমি তা হলে আগে থেকেই এটাও তোমায় এখনই জানিয়ে রাখছি, যে আগামীকাল ভোরের সময় তোমার সঙ্গে শিকারেতে আর যাচ্ছি না। বুঝলে? এই, ছাড় এবার। আমায় কাজে যেতে দাও। এই, ছাড় এবার, ছিঃ রিজিতা।

নিজেকে তখন অরিজিতের দুটি হাতের কঠিনতর বাঁধন থেকে ছাড়িয়ে নিতে চেষ্টা কোরল অশোকা।

অরিজিত বলল—আমি তোমায় ছাড়বো না। আর তোমায় এখান থেকে আমি যেতেও দোব না।

অশোকা বলল—এই, বেশ ত' মজা! ছাড়বো না আর দোব না বললেই হোল বুঝি, কি গো, বল?

বলল অরিজিত দুষ্টু হাসির গাঢ় ঝিলিক ছড়িয়ে—ছেড়ে যে তোমায় এখন অন্য কোথাও চলে যেতে দোব না সেটা ত' তুমি ভাল করেই দেখতে পাচ্ছ। এই অশোকা, এবার তুমিই বল, চেষ্টা করে কী নিজে থেকে আমার হাতের এই বাঁধনখানা ছাড়িয়ে নিতে পারছো?

তখনি অশোকা জানালো—নিজেকে এখন সত্যি তোমার দাপট থেকে সরিয়ে আর ছাড়িয়ে নিতে পারছি না যে, সেটা কিন্তু খুবই সত্যি কথা। শুধু আমি কেন, আর অন্য কোন মেয়ের পক্ষেও নয় কো এটা সম্ভব, সেও অনায়াসে তোমার এই অশেষ রকম দস্যিপনার কবল থেকে নিজেকে আনতে পারবে না, ছাড়িয়ে আর সরিয়ে! এই রিজিতা, বুঝলে, তোমায় এমনি দেখতে ত' দেখায় বড় বেশী শান্ত মতন, কিন্তু একবারটি যদি আমাকে নিরালায় পেয়ে নিজের বুকের মধ্যে আটকাতে পেরেছো কী, অমনি আরম্ভ হোল যত রাজ্যের দুরন্তপনা—এই আমারই ওপরে। একবার আরম্ভ হোল ত' সহজে আর তার থেকে নিষ্কৃতি নেই। আচ্ছা দস্যি ছেলে বাব্‌বা! উঃ, লাগে! ছাড়, এই। উঃ, সত্যি লাগছে বড়! ওগো, ছাড় এবারটি। আর বলব না তোমায় যে, তুমি দুরন্ত। তুমি দস্যি ছেলে। ঘাট হয়েছে বলে মেনে নিচ্ছি। সত্যি, সত্যি রিজিতা, তুমি দস্যি নও। তুমি, হ্যাঁ তুমি, বড় বেশী লক্ষ্মী ছেলে। কী, খুশী হোলে ত'? এবার ছাড়, লক্ষ্মীটি। আমায় একবারটি মা'র কাছে যেতে দেও।

নিজের শরীরের সমস্ত শক্তি দিয়ে অরিজিত সজোরে চেপে ধরেছিল অশোকাকে। এখন কিন্তু হাল্‌কা ক'রে ধরেছে। চাপ পড়ছে না আর। অশোকাও আর উঃ শব্দখানা কোরছে না। তার মুখের লাল হাসিতে খিলখিলিয়ে উঠেছে একটা রঙীন আনন্দ, ও তার ছবিটি।

অশোকা আবার বলল—বেশ রিজিতা, শোন, আমায় যদি এখন যেতে না দেও তা হলে বল, তাকিয়ে তাকিয়ে আমার মুখেতে তুমি কী দেখছিলে?

বলল অরিজিত—আগেই বলেছি ত' বলবো না। খুব যে আমায় লক্ষ্মী ছেলে বলে ভোলাচ্ছ, না? কিন্তু অত সহজে আমি ভুলছি না। আর তোমায় ছাড়ছি না। আর তোমায় যেতেও দিচ্ছি না।

অশোকা বলল—ছিঃ, যেতে দেও। বলছি, ছাড় আমাকে। ছিঃ দিনের আলোর মতোই জ্যোৎস্নায় ধোয়া এমন সন্ধ্যার খোলা-মেলা জায়গায় এভাবে আমাকে আটকে রাখতে একটুও লজ্জা করে না, বুঝি?

হাসির দুষ্টুমিতে নেচে উঠে অরিজিত বলল—লজ্জা আবার কিসের? আমি এমন কী আজে-বাজে কাজখানা করেছি যার জন্য লজ্জা পেতে হবে?

অশোকা বলল—তোমার মধ্যে কী লজ্জা-শরমের একটুও জ্ঞান আছে, না থাকে! যদি থাকতো তা হলে কী আর এমন ভাবে এই অসময়ে আমাকে আটক করে রাখতে? ওদিকে দেখ, মা আমাদের একলা একলা রান্না ঘরে বসে রাতের খাবারের ব্যবস্থা করছেন আর এ-দিকে কিনা তুমি আমাকে বুকেতে কেড়ে রেখে শুধু আদর আর সোহাগ করতেই চাইছ! এই, একলা একলা কাজ কোরতে বুঝি

মা'র কষ্ট হয় না, না? ছিঃ, অনেক হোল আর এভাবে ধরে রেখো না। এবারটি ছেড়ে দেও। আমাকে কাছে বসে থেকে মাকে কোরতে দেও সাহায্য।

অরিজিত বলল—তবু যদি তোমায় এখন যেতে না দেই মায়ের কাছেতে,—তা হোলে কী তুমি খুবই জোর করবে আমায় ছেড়ে যাবার জন্য?

অশোকা বলল—যেতে না দেওয়ার জন্য অবশ্য এখন তাই নিয়ে কোন রকম আর জোর কোরতে চাইব না। তবে এর জেরখানা কিন্তু সাধ ভরিয়ে পরে কোন এক সময়ে মেটাবো, তবে ছাড়বো।

জানতে চাইল অরিজিত—এই বল, কেমন ভাবে তা মেটাবে?

অশোকা তখনি জানিয়ে দিল—মাকে, মানে তোমার মায়ের কাছে বিশেষ কিছু বলে দিয়ে মেটাবো এর জের।

অরিজিত বলল—কী বললে তুমি, মাকে বলে দিয়ে! তা মাকে কী এমনটা বলবে শুনি?

অশোকা বলল—তা, এই আর কি, মানে মাকে বলবো আসল কথাটাই।

অরিজিত জানতে চাইল—আসলটা আবার কী?

অশোকা জানালো—আসছে কাল যে আমাকে সঙ্গে নিয়ে শিকার কোরতে যাচ্ছ, এই তারই কথাটা।

বিস্ময় প্রকাশ করে অরিজিত বলল—মাকে বলবে যে, তোমাকে নিয়ে আমি কাল শিকার কোরতে যাব, এই ত'? তা এ আর এমন কি জের মেটাবে!

অশোকা বলল—এখন ত' নিশ্চয়ই বলবে এ আর এমন কী! আগে ত' গিয়ে মাকে এটা খুলে বলি, তারপর, হ্যাঁ, তারপরই টের পেয়ে যাবে এর মজাটা কতদূর পর্য্যন্ত গড়াতে পারে!

অরিজিত বলল—এর ভেতরে মজাটা টের পাবার মতো এমন কী আছে, শুনি? এর আগেও ত' কতবার তোমাকে নিয়ে শিকার কোরতে গেছি। কিন্তু অশোকা, কই কিছুই ত' হয় নি।

অশোকা বলল—এই রিজিতা বলি, আগে কিছু হয় নি বলে যে এবারেও হবে না কিচ্ছুটি, সে সম্বন্ধে কী তুমি একেবারে স্থির স্বীকৃতিখানা পেয়ে গেছ, বুঝি?

হেসে হেসে অরিজিত বলল—এই অশোকা, যদি বলি আমি এ ব্যাপারে স্থির।

ছন্দে ছন্দে হাসি মিলিয়ে অশোকা নিবেদন কোরল—তা হলে বলবো তোমার মধ্যে উপস্থিত বুদ্ধিখানার অভাব ঘটেছে। হ্যাঁ, সত্যি তাই হয়েছে।

অরিজিত কোরল প্রশ্ন—তার মানে?

বলল অশোকা—মানেটা হোল জলের মতো সোজা। তাও যদি বুদ্ধি খাটিয়ে ধরতে পারতে, তবে না হয় বুঝতাম যে তুমি সত্যি সব ব্যাপারেই থাক হুশিয়ার। কিন্তু বলি, পেরেছ কি তেমনটা খাটাতে?

অরিজিত বলল—তা সত্যি পরিনি।

বলল দুষ্ট হাসির ঝিলিক হেনে তখনি অশোকা—তা' পারবে কী ক'রে। সত্যি নিজে যেমন, বলেছো ঠিক তেমন ধারার কথাটাই। বলি রিজিতা, ছোট্ট এক খোকার মতো ব্যবহার করতে বুঝি খুব ভাল লাগে, না ? তুমি সময়ে সময়ে হয়ে পড় এক ছোট্ট শিশুটির মতো নও ত' কী এর চাইতে কম, শুনি ? হায়, এটুকুও যদি তোমার মধ্যে খেয়াল কোরে রাখতে!

বিস্ময়ে বিমূঢ় চাহনি ফুটিয়ে বলল অরিজিত—এই অশোকা, তুমি যে এখন কী বলতে চাইছ, তার থৈ পাওয়া আমার পক্ষে সত্যি মুস্কিলের ব্যাপার হয়ে পড়লো দেখছি। এই মিষ্টি, শোন গো তোমার এখনকার কথার কিছুটি আমি বুঝে উঠতে পারলাম না। সত্যি বলছি। বিশ্বাস কর। তুমি এই একবার বলছ বুদ্ধির কথা, আবার তারপরেই বলছ তার ভেতরে যদি আমার খেয়ালখানা থাকত! এই, খুলে বল, কী ব্যাপার।

দুষ্টুমির রঙ্ মাখতে মাখতে বলল—তা কী আর এখন খেয়াল হবে রিজিতার! এখন এটিকে না বুঝতে পারলেই যে তোমার পক্ষে ভালো হয়, তাই না ? সাধে কী আর তোমাকে ছোট্ট খোকা, মায় ছোট্ট এক শিশু বলতে ইচ্ছে হয়! হওয়ার মতো কারণ আছে বলেই তা বলতে ইচ্ছে ক'রে। এদিকে ত' বেশ ছোট্ট ছেলেটি সাজতে তোমার খুবই ভালো লাগছে, না ? কিন্তু, এই দুষ্টু, এই রিজিতা, একটু ভালো ক'রে শোন এবার। এই, এই তুমি যে ওদিকে আবার আমার খুকুসোনার বাবা হবার জন্যই যে চাইছ—সুন্দরে আর মধুরে মশগুল হোয়ে, বলি, ভুলেই গেছ নাকি সে কথা ? এই, ও কথা খেয়ালে রাখতে পার না কেন ? খুকুসোনা ত' আর আমার একলারই হবে না। সে হবে তোমারও। আমার আদর খাবার, আর আদার পাওয়ার এই "তুমি"টির জন্যও।—কথা শেষ কোরেই অশোকা তার প্রিয়তমর অধরে ঘন ভাবে ছোঁয়াল আদর করাবার জন্য—নিজের লাল লাল ঠোঁটে নাচানাচি করা দুষ্ট হাসিখানাকে, আবেশ থেকে।

অশোকা জানে, আর তার অরিজিতও জানে এটাই যে—তার প্রিয়া অশোকা আজ যে প্রজায়নী ঋতুসাজেতে বিদিশার সন্ধ্যার মতো গরিমায় রিমঝিমাতে পেরেছে—তা প্রথম থেকে শেষ অবধি হোল—পরম এক আকস্মিকেরই রূপ-ধৃতি। কবি-কৃতি।—তাই অশোকা এই নিরিখে বার বার আজ মনে না কোরে পারছে না "ড্রীম চিল্ড্রনে"র স্রষ্টা—সেই মহান কথাশিল্পী চার্লস্ ল্যামের সুভাষিত ভাষণখানা। ল্যাম তাঁর "দি চাইল্ড্ এঞ্জেলে" যা লিখেছেন—তা আজ একটু সময় পেলেই বসে বসে পড়তে থাকে অশোকা। আপনার প্রজাবতী রীতিকায় আকার ঘেরা রূপসুষমায় ঝল্মল্ করতে করতে ল্যামের রচনার "স্বপ্ন শিশু"দেরেই সুখী কল্পনায় না হোয়ে

পারে না আজ অশোকা—বড় বেশী মশগুলা। আর ধ্যান নিয়ে জাগা শিশুময়তায় বিহ্বলা। ল্যাম্ তার কাছে মায়ের ভাবী আর্তিতে হোয়ে উঠেছেন—স্মৃতির স্মরণিকা। তারই সরণি ধরে অশোকা চলতে চলতে মনে কোরল "দি চাইল্ড্ এঞ্জেলে" লেখা আছে ঃ—

"Whence it came, or how it came, or who did it come, or wheter it came purely of its own head, neither you nor I know—but there lay, sure enough, wrapt in its little cloudy swaddling bands—a Child Angel......

Sun-threads—filmy beams—ran through the celestial napery of what seemed its princely cradle, All the winged orders hovered around, watching when the new-born should open its yet closed eyes ; which, when it did, first one, and then the other—with a solicitude and apprehension, yet not such as, stained with fear, dim the expanding eye-lids of mortal infants, but as if to explore its path in those its unhereditary palaces—what on inextinguishable titter that time spared not celestial visages! Nor wanted there to my seeming—O the inexplicable simpleness of dreams!—bowls of that cheering nectar,

—which mortals *caudle* call below.—Nor were wanting faces of female ministrants,—stricken in years, as it might seem,—so dexterous were those heavenly attendants to counterfeit kindly similitudes of earth, to greet, with terrestrial child-rites the young *present,* which earth had made to heaven."

তখনি অরিজিতের মনের সুখ নেচে উঠলো এক মধুর ছবির ভাবী স্বাক্ষর সমেত। প্রজায়নী রীতির আরাধনা থেকে প্রিয়তম তার মঞ্জুলা স্ত্রীর চব্বিশটা বসন্তে ঘেরা দেহের ঋতুবিচিত্রয়া স্পন্দিত করাতে পেরেছিল প্রজাবতী পরিচিতিকে শেষ পর্য্যন্ত।—ওরই সেদিনের স্পন্দন ধরে বরনারী অশোকা তার শারীরী-যৌবনে উপছানো খুশীর চরমা ব্যাপ্তিকে বিকশিত করাতে করাতে—বরপুরুষ স্বামীর সবুজেতে সবুজ যৌবনায়নে মাতামাতি কোরে—হোয়েছিলই সুখ মিতালির—আলো ঝরা আঙ্গিনায়।

তারপর থেকে মাস চারেকের মতো সময় অতীত হয়ে এলো।—ওরই মধ্যে সুদীর্ঘ রেশ টেনে চলা প্রায় তিন হাজার প্রহর থেকে প্রহরান্তরে, সৃষ্টির সূক্ষ্ম কারুকাজখানাকে পুষ্পিত করাতে করাতে করাতে চলে এলো তা সুবিনীতা অশোকার

সূতনকায় আড়াল করা দেহ মঞ্জিলে।—আজ এই মুহূর্তে চারটি মাস পেছনে ফেলে রেখে অশোকার বরবর্ণিনী রূপখানা হোয়ে উঠেছে সম্ভবামি "খুকুসোনা"য় প্রজায়িতা। পুষ্পায়িতা।—সত্যি বরনারী অশোকা আর বরপুরুষ অরিজিত—এই দু'জনারই মীনপীয়াস দেহ-সায়রের অয়নে সঙ্গত থেকে যে রূপতিয়াসে ফুটিয়েছিল মধুরম্ সৃষ্টিকলার সাজ ও কাজ—এই তারই অয়নান্ত চয়ন সমেত, প্রত্যক্ষ হয়ে উঠেছে পলে পলে—এক অপরূপ আনন্দ আর অশেষ ধারার খুশীময়তায় আনচানানো "খুকুসোনা"র জন্ম-সম্ভাবনারই রূপরেখা—যার সৃষ্টি পূর্ণতা পাবে—এক ছোট্ট-মতা ফুট ফুটে মেয়েতে। নাম তার এখনি হয়ে গেছে ঠিক। আপাতত থাকবে—খুকুসোনা!—নিজের মধ্যে সরব আভাসে স্বাক্ষর নেওয়া সম্ভাবিত মেয়ের জন্য বরনারী অশোকা অনেক আগে থেকেই মনে মনে ঠিক করে এসেছে—এই মিষ্টি আর হাল্কা মতন নামটুকুকে।

এবার অরিজিতের মনে পড়লো—একদিন দুপুরে বিশ্রাম করার সময় অশোকা কোথা থেকে যেন ছুটে এসে তার বসে থাকা সোফাখানার পেছনে দাঁড়িয়ে পড়ে—সামনের দিকে ঝুঁকে থেকে ওরই গলা এক হাতে জড়াতে জড়াতে—প্রিয়র কোলেতে চার্লস্ ল্যামের লাল রেক্সিনে বাঁধানো বইখানা ফেলে রেখে, একটা বিশেষ পাতার যেটা শব্দ কোরে পড়তে বলে, নিজেও সঙ্গে সঙ্গে আবৃত্তির মতো কোরে গেছিল পড়তে পড়তে—ঠিক যেখানটিতে মনীষী ল্যাম তাঁর "দি চাইল্ড্ এঞ্জেলে" লিখেছেন ঃ—"And in the archives of heaven I had grace to read, how that once the angel Nadir, being exiled from his place for mortal passion, unspringing on the wings of parental love (such power had parental love for a moment to suspend the else-irrevocable law) appeared for a brief instant in his station ; and depositiong a wondrous Birth, straightway disappeared, and the palaces knew him no more, And this charge was the self-same Babe, who goeth lame and lovely—but Adah sleepeth by the river Pison."

শত রূপে দেখা, আর শতেক সাজেতে শত বার ধরে কাজল চোখের সঙ্গে চোখাচোখি কোরে—প্রিয়া তার প্রিয়তমের একান্ত কাছাকাছিতে থেকে যায়—অচেনা, আর অজানা! তাই প্রিয়াকে অপার বিস্ময়ের মায়াজাল থেকে ছাড়িয়ে এনে—তবে শেষ পর্য্যন্ত এবার বুঝতে পেরেছে অরিজিত—যথার্থই। সম্ভবা খুকুসোনার কথা শোনামাত্র তার মনের সমস্ত সুখ খুশীতে ভরপুর অবস্থায় শিহরণ তুলে গেল—সবুজ আনন্দের পুলক সঞ্চরণে।

আপন বরনারীব লাজে আরক্তিম প্রণয়ের রভসতায় ভরাট থাকা মাধুর্য্যকে নিজের দুটি হাতের মধ্যে ধরে রাখলো। চোখে-মুখে আদর করার জন্য আঙ্গুলের পরশ ছুঁইয়ে খুশীতে স্নান করাতে করাতে বলল অরিজিত—এই, অশেকা, বুঝলে তুমি না এখন আমাকে সত্যি আরো মুস্কিলে ফেললে। আমি ত' কিছুতেই বুঝতে পারছি না যে,—তোমাকে নিয়ে আগামীকাল শিকারেতে যাওয়ার প্রসঙ্গে এমন কী যোগাযোগ আছে আমাদের সম্ভাবিত খুকুসোনার সাথে ? আর যার জন্য এ কথা তুমি এখন তুলেছ। এই, তুমি নিশ্চয়ই এটা নিয়ে বেশ দুষ্টুমি কোরছ, অশোকা ! তাই না ?

ও কথা শুনতে শুনতে বধূ অশোকার লাল অধরের রঙীন তীর দুটিতে ছাপিয়ে ছাপিয়ে ছড়িয়ে গেল, মুক্তোর মতো ঝক্ ঝকে হাসি। সেখানকার মায়াবেশ মাখানো রঙ্ আরো উজ্জ্বল হোয়ে ঝল্‌মলিয়ে পড়েছে। বরনারী তখন তার বরপুরুষের বড় বেশী মনোরম থাকা মুখে ডগ্‌মগ্ করা শান্তশ্রীখানার সামনে—দুষ্টু হাসিতে ছোপানো অধর সমীপবর্তিকার ওপর দিয়ে—আপনার ছবির মতো আর কল্পনা দিয়ে ফোটানো সুনিপুণ ছাঁদের সপ্রগল্ভ মুখখানাকে—এগিয়ে নিয়ে এলো।

রভস ভরা হাসিতে কুঙ্কুমিতা থেকে বললো অশোখা—রিজিতা, আমি দুষ্টুমি ঠিকই কোরছি। এবার যদি গিয়ে মাকে বলে দিই যে, তুমি আমাকে শিকারেতে সঙ্গে কোরে নিয়ে যাচ্ছ, তখন ? এই, বলি, তা হোল কী আর তারপর আমাকে পারবে সঙ্গে নিয়ে যেতে ? আমার এখনকার এই অবস্থায় আমাকে শিকারে নিয়ে যেতে চাইছ যে, তা জানতে পারলে পর আমাদের মা আমায় না যেতে দিয়ে, শুধু তোমাকেই বকবেন। ফলে মার কাছ থেকে বকুনি খাওয়ার পর আমায় নিতে না পারার দরুন তোমার জন্য শিকারের আসল সুখটুকুই যাবে মাঠে মারা। তখন সল্ট্ লেকেতে তুমি আমায় পাশটিতে না পাওয়ায়, একলা একলা নীরস ভাবে শিকার কোরে বেড়াবে। আর, হ্যাঁ গো রিজিতা, আর আমি তখন শুধু আরামের মধ্যে মায়ের আদরে আদরে তারই চোখের কাছটিতে থেকে এক সময়ে হয় ত' লক্ষ্মী মেয়েটির মতন তাঁর কোলেতে মাথা রেখেই ঘুমিয়ে পড়বো।

অরিজিত বলল—বুঝেছি। এখন দেখতে পাচ্ছি তুমি দুষ্টুমি কোরেই আসছে কাল ডাক্ স্যুটিংয়ে বেরুনোটাকে নষ্ট করাবে। আমাদের ভাবী খুকুসোনার কথা তুলে এ ব্যাপারে এখন বেশ একটা চেষ্টা কোরছ যাতে যাওয়াটা আর না হয়, তাই ত' ?

তখনি অশোকা বলল—কেন কোরব না শুনি ! তুমি কী আমার উত্তরটা এখনও দিতে পেরেছো ?

অরিজিত বলল—উত্তরটা যদি এখন দেই তা হলেও কী মাকে বলে যাওয়াটা বন্ধ করাবে ?

অশোকা বলল—ছিঃ, ছিঃ। অত মন্দ আমি নই। এরপরে আর মাকে বিন্দু বিসর্গও জানতে দোব না যে, আমি আমার এই রকম অবস্থাখানা নিয়ে তোমার সঙ্গে চলেছি—ডাক্ স্যুটিংয়ে। সত্যি রিজিতা, এবার বল কী দেখছিলে আমার মুখের দিকে তাকিয়ে থেকে?

—শোন, তা হোলে, এই মিষ্টি।—অরিজিত বলল।

লাল হাসির ভেতর থেকে বললো অশোকা—এই, বল। আমি শুনছি, রিজিতা।

ঘন লাল সুইস্ সিল্কের চোখ ঝলসানো শাড়ীর মায়াবী সাজে ঝল্মল্ করা বধূ অশোকার সলাজ-প্রখরতায় রঙীন দেহকে অরিজিত হাতের কঠিনতর বাঁধন দিয়ে প্রগাঢ় ভাবেতে জড়িয়ে নিলো নিজের বুকের আশ্রয়েতে। ঐ অবস্থার আশ্লেষিত ডুব থেকে সুখ আর খুশীতে মুগ্ধা বরনারী অশোকার—পেশলে সুউচ্চ রীতিকার ঘেরাটোপ দেওয়া বুকের অনন্যরূপম্ দুটি বেহায়া ছন্দ থেকে নির্ঝরিত পরশের কঠিনতা—চুম্বন কোরল দয়িত অরিজিতেরই বুকের আরামকে। বরপুরুষও অনুভব কোরল—মধুরতর আবেশে নেচে ওঠা নিজের বুকেতে আনন্দ-নির্ঝরিত-পুলকভার আহরণ করার তালে তালে—অশোকার দেহে শোভিত হওয়া সুরভিত আবরণ থেকে নির্য্যাস বিতরণ করা সুতনুর সব চেয়ে রঙীন থাকা অবস্থায় —মাধবীরাগ ছড়ানো বুকের—সুন্দরম্ সুখখানাকে।

ভাব-মাধুরীর অমন বিভাবেতে প্রভাবিত হোয়ে শুভ্র হাসিতে ঝল্মলিয়ে উঠলো অরিজিত। আলোক-সম্পাতের অপরূপ ঝলকানি উপছে পড়ছে তখন তার চোখের টানা টানা রূপ ডিঙ্গিয়ে, মুখের কিনার ধরে ফুটে থাকা হাসিতে, আর হাসি-হাসি তৃপ্তিতে। তার মধ্যে বিকশিত হোয়ে আছে সুখের আনন্দ আর খুশীর রভসমুখরতারই ছড়াছড়ি। আদর কোরে বরনারীর পরাগ রেণুতে ছাপিয়ে থাকা আরাম জড়ানো গালেতে, একান্ততায় ছোঁয়ালো নিজের মুখের ডান দিকটি। প্রিয় তারই প্রিয়ার লজ্জার আবরণেতে ঘেরাটোপ দেওয়া—অশোকার আরক্ত যৌবন-গভীরতায় পেশলিত রূপ ও অপরূপ পর্য্যন্ত—প্রতিটি ভাব-প্রখরতার ভেতর শিহরণে শিহরণে বিহ্বল হোতে লাগলো। সবুজে সজীব দেহ নিয়ে আর মন নিয়ে বিভূষিতা দয়িতা তারই মধুরের জন্য রূপ জানাজানির মাতামাতিতে দিয়েছে—এক একটা আবেশে শত-ধার হওয়া—বিহ্বলতামুখর সুস্নিগ্ধ ছোঁয়াচের—ঘনঘোর নরমতা, কোমলিত নিটোলতা।—তাই বসন্ত-রাঙা সন্ধ্যায় রুমুঝুমু তান-মান-গমকের সঙ্গে আলোকাভিসারে নেমে—প্রণয় আর পরিণয় দিয়ে ঘেরা রূপারূপ থেকে—ওরই যুগল-স্রোতের ধারায় ধারায় মাতাল না হোয়ে পারলো না—ওরা। প্রিয়তমা স্ত্রীর সুন্দরী লাজে রঙীন দেহের সোনালী যৌবন—মুহূর্তে মুহূর্তে স্নান কোরে চলেছে দয়িতের প্রণয়-রীতির ঘনঘোর সুখাতিশয্যে। অরিজিতের মধ্যেকার আরাম আর আবেশের প্রতিটি আদর-ভরা

ছন্দগুলোতে পুলকেরই দোলনে—ঝুলন খেলার মতো এক অপার অনুভূতির সৃষ্টি হোল। মনে হোল তার—সেও যেন অশোকার মনের গরিমাধারা—আর দেহের যৌবন-নাচা মদিরাধারারই যুগল রূপের সায়রে সায়রে কোরছে—আনন্দ-স্নান। মুক্তিস্নান। রূপস্নান।

মুঠো মুঠো আবেশ মাখাতে মাখাতে প্রিয়াকে জানালো অরিজিত—শোন, অশোকা। আমি, হ্যাঁ, তোমার এই 'আমি' তাকিয়ে তাকিয়ে দেখছিলাম তোমারই মুখখানাকে। হ্যাঁ, সত্যি, দেখছিলাম আর দেখে দেখে ভাবছিলাম,—আমার প্রিয়া কোথা থেকে পেয়েছে এমন অনিন্দ্য রূপ-সুষমাকে! আমারই প্রিয়ার লাল অধরের ঐ কুন্দশুভ্র হাসিখানা কী স্বর্গ-দুহিতা উর্বশীরই দান, না আশীর্বাদ? এই, অশোকা, এটাই ভাবছিলাম তাকিয়ে দেখে দেখে।

ছোট্ট এক আদুরে মেয়ের মতো খিল্‌খিলিয়ে হেসে ফেলে বললো অশোকা—এই, শুধু এইটুকুই কী? জান, আমার মন বলছে যে, না তুমি দেখছিলে আরো কিছু!

প্রিয়ার মুখেতে পাল্‌টা প্রশ্ন জাগতে দেখে অরিজিতও হেসে ফেলল। বললো হাসি উপছে পড়া মুখেতে—মধুর ওগো, হ্যাঁ! ধরেছো তুমি ঠিকই। দেখছিলাম আরো কিছু।

অশোকা বলল—আরো কিছুটা যে কী, সেটাও বল আমায়। এই দেরী কোর না।

অরিজিত বলল—অশোকা শোন। এই যে বলছি।

—তুমি বল। আমি শুনছি রিজিতা।

একটু পলকের জন্য থেমে অরিজিত বলল—জান অশোকা, দেখছিলাম তোমার রঙীন হাসিতে ঝিলমিল করা জোয়ারের কানায় কানায় ভরাট থাকা অধরের মধ্যে, এই আরো কিছু দেখাটাকে। উর্বশীর মুখের মতো কুন্দশুভ্রতা কোরছে টল্‌মল্ তোমারই প্রগাঢ় লাল পরাগের ছোঁয়া লাগিয়ে রাঙানো দুটি ঠোঁটেতে। ঝল্‌সে ওঠা ঐ টক্‌টকে আভাকেই ভেবেছিলাম আরো কিছু বলে। আমার মধুর ওগো, আমার দুষ্টু, বুঝলে তাই দেখতে দেখতে আমার মধ্যে রণিত হোয়ে উঠলো এক সুন্দর ইচ্ছা। মধুরে তা অভিলাষিত। আকাঙ্খিত। তাই থেকে আমার অভীপ্সা জেদী হোয়ে উঠলো তখনি—তোমার লাল হাসিতে উপছানো অধরসমীপবর্তী থেকে সেখানকার উজ্জ্বলে-মধুর সুখাবেশকে আপানার একান্ততায় কেড়ে নেবার জন্য। তারপর বুঝলে অশোকা, তোমার ঠোঁটের অগ্নিশিখার মতো জ্বল জ্বলে রঙে রঙীন কোরে তোলাব আমার মুখখানা। এই, কথা শুনলে?

কথা বলতে বলতে মিষ্টি হাসির ছর্‌ররায় দারুণ ভাবে চক্‌মকিয়ে উঠলো—অরিজিতের মধুপিয়াসে লোভাতুর মুখখানা—এক হঠাৎ পাওয়া সুখের ঝলস্ থেকে রাঙা ঝলকানির ঝিকিমিকিতে।

প্রিয়র ঐ অভিব্যক্তি দেখতে দেখতে—খুশীর সোনালী রঙ্ ভরা হাসিতে হাসিতে ঝল্‌মলিয়ে স্বতঃস্ফূর্ত হোয়ে উঠলো অশোকার লাল অধরের কানাচে কানাচে—স্বামী অরিজিতের জন্য সমস্ত ব্যাপ্তিতে ভরা মধুরেতে সুন্দর সুখখানা। হঠাৎ আরামের এক টুকরো ঝলক্ দিয়ে রূপবতী অশোকার প্রণয়-পিয়াসী মুখের অনন্য শিল্পশ্রী ঝাঁপিয়ে পড়লো—বরপুরুষেরই রূপানুরক্ত মুখের ওপরেতে। অরিজিতের তিয়াসী মুখের সুন্দরতম অভিলাষকে মাতাল কোরে তুললো তারই প্রিয়া—ঠিক তখনি। প্রিয়র জন্য প্রিয়া তার রূপসী মুখের মাধুর্য্যের ঢল্ কাঁপিয়ে কাঁপিয়ে—দেওয়াতে পারলো এক একটি ছোঁয়াচ-মধুরিমার—সঘন মদিরতা ভরা রভস্।

তাই থেকে বরনারী অশোকার মনেতে এক অপরূপ সুখের আদানে মাতামাতি করা অনুভাবখানা উঠেছে ফুটে। এবার অরিজিত সক্রিয় হোয়ে যোগ দিল তারই মধ্যে। বধূ বরবর্ণিনীর মুখের অনিন্দ্যা শিল্পকলার শুচিশ্রীখানাকে—নিজের মুখের রবাবে ঝরা বাদুলে হাওয়ার ঝাপ্‌টার গতিতে মিল পাওয়া—সুখ-দেয়া-নেয়া করা স্পর্শগুলো দিয়ে দিয়ে বিপর্য্যস্ত কোরে তোলাতে লাগলো। ওরা দু'জনা আগের মতোই এখনো যুগপতে সঙ্গত থাকা দাম্পত্য-রীতিকার ঋতু ফোটানো আলিঙ্গনের কঠিনতর বাঁধনের মধ্যেই—একজন আটক কোরে রেখেছে—তারই আর একজনাকে। অরিজিতের সবুজাভা পরিচিতির যুবকত্ব আপন বুকেতে না হোয়ে পারলো না—লাজহরণক—তারই প্রিয়ার ভরাট বুকের তাজা যৌবনতার প্রতি। তাই ঋতু বিপর্য্যয়ে আবাহন করা অশোকার মাধুর্য্যস্নাত বুকের সলাজেতে বাধা না মানায়—অসম্ভব রকমে তা বেহায়া হোয়ে পড়া আরাম-নির্ঝরিণীর পেশলিত ছোঁয়ায় বেঁধে—তীব্র বিভাসের আপীনেতে প্রতিভাস পাওয়া চুম্বনে চুম্বনে—প্রিয়ার ল্যজ কেড়ে নিল প্রিয়তমর বুকের লাজহরণক—ঐ যুবকত্ব—আর ঐ যৌবনত্ব।

ভালোবাসার মদির কার আরামের মধ্য অশোকার মন খুশীতে বিভাসিতা হোয়ে ওঠার তাড়নায় নাচতে যেয়ে, দোদুল দোলনেতে উঠলো দুলে দুলে। তার মনে হোল—অরিজিতের মুখেতে মুখ রেখে সে টাটকা পলাশ ফুলের রক্তবর্ণকে প্রগাঢ় ভাবের রূপরেখা ধরে রাঙিয়ে দিতে পেরেছে—আপন অধরেরই লাল আভারই সুধা মাখিয়ে মাখিয়ে। আর তারই স্বামীর ঔদার্য্য ভরিয়ে অরিজিত যেন প্রিয়ার বুকেতে নিজের বুকের তাজা যুবকত্বকে এলিয়ে রেখে, যৌবনায়নী আরামকে আহরণ করার—সৌন্দর্য্য-চাপে আর মাধুর্য-চাপে—সেখানকার দু'ধারার স্তবক-ভারে আনম্র—লাল লাল পলাশ ফুলকে দিয়ে নির্য্যাস তৈরী করাতে চাইছে। পলাশময় নির্য্যাসকে চিপে চিপে ওরই গাঢ় রঙ থেকে জৌলুস শোষণ করার ভেতর দিয়ে—নিজেতের দাম্পত্য স্বত্বার স্বত্ব সমেত তুলছে—রত্নত্বে রাঙিয়ে।

অশোকা কথা বললো আবেশের সায়র থেকে স্নান কোরতে কোরতে। মুখ আর চোখ ছাপিয়ে কাজল আঁকা পাতায়, আব লাল পরাগ মাখা অধর-কিনারেতে লেগে আছে শুধু সোনালী হাসির উজ্জ্বল ঝলমলানি। বলল অশোকা—এই, এই রিজিতা। শোন, একবারটি।

আর ওদিকে ঝিকিমিকি করা হাসির শুভ্রতা ফুটে আছে অরিজিতের মুখে। বলল সে—অশোকা, কিছু বলবে বুঝি ?

অশোকা বড় মিষ্টি কোরে শুধালো—হ্যাঁ!

তেমনি ভাবে অরিজিতও বলল—এই মধুর, এই লাজুকা, বল।

—রিজিতা। এই লক্ষ্মীটি। আগে বল, আমার একটা কথা রাখবে তুমি ? যদি বল রাখবে তা হোলে আমি এখনই তোমাকে বলব। লক্ষ্মী ছেলে, কথা রেখো কিন্তু।—তা বলতে বলতে অশোকা বেশ একটা মিষ্টি সুরের রেশকে অনেকটা পথ পর্য্যন্ত টেনে নিয়ে গেল।

—এই, আমি কথা দিচ্ছি অশোকা। এবার জানাও কী তুমি বলতে চাইছ।— তা জানবার জন্য অরিজিতের আনন্দ মাখানো চোখে-মুখে দেখা দিয়েছে অশেষ এক আগ্রহের আভাস।

অশোকা বলল—রিজিতা শোন, আমার মনের মধ্যে কেমন যেন একটা অস্বস্তিকর কোরে রাখা এমন কোন ভয় জড়ানো ভাবখানা উঁকি দিচ্ছে।

অরিজিত বলল—এই, তুমি কিসের জন্য ভয় পাচ্ছ ? খুলে বল, তা না হোলে যে ধরতে পারবো না।

তখনি কথার উত্তর দিল অশোকা। প্রিয়ার কথার ভেতরে এবার সত্যি ভয় জড়ানো স্বর অনুরণিত হোয়ে উঠলো। নিজেও তা বুঝতে পেরেছে। তাই অশোকার স্নিগ্ধতায় সাজানো হাসি হাসি মুখের আরক্ত রূপের ঝিলিমিলিতে একটু যেন করুণ ছবির স্পষ্টতা নিয়েই তা উঠেছে ফুটে।

প্রিয়র মুখের এক পাশেতে কপোলে কপোল ছুঁইয়ে আদর করার মতো কোরে ঘষতে ঘষতে অশোকা বলল—লক্ষ্মী রিজিতা। আমাকে তুমি এবার একটিবারের জন্য ক্ষমা কর। দোষ নিও না আমি তোমার সঙ্গে শিকারে যেতে পারবো না বলে। আর তোমার সাধ মিটিয়ে নিজের হাতে বন্দুক ধরে শিকার করা, সে ত' আমার এখনকার এই অবস্থার দিক থেকে দারুণ ভাবে অসম্ভব। সত্যি বলছি, আমার এই অবস্থারই কথা ভেবে তা থেকে সরেই থাকতে চাইছি। ওগো রিজিতা, শোন লক্ষ্মীটি, তোমার আর আমার, মানে আমাদের ভবিষ্যতের খুকুসোনার আসার সম্ভাবনা দিনে দিনে এগিয়ে যাওয়ায়, ওরই মঙ্গলের জন্য যেতে পারবো না। এই দুষ্টু, জান না তুমি যে, একেবারে প্রথমবার হিসাবে সন্তান-সম্ভবা অবস্থায় কোন মায়েরই উচিত

নয় নিজের শরীরের ওপর অযথা দৌড় ঝাঁপ বা হৈ-হুল্লোড়ের মধ্যে দিয়ে পরিশ্রমের ধকলখানাকে সহ্য করানো। আর তারই থেকে দেহে-মনে ক্লান্ত কোরে তোলানোটা। এ বাপারে মেয়েরা মা হোতে যেয়ে যতটা হুশিয়ার হোয়ে থাকে,—এই, মানে তোমরা ছেলেরা কিন্তু ততটা থাকতে পার না। তোমার প্রতিও আমার এই অভিযোগ থাকছে। হুঁশ থাকলে কী শিকারে নিয়ে যাওয়ার জন্য কোরতে জোর? এই, শোন, আমার আজকের এই মিনতিখানাকে তুমি গ্রহণ কর ক্ষমা কোরে। লক্ষ্মী রিজিতা, কথা রাখ আমার।

কোন রকম আশ্চর্য্য হোল না অরিজিত প্রিয়ার এ সব কথা শুনে। একটু মাত্র বিস্ময় বোধ কোরল না। কেন না—ভাবী মা'র মনের হঠাৎ জাগা এই ইচ্ছার চাইতে আর কোন কিছু—এত দামী ও খাঁটি হোতে পারে না। শুধু অশোকা কেন,—যে কোন যুবতী মেয়েরই পক্ষে—প্রথমবার মা হওয়ার সময়েতে মনের অবস্থাখানা এমনই ভয়ের আর শঙ্কার ভারে—একরকম কাতর হয়েই থাকে। অরিজিত হৃদয় দিয়ে অকপট ভাবে সে কথাগুলোকেই এখন কোরতে পেরেছে—অনুভবে বিভাবিত।

এমন এক বিভাব মনেতে জাগার জন্য আনন্দ-সায়রে নেচে উঠলো অরিজিতের খুশীভরা প্রাণের সবুজে ঘন রঙটি। যৌবনে তাজা মুখর সাজটি। নিলাজে ভরা সুখটি।—আর তার পরেই সুদর্শন বরপুরুষ তার লীলাসঙ্গিনীর রূপানুরক্ত মুখের শুচিস্নিগ্ধ লাল আভাকে আদরে আদরে বড় বেশী রীতিতে প্রগল্‌ভ কোরে তোলাতে লাগালো—নিজের হাতের আঙুল বুলানো শিহর দিতে দিতে।

অরিজিত বলল—এই মধুর, এই অশোকা, তুমি ঠিকই বলেছ। এটা আগে আমার খেয়ালে থাকলে পর নিশ্চয়ই তোমায় শিকারে নিয়ে যাবার জন্য জোর করতাম না বিন্দুমাত্র। তুমি আমাদের "খুকুসোনা"র মা হোতে চলেছো। তোমার এই অবস্থায় কখনো কোন অঘটন ঘটতে দিতে পারি না। উঃ, কী সুন্দর তুমি! খুকুসোনার পৃথিবীতে এসে পৌঁছুতে এখনও কিছু দেরী আছে। প্রায় মাস ছয়েকেরই মতো কিছু কম-বেশী।—এই মেয়ে, বলি যে, আর এরই মধ্যে এখনই কি না তুমি একেবারে সাক্ষাৎ মা'র মতোই হোয়ে উঠেছো, হাবে-ভাবে! সত্যি, সত্যি, আমার প্রিয়ার অন্য কোন তুলনা নেই। বাব্ বা, কি যে তোমার ব্যাপার, তা বোঝা সময়ে সময়ে আমার পক্ষেও হোয়ে ওঠে না।

হঠাৎই কথা থামালো অরিজিত। পলক ফেল্‌তে না ফেলতেই প্রিয়ার শুচিস্মিত অধর থেকে লাল ঠোঁটের ওপরে সজোরে আপন অধর নিয়ে লুটিয়ে পড়ে আঁকতে আঁকতে সঘন করালো—চুমার ভেজা ভেজা রূপরেখাগুলোকে। পারস্পরিক চুমাচুমির ঋতুসাজে মধুবাতায় কাঁপা গুঞ্জরন ছড়িয়ে ওঠা হলাদিত দয়িত, নিবেদনেতে অভিযোগখানা জানালো—বাব্ বা। বাব্ বা, এর পরে যখন খুকুসোনা

জন্ম নেবে, তখন কী আর তোমার কাছটিতে আমার জন্য এই এখনকার মতো আদর, আর শত রকম আবদার জমা থাকবে? তখন থেকে খুকুকে নিয়েই ত' সব সময়তে হোয়ে থাকবে ব্যস্ত। তোমার বুকের আরাম-সায়রে আমাকে নিশ্চয় তখন আর দেবে না—খুশীর সাঁতার কাটতে! আর দেবে না নিশ্চয় এমন এক অধিকার, যার প্রতিদানে তোমারই অনুপম এই বুকের সুষম ছন্দে ছন্দে—নাচাবে আর রাঙাবে সুন্দরী লজ্জাভারখানাকে—প্রিয়রই নিলাজ হওয়া যুবক-রীতিকার এক দুরন্ত-সন্ধ্যায়। এই, এই মেয়ে শোন, আমি কী আর তখন তোমার কছে পাত্তা পাব! এক কণামাত্র আদরও বোধ হয় এখনকার মতো অসময়েতে—সময় ছাড়াও যাবে না পাওয়া—তোমারই কাছ থেকে। এটা ভাবতেই কেমন কেমন যেন লাগছে আমার। উঃ, সত্যি তখন ত' তুমি শুধু বুঝবে, মেয়ে আর মেয়ে। খুকুসোনা আর খুকুসোনা। মনেতে ত' অন্য কিছু ধরবেই না। আর ভাববেও না। এই মিষ্টি, আমায় ত' তখন একরকম ভুলেই যাবে, না অশোকা? কী হোল, অত হাসছো যে দুষ্টু মেয়েদের মতো? শিকারেতে আর যেতে হবে না বলেই বুঝি এত আনন্দ, আর এত হাসি, না?

দয়িত স্বামীর এমন কথা শুনতে শুনতে ছোট্ট এক মেয়ের মতো খিল্‌খিল্ করা হাসির জোয়ারে আছড়ে পড়লো অশোকার উক্তি—ওগো রিজিতা, অত ভাবনা কেন তোমার? মেয়ে হবে, তারই অশেষ আনন্দের মধ্যেও ভয় জাগছে যে! খুকসোনা আমার কোল জুড়ে বসে থাকবে, আর মাঝখান থেকে তখন তুমি আমার অধর থেকে আদর আহরণ করার ব্যাপারে হবে বঞ্চিত। প্রতিহত। তাই না? এই, ভারী দুষ্টু তুমি! কত পরিকল্পনায় সাজানো, কত আনন্দে খুশীতে আকাঙ্খিত খুকুসোনাকে পেয়ে যাচ্ছ,—আর তবু কি না ভয় কোরছ মেয়ের বিনিময়ে যদি হারিয়ে যায় প্রিয়াটি, তাই কী? ওগো প্রিয়, ওগো দুষ্টু, ছেড়ে দাও এ সব ভাবনা।

অরিজিত বলল—আর তুমি, হ্যাঁ গো তুমি তা' হোলে কী?

অশোকা বলল—আমি হলাম আমি। আমি মানে হোল, বিশেষ ভাবেতে তোমারই আমি। আবার বেশী কি শুনি! কেন না এ মুহূর্তে আমায় নিজের বুকেতে বন্দী কোরে রাখা এই রিজিতা নামের সুন্দর ছেলেটিই যে হোল ভাবী খুকুসোনার মায়ের—একমাত্র সব সুখ। সব কিছু আনন্দেরই আকার। আর তারই অসম এক খুশী। সত্যি, সত্যি—হাসিতে খুশীতে, সুখেতে মিলিয়ে তুমিই যে হোলে আমার এখনকার একমাত্র স্বত্বা! জান নিশ্চয়?

কথা বলতে বলতে অরিজিতের হাতে আদর কোরে চলার ফাঁকে একটি ছোট্ট চিমটি কেটেই—সেই ফিকিরে বরপুরুষের বাঁধন থেকে সজোরে ছাড়িয়ে নিল নিজেকে। তখনি নেমেও পড়লো ডিভানের ওপর থেকে। আর নেমেই চকিতের মধ্যে অশোকা বারান্দা ঘুরে পালিয়ে গেল মা'র কাছটিতে—আপন যুবতীদেহকে

বিভূষিত রাখা লাল সুইস্ সিল্কের শাড়ীর এলোমেলো হয়ে থাকাকে—ঠিক কোরতে কোরতে। যাওয়ার সময় অরিজিতকে উঠে তাকে ধরে আনবার মতো এক মুহূর্তের সময়টুকুও দিল না।

তারপর সেদিনের সন্ধ্যা ছাড়িয়ে রাতের রাকা রূপের মায়া-রঙ ছড়াতে ছড়াতে হোয়েছিল ঘনায়মান। নিঝুমিত। নিশ্চিলিত। মন্দাক্রান্তা ছন্দে তুলে দিয়েছে—আঁধারের চেয়ে আলোক অধিক—রূপঝরা বিভাসেতে পাওয়া বিভূষণখানা।

সেদিনের তেমনি একটা রাতে তারা দুজনা মঞ্জুলে রসমধুরিক দাম্পত্য রীতির সুরীতিকা ধরে ঘুমিয়েছে—স্প্রিংয়ের দোদুল করা খাটের ডান্‌লোপিলো পাতা বিছানায়। তারই মধ্যে দুটি যৌবনেতে তাজাদেহের ঘুমিয়ে থাকা অবস্থা বেশ একটু মৃদু মৃদু দোলায় উঠেছে দুলে দুলে। শুক্ল-পক্ষের সোনায়-রূপোয় ঝল্‌কানো পরিপূর্ণ জ্যোৎস্না তার মিষ্টি আলোর ছড়া-ছড়ি করা ভাব নিয়ে, সাজানো ঘরটির তিন ধারেরই বড় বড় জানালাগুলোর ভেতর দিয়ে আছড়ে আছড়ে পড়েছে এসে সমস্ত-জায়গা জুড়ে। সুবিস্তৃতির ঘনতা নিয়ে। স্প্রিংয়ের দোদুল সুখশয্যায় শরম লাগা আবেশ নিয়ে ভালোবাসা জানাজানিতে মাতা-মাতি করা—দুটি সুখী যৌবনেতে ঝলকিত থাকা আভাময় সৌন্দর্য্যকে, রাতের রুপোলী রাকা আলো মাখিয়ে স্নান করাচ্ছে—রূপো থেকে সোনা হোয়ে ওঠা রঙ্ ঢেলে ঢেলে। এই শুক্লপক্ষের আলোর স্নিগ্ধতা বরনারী প্রিয়া আর বরপুরুষ আর্য্যপুত্রের দেহের দুটি যৌবনান্বিত রূপের কানাচে কানাচে—এঁকে দিচ্ছে অপরূপ এক মায়াবেশেরই ঝলমলানিতে ভরা রেখাঙ্কনগুলো। বাইরে বেশ শন্-শনানি নিয়ে বাদুলে বাতাস বয়ে চলেছে। জানালা দিয়ে বাদামী রঙের সিল্কের পর্দাগুলোকে উড়িয়ে উড়িয়ে ঘরের মধ্যে এসে হুল্লোড় তুলছে। খাটের ওপরে ঠিক মাঝখানটায় সিলিঙ্ থেকে ঝোলানো পাখাখানা পূর্ণ গতি দিয়ে চালু থাকায়, বাতাসের ঠাণ্ডা আমেজকে বড় বেশী কন্‌কনে কোরে বিলোচ্ছে। তাই ঘরের ভেতরটায়—বাইরের ও ভেতরের বাতাসের সংমিশ্রণে ঘটা তীব্রতার জন্য কোরে তুলেছে—প্রায় শীতাতপ-নিয়ন্ত্রিত। তাইতে ওদের দু'জনার বেশ একটু শীত শীত লাগছে। আর একটু একটু কাঁপুনিও জাগছে। তাই দু জনায় ঘুমোচ্ছে জড়াজড়িতে জড়ো-সড়ো হোয়ে।—বরনারী অশোকা শুয়ে আছে আপন দেহ-গাঙ্গেতে গাঢ় রঙে উপ্‌ছানো মদালসা মদিরতা ভরিয়ে। তার শুয়ে থাকার ভঙ্গিমাখানা ভারী সুন্দর হোয়ে ফুটেছে। ঘুমুচ্ছে সে বরপুরুষের বুকেতে বন্দী থাকা আদর মাখানো আলিঙ্গনের মধ্যে পেছন ফিরে, পিঠ রেখে। তার অনন্যরীতির সুন্দরী যৌবন দিয়ে সাজানো দেহের সামনের সমস্ত অংশ, বিচিত্রিতায় জ্যোৎস্নার ফুটফুটে বর্ণ-ছটায় রাঙিয়ে গেছে সপ্রগল্‌ভ ভাবেতে। বরপুরুষ অরিজিতেরও সুদর্শন রূপ-যৌবন তেমনি ভবে আলোকধারায় উঠেছে ঝকমকিয়ে।—সেই লাল টক্ টকে সুইস্ সিল্কের নয়নাভিরাম

শাড়ীখানা সুন্দরী-অনিন্দ্যা অশোকার নিটোলতায় নিখুঁত আর পেশলতায় বঙ্কিমা-ঘন শরীরী যৌবনের পরিপূর্ণ রেখাগুলোকে কোন রকমে রাখতে পেরেছে লুকিয়ে—বড় বেশী এলো হোয়ে জড়িয়ে যাওয়া আবরণেতে। তারই সুমসৃণতায়, আর লালচে আভা জড়ানো শুভ্রতায় পেলবিত বুক আর পিঠ রয়েছে —সম্পূর্ণ ভাবেতে উদোল। আর যেন অমন রূপের নিলাজ ভরানো বিকাশের প্রতি পড়বে না অপর কারুর চোখের চাহনি—তাই যেন অনেকটা উদাসীন। সুইস্ সিল্কের লাল টুকটুকে আঁচলখানা স্প্রিংয়ের বিছানার ওপর থেকে গড়িয়ে গিয়ে পড়েছে—নীচের মোজাইক্ করা মেঝেতে। সেখানে পাতা নীলে আর সাদায় কাজ করা কাশ্মিরী কার্পেট। খুব পুরু। তেমনি মোলায়েম। নীল আর শাদায় টকটকে লাল—বেশ মানিয়েছে মেঝের বাদামী রঙ্ মোজাইকের কাচের মতো স্বচ্ছতার মধ্যে—আলোর ঝিকিমিকি করা ভাবের সঙ্গে মিলে যাওয়ায়। তাই শাদা, নীল আর বাদামী রঙকে যেন বাতাসে বাতাসে দুলে উঠে—লাল আঁচলখানা নাচের তালে তালে নিজের জৌলুসের ছোঁয়াচ লাগিয়ে—আদর কোরছে। আঁচলের মধ্যে মাখানো রয়েছে অশোকারই যৌবন দেহের প্রাণ মাতাল করা—সুরভির সুবাস।

আরো গভীর শুক্লপক্ষের জ্যোৎস্নার সোনায় আর রূপোয় ফোটা ঝরনাধারাটি বরবর্ণিনী অশোকার সবুজ-গাঢ় যৌবনকে ঘিরে ঘিরে রূপদক্ষ শিল্পীর নিপুণ হাতেতে খোদাই কার তনুশোভাকে—প্রকৃতির মায়া দর্পণের কাঁচেতে প্রতিফলিত করিয়ে তুলে ধরেছে। তারই থেকে দেখে দেখে নিশ্চয় প্রকৃতি নিজেই হোয়ে পড়েছে অপার খুশীতে মুগ্ধা। তার এই খুশী হওয়ার সমস্ত ভাবখানা উপছিয়ে গেছে। ঐ ভাবটি অশোকার আবরণ-লাজেতে সাজা—লাল সুইসে বৃত থাকার মধ্যেও জেগে উঠেছে প্রায় নিলাজ-নিরাবরণতায় উদোল হওয়া দেহের তটে—রূপবঙ্কিমা ধরে ধরে বিকাশ করা অনন্যতায় রুচি-স্নিগ্ধ যৌবনশ্রীখানা ঘিরে ঘিরে—চিত্রবিচিত্রার পরিবেষ্টনী দিয়ে দিয়ে।—এই সুমধুরিক মুহূর্তটির নিরালায় স্বতঃস্ফূর্ত থাকা—নিঝুম নিঝুম অবস্থা নিয়ে ফোটা প্রিয়ার নিরাবরণার মতো দেখতে হওয়া অতি সুষমিত রূপখানাই হোল—সুন্দরী যুবতীর দেহী-রীতিকারই এক চরম ধারাঙ্কিত খাঁটি সত্য। সবুজাভায় আন্চানানো যুবতী মাত্রেরই মঞ্জুলিত ঋতু-ময়তায়—স্ফূর্ত এই শিল্প-বিচিত্রিতার মধ্যেই নিহিত আছে—সত্য, শিব আর সুন্দর।

তাই এক পরম সত্যের কানুনে নিখিল পুরুষজাতির যৌবনে অঙ্কিত যুবকত্বকে—এই যুবতী-প্রকৃতির দেহগত এমন এক সৌন্দর্য্যের অশেষ প্রাচুর্য্যতা —আপনারই যৌবনান্বিত শৈল্পিক সম্ভারের কঠিন পরশে পরশে দান করাতে পারে—একমাত্র যৌবনকে। ছন্দে ছন্দে অটুট রেখে। সচলিত করিয়ে। গতির আবেগে আর অনুরাগে ফোটা আবেশিত অভিমানে—কাঁপিয়ে কাঁপিয়ে।

এমনটাই হোল সবুজের সাজঘর—প্রণয় ও পরিণয়ের দুনিয়াদারির শতেক ধারার—কারুকাজ ফুটিয়ে রাখার জন্য।—তাই নিজেকে হ্লাদিতার পরিণীতা পরিচিতিতে বিভূষিত রেখে আপন যৌবনকেই যুবকের দেহে সজীবতারই সবুজ রঙে রাঙিয়ে দিয়ে যেতে পারে—একমাত্র ওরাই মানে—যারা যুবতীর মাধুরী রাগেতে রূপবতী। প্রণয় প্রসঙ্গে লাজবতী। মধু, মধু, সেই মধুক্ষরা মিথুনাবাসরের সুচরিতা থাকা সুবিনীতা থেকে তপ্তালিকা হওয়া পর্য্যন্ত—ওরা। সেই শুচি-স্নিগ্ধারা। সেই শুচিস্মিতারা। তাই, হ্যাঁ তারই রীতিতে ফোটা শরমহারা ঋতু বিপর্য্যয়ে অবগাহন কোরেছে—প্রিয়র জন্য প্রিয়া ঘুম ঘুম আলোকধারার মধ্যে, শ্রান্তিভরা ছন্দেতে ঘুমিয়ে পড়ে।—তাই আজ শুক্লপক্ষের এই জ্যোৎস্না-ধোয়া আর মধুর বাতাসে মাতাল করা রাতেতে—স্বামী অরিজিতের বুকেতে ভালবাসার জীয়নকাঠির সন্ধানে রূপাভিসার করাচ্ছে—বধূসুজনা অশোকা নিজেরই যৌবন প্রাচুর্য্যে পরিপূর্ণ, আর মাধবী রাগে রঞ্জিতা—যুবতীর সেই মঞ্জুলে-সহাসে বিকশিত সৌন্দর্য্যকে। বিভাবিত মাধুর্য্যেতে। স্বাভাবিক ঔদার্য্যের অনুরণনে।

বধূ অশোকার সুন্দর সুন্দর আর লাল লাল দুটি ঠোঁটের মিষ্টি রঙ্ নিজেরই ঘুমন্ত মুখের কমনীয় মাধুরীধারাকে আলোর সোনা-ঝরা মুহূর্তগুলো সমেত—মধুবর্ষী এক হাসিতে নাচিয়ে রেখেছে। অধরেতে উপছানো খুশীর নাচেতে হাসির রবাব হোয়ে উঠেছে শুধু—লালে লাল। ঘুম ঘুম ছন্দেতে মাতা পাপড়ির মতো সুমসৃণ পাতায় ঢাকা চোখ দুটির কিনারেকিনারে টানা—সরু কাজলের রেখা, অমাবস্যার তমসায় ঝরিয়েছে মদিরতা। তার আরক্তিম গালেতে ছোপান পরাগ রেণুর প্রসাধন ছাপিয়ে তা কপালের মাঝখানটিতে আঁকা কুঙ্কুমের টিপের চক্ চক্ করা বর্ণ-ছটার সঙ্গে তাল রেখে স্পষ্ট হোয়ে আছে চিক্ চিক্ করার মধ্যে। বধূত্বে রূপবিভূষিতা অশোকার টানা সিঁথির সিঁদুর—রূপোলী চাঁদের আলোর ছোঁয়াছে ছোঁয়াছে চিকন সরু সোনার পাতের মতন উঠেছে ঝক্ঝক্ কোরে। ওই ভাবেতে লাল রঙ্কে রুপোলী গ্রাস কোরে তবেই হোয়ে উঠেছে—রঙ্-সোনালী। আর নিখুঁত সোনার মতোই ঝলকে ঝলকে ঝলস্ ছড়িয়ে দিয়েছে—সিঁথিতে আঁকা সিঁদুরের মতোই পবিত্রতম দ্যুতিতে।

যে কোন রূপবতীর যুবতী পরিচিতিতে প্রিয়ার রীতি ধরে বধূ নামে নামাঙ্কিতার দেহ ঘিরে প্রকাশ পাওয়া এই পবিত্র ভাবখানা—সত্যি একটা মস্ত কানুন হিসাবেই অপরের চোখের রূপতৃষ্ণা ছড়ানো অপলক চাহনিকে মুহূর্তেরই প্রতিভাসে কোরে আনে—শুচিস্নিগ্ধ।—আজকের এই রাকা ঘেরা জ্যোৎস্না-ধারার পরিপূর্ণতার মধ্যে সব চাইতে বেশী উজ্জ্বল, আর সেই সঙ্গে লাজহরণক হোয়ে উঠেছে—বরনারী অশোকারই শরমে শরমে প্রকটিত তার পেশলিত রূপসী বুকের ওপরেতে, সুষম

ছন্দে ছন্দে ফোটা সৌন্দর্য্যকে রাঙিয়ে রাখা—মাধুর্য্যের চরম অভিব্যক্তিখানা। তারই ছন্দ মেলানো ওঠা আর নামায় জাগে—এক রূপাতীতেরই মধুরিক ব্যঞ্জনা! এমন ভাবখানা আরো বেশী কোরে ঝলমলিয়ে দিয়েছে অশোকার দেহরাগেতে ছাপা দুধে আলতায় ভরা অতি শুভ্রতার রঙখানাকে। সেই দুধে-আলতায় মেশানো শরীরী রঙ্ নাচিয়ে যেন তারই পেশলে পেশলে ছন্দিত আর স্পন্দিত বুকের দুটি নিটোল মধুরিম শিল্পধারাকে—রূপদক্ষ শিল্পী দেবদত্ত যেন আপনার মতোই প্রিয়া সুতনুকাকে—প্রকাশ করার জন্যই অশেষ ধৈর্য্যের মাপকাঠি ধরে খোদাই কোরে কোরে তৈরী করাতে পেরেছেন। নিজের সুষমিত বুকের দু'ধারার এই শিল্প-শোভার অপর্য্যাপ্ত সম্ভার নিয়ে—অশোকা সত্যিই অপরার কাছে অপ্রতিদ্বন্দ্বিনী। অনন্যায় অনিন্দিতা। চেনা-জানা যুবকেরা তার এই আবরণেতে বারণ না মানায়—সপ্রকট থাকা নিটোলতা দেখে দেখে হোয়ে ওঠে হতবাক্। হতচকিত। আর অচেনাদের ত' কথাই নেই। সমবয়েসী অঙ্গনারা সামনাসামনি কিছুটি অবশ্য বলতে সাহস পায় না—ঠিকই। কিন্তু পেছনে ফিরে না কোরে পারে না—ঈর্ষা। তাই দেখে আর জেনে-শুনে তারই গর্বের বরপুরুষটির মন আনন্দ আর খুশীতে উপ্‌ছে পড়ে, ভরাট অবস্থায়। অশোকা যে তারই বিবাহেতে সাত পাকে বাঁধা—স্ত্রী। ও যে বাঙ্‌লার বধূ—তাই কানুন বলেই অশোকার মধ্যে টইটম্বুর হোয়ে আছে—বুক ভরা মধুতে। আর সে যে হোল তারই প্রিয়-সুজন। প্রণয়ের একান্ত সহচর, আর উদ্দীপক। তারাদু'জনায় মিলে-মিশে মিতালি পাতা ভুবনেরই হোল লীলাসঙ্গী আর লীলা-সঙ্গিনী। সে হোল ও। আর তেমনি ও হোল সে। মিলিত প্রেমের ঝুলন খেলা নিয়ে মাতা—এক যুগল স্বত্ত্বা। কোন রকমেই এখন একজন তারই আরেকজনাকে কিছুতেই পারে না আর—কাছ ছাড়াটি করাতে!—আজও তাই অরিজিত তার বরনারীকে ঘুমিয়ে ঘুমিয়ে—পেছন ফেরা অবস্থাতেই জড়িয়ে ধরা আবেশ দিয়ে বুকেতে ঘন কোরে রেখেছে, তারই আবদার করা আহ্লাদেতে। ওই আবেশেরই রেশ থেকে বধূ অশোকার অসম সুষমা নিঙাড়িত আর উত্থানে-পতনে নাচের রিদম্ ঘেরা—উঁচু উঁচু স্তনশোভার নীচে দিয়ে বরপুরুষের হাতের বাঁধনখানা জড়িয়েছে—পিঠ থেকে বুক পর্য্যন্ত নিজেরই বুকের সঙ্গে। এক মঞ্জুলিক যুবক স্বামীর সুরীতি-মুখর অধিকার থেকে অরিজিতের দুটি হাতের লাজহরণক স্পর্শ—সুন্দর ভাবে ছুঁয়ে আছে—প্রিয়তমা অশোকার সৌন্দর্য্যে পেশলিত বুকের ওপরকার জ্যোৎস্নায় ঝল্‌মল্ কোরে রূপস্নান সারা—সেই দু ধারার দুই কঠিন মাধুর্য্যভারকে। পলকে পলকে সোনায়-রূপোয় ঝলকানো পূর্ণিমা রাতেতে অপরূপ সেই ঝিলিমিলি ভরা রূপের ভেতরে তা সত্যি এক অনন্য ধারার শোভা হোয়ে উঠেছে—ঠিক যেন দুটি পলাশে রাঙা সঘন লজ্জা। লজ্জার ভাবখানা বড় প্রগল্‌ভিত। লাজ হারানো হোয়েও—প্রিয়র ছন্দিত পরশেরই থেকে ঝরা আরামেতে

রূপ-মাখা অবস্থায় খুশীয়ালিনী অশোকার—মধুময় বুক সেখানকার শরমহারা সুখকে লুকোতে চাইছে—লাজেরই আবরণে আবৃতা রেখে। তেমনি হোল অরিজিতের দুটি স্পন্দনভরা হাতের বাঁধন—যা প্রিয়ার সুষমিত বুকে ঝরিয়েছে আরাম, আবেশ, আর মুঠো মুঠে নিলাজ-সুখ। রূপোয় আর সোনায় অনুরাগ ভরা রাকার আলোকসায়রেতে ঘুমানো বরনারী অশোকার শরীরী জৌলুসের দুধ-আলতা মেশানো রঙ থেকে—পেশলে কঠিন হওয়া পীনোন্নত স্তনশোভার ওপরে নিটোল বৃন্তে বৃন্তে ফুটে উঠেছে—লাল লাল পলাশগুচ্ছ। শুধু কুঁড়ি হোয়ে ফুটে থাকতে চায় নি। অপেক্ষায় আছে নিখিল প্রেমিক জাতির এক সুজনতম ছেলের যৌবন-সবুজ অবস্থারই, হাসিতে হাসিতে উপছানো ঠোঁটের পাগল করা খুশীর ঘন ঘন ছোঁয়াচ পেয়ে—ফুটবে বলে। সুস্মিতকান্তি অরিজিতের সুন্দর মুখখানার মিষ্টি মিষ্টি পরশ নিয়ে, থরে থরে সাজানো ঠোঁট দুটি শুধু একটিবারের জন্য—অশোকার বুকের ওপরকার সবুজ যৌবন দিয়ে খোদাই করা অনন্যরীতির মাধুর্য্যধারার ওই পীনোন্নত থাকা—দুই সুকঠিন রূপের বৃন্তে বৃন্তে—ওঠা-নামায় করা নাচানাচিতে কাঁপা কাঁপা পেশলতায় ছাপিয়ে দিয়ে যাক্—অধরেরই সুখলোভাতুর থাকা প্রগাঢ় চুম্বনখানা—তা হোলেই হলাদিতা হবে প্রিয়া সব চাইতে সুখে। আর সব থেকে বেশী রকম খুশীতে। আর তখনই সঙ্গে সঙ্গে লাল লাল পলাশেরা তাদের পাপড়ি মেলে ছড়িয়ে দেবে আসমানী আভা। রূপোয়-সোনায় ঝলকানো আলোয় স্বাক্ষর যাবে রেখে। সত্যি এই রূপ দেখে একদিন অরিজিত তার প্রিয়ার কানে কানে শুধিয়েছিল একটা সূক্তি—অনোরে দ্যঁ বালজাকের থেকে—"A man loves with his heart, but a woman with the point of her breast." সত্যি, সত্যি, সত্যিই ত তাই। আর তাই সে কথায় সায় দিয়ে বলেছিল অশোকা—ঈষ্। ভারী দুষ্টু কথাখানা যে শোনাচ্ছ! কিন্তু কী জান, তবু শুনতে আমার লাগছে বেশ মিষ্টি মিষ্টি, তোমারই হাসি ভরা মুখ থেকে।

ওদিকে কিন্তু ঘুমিয়ে ঘুমিয়ে একটা স্বপ্নকে অশোকা দেখে যাচ্ছে। স্বপ্নে দেখছে—অরিজিত যেন আজ ভোরে একলাই গেছিল সল্ট্ লেকেতে ডাক স্যুটিঙ করার জন্য। সকালে বেরিয়ে, বিকেল গড়িয়ে সন্ধ্যার কুলায় আশ্রয় নিতে যাওয়ার গোধুলি রাঙা মুহূর্তটিতে এসেছিল—ফিরে। শিকার কোরে প্রায় ডজন খানেক হৃষ্টপুষ্ট হাঁসকে কখনো আয়েসে, আবার বা কখনো অনায়াসে বন্দুকের ছর্‌রা গুলিতে—সহজেই ঘায়েল করাতে পেরেছিল। কোনটা হয় ত' গুলি বিঁধে ঝুপ কোরে পাখা আছড়াতে আছড়াতে কাছেই পড়ে যায়। আবার কোনটা বা শিকারীকে একটু শব্দ করবার জন্য—বেশ অনেকটা দূরের জলে এসে পড়ে। তখন অরিজিতকে বন্দুকখানা পিঠে ফেলে রেখে, প্যান্টের পা গুটিয়ে তুলে নিতে নিতে, সামনে এগুতে হয়। ও ভাবে জল ভাঙতে ভাঙতে সামনে এগিয়ে যেয়ে ধরতে হয়েছে। হাতে গুলি

বেঁধা হাঁসটিকে তুলে নেবার পরও ক্ষণিকের জন্য সেখানকার জলের ওপর খানিকটা জায়গা জুড়ে ঝরা রক্তের ফোঁটায় ফোঁটায়—ঈষৎ লাল হোয়ে থাকতো। ঐভাবে সবগুলোকেই ধরার পর অন্য লোক দিয়ে একসঙ্গে পায়ে পায়ে দড়ি দিয়ে বেঁধে নিয়ে—ক্যাডিলাক্খানার পেছনে রেখে নিয়ে এসেছিল।—তারপর গাড়ী বাগানের গেট ছাড়িয়ে ভেতরে ঢোকার সময়—অশোকা দাঁড়িয়েছিল বাড়ীরই বাইরের দিককার বারান্দায়। সেখানে দাঁড়িয়ে বাড়ীর দরোয়ান ডালা খুলে ভেতর থেকে সমস্ত হাঁসগুলোকে তুলে নিয়ে কাঁকর বিছানো রাস্তার ধারেতে, বাঁধানো ঘুটিঙের ঠিক পাশেতেই—সবুজ ঘাসের লনের ওপরেতে রাখলো সেগুলোকে। অশোকা তাকিয়ে তাকিয়ে দেখলো—মৃত হাঁসগুলোর গা দিয়ে এখনও যেন ঝরে ঝরে পড়ছে রক্তের ছোট ছোট বিন্দু। তার একটু পরেই ওদের ওখান থেকে তুলে নিয়ে যাওয়া হোল মালির ঘরের দিকে।—কিন্তু মনে হোল যেন—ওরা অন্যত্র যাওয়ার আগে সেখানকার সবুজ ঘাসের জায়গাটাকে—কিছুটা নিয়ে, রক্তে রক্তে দিয়ে গেছে ভরিয়ে। অনেকক্ষণ ধরে তাই সে তাকিয়ে দেখছিল। হুঁশ হোল যখন অরিজিত স্নানঘর থেকে পরিচ্ছন্ন হোয়ে পোশাক পালটিয়ে, প্রসাধন সেরে—ডাকতে এলো।

—ঘুমিয়ে ঘুমিয়েই অশোকা স্বপ্নখানা দেখে চলেছে।—তারপর তারা কত গল্প কোরল রাত গভীর না হওয়া পর্য্যন্ত। অরিজিত নিজের কাছটিতে রেখেছিল বসিয়ে—প্রিয়াকে আদরে-সোহাগে নাচিয়ে-হাসিয়ে। শুধুমাত্র শিকারেরই কথা নয়। আরো অনেক কিছুর কথাই বললো।—তারপর খাওয়ার পালা শেষ হওয়া মাত্র একটু তাড়াতাড়িই যেন ওরা দু'জনাই ঢলে পড়েছিল—গাঢ় ঘুমের রাজত্বে। কিন্তু ঘুমিয়ে পড়ার পরই এ কী হোল তার!—সন্ধ্যা হওয়ার আগে বিকেলের অস্তগামী আলো এসে না পড়তেই, অশোকা তখন যে বারান্দায় দাঁড়িয়ে দেখছিল সবুজ ঘাসের ওপরকার অল্প একটু জায়গায় কেমন ভাবে একটু একটু কোরে রক্তের ফোঁটা—জমে জমে কোরে তুলেছিল লাল—তাই-ই এখন তার মন জুড়ে, দিয়ে বসেছে দারুণ এক ভয়। সত্যি ত' হাঁসগুলো যেন মরে যেয়েও কী এক আক্রোশের ঝোঁকে—বেশ আলোড়ন তুলেই ঝটাপট পাখনা আছড়াচ্ছে! কিন্তু, ব্যাপার ত' ভালো নয় বলেই মনে হচ্ছে। বড় বিশ্রী এই ছবিটা। আরে, আরে! ও, কী? আমার খুকুসোনা না? হ্যাঁ। ঐ ত' আমার খুকুসোনাই যে ঐ ভাবে তার কচি কচি হাত আর পা নিয়ে—থপ্ থপ্ কোরে হামাগুড়ি দিচ্ছে বাগনের ঘাসের মধ্যে—সামনে এগুবে বলে। কিন্তু, কিন্তু ঐ ধারটিতে ও যাচ্ছে কেন? আরে, ঐ ত' ঐ দিকেতেই খুকুসোনা তার ছোট্ট মতন রাঙা টুকটুকে মুখখানায়—খিল খিল করা হাসিতে ভরিয়ে নিয়ে এরকরকম যেন জোর কোরেই ছুটছে, হামাগুড়ি দিতে দিতে। ঐ ত, ঐ খানেতেই ঘাসের ওপরের লাল অংশটুকু ওদের গা দিয়ে ঝরা রক্তেই ত' হোয়ে আছে—লালে লাল। ওঃ মা, ওঃ কী; মরা হাঁসগুলো যে আবার কখন এ দিকটিতে এসে গেল

দেখছি! এই, দেখেছ দেখেছ; হাঁসগুলো এগুতে এগুতে খুকুসোনাকে সামনে দেখতে পেয়েই কিনা দাঁড়িয়ে পড়েছে—থমকে যাওয়ার মতো। কিন্তু এ কী কোরছে ওরা! প্রত্যেকটি তাদের লম্বা লম্বা মুখের ছুঁচলো ঠোঁটকে হাঁ করিয়ে ধরে, আর পাতা পায়ের ধারালো নখ্‌কে বাগিয়ে রেখে—যেন একটা হিংসা নিয়েই এগিয়ে আসছে—খুকুসোনার দিকে। এখনও ত' ওদের গুলি বেঁধা গা দিয়ে ফোঁটা ফোঁটা বিন্দুর মতো রক্ত ঝরছে। ওরা নিশ্চয়ই এখন একযোগে খুকুসোনার ওপরে চার ধার থেকে ঝাঁপিয়ে পড়ে, তার তুলতুলে নরম শরীরখানাকে কামড়ে-খিমচে-ঠুকরে—রক্তাক্ত কোরে তোলাবে। ঠিক, ঠিক, এই ভাবেতেই তাদেরকে একাট কৌতুহলী খুশী মেটাতে গিয়ে গুলি কোরে মারবার প্রতিশোধটি নিতে চাইছে—খুকুসোনারই ওপরে!—কেন না, কেন না ওরই বাবা যে—

—এই, ধর, ধর। খুকুসোনাকে ছুটে গিয়ে ধরে আন। ওকে এখনি একসঙ্গে থাকা হাঁসেরা কামড়ে-খিমচে একটা রক্তারক্তি ব্যাপার ঘটাবে যে! ওগো রিজিতা, ওঠো। এই, উঠে পড় লক্ষ্মীটি।.....

ঘুমের গাঢ় ঘোর থেকেই চিৎকার কোরে উঠলো—বরবর্ণিনী অশোকা। আর তখনই স্বপ্ন দেখা তার মুহূর্ত মধ্যে হোল—উধাও। অরিজিতের হাতের বাঁধনের ভেতর থেকেই সে পাশ ফিরে শুয়েই শক্ত কোরে জড়িয়ে ধরল—বরপুরুষকে।

অশোকার এমন ভাবে এই মাঝ রাতেতে ঘুম থেকে জেগে চিৎকার কোরে ওঠার সঙ্গে সঙ্গেই অরিজিতেরও ঘুমখানা গেছে ভেঙ্গে—প্রিয়াকে ভয় পেতে দেখে। সেই সঙ্গে ভয়ের কাঁপন থেকে কুঁকড়ে-মুকড়ে উঠে প্রিয়কে জড়িয়ে ধরার আভাস থেকে। তখনি বিছানার উপর উঠে বসে অরিজিত অশোকাকে হঠাৎ ভয় পেয়ে কাঁপা অবস্থা থেকে নির্ভয় করার জন্য—বুকেতে তুলে নিয়ে আটকালো। প্রিয়ার ভয়ে বিহ্বল শরীরে আদর করার মধ্যে, হাত বুলোতে বুলোতে বলল—এই অশোকা। লক্ষ্মীটি বল, কী হোল তোমার। এই, হঠাৎ ভয় পেয়ে চিৎকার কোরে উঠলে কেন? বল, এই?

ভয়কাতর চোখের কাজল মাখা চাহনি নিয়ে ভালো করে অরিজিতের চোখের দিকে তাকালো অশোকা। তখনো ঘুম ঘুম ভাবের ম্লান একটা জড়তা মাখা থাকলেও—জ্যোৎস্নার আলোকধারা ঠিকরে পড়েছে তার কাজলে টানা ছবির মতন, আর সেই সঙ্গে মোহ জড়ানো চোখ দুটোয়।—অরিজিত দেখলো তার বরনারীর চোখেতে ভরা জল থৈ থৈ কোরছে। জ্যোৎস্নার ঝল্‌মলে রূপ তারই মধ্যে কোরছে চিক্ চিক্। কী একটা মনে হওয়ায় অশোকা তার গাল অরিজিতের মুখেতে ছুঁইয়ে ধরে ঘষতে লাগলো। ঐ রকম কোরতে কোরতে বলল অশোকা—এই রিজিতা। শোন, ও এমন কিছু নয়। এমনি আর কি। সত্যি বলছি, এমনিই অমন ভয় পেলাম।

অরিজিত বলল—কিন্তু না, বেশ বুঝতে পারছি যে তুমি একটা কিছু লুকোতে চাইছ। তোমার চোখ-মুখের কাঁপা কাঁপা ভাবে ফোটা ভাবখানাই ত' বুঝিয়ে দিচ্ছে—যে তুমি বেশ ভয় পেয়েছ। কী বল, ভুল ধরিনি ?

অশোকা যেন অভয় পেয়ে বলল—হ্যাঁ রিজিতা, হ্যাঁ। ঠিকই ধরছ। আমি কিন্তু লুকোতে চাই না তা।—এই বলে অশোকা অরিজিতের কাঁধে নিজের মাথাখানা আরাম কোরে রেখে পর পর সব কথাই বলে গেল—স্বপ্নে এই একটু আগে যা দেখলো, তার সবটাই।

সবটাই শুনলো অরিজিত। তার পরে বলল—এর পর ? এই, বল ?

—এর পর কী ? শুনবে রিজিতা ?

বলতে বলতে অশোকা ঝৎ কোরে দুষ্টুমি ভরিয়ে বরপুরুষের স্নিগ্ধ চোখ দুটোকে গাঢ় ভাবে আদর কোরলো নিজের লালে লাল নরম ঠোঁটের থেকে—পরপর আঁকা কয়েকটা ভেজা ভেজা পরশ টেনে দিয়ে। একটু পরেই মনের খুশী নিয়ে কল্‌কলিয়ে উপ্‌ছে পড়ে বলল অশোকা—এই মধুর, শোন, আগামীকাল আর কিন্তু তোমার শিকারে যাওয়া চলবে না। বুঝলে রিজিতা ? সত্যি বলছি, মোটেই যাওয়া চলবে না। আর এটাও জেনে রাখ যে, অন্ততঃ আমাদের খুকুসোনার জন্ম না হওয়া পর্য্যন্ত তুমি আর একটি দিনের জন্যও শিকার কোরতে যেতে পারবে না। বুঝতে পেরেছ, এই ?

হাসতে হাসতে অরিজিত বলল—যদি তবু যাই ? তা হোলে ?

—এই, যাবে ? তা হোলে বেশ যেও। কিন্তু তার আগে জেনে রাখ যে, আমার মাথার দিব্যি রইল। এবার যাও দেখি কেমন এর পরেও যেতে পার তারই সাহসটা একবার দেখবো।

কথা শেষে অশোকার শুচিশ্রী ভরা মুখের খুশীর রঙেতে দুষ্টু হাসির জোয়ার উজাড় হোয়ে উঠলো।

আনন্দেরই গমক থেকে অরিজিতের সুন্দর মুখশ্রীতে ছাপিয়ে যাওয়া শিশুর মত কৌতূহলী ভাবখানা—আরো রঙীন হোল। বলল আদর ঝরানো গলায়—এই অশোকা। এই দুষ্টু মেয়ে। সত্যি তোমার মতো মেয়ের দুষ্টুমির কাছেতে পার পাওয়াটা যে শুধু আমার একলার কেন, তা অন্য কারুরই পক্ষে নয় সম্ভব। তবু দিব্যি জানিয়ে রাখছো ? বাব্‌বা ; ভারী দুষ্টু মেয়ে ! এই এসো, সমস্যা ত' মিটলো, বলি আর ঘুমুবে না ? জেগে জেগেই কাটিয়ে দিতে চাও না-কি বাকী রাতটা ?

—না। না। ঈষ্, তুমি ঘুমুবে বুঝি ? কিন্তু তোমাকে ঘুমাতে দিলে ত' ?

সুবিনীতা অশোকার লাল আভায় ঝল্‌মলানো অধরেতে শুধু রিমঝিমিয়ে নাচানাচি কোরছে—দুষ্টু হাসিরই খিলখিলিয়ে ওঠা—ঝর্‌র্‌রা। ছর্‌র্‌রা।

—এই, বলি, ঘুমাতেও দেবে না ? তা হোলে কীকোরবে বল জেগে জেগে ?— অরিজিতের মনেতেও তখন প্রিয়ার অধরে ধরা হাসির ছোঁয়াচখানা লেগেছে।

আর তখনি আপন সমস্যাটির সমাধান পাওয়ারই নির্ভয়তায় খুশী থেকে, দয়িতকে পুরস্কৃত করার জন্য প্রিয়া হোল সক্রিয়া—প্রণয়েরই ছান্দস্রীতিতে। নীতিতে।

তাই সুস্মিতদর্শন বরুপুরুষেরই কান্তিঝরা মুখের রঙীন থাকা সুখের ব্যাপ্তিতে—বরনারী প্রিয়া তখনি আপন মুখের দীপ্ত ঊষার রাঙা মাঙ্গলিকি জানালো—লাল লাল ঠোঁটে আনচানানো খুশীর সঘন ছোঁয়ায়। সিক্ততায় কাঁপা কাঁপা ভাবেরই বাঁকা-চোরা কোরে আলপনা এঁকে এঁকে। তারপর বলল অশোকা—এই, রিজিতা।

অরিজিত প্রতিবেদন কোরল—কী ?

বলল অশোকা আদুরে মেয়ের মতো চোখে-মুখেতে রূপের ঢল নাচিয়ে নাচিয়ে—শোন। এই লক্ষ্মীটি, আমায় এখন বুঝতে পারছো কী ?

শুধালো অরিজিত—এই। বুঝেছি। পেরেছি। ওগো মধুর, হ্যাঁ।

কাটা কাটা কথার ঝনঝনানি মৃদুলে দোলাতে দোলাতে নিবেদন কোরল অশোকা—এই রিজিতা। এই মিষ্টি ছেলে ! তবে তোমার চপলতা কেন দুষ্টুমি না কোরে থাকছে নিশ্চুপ ? কেন তোমার প্রণয় জানাজানির ভাবখানা হোয়ে উঠছে এত নিঝুম ? এত নিথর ? বল, বল আমায়, ওগো সুন্দর ?

শুধু জানাল অরিজিত—আমার অশোকা। এই, তুমি অশোকা সত্যি দুষ্টু। বড় দুষ্টুমতি।

আগের মতো সোনায়-রূপোয় মাখামাখি করা—জ্যোৎস্নার রূপনির্ঝরটি আলোয় আলোয় খালি স্নান করিয়েই চলেছে—ওদের দু'জনাকে। নিজেদেরই ভালবাসাবাসির ঋতুমহলেতে সঙ্গত থাকা অবস্থাতেই। ঘরের তিন ধারের বড় বড় জানালা দিয়ে মাতাল বাতাস বাদুলে ধারার ঝটপটানি সমেত প্রচণ্ড ভাবেতে তেড়ে তেড়ে এসে তাদের রীতি-সুন্দর, নীতি মধুর বিবাহিত ভালবাসার শান্ত আর স্নিগ্ধ মূর্তিকে—মিথুনেরই ভাস্কর্য্য ফোটানো নিয়ে—বিপর্য্যস্ত কোরে তোলাবার জন্য অনেক চেষ্টাই কোরে চলেছে। কিন্তু সত্যি ওদের মিলনবাসরের রূপবিচিত্রার সমাহিত আরাধনার সঙ্গে যুঝতে পারছে না। ওদের দু'জনায় তখন—সুখ আর খুশী—এদেরই দেওয়া আর নেওয়ার পালা চলেছে।

অশোকা আর অরিজিত—তারা হোল দুটি তাজা রক্তধারার মতোই—লালে বিভূষিতা লাল পলাশ। সুখ আর খুশী দুইয়ের এখনকার রঙ হোল প্রগাঢ় লাল থেকে হওয়া—আরো টক্‌টক্ দ্যুতি ঝরানো—লাল আভা।

আর এই ভালবাসাবাসির স্বতঃস্ফূর্ততায় অশোকা ও অরিজিতের বিবাহিত যুগল থেকে এক ও অদ্বিতীয় হোয়ে ওঠা ঐ একই স্বত্ত্বাখানা ঝল্‌মলিয়ে আছে—অস্তিত্বময় তাজা লালে। লাল তাজায়। রক্ত পলাশের মতো। তাজা তাজা লাল রঙ্—তাদের দাম্পত্যবিচিত্রার সুনিকেতনটিকে প্রগাঢ়তায় ভরিয়ে রেখেছে।

আর, ওদের দাম্পত্যরীতির রহস্যঘেরা বাসর থেকে সৃষ্টির তিতিক্ষা ধরে, যৌথ প্রয়াসে রূপদান করা—ঐ ভবিষ্যতের খুকুসোনাও হোল ওদেরই প্রণয়ে বাঁধা আর পরিণয়ে স্বাক্ষরিত অভিব্যক্তিখানার—আরেক তাজা লাল রঙ। প্রখর তার রূপ। প্রগাঢ় তার স্থিতি। অসম তার ধৃতি। অশেষ তার কৃতি। তা একখানা লাল পলাশেরই প্রতিচ্ছবি।

সত্যি, সত্যি—এই সুমধুরিক ঋতু নিয়ে স্ফূর্ত যৌবনায়ন চয়ন কোরে আনে—সৃষ্টি সুখেরই সলাজ-সুন্দর অসীমতাকে, আর শেষ না হোতে পারা—সেই অশেষতাকে। সেই সুন্দরের আর মধুরের বৃতি—সত্যি কৃতির শৈল্পিক কারুকাজে—হোয়ে ওঠে—নিটোল রূপকুট্টিম। অটল থাকা কবি-কৃতি। কেন না,—এই পলাশের মতো তাজা লাল বিভূতির মধ্যে সেজে ওঠা—দম্পত্তির পুণ্যশ্লোকেতে আকার ঘেরা যৌবনায়নী সৃষ্টির শৈল্পিক ঋদ্ধিখানা—তাই না হয়ে পারে না—নিখুঁত কবিতার মতো। আরো ব্যাপকে—তা হোয়ে ওঠে—লিরিক্যাল্ ব্যালাড্! সৃষ্টিতে। স্থিতিতে। অস্তিত্বে।

তাই—লাল লাল পলাশেরই পুণ্য দ্যুতিতে ঝলমল করা প্রিয়ার সলাজ-মধুর প্রজাপতি-পরিচিতিকে আরতি কোরে আজ মাঝে মাঝে জানায় অরিজিত—ওগো মধুর। ওগো শুচিস্মিতা। তুমি কবিতার মতো! সৃষ্টির অন্বয় নিয়ে ছন্দে ছন্দে তুমি পুষ্পিতা করিয়ে চলেছো—ছন্দ-যতি-মিল গমক ধরা গীতালি মূর্ছনারই—মীড় আর গমকে। ওগো, তোমায় আজ জানাতে ইচ্ছে হয় যে, তুমি মধু। তুমি শান্তির নীড়। তুমি শক্তির উৎস। তুমি সৃষ্টির নিয়ন্ত্রা।

অশোকা তখন জানায়—দ্যুৎ। এ যে রিজিতা, তুমি কবিতা বানানোর মতোই দুষ্টুমি কোরছ, কথার ফুলঝুরি ফুটিয়ে! তাই না?

—সত্যি। ঠিকই বলেছো। জানো, আজ তোমায় লাল পলাশেরই মতো কোরে—বুকেতে বন্দী রেখে মনে পড়ে—ওমর খৈয়ামেরই মতো—

"সেই নিরালা পাতায় ঘেরা বনের ধারে শীতল ছায়
খাদ্য কিছু পেয়ালা হাতে ছন্দে গেঁথে দিনটা যায়,
মৌন ভাঙ্গি মোর পাশেতে গুঞ্জে তব মঞ্জু সুর
সেই ত সাকি স্বপ্ন আমার সেই বনানী স্বর্গপুর।"

—এই অশোকা। কি গো, বল, তোমায় পেলে এমনটা মনে করা কী ভুল ?

পলাশেরই মতো তাজা লাল পবিত্রতায় ঝল্‌মলিয়ে, আর সঘন, যুবতীত্ব নিয়ে রিমঝিমিয়ে প্রিয়কে নিবেদন করে থাকে অশোকা প্রায়ই—ওগো রিজিতা, ওগো আমারই মধ্যে সৃষ্টি করারই উৎসরূপী স্রষ্টা, তুমি কী ভুলে যাও, যে, আমার মতো কবিতাখানাকে তুমিই করিয়ে রেখেছো—মিতাক্ষরা। প্রজায়িতা। পুষ্পায়িতা।

সুরেলা লহর ফোটানো কবিতারই কাটা কাটা ছন্দ নিয়ে কথা বলতে থাকা এই অশোকা—হলো বধূ-নিলাজিতাটি রূপে—আকারে ও প্রকারে—নিখুঁত এক লিরিক্যাল্ ব্যালাড্। গীতি-কবিতা।—কেন না—যুবতী প্রিয়ারা বিদিশার আঁধারেতে ও শ্রাবস্তীর সন্ধ্যায়—হোয়ে ওঠে কানুন ধরেই—কবি-প্রাণা। তা না হোলে যে—প্রিয়তম পথ চলতে চলতে—হোয়ে পড়বে—দিশাহারা। প্রিয়া থাকবে বিনিদ্র—প্রিয়রই শান্তির নীড়ে বন্দী থেকে থেকে—তাজা লাল পলাশ হোয়ে, প্রভাসিত হবার জন্য। ঐ ভাবে প্রিয়া—পৃথিবীর সব রকম ঝড়-ঝঞ্ঝা থেকে পাহারা দিয়ে রাখবে—তারই প্রাণের সুজনক প্রিয়তমকে। জাগতিক অনেক কিছুরই ভ্রান্তিবিলাস—তার অন্তরতম এই যুবককে মায়ায় ধাঁধিয়ে দিয়ে—পথভ্রষ্ট করাতে পারে—যে কোন মুহূর্তে!—তাই আজ, প্রায়ই মুঠো মুঠো পলাশের লাল বিভূতি ছড়াতে ছড়াতে জানায় অশোকা, প্রিয়তমের শুচিতা ভরা অধরে সুধার আমেজ থেকে চন্দ্রমল্লিকার হাসি মাখাতে মাখাতে—ওগো মিষ্টি? শোন, ছিলাম এক। তোমায় নিয়ে হোয়েছি দুই। এবার? ওগো দুষ্টু! এবার তোমার স্রষ্টার তিতিক্ষা ধরে ঐ মিতাক্ষরা দুই থেকে সৃষ্টি করাতে করাতে চলেছি—আগত ঐ তিনকে—খুকুসোনার মধ্যে। তাই না? ছন্দ ছিল—দ্বিপদী। এবার হোয়ে উঠেছে মিল পয়ারেরই—ত্রিপদী। ঠিক, ঠিক, তাই। তুমি মধুরে থেকো নিশ্চিন্ত। ভয় করো না। আমি থাকবো তোমারই জন্য বিনিদ্র। পাহারা দিয়ে।

প্রিয়ার অধরের লাল লাল পরাগের ওপর দিয়ে—পলাশের দ্যুতিকে আরো সঘন কাবার জন্য চুমার স্থায়িত্ব বিলম্বিত করাতে করাতে—অরিজিত না জানিয়ে পারে না আজ—ওগো আনন্দিতা। তুমি আমায় রাখবে শঙ্কা থেকে, ভয় থেকে পাহারা দিয়ে দিয়ে। তার মানে জান কী? তার মানে, তুমি তো হোলে—শ্রীরাধা। তুমিই কুলকুণ্ডলিনী শক্তি। তুমিই যুবকের হলাদিনী স্বত্বা। তুমি ধী। তুমি শ্রী। শোন গো মধুরা, রাধা হোল চিরন্তনী। রাধা শাশ্বত যৌবনাবতী। নারীর সব রূপ, সব মাধুর্য্য তাঁরই মধ্যে হোয়ে আছে একাকার। তোমায় দেখে দেখে মনে পড়ে—তুমিও তাই। তোমারই একই অঙ্গে সমারোহ নিয়ে ফুটেছে নানান রূপ। তাই কবির ভাষাতেই বলতে চাই—

"গোরোচনা গোরী পেখনুঁ ঘাটের কূলে
কানাড়া ছান্দে কবরী বান্ধে নবমল্লিকার মালে॥
ফুলের গেড়ুয়া ধরয়ে লুফিয়া সঘনে দেখায় পাশ।
উঁচু কুঁচযুগে বসন ঘুচে মুচকি মুচকি হাস॥"

—সত্যি অশোকা, ছন্দে সুষমায় আর অভিধায় যা বোঝাতে চেয়েছেন কবি—তা প্রকারন্তরে তোমার এই একই অঙ্গে থাকা এত রূপখানার আতিশয্যকেই পরিচায়িত কোরছে। তাই না?

আর তখন তাজা লাল পলাশের মতো রঙীন দ্যুতিতে ঝকমকিয়ে থেকে অশোকা প্রতিবেদন করে—ওগো, এ তোমার দুষ্টুমি হোচ্ছে। এতই কী আমার পরিচয়? এতই কী আমার রূপের ধৃতি? কী জানি! দ্যুৎ, এবার নিরস্ত হও শুধু আমারই কথায়! আর শোন লক্ষ্মীটি, আমার খালি মনে পড়ে কী জান? মনে পড়ে স্মৃতির টানে যে, ওগো প্রিয়তম, আমরা দু'জনাই যেন খুকুসোনার আগমনের পথ চেয়ে বসে থেকে মনে রাখতে পারি এটাই, যে, "This day is almost done. When the night and morning meet it will be only an unalterable memory. So let no unkind word; no careless, doubting thought; no guilty secret; no neglected duty; no wisp of jealous fog—becloud its passing. For we belong to each other—to have and to hold—and we are determined not to loose the keen sense of mutual appreciation which God has given us. To have is passive, and was consummated on our wedding day, but to hold is active and can never be quite finished so long as we both shall live."

প্রিয়ার কথার এই অভয়ঙ্কর রূপারূপ থেকে বারে বারে নির্ঝরিত হোল—লাল তাজা, আর তাজা লাল সুরভির প্রখর দ্যুতি—পলাশময়তায় প্রিয়র অধরকে আদর করাতে করাতে।

—১৬ই জুন, ১৯৫৮

গল্পকার জ্যোতিরিন্দ্র নন্দী ও তাঁর গল্প

সহলেখিকা ঃ সন্ধ্যা মুখোপাধ্যায়

অন্তরঙ্গের রাগ আলপনার বহিরঙ্গের বিচিত্র স্বভাবে মিলে মিশে—কেমন আপন প্রিয় হয়ে—রূপনির্ঝর ফোটায় সুর্য্যমুখীর সূর্য্যায়ণে প্রতিভাসিত সত্যান্বেষণে—তারই গল্পকার—জ্যোতিরিন্দ্র নন্দী। বলিষ্ঠ মানস সত্যের রূপ-অরূপের কারুকাজে—তাঁর বক্তব্য মুক্ত বিহঙ্গমের মত ভাবনার হাজার তরঙ্গ-ভঙ্গে—নয় বিচলিত। নয় এলোমেলো, দিশাহীন। স্থির আর শান্ত স্বভাবের সুন্দরতায় শিল্পীর বোধজ্ঞান আপনাতে আপনি খুশীবিহ্বল। আর প্রকৃতির আলাপনে রূপ-মহাদেশের আনন্দঝরার মধ্যে নিষ্ঠচেতা। লেখক তার সাহিত্যায়ণে অনেক ভাবনার পশরায় সাজিয়ে, গুছিয়ে, অনেক কাহিনীর রূপদান কোরেছেন এ পর্য্যন্ত। কোনটির আধার উপন্যাস, কোনটি গল্প। তবে গল্পই সংখ্যায় বেশী। শুধু যে এক বিরাট ব্যাপকতা নিয়েই কথাসাহিত্য উপন্যাসে পরিসীমিত তা ত নয়,—চোখে না পড়া, চিনতে পেরেও জানতে না চাওয়া ডেইজি ও ঘেঁটু বা সন্ধ্যামালতীর মতই কত ছোট ছবি, ছোট ছোট ভাব, ছোট সুখের এতটুকু খুশীর কথা, কত ছোট দুঃখের সাময়িক যাতনা, মনমদির প্রণয়-কাকলীর রঙছুট কথা, ছোট স্বার্থের জন্য অযাচিত লোভ ও তার সাময়িক সংক্রমণ, কত পথের চলমান জীবন ধরা সালতামামি, সামাজিকতার হাটে-বাজারের পাটোয়ারী কথার—শিল্পী রূপেই তাঁর ছোট ছোট রচনায়, গল্প করেই সাজিয়েছেন। রাঙিয়েছেন মনসিজার মতো সুনিশ্চিতা কোরে।—ভাল ভাবেই বলতে পারি—জ্যোতিরিন্দ্র নন্দী মানসবিহার কোরেছেন মূলত ছোট গল্পের সীমিত দুনিয়াদারির পরিবেশে, প্রমিতিবোধের পরিবেষ্টনীতে। তাঁর গল্প একটি বৈশিষ্ট্যের ওপরে আলোকপাত করে, যা সহজেই উপলব্ধি করায় তাঁরই লেখা গল্পের দুটি ধারায় পরিবেশিত কাহিনী-সম্ভারের জল্পনা-কল্পনার। একধারে অভিজ্ঞতার বোধসঞ্জাত চিন্তার স্বতঃস্ফূর্ত প্রকাশ ভাবলোকের সঞ্চরমান রূপযান চড়ে কল্পনার রঙবাহার মাধুরীতে হোয়ে ওঠে—আদর্শরকম রোমান্টিক সৃষ্টি। ভাষায় ভাষায় চলে রং-তুলির চিত্র-কুশলীতা, সুদূরাভিসারের আহ্বানে, রাগে, অনুরাগে, প্রেমের কবোষ্ণতায়, ঋতুরঙ্গীন বিচিত্রায়। মুঠো মুঠো অপরাজিতা, চন্দ্রমল্লিকা, ম্যাগনোলিয়া কাঁঠচাঁপা, পলাশ—মনসুখকর হয়ে দাঁড়ায় গদ্যশিল্পী জ্যোতিরিন্দ্র নন্দীর সুগভীর কল্পনার ইন্দ্রজালে বোনায়। সে সব গল্পের রভস কথায়, সুরলোকে বিহারিণী সুতনুকাদের যৌবনবিহ্বল আবেশ কথায়, বরপুরুষের আকুতিঝরা আকাঙ্খার চাওয়াতে ভুল কোরে ভুল বুঝতে মননিষ্ঠ প্রেমবিলাসের রসনির্ঝর কথায়। এখানে লেখকের সুনিপুণ ভাষাশিল্পায়ণের রূপনিষ্ঠার মতই নায়িকারা মনসিজের তাগিদে, দেহদেউলে সাজায় বনফুলের সুরভিতে ভরানো

যৌবনের আলপনা। যুবতীর মন তাই—সংস্কারমুক্ত মনবিলাসের মাদকতায় হিল্লোলিতা। শিল্পীর "মীরার দুপুরে"র জীবনের মানে খুঁজে ফেরা সুখান্বেষী মীরা, বারো ঘরের বরনারী সুরুচি, পূর্ণিমার রাকায় সাজানো শুধু "আলোর ভুবনে"র বিশাখা, সূর্য্যের প্রখরতায় ঝলসানো "গ্রীষ্মবাসরে"র জয়তী-তপতী-লিলিরাই—তাঁর সমস্ত গল্প-কল্পনার আঙ্গিনাকে রঙ্ ও বেরঙে, ঋতুতে ঋতুতে ভরিয়ে রেখেছে। এখানে জ্যোতিরিন্দ্র নন্দী সুন্দরের প্রেমিক।—সত্যি অসুন্দর বলে কিছু নেই। অসুন্দর যে চোখে দেখার ভুল। মনে বোঝার অসুবিধা। তাই ত এ পৃথিবী—আলোর ভুবন। রূপঝরা থেকে লেখকের আকুতি নির্ঝরেতে ভাসে—"স্বর্ণচাঁপা গাছ। কিন্তু ফুল সুন্দর কি পাতা সুন্দর! সোনারঙ চাঁপা-ফুল, চাঁপাকলির দিকে তাকিয়ে চোখ জুড়ায়। সবুজ নধর পাতাগুলিও ত কম সুন্দর নয়। ফাল্গুনে কুঁড়ি ছিল। চৈত্রে কিশলয় হল। আর বৈশাখ পড়তে যৌবনপুষ্ট হয়ে প্রত্যেকটা পাতা আকাশের নীল ছুঁয়ে দেখতে আকুল হয়ে উঠেছে। অনন্তে তৃষ্ণা? অনন্ত সৌন্দর্যের পিপাসা?" তারপর "...রুনি ফুলের আগুন আর পাতার সবুজ দেখতে দেখতে ভাবছে—কেবল কি মানুষ, গাছের ফুলটি পাতাটিও আলোর দিকে আকাশের দিকে হাঁ করে তাকিয়ে থেকে দুর্নিবার পিপাসায় ক্ষণে ক্ষণে অস্থির চঞ্চল হয়ে ওঠে। মাটির বন্ধন ছেড়ে ছুটে যেতে চায়। কিন্তু পারে কি? পারে না। সহস্র বাহু শিকড়ের শিকলে আটকা পড়ে ফুলের দল, পাতার দল কাঁদছে। কাঁপছে। দক্ষিণের দমকা হাওয়ায় গাছের সেই কান্নার সুর, পিপাসার দীর্ঘনিশ্বাসই ত থেকে থেকে ছড়িয়ে পড়ছে। দিন মানুষ পারে, রুনি পারে বন্ধন ছিঁড়ে বাঞ্ছিতের কাছে ছুটে যেতে। চাঁপার আগুনের চেয়েও দ্যুতিময়, সবুজ নধর পাতার চেয়েও লাবণ্যময় একুশ বছরের এক নগ্ন পুরুষ দেহের আশ্চর্য ঐশ্বর্যের এ কী দুর্নিবার আকর্ষণ। রুনির চোখ বার করেয় ফিরে যাচ্ছে সেদিকে। নিজেকে শাসন করত গিয়ে—"

বাস্তবে রুনিরা, মানে অন্যান্য আধুনিক বরবর্ণিকারা নিজেদের ও-ভাবেই শাসন করতে চায়। কিন্তু পারো না। ওরা যে আধুনিক ইভ্। এখনও অভিশপ্ত—যদি নিজেদেরই কার্য্যকলাপ পরম্পরায়। তবু স্বপ্ন দেখে। কল্পনা আঁকে মনেতে—পৃথিবীর কোন এক নিরালা কোণে, শান্ত পরিবেশে একটুকু সুখের জন্য ছোট্ট একটা নীড় বাঁধার জন্য—কোন এক সমবয়েসী সুজনের সঙ্গে। তবু ভুল হয়। আসে হঠকারিতা। জাগে লোভ। মনে থাকে শঙ্কা। নিশ্চয়ে তারা হয়ে পড়ে—অনিশ্চিতা। দোষ—ওরা স্বাধীনা মনের হতে চায়। বিদ্রোহিনী হয়। কিন্তু, তারপর যথাপূর্বং তথাপরম। ওরা হাসতে হাসতে, কাঁপতে কাঁপতে ভুলে যায় আপন ব্যক্তিত্ব উন্মেষের কথাকে। ওদের মনের প্রেমাকুল মিনতির সুযোগে—পুরুষের প্রেম সময়ে সময়ে লোভের আগুনে জ্বালিয়ে দেয়। নিঃশেষে সুনিশ্চিতাকে ব্যবহারে, প্রয়োগে, মিথুনলগ্নে—অপবিত্র

কোরে তোলায়। আবিলতার অমা রঙে ঢাকে। আবার সময়ে সময়ে প্রভৃতির পরিহাস যেন—প্রতিশোধ নিয়ে নেয় নারীকে দিতে প্রীতির মানুষটির সরল মনেতে আঘাত হেনে। ঠকিয়ে। এমন মলিন পরিচয়ে, আবিলতা ঢাকা পরিবেশে নর-নারী দুই-ই একই স্বভাবের হয়ে ওঠে।—ঠকো অথবা ঠকাও—নয় ত কেউই ঠকো না।—সত্যি আজকের দারুণ, জটিলতায় ভরাট সমাজের তথাকথিত সামাজিকতার ভেতরে যেসব মলিনতা, অপবিত্রতা দেখা দিয়েছে নিছক স্বার্থ, প্রতিপত্তি, বিত্ত, সুনামের মিথ্যা মোহে, তার সব কিছুরই অপ্রতিরোধ্য ছোঁয়াচ জনমানস অতিক্রম করে পুরুষ ও রমণীর দাম্পত্য জীবনের আগে ও পরে—সর্বত্রই ছন্দহীন কোরে দিতে চাইছে। অমিল, অসামঞ্জস্য রূপ ছড়িয়ে গেছে।—জোরাল ভাবের চিত্রপটে ব্যক্তিত্ববাদী কথাকার জ্যোতিরিন্দ্র নন্দী এ সবেরই সমস্যাকে তুলে ধরেছেন। তাঁর এক ধারার গল্পে—প্রেমই মুখ্য। নায়ক-নায়িকার গীতালীমুখর জীবন-যৌবন অভিসারকুঞ্জের কাকলীকথাতেই ভরানো। সে ধারায় থাকে গল্পলোকীয় বিচিত্রিতা। প্রমাণ বহন করেছে 'নায়ক নায়িকা' 'চার ইয়ার' 'চামুচ' 'সমুদ্র' 'গিরগিটি' 'চন্দ্রমল্লিকা' 'ট্যাক্সিওয়ালা' 'বনানীর প্রেম' 'শালিক কি চড়ুই' 'ষ্ট্যাম্প' 'ক্যাম্যাক্ স্ট্রীট' 'মহীয়সী' ও আরো অনেক গল্প।

জ্যোতিরিন্দ্র গল্প-সাহিত্যের অন্যধারায় যে সব গল্প সুন্দর রূপায়ণ হয়ে আছে—তাঁর প্রত্যেকটির লক্ষ্য হচ্ছে কৃত্রিমতায় সাজানো সমাজের লোকদেখানো সামাজিকতা, তার ঈর্ষা, লোলুপতা, ব্যাভিচার, সমাজনীতির সঙ্গে রাজনীতির সংঘর্ষে জাগে যে সব অসভ্যতার স্বার্থান্বেষণ, সর্বোপরি মারাত্মক পরশ্রীকাতরতার প্রধ্যুম্ন বহ্নি। এ সব গল্পের পরিকল্পনা এসেছে যন্ত্রণা-কাতর মানুষের অকাল বসন্তে ছাওয়া, অবেলায় সুর হারানো ব্যথা থেকে, হতাশা থেকে। 'স্যাডেষ্ট্ থট্' থেকে জীবনের গল্প সহজ সুরে গেথেছেন এখানে সুদক্ষ কথাকার। পুষ্পধন্বার মাদল বাতাসে বোধ হয় 'ট্যাক্সিওয়ালা' গল্পের সুন্দরী নায়িকা নিজেকে পরিপূর্ণা নারীর তৃপ্তির ভুবনে দাঁড় করাতে পারেনি। তার জীবনে জ্বলে ওঠা দ্যুতি হঠাৎই আঁধারে ঘিরে যায়—ট্যাক্সিচালক যেন নিজের হয়ে ওঠা সমাজসচেতনতার দর্পণে এ মেয়েকে তার লাঞ্ছিত রমণীত্ব—সমেত বুঝতে পেরেছিল। একটা কথা স্বীকার করতেই হবে, আজকের সভ্যতার অলঙ্করণে ঝক্ঝক্ করা শহরের সওয়ারীবাহী যে কোনো ট্যাক্সিওয়ালারই জীবনে—অনিবার্য কারণেই এসে যায় নানান ঘটনার চমক দেওয়া অভিজ্ঞতা। এ থেকে সারাদিন গড়িয়ে রাতের নিশুতিপুরের যাত্রী-বন্ধুরূপে তারা যে জ্ঞান পায়,—তার ধারণা থেকে অনেক সময়েই আমাদের সভ্যতার আর মনুষ্যত্বের গর্ব—নিরাসক্ত নির্বিকার ট্যাক্সিচালক যুবকদের কাছে পরিহাসের মত ধিকৃত হয়। ওরা ভাবে—এই কি শিক্ষা? এই বুঝি রুচি? এরই নাম সভ্যতা?—নিজের জীবনে আপন

পরিণীতার কাছ থেকে হঠকারিতা পাওয়াতে আজ সে তার আবেগ, অনুরাগের জগত ছেড়ে—একরকমেরই এই যাযাবরী বৃত্তির ট্যাক্সির-চালক ও মালিক হওয়ায়, কোন কিছুর ওপরই আর তার ভয়, করুণা, মমতা নেই। সে নির্ভীক আর দৃঢ়চেতক, ঠকানো সমাজের রূপের কাছে। এমনি পরিবেশে তার সঙ্গে সওয়ারী রূপেই পরিচিতা হয় এই যুবতী,—যে পরিচিতিতে রমণীয় রমণী, সাজে পরিবারের বধূসদৃশা। কিন্তু—হ্যাঁ, আজ নিজের অপমানিত নারীত্ব নিয়ে সে তার দেহের যৌবনের বাঁকে বাঁকে ধরে রেখেছে রতির রঙ—ঝাঁকে ঝাঁকে অপেক্ষাকৃত অনেক পুরুষের মৌ—চোখের লোভী দৃষ্টির কাছে। তারা নেয়, সময়ে অনেক বেশীই—কিন্তু ওর মত মেয়েরা পায় না কিছুই। না সম্মান। না ঘর বাঁধার সুনিশ্চিত আকুতি। সমাজ বলে, ওরা অপবিত্রা। ভ্রষ্টা। অমাকন্যা। কিন্তু,—মানবতাবাদ তা বলে না। এই যুবতীর দেহ-বেসাতির পেছনে—আছে দারুণ ইতিহাস। সে ইতিহাস এক স্বাভাবিক ভাবে প্রতিষ্ঠা পায়, যার সংস্কারের জন্য কোন প্রয়োজন বোধ হয় না—নির্মোক জড়ানো সমাজের। ওর আকাঙ্খা পৃথিবীতে কোন দিনই বোধহয় পূর্ণতা পাবে না। সে কাঁদবে আড়ালে। আবার সাজাবে দেহ-বেসাতি—রতিলোভী হঠকারীদের জন্য। তারা আবিলতায় ভাসাবে নারীসত্বমকে।—তবু অলকারা এগিয়েই আসবে। কারণ তারাও বাঁচতে চায়। আর বাঁচার জন্য—চাই অর্থ। তাই দেহবাদের জগতে নারীর দেহমঞ্জিলে বিকিকিনির হাট-বাজার—দেশে ও দেশে, সর্বত্রই। এ নারী নিশ্চয়ই ভুল করেছিল চালককে বুঝতে, এমন অবস্থায় ওদের মনসমীক্ষা এসে পৌছয়, যেখানে তারা প্রথম চাহনিতেই পুরুষকে ভাবে—ঋতুরঙে ধাঁধানো আসঙ্গ-ইঙ্গিত। কিন্তু তা ভুল জেনেও এই যুবকের বেলায় সে ভুলই করেছিল তার মনসজি সুতনুর উরোজ রূপরে বজ্রশ্রীর পীনোদ্ধতাকে—নিরাবরণা করানোর মধ্যে। এই ট্যাক্সিচালক আজ এমন এক অনুভূতির দেশের মানুষ, যেখানে তার সেক্স—কৃষ্টালের মত কঠিন। নিশ্চল। নারীর কোন আবদেনই তাকে অচলায়তনে টানতে অক্ষম।—লেখক এই ভাবনাকেই সহজ সুরের সরল কথায় গুছিয়ে—তৈয়ার করেছেন তাদের জীবনের কঠোরে-কোমলে গাথা এক—'সুইটেষ্ট সঙ্'।

আধুনিকা বরকন্যার কাজল চোখের দীঘল কোণে ঝলকানো অন্তরের আপন আর আঁধার ঘেরা জীবনের মুঠো মুঠো রভসকে—নতুন জীবনের মানে তুলে ধরা রূপকথা কোরে তুলেছেন—জ্যোতিরিন্দ্র নন্দী তার 'শালিক কি চড়ুই' 'চামুচ' 'গিরগিটি' 'সমুদ্র' গল্পের মনসমীক্ষায়—প্রকাশমান চিন্তাজালের দুর্ভেদ্য—অমানিশায় আর রোমাঞ্চে।—এ সব গল্পে এমন এক না বোঝা ভুলের জগতের ভ্রান্তিবিলাস সাজানো হয়েছে। বর্তমান যুগে—দাম্পত্য জীবনের প্রেমবিলাস—রতিবিলাসের নিরাবরণ নিরাভরণতায়—ব্রীড়াবনত হতে চায় না।—চায় না একে অপরের ইচ্ছাই

স্বাধীন ভাবে উদ্ভূত ইগোটীজম্ থেকে—সহজে আর স্বেচ্ছায় তা বরণ কোরে নিতে। সামাজিক, পরিবেশগত শৃঙ্খলা, পারিবারিক ঘনিষ্ঠতায় থাকা সত্ত্বেও রাকা রজনীর নিশুতিলগ্নে—মধুমাসের আহ্বানকে দম্পতিরূপ অযথা অকারণে অবুঝের মতই করে বসে ভুল—মিথুন-কল্পনায়, ঋতুরঙ্গীন আলোর ভুবনে। ভুলে যায় প্রীতিলোকের আনন্দনির্ঝর কথা। ভাললাগার নিছকতার পরিবেশে—দেহাচারীতায় বেশী কোরেই ভুল বোঝার পরেও, ভুলকেই ধরে রাখে হেমকান্তি ভালবাসার নিকষিত রূপকে —না মানার মধ্যে। প্রেম মুক্ত বিহঙ্গমের মত শরীরী লিপ্সার মাদকতার বিলোল হিল্লোলতায় নজরবন্দী হয়ে মুক্তি আস্বাদনে রংচংএ ফুলবাহার ডানা নিয়ে ছট্‌পট্ করে চলে। কামনা তখন দেহদেউলে নিগূঢ়। রাগালাপে প্রমত্ত প্রহরগুলোকে গুনে গুনে যায়, পলকে পলকে অকারণ পুলকে। তারপর, কখন রূপমদিরে ঝলসানো দুটি আধুনিক প্রাণ সুপ্তিলোকে ক্ষণাকলের মৃদু মন্দাক্রান্ত ছন্দে—জীবনবাসরকে মনে করায়,—ধন্য, তৃপ্ত করান হয়েছে।—কিন্তু পরমুহূর্তেই যতিভঙ্গ হয় 'গিরগিরি'টর মায়ার মধ্যে প্রণবের সান্নিধ্যে, 'পতঙ্গ' গল্পের দেহচেতনাকে , 'শালিক কি চড়ুই-এ দম্পতি জীবনের শেষ চমকে, 'চামুকে' সব অনুকুল থাকার পরেও প্রতিকূল করার জন্য অশোক-সরলার অভিপ্রায়ে, 'নায়ক-নায়িকা'র কুহেলি-স্বভাবে, 'গোঁয়ার' গল্পের যুবক ব্যারিষ্টার রথীন রায়ের পুষ্পবিলাসিনী প্রিয়া-স্ত্রী রেবার সুখীপ্রাণেতে জাগা—সংশয় কথায়।—ওরা সকলেই লেখককে ভাবিয়েছে। পাঠকও ভেবেছে তা পড়ে পড়ে। সব থেকে বেশী কোরে দোলা দিয়ে যায় সমাজ মানসের মুকুরেতে।

প্রথমে 'গিরগিটি' গল্পের ভেতরকার রং-বেরং কল্পনার মায়াজাল বিস্তারের পট-ভূমি ধরে আমরা আলাপনে আসছি। প্রিয় আর অপ্রিয় দুই ভাবেরই সমতা ভরানো এর কারুকাজে, গল্পায়ণের আলাপনা সাজনোয়। গল্প তার আরম্ভে পাঠকের ভাববিলাসকে এক নয়নাভিরাম বর্ণনার প্রাঙ্গণে এনে দাঁড় করায়।—একটা বিষয়ে আমরা জ্যোতিরিন্দ্র-সাহিত্যের সুন্দর আবেশমুখর মুহূর্তের রূপায়ণে দেখতে পাই—মানুষের, বেশী কোরে যুবতী হৃদয়ের রঙে প্রকৃতি আর ঋতু-বিচিত্রা নিয়ে কত গভীর ভাবে মোকাবিলায় মিতালী পাতায়। রাঙায় পলাশ ফুলের মত মুখরুচিকে। ফোটায় সুস্মিত ব্যঞ্জনা, রক্তবরণ অধরের কাঁপন বিলোলতায়। আর দেহের যৌবনে সবুজ গাঙে গাঙে। এর পরেও দেখা যায় পুরুষের এলোমেলো স্বভাব শান্তরাগে ভরে ওঠে।—বর্ণনার সময়ে গাছ, লতা, ফুল, পাখী, ঝর্ণা, ছোট্ট নদীর কলহাস, দোয়েলের শিষ, টিয়ারঙের মসৃণতা, পূর্বালী হাওয়া, এমন কি বরবর্ণিনী রেবা রায় কলাবতীর গর্ভকেশরের সুরভিতে মাতোয়ারা হওয়ায়—তার টিকোলো নাকের প্রান্তে ওর হলুদ রঙ পরাগরেণু পর্যন্ত আঁকা হয়ে যায় বিন্দু বিন্দু—এমনি প্রকৃতির উদার

রাগ-আলাপন ভাষার মধুময় সত্বায় ভেসে ভেসে জ্যোতিরিন্দ্র-মানসের প্রকৃতি—নিষ্ঠতার—পরিচিতিকে বিশিষ্ট করে রেখেছে।

অষ্টাদশী মায়া আর বাইশ বছরী প্রণব, আর তাদের বসন্ত মাদল বাতাসে কাঁপানো যৌবনবিলাস স্বামী-স্ত্রীর মিথুনচেতনায় পথ খুঁজে ফিরে চলেছিল। 'গিরগিটি' গল্পে, নামকরণে একটা রূপক ধরা হয়েছে। আর তার প্রতীক, মায়া নিজে। প্রণবের কাছে তার অস্বিত্ব দেহদেউলের সুখাবেশের তাড়নায় সরীসৃপের মত ধীরে, মৃদুলা, গতিতে আবেগ মথিতা। যৌনচেতনায় লাজহরা। প্রণব শান্ত। সুস্থির। যৌবনান্বিতার অনুরাগের পরশে সে নিথর। নিশ্চলতায় অনুরঞ্জিত। ভাবে, প্রকাশে সে শুধু যুবক। আর বেশী বিছু নয়। মনে হয়, ভাবতেও চায় না। কী তার নেই, তা নিয়ে। যুবকের মধুক্ষর যৌবনত্ব নিয়ে আপন পরিণীতার যৌবনকে কি ভাবে রাঙাবে, নিলাজ করাবে, সে সম্বন্ধে—সে অবুঝ। প্রণবের সরল মন শিশু বিলাসের মতই মায়ার সান্নিধ্যে ভুলে যায় মনের আকুতি জাগা মিনতিতে ঝরে পরা—শরীরচারিতার কথা।—ভুল বোঝে, যৌবনের তাগিদে প্রিয়ার সবুজ দেহের নিরাবরণা যৌবনকে পুষ্পায়ণ মানসে লাজহীনা করাতে। দেহে দেহে ডাক দিয়ে যাওয়া সোনা ঝরা রাকাতে আলপনা আঁকা সে মিথুনরূপে। প্রথম প্রথম প্রণবের মধ্যে দেখতাম সেক্সের অনুভূতিহীন কৃষ্ট্যাল রূপ। বলতে বাধা নেই, শুধু প্রেম—মিথুন বিলাস ছাড়া অপূর্ণ। আবার শুধু দেহবিলাস ইররেশনাল্। অমানুষিক। আর এ দ্বন্দ্ব থেকেই বঙ্কিমান হয়ে ওঠে স্বামী-স্ত্রীর প্রীতিঘেরা আঙ্গিনা। তাদের যৌবন ধর্ম অন্ধকারে ডুবে যায়। সেই সমীক্ষার অনুরণনেতে জ্যোতিরিন্দ্র নন্দীর ভাববিলাসিনী মায়ার আঠারোর দুর্দম সুখ নিজের রূপের প্রেমে নার্সিশাস্ হয়ে উঠেছিল—"দেওয়ালে টাঙ্গানো একটা বড় আরশীর সামনে দাঁড়িয়ে সে নিজেকে দেখছে। দেখছে আর যেন আনন্দের আতিশয্যে মৃদু শিস্ দেওয়ার মতন একটা সুর জিব ও ঠোঁটের মাথায় জড়িয়ে রেখে রেখে তার পর এক সময়...গায়ের জামার বোতাম নেই, আঁচলটা ঢিলে হয়ে মাটিতে লুটোয়, খোঁপার বাঁধন খুলে দেওয়াতে ঘাড়ে পিঠে কোমর অবধি একরাশ কালো চুল ছড়িয়ে ছিটিয়ে আছে। মাঝারো গড়ন। রং খুব ফর্সা না। কিন্তু মুখখানা সুন্দর। অন্তত মায়ার নিজের কাছে নিজের ছোট পাতলা কপাল আর দু'ধারে একটু বেঁকে যাওয়া না-সরু-না-মোটা ভুরু ও ঢালুর দিকে ঈষৎ ছড়িয়ে পড়া নাক ও কালো পালক ঘেরা চোখের লালচে মতন বা বলা যায় বাদামী রঙের চক্‌চকে মণি দুটো অসম্ভব ভাল লাগে। হ্যাঁ আর ওর কচি পেয়ারার মতন ছোট্ট সুগোল মসৃণ একখানা থুঁতনি। নিজের কাছে ত বটেই প্রণবের কাছেও এই চোখ এই নাক এই ভুরু গাল কপাল এবং বিশেষ করে শক্ত পালিশ গোল ছোট্ট থুঁতনিটা যে কত প্রিয়, তা মায়া এই দু'বছরে বেশ বুঝে নিয়েছে। বাপ্, আদর করতে সকলের আগে প্রণব এই থুঁতনি

ধরে নাড়া দেবে টিপবে রগড়াবে নয় তো থুঁতনির ওপর নিজের গালটা চেপে ধরে ঘষবে।" আর এমন ভাবনা যাকে নিজের রূপ সম্বন্ধে সচেতন রাখে, সে ভাল লাগাতে পরছে না প্রণবের কাছ থেকে পাওয়া আঁধারের রভস মিলনের উচ্ছ্বাসকে—"....সব কেমন যেন মায়ার কাছে পূরনো, বড় বেশি একঘেয়ে ঠেকতে লাগল। যেন জন্মবধি সে এসব দেখছে শুনছে। যেন শুনে শুনে দেখে দেখে এখন তার হাঁপিয়ে ওঠার সময় হয়ে এলো। এমন কি রাতটাও। আদর চুমা আবেগ উচ্ছ্বাস, কোন কিছুর মধ্যেই আর ও দিশেহারা হয়ে যেতে পারছিল না। যেন কতকাল ধরে চলছে। যেন এসব কাজ এখন কিছুদিনের জন্য বন্ধ থাকলে ভাল হয়....বিছানার অন্ধকারে আধশোয়া স্বামীকে...বেশবাস "ছেড়ে নিজেকে কুৎসিত মনে হয়।"—মায়া প্রণবের কাছ থেকে মুক্তি চায়। কিন্তু আত্মপ্রীতির সৌগন্ধে সে তার রূপকে প্রকৃতির অনাবিলতার মধ্যে মুক্ত করাতে, সূর্য্যের পবিত্র ছটায় সাজাতে খুশী হয়।—"একলা মায়া ছাড়া পৃথিবীতে আর কেউ তা দেখছে বলে আজ আর সে মনে করতে পারল না। অথচ ওরা রোজ চুপ করে দাঁড়িয়ে দেখে, হাঁ, সহস্র পাতার চোখ মেলে এ বাড়ির নিমগাছ, রোদ কি জল ঠেকাতে বড় বড় পাতা মাথায় ওধারের পেঁপে গাছগুলো, এ ধারের কচি পেয়ারা গাছটা, ওদিকের পাঁচিলের মাথায় কাকগুলো পর্যন্ত ; ইটের পাঁজা ছেড়ে লাল ফড়িং দুটো উড়ে এসে ঘুরে ঘুরে মায়ার ভিজে চুল দেখে, নাভি দেখে, স্তন দেখে, জঙ্ঘা দেখে। কচি কলাপাতার বোঁটার মত ওর পিঠের ঋজু মসৃণ শিরদাঁড়া...."—প্রকৃতির উদার আকাশের নীলিমায় যেমন সে নিজেকে আদুর কোরে ধরে, তেমনি চার দেয়ালের নিঝুমতায় বনানী-কন্যার নিলাজতায় নেচে ওঠে—"দুপুরে খাওয়ার পরে চোখে আজ ঘুম আসে নি। শুতে গিয়ে শোয়া হোল না। এক আশ্চর্য্য নেশায় মন শরীর আচ্ছন্ন হয়ে রইল। সত্যি ত। মায়া মাদার গাছ বা নোনাধরা পাঁচিলটা যদি হঠাৎ মুখ ফুটে বলে ওঠে, 'চমৎকার, কত সুন্দর তুমি', অথবা 'তোমাকে দেখে বর্ষার রজনীগন্ধা, কি বৈশাখের চাঁপার কথা মনে পড়ে আমাদের' তা সে কি খুব অবাক হবে? হয় নি। এখনও হোল না। বরং নূপুর বাজার মতন উত্তেজনায় আনন্দে তার রক্তের মধ্যে একটা মিষ্টি রিমঝিম শব্দ হচ্ছিল। সেই কখন থেকে। শোয়া ছেড়ে এক সময় ও উঠল। আস্তে দরজার দুটো পাল্লা ভেজিয়ে দিয়ে উঠোনোর দিকের জানালাটা বন্ধ করে দিল। তারপর এসে ঘরের মাঝখানে দাঁড়াল। ঠিক মাঝ জায়গায় দাঁড়ালেই দেওয়ালের আরশীতে ও পায়ের নখ থেকে সিঁথির ডগা পর্যন্ত দেখতে পায় না, আরশী মুখ করে দাঁড়ালেও সব দেখা যায় কি। সব বাঁধন খুলে পা দিয়ে একদিকে ঠেলে সরিয়ে দিল ও। আর সেই মুহূর্তে আয়নার দিকে তাকিয়ে ও স্থির হয়ে গেল। যেন রক্তের বাজনাটাও কিছুক্ষণের জন্য থেকে রইল না, নিজের মূর্তি সে ওর আগে কখনও

দেখে নি এভাবে। ডালিম গাছ, পাতা ফুল ফল কাণ্ড শাখায় ছড়িয়ে পড়ে যৌবনের সতেজ প্রগল্ভ লাবণ্য। পুলকের বিদ্যুৎ শিহরণ তার মেরুদাঁড়ায় খেলা করে গেল। টের পেল মায়া। আর রক্তের বাজনাটা যেন প্রচণ্ড শব্দ করে তখন বেজে উঠল ঝম্ ঝম্ ঝম্। ঘরের চালে শব্দ হচ্ছিল। বাইরে, গাছের পাতায়, পাঁচিলের গায়ে। কুয়োতলায়, ডুমুর জঙ্গলে। আকাশে ভেঙ্গে জোরে বৃষ্টি নামল। আর আয়নার সামনে নাচের ভঙ্গিতে ঘুরে ঘুরে কোটিবার ও নিজেকে দেখল।"

মায়া এখানে যা করেছে প্রগল্ভতায়, তা মনস্তাত্বিক দিক থেকে একটি মেয়ের পক্ষে খুবই স্বাভাবিক, আমরা তাই মনে করি। নূপুর ছন্দ প্রত্যেক প্রেমিকা কন্যার মধ্যেই থাকে। অনেক সময়ে বেশী কোরে। প্রকৃতি-প্রেমিক জ্যোতিরিন্দ্র নন্দী এখানে তার স্বাভাবিকভাবে ভাষায়, ছবিতে মুখর করে তুলেছেন। স্বীকার করতে হয়। তাঁর আঁকা মানসিক ছবিও অপরূপ কারুকাজে ভরা।—শেষ চমকে 'গিরগিটি' গল্পের প্রগল্ভিতা যে সমস্যায় পৌঁছেছে, আমাদের মনে হয় তা আরো বেশী রোমান্টিক ও ভাবহিহ্বল হোত, যদি ঠিক প্রণবের ক্রন্দনরত মুহূর্তে তা সমাপিকা হোত। মায়া প্রণবের বুকের প্রমত্ত প্রহরকে আবেশে, আহ্লাদে, আলিঙ্গনে যদি ভরিয়ে দিত। চিন্তার বেড়াজাল থেকে মুক্তা মায়া বুঝতে পেরেছিল নিজেরই ভ্রান্তিবিলাসে—"সত্যিই প্রণব ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছিল। যেন বালিশ ভিজে যাচ্ছে।"—তবু সে মুক্তিপ্রিয়া হোতে চেয়েছিল। শুধু দেহের দোসর নয়। মায়া প্রণবকে বলেছিল—হ্যাঁ, আমার রূপ আমি আকাশকে দেখাই, বাতাস এসে আমার গায়ের গন্ধ শোঁকে, গাছ, গাছের পাতারা, শালিক বুলবুলিরা আমার যৌবন দেখে। কোন মানুষ না, পুরুষকে দেখাই না।..."

রূপঝারার মুক্তিস্নাতা মায়া যেমন 'গিরগিটি'তে দেহচেতনায় বিহ্বলা, বনানীকন্যার মত প্রগল্ভা,—তেমনি ভাববিলাস কত নিষ্ঠুরতায় প্রকাশ পেতে পারে বাস্তবের কুটিল ঈর্ষার মধ্যে, তারই আশ্চর্য ঘেরা কাহিনীকে তুলে ধরেছেন জ্যোতিরিন্দ্র নন্দী তাঁর "হিংসা" গল্পের নায়িকা রেবার মধ্যে। আগের গল্পে দেখেছি প্রণবের না মেটা শরীরচারিতার কথা যেমন দ্বন্দ্ব বাঁধিয়েছিল প্রেমের পরিণীতার সঙ্গে—এ গল্পে দেখি দম্পতির প্রেমরূপ কোন স্থান পায় নি, যদিও পাশাপাশি দুটি ঘরে রেবা ও মীরা,—দুজনেরই দাম্পাত্য-জীবন ঘিরে আছে দুটি কর্মিষ্ঠ পুরুষের অস্বিত্বে। স্বভাবে। প্রতিষ্ঠায়।—যা নিখুঁত নিটোলতা নিয়ে ঈর্ষার ইন্ধনকে প্রধূমিত কোরেছে, তা হোল মাতৃত্ব। যদিও তা একজনকে ঘিরে আরেকজনার 'হিংসা'। একজন ঝুনুর মা রেবা। তার ছেলে নাই। অন্যজনা মীরা, তার সুনু—একটি ছোট্ট ফুটফুটে ছেলে। এই মীরাকে সহ্য কোরতে পারল না রেবা শেষ পর্যন্ত। কারণ মীরার সৌভাগ্য দর্শনে। রেবার তুলনায় কত ভাগ্যবতী এই মীরা, সন্তান ভাগ্যে আর স্বামীকে ঐশ্চর্য-গর্বে। গল্প আরম্ভ হয়েছে প্রতীক ধর্মে—ঝুনুর মা দেখছে তার স্বামী একটি

মুর্গি কাটছে। এমন এক মুর্গি যে আর দু'দিন বাদে ডিম পারত। এমন সময় প্রতিবেশিনী মীরা এলো। রেবা দেখল মীরা প্রজাবতী। আসন্নসম্ভবা জানল এবারও তার ছেলে হবে। আর রেবা? এক মেয়ে ঝুনু ছাড়া ছেলের অভাব তাকে হিংসা করতে শেখাল মীরাকে। মনে কুচিন্তা জাগল—মীরার অবস্থাকে কি ঐ ডিমভরা মুর্গিটার মত নিশ্চুপ করে দেওয়া যায় না! অবার শুনল রেবা, ওর স্বামী নাকি অফিসার হয়েছে। অফিস থেকে বিলেত পাঠাচ্ছে। কত আনন্দ মীরার! আবার সে মা হতে চলেছে। এক ছেলে থাকা সত্ত্বেও আবার আরেকটি অচিরে হবে। এত সৌভাগ্যকে হিংসা না করে পারল না রেবার সামান্য নারী মনের তুচ্ছতা, নীচতা। অবশ্য কেন এমন হয় নারীর স্বভাবে, এর সমাধান মনসমীক্ষাও সমাধান করতে অপরাগ। এ গল্প পথ চলতে থেমে গেল মধুরা অকালমৃত্যুতে। রেবার কথায় পিছল কলতলায় যেতে গিয়ে মীরা পিছলিয়ে যায়, তারফলে অসময়ে হোল কুমারসম্ভব ও নিজের মৃত্যু। এর জন্য রেবা দায়ী। রেবার পুত্রাকাঙ্খা আর স্বামীর অভাগ্য তাকে প্ররোচিত করেছিল এরকম অমানবিক কাজে—যা স্বাভাবিক নয়। তবু মনের, দেহের অতৃপ্তিতে, আর চাহিদায় রেবার মত নারী কুৎসিত কিছু করে বসে!—সব থেকে কৃতিত্ব লেখকের। তিনি রেবা ও মীরার দ্বন্দ্বকে হিংসায় টেনে যে সব উপমা, কল্পনা, প্রকাশে ব্যঞ্জনা দিয়েছেন তা গল্পের রূপায়ণকে নিখুঁত করে তুলেছে। এক জায়গায় প্রজাবতী মীরার সৃষ্টিরূপ অবলা প্রাণীর মধ্যে তারই আসন্ন অবস্থাকে নীরিক্ষা করতে চাওয়াটা অনুরঞ্জন করেছে বর্ণনাকে ঈষৎ লাজ রঙে ছাপিয়ে—"...ডিমওয়ালাগুলো (মুর্গি) বড় একটা কাটা হয় না—তাই তো তখন ছুটে গেলাম তোর বর যখন ঐ জাতের একটা কাটছিল—পেটের ভেতরটা দেখব বলে—হি-হি—এবার ঝকল দিয়ে হেসে উঠল মীরা। আর ওর ফুলো পেটটা থর থর করে কাঁপতে লাগল। যেন কি ভেবে শিউরে ওঠে রেবা,—মুখে শব্দ নেই।—'তাকিয়ে দেখছিস যে দুষ্টু মেয়ে—হঠাৎ আমার ওদিকে তোর নজর পড়ল কেন?' মীরা আরো জোরে হাসে। অপ্রস্তুত হয়ে রেবা চোখ সরিয়ে নেয় লাল হয়ে ওঠে। তারপর অল্প হেসে মীরার চোখে চোখ রাখে।"—

এরকম অভাবনীয় কল্পনাকে কত সরল চিন্তায় ফুটিয়েছেন, বক্তব্য সমৃদ্ধ করেছেন তার প্রমাণ মেলে "তিন বুড়ি" ও "বৃষ্টির পরে" গল্প দুটিতে। আমরা বোধ হয় কখনও ভাবতে পারি না, আর না ভাবাটাই স্বাভাবিক যে—একদিন আমাদের বয়েস বাড়তে বাড়তে বৃদ্ধের শেষ পরিসীমায় এসে স্থানান্তরিত হতে হবে ওপারের উর্দ্ধায়ণে। ভাবলে পর শিহর জাগে। বিস্ময়কে চাপা দেই। বৃদ্ধত্ব যবুককে, আর তার চোখের চারধারের ব্রীড়ানতা যুবতীদের সেদিন কিরূপে জবুথুবু করায়—সে কথা ভাবার আগে মনে জাগে পুরুষের বৃদ্ধত্বকে, কেন না 'পালামৌ'এ সঞ্জীব চট্টোপাধ্যায়

তা জানিয়েই গেছেন—বৃদ্ধেরও এক ধরনের সৌন্দর্য্য আছে—যা ঐ বয়সেই প্রকাশ পায়।—কিন্তু নারীর সম্বন্ধে এমন 'এ্যাডেজ্' দিয়ে তাকে অলঙ্কৃত করা চোখে পড়েনি। সে বৃদ্ধা, পরিচয় সে বুড়ি। আবার কি? এই তার আসল। জ্যোতিরিন্দ্র নন্দীর ভাবনায় সুন্দর রূপায়ণে তা প্রকাশ পেতে পেরেছে—"আকাশটা সীসার রঙ ধরে আছে। জল হবে না। কেবল সারাদিন একটা বিশ্রী গুরু গুরু শব্দ হচ্ছে। বাতাস বন্ধ। কেমন একটা গুমোট।... এমন দিনে থেকে থেকে হাই ওঠে, ঘুম পায়। অথচ ঘুমুতে গেলে ঘুম আসে না—কেমন যেন একটু তন্দ্রার মত আসে। আর তার সঙ্গে বিবর্ণ বিষণ্ণ এলোমেলো স্বপ্ন। টুকরো টুকরো। বিচ্ছিন্ন একটার আধখানা, আর একটার সিকি অংশ।....যন্ত্রণা হয়, অস্বস্তি জাগে বুকের মধ্যে—আর তখন তন্দ্রা ছুটে যায়। মন বিষণ্ণ হয়ে ওঠে—ঘোলাটে আকাশটার মত সারা পৃথিবী যেন বিবর্ণ নীরস ঠেকে। চারিদিকের শব্দ থেমে গেছে, গতি থেমে গেছে। গন্ধ নেই, রঙ নেই।....এমন অবস্থার মানুষ শেষ পর্য্যন্ত সঙ্গী খোঁজে, সঙ্গিনী খোঁজে। যেন হতাশ শূন্য মন আশ্রয়ের জন্য, অবলম্বনের জন্য আর একদিকে হাত বাড়িয়ে এই মন সেই মনকে জিজ্ঞেস করে, 'তুমি কেমন আছ, তোমার অবস্থা কি?'...."ভালো না। বুকটা খালি খালি ঠেকছে।"....'আমারও তাই।'....'ঘুমোলে না'... 'চেষ্টা করলাম, এলো না—কেবল একটু তন্দ্রার মধ্যে হাবিজাবি স্বপ্ন দেখলাম, ভয় পেলাম উঠে গেলাম।'...আমারও তাই হোল। তাই তোমার কাছে চলে এলাম ভাই।'...'দুই বুড়ি'র এমন বিষণ্ণ ছবির নিরালা যন্ত্রণা থেকে তাদের অভাব, অবহেলা, অসম্বলতা যুবককে না ভাবালেও, অন্তর তার যুবতীকে এক বার ভাবতে শেখাবে,—সত্যি সেদিন কোথায় থাকবে তার মধুছন্দা মুখশ্রী, পীনোন্নতা যৌবন-রাগ দেহের রেখায় রেখায়, কাজল চোখের দীঘল মায়া, অধরের হাসিতে ঝরা রক্তবরণ গোলাপ-সুরভি, বুকের উদ্ধত লজ্জায় বন্দিতা রূপ।—এ গল্পে সব কিছু হারিয়েও—বৃদ্ধা তার জগত খুঁজে পেয়েছে—এক নিবিষ্টতার মধ্যে—মায়াশূন্যতার।

'বৃষ্টির পরে' গল্পে দুই বন্ধুর বয়েস সীমান্তে হঠাৎ ঝলক দেওয়া মানসিকতার ঝড় থেকে মুক্তির স্বাদ পাওয়া আর নিজেদের যৌবন পরিসরে কথা উচ্ছৃঙ্খলতা, আজ বার্দ্ধক্যের শিবিরে পৌঁছে স্মৃতিচারণার মধ্যে দুজনেই দুজনকে ঘাত-প্রতিঘাত করতে চেয়েছিল। কিন্তু পারল না। বন্ধু প্রভাত আজ তার বন্ধুর কাছে কৈফিয়ৎ তলব করতে এসেছে, কোন অধিকারে সে তার নিজের আত্মজার সঙ্গে বন্ধুর আত্মজকে অবাধে করতে দিয়েছিল—মেলামেশার আলাপচারিতা,—যা একদিন প্রভাতের ছেলে ও বন্ধুর ডায়োসেশনে শিক্ষিতা কন্যার সঙ্গে যৌবনের জ্বালায় দেহচারিতায় অন্ধের মত ডুবিয়েছিল! প্রভাতের আত্মজ—বন্ধু-কন্যার মধ্যে প্রজায়ণে প্রাণ অঙ্কুরিত করেছিল! কিন্তু কোন অধিকারে বন্ধুর চোখের সামনে থেকে তারই

পুত্র আর সেই কন্যার বুদ্ধিতে—প্রভাতের ভাবী পৌত্রকে অমন আমানুষিক বর্বরতায়, জন্মমুহূর্তেই মৃত্যু দিয়ে ঢেকে—তারা দু জনে অন্তর্হিত হলো কেন? কেন?—আজ এই দাবী নিয়ে ঝানু ব্যারিস্টার প্রভাত তারই আবাল্য বন্ধুকে জেরা করছে। কিন্তু মানুষের মন যে পলকে পলকে, পাল্টায়—তারই, প্রভাবে প্রভাতকে কিছু আগে দেখা গেছিল তারই সন্তানের রক্তে—নিজেকে যে মেয়ে নিশ্চয়ই ভালবেসে নতুন এক প্রাণে পুষ্পবতী হয়েছিল,—হয়ে যে আবার সেই নতুনের আবির্ভাবকে প্রাণশূন্য করাতে দ্বিধা করেনি—যৌবন বিলাসে 'মা'-এর রূপকে পুতুল খেলা বলে মনে করে,—সেই মেয়েরই চুলের একটি লাল রীবন হাতে পাওয়ায়—প্রভাত তা পা দিয়ে দিয়েছিল রাগের আগুনে। কিন্তু আশ্চর্য্য পরিবর্তন, সেই—"প্রভাত নীরব। বৃষ্টির জলে স্নান করে করে গাছের রঙ ফেরা দেখছে। উল্লাস দেখছে। যেন একটু পরে সে আমার কথায় ফিরে এলো।...'মানে সার বসন্তটা ওরা মাঠে খেলাধুলা করল, গ্রীষ্মের শুরু থেকে ওই কামরায় ঢুকল।'...'তাই।'...'আর বর্ষা আসছে এমন সময় তোমার লনেও রইল না ওরা, ছোট্ট ঘরেও রইল না।'...'না।' সংক্ষেপে উত্তর সারলাম। প্রভাতের মুখের দিকে তাকাতে আবার ভয় করে। যেন তার গলার স্বার আবার ভাঙ্গছে টের পাই। 'এসো, ইদিকে—' প্রভাতের হাত ধরে আস্তে টানলাম। 'আমার মাধবীবনের কি চেহারা হয়েছে দেখবে।'.... 'মাধমী মরবে অপরাজিতা জাগবে।' যেন এই প্রথম একটা কবিতার লাইন বলার চেষ্টা করল প্রভাত। খুশি হয়ে তার হাত ধরে লম্বা লম্বা পা ফেলি। বৃষ্টির জোর হঠাৎ কমে গেছে। ঝিঁঝি ডাকছে। মাথার ওপর পাখার ঝাপটা শুনলাম। একটা পাখি গায়ের জল ঝাড়ছিল। মাধবী বন দেখা শেষ করে আর একটু এগোই দুজন। তারপর স্থির হয়ে দাঁড়াই। প্রভাত ও আমার দৃষ্টি এক জায়গায় স্থির হয়ে আছে। ওপাশে ঘন কেয়া-ঝোপ। লম্বা ডাঁটার মত সাদা ফুলটা একটু একটু দুলছে। টুপটাপ জল ঝরছে পাপড়ি থেকে। কিন্তু আমরা তা দেখিনি। সেদিকে দৃষ্টি দেবার সময় নেই। দেখছিলাম না পাশটা। জমির একটু অংশ। যেন কাল রাত্রে মাটি খোঁড়া হয়েছিল—রাত্রে বা বিকালে বা কাল সকালে। নতুন মাটির চিহ্ন। গর্ত খুঁড়ে আবার মাটি চাপা দেওয়া হয়েছে। বৃষ্টির তোড়ে ঘাস সরে গেছে, মাটি ফেটে গেছে। ভিজে মাটি ফুড়ে ফুলের কলি আকাশের মেঘ দেখছে।—ভুঁই-চাঁপার কলি। একটা না পাঁচটা, আমরা রুদ্ধশ্বাসে গুনে শেষ করলাম। প্রভাত কাদার ওপর হুমড়ি খেয়ে পড়ে। আমিও।...মাটি আঁচড়ে আঁচড়ে প্রভাত ওটাকে টেনে বার করল। আশ্চর্য্য, রাগ করল না সে, কোল থেকে ছুঁড়ে ফেলে দিলে না।...'এটা করার দরকার ছিল কি?' প্রভাত আমার চোখ দেখছিল না। মেঘের ফাঁকে রোদ চিকিয়ে উঠছে তাই দেখছিল।...'হয়তো ভয়ে—লজ্জায়।' আমি আস্তে বললাম।....'তারপর পালিয়ে গেল দুটিতে।' তেমনি আকাশ মুখ করে

সোনা গলা রোদ চোখে নিয়ে প্রভাত বলছিল। আমি গভীর মনোযোগ দিয়ে তার মুখ দেখছিলাম। কেবল কি অনুকম্পা? যেন আরো অনেক কিছু দেখলাম প্রভাতের চক্চকে চোখ দুটোর মধ্যে। ফুল শুকিয়ে যাওয়ার কথা,—ফুলের শুকিয়ে একটু একটু করে সফলতার দিকে এগিয়ে যাওয়ার আনন্দ। আমি তাই দেখছিলাম।"

—মানুষের চারধারে কত বিস্ময়, কত রহস্য, কত না বোঝা, না জানা কাহিনী চোখের আড়ালে আড়ালে ঘটে যায়, ঘটে থাকে—তারই অব্যক্ত সুর করুণার জগতে মুঠো ভরা অনুকম্পা হয়ে ঝরেছে "বৃষ্টির পরে" গল্পে। শ্রেষ্ঠ রচনার চিরন্তণী সুরঝঙ্কারে—তা মাতোয়ারা।

প্রেম তার চম্পাবরণ রঙে, সোনা ঝরা আবেশ মাদকতায়, আবীর ছোপানো পরাগ বেণুতে, গোরোচনা গোরীর মতন বহুত মিনতিতে, ঋতুসম্ভারে সাজিয়েছে জ্যোতিরিন্দ্র নন্দীর শিল্পী মনের সৃষ্টিলগ্নে দোল দেওয়া প্রণয়, প্রীতির মিতাচারিতায়, ছন্দবদ্ধ রাগালাপে, আলাপনের অনুরঞ্জনে, বর্ণনার রাজসীকতায়—আটিষ্টিক এ্যারিষ্টোক্রেসিতে। ভাষা এখানে মিষ্টি মনের বরবর্ণিতার তনুমনের ছন্দে ভরানো যৌবনে-ঝঙ্কৃত—সুষমাকে তুলে ধরেছে। এখানে গল্পের পরিপাটি রূপের মধ্যে তিনি আপন প্রেমদর্শনকে ফুটিয়েছেন। এ পর্য্যায়ে মনে স্বপ্নসঞ্চার করে তাঁর লেখা "সমুদ্র" আর "চন্দ্রমল্লিকা"।—দুটি গল্পই প্রণয়-প্রীতির সুধায় মশগুল। একটু আলাদা সুর আছে। প্রেম আগাগোড়া শতদলে রঙবাহার হয় নি "সমুদ্র"তে—কিন্তু "চন্দ্রমল্লিকা"য় শ্রীরাধার হৃদয়-নির্ঝরণের ঝঙ্কারে প্রেমের সোনা রঙ—নিকষ রূপ নিয়েছে, 'কামগন্ধ নাহি তায়।'

"সমুদ্র" নামটি রূপঝরার কলতানের সঙ্গে সঙ্গে ভূমার দিকে, বিরাট অনাবিলতার মধ্যে টেনে নিয়ে যায়। ছোট কিছু ভাবা যায় না। সব বিরাট। সব উদার, দিগন্তশূন্য নীল সামীয়ানার ছায়ায়। শ্বেতশুভ্র সফেন তরঙ্গমালায় তার নিঃস্বার্থতা মূর্ত, জাগরূক প্রকটতার মধ্যে। নায়ক আর তার স্ত্রী হেনা—ভ্রমণবিলাসে এসেছে সাগরমেখলা পরিবৃত—পুরীর বালুচরে।—বালুচর শাড়ীর স্বচ্ছতার সাজানো কিনা হেনার যুবতী ধরম, তা অন্তত ভাবিয়েছে তার পুরুষকে। সী-বীচে এসে যেদিকে তাকাও-সেখানেই মৃদুলতা ভুলে শব্দলহর তুলে আছাড়ি-পাছাড়ি খাচ্ছে বিরামহীনা সমুদ্র—দুষ্টুমি করে রূপোলী পাড়ের জরিদার ঢেউ-এর পিঠে ঢেউ ছিটিয়ে। ছড়িয়ে। এমন যে শাশ্বত রূপ, যার বিন্দুমাত্র আবিলতা নেই, তারই দর্শনে আর শীতল ছোঁয়ায় মনের কামনা, বাসনা—সব মলিনতাকে ক্ষণেকের ছন্দে, মিলে ভুলে যায়। নায়ক ভুলেছিল। কতকটা বিতরাগ জন্মেছিল তার মনে। কিন্তু চলনে, বলনে হেনা কিন্তু বদলায় নি। কলতাকার প্রেমবিহ্বলা হেনা এখানে এসেও তার সবুজ যৌবনের হুল্লোড়ে আরো বেশী মেতে পড়ে। সমুদ্র স্নানে তার রুচি নেই। অন্তত

সবাই যা পছন্দ করে। নায়ক সাগরবলাকার মুক্ত ভাবনায় মানসবিহার করতে যেয়ে আঘাত পেল—ছিঃ, হেনা কিনা তার দিকে ছুটে আসা ঢেউগুলোর রূপোলী মাথায় আলতা ছোপানো ফর্সা পায়ের আঘাতে—ভেঙে দেবার চেষ্টায় ছোট্ট মেয়ের মতন হেসে, গড়িয়ে লুটোপুটি খাচ্ছে! ভাল লাগল না এ দৃশ্য নায়কের। কোথাকার পাগল সদৃশ, পরোপকারীর ভেকধারী সকলেরই মামা নামে পরিচিত লোকটির সঙ্গে তার বন্ধুত্ব হোল।—বোঝা গেল না কি যে দেখেছিল হেনার স্বামী ঐ বৃদ্ধের মধ্যে,—আর সে হেনাকে কথায় কথায়, আর চিন্তায় তুচ্ছ করছিল, নারীর স্বার্থপরতাকেই বড়ো করে দেখছিল, ফতোয়াও দিচ্ছিল নিজেরই স্ত্রীকে—বড় নীচু মন হেনার!—কিন্তু বিস্ময় আরো ঘন হয়ে এলো পুরুষেরই মানসবিহারে, যেখানে তার পক্ষে অনায়াসে প্রাপ্য হয়ে ওঠে—হেনার যুবতী দেহের ভরা গাঙে সাঁতার কাটা, তাকে লাজহরা করে একান্ত আপনাতে লীন করা।—কিন্তু সমুদ্র, তাকে আপন ভাবার মধ্যে আছে দুস্তর ব্যবধানে, অনেক সাধনা। ও তা নিজেও বুঝেছে, সমুদ্র অনেক দূর। তবু স্ত্রীর সাগরমেখলারঙ শাড়ীতে ঢাকা সুন্দর রূপকে নায়ক সহ্য করতে পারে না। নীল আকাশের ঢল্ খেয়ে লুটিয়ে পড়া সমুদ্রের-ধারে বালুচরে দাঁড়িয়ে আঁচল উড়িয়ে, বিনুনী দুলিয়ে, শাড়ী-শায়া জল থেকে বাঁচিয়ে আলতা রঙ পায়ে দুষ্টু মেয়ের নিলাজতা নিয়ে হেনার হুড়োহুড়ি করাটা।—এ রূপ তার চোখে কেবল জ্বালা ধরায়। কিন্তু—"সাদা চাদর মুড়ি দেওয়া হেনাকে আবছা অন্ধকারে একটা খরগোসের মত দেখাচ্ছিল। ও যে মানুষ—কলকাতার ঝামাপুকুর লেনের দোতলার কোন ফ্ল্যাটের এক তেজস্বিনী মহিলা, সমুদ্রতীরে এই ছোট ঘরের বিছানাটার দিকে তাকিয়ে সে কথা কে বলবে। মনে হওয়ার সঙ্গে সঙ্গে অনুশোচনায় বুক ভার হয়ে উঠল। যেন আমি নিজেকে করুণা করতে আরম্ভ করলাম। ওই ঘুমন্ত খরগোসের বুকের স্পন্দন দেখতে, হৃদয়ের ধুক ধুক শুনতে আমি কত রাত্রে ওর গাত্রাবাস সরিয়ে বোকার মত তাকিয়ে রয়েছি। কান পেতে থেকেছি। দেহ-সমুদ্র দেহ-সমুদ্র! আমি তৃপ্ত ছিলাম। চিন্তা করে প্রায় ঘরে যেতে ইচ্ছা করছিল। চোখের জল এলো। সমুদ্র আমার অতীতকে এমন করে তুচ্ছ করে দেবে কে জানতো। ঘুমের ঘোরে হেনা বিড়বিড় করছিল। ঝামাপুকুরের বাড়িতে আমি তৎক্ষণাৎ আলো জ্বেলে ওর ঠোঁট পরীক্ষা করতাম।—দেখতাম, হাসি জেগেছে, কি কান্নার বাঁকাচোরা রেখা জেগেছে ঠোঁটে। সুখের স্বপ্ন দেখছে, কি দুঃখের! বিছানার কাছে গিয়ে একটা পোকা হাটকারার গ্লানি থেকে নিজেকে মুক্ত রাখতে যেন নিষ্ক্রিয় কঠিন থেকে শক্ত হাতে জানালার গরাদ চেপে ধরে বাইরে চোখ ফেরালাম। হাওয়ার বেগ বাড়ছে, সমুদ্র উত্তাল হয়েছে। সফেন তরঙ্গ ক্রুদ্ধ গর্জন করে তীরের দিকে ছুটে আসছে—একটা এল ভাঙ্গল, আবার একটা; আবার, আবার, আবার ....কত কোটি বছর ধরে তরঙ্গের পর তরঙ্গ এভাবে

ছুটে আসছে, গর্জন করছে, হাসছে, ভেঙ্গে গুড়িয়ে রেণু হয়ে আবার মিলিয়ে যাচ্ছে অতল অন্ধকারে।"

—সত্যি নায়ক এখানে সমুদ্রকে ভালবেসেছে। মনের অস্থিরমতিত্বে সে স্ত্রীর আকুতি মিনতি দুষ্টুমিকে সহ্য করতে পারছে না। কিন্তু নায়কের চিন্তাই ঠিক—দেহ-সমুদ্র! হ্যাঁ, যুবতীর প্রিয় দেহদেউলে শত তরঙ্গভেঙ্গে বসন্ত তাকে সমুদ্রের মতই অনাবিল, অশেষ রূপে ভরিয়ে তোলে। নারী তাই, পুরুষের তপ্ত, তৃষিতলোকে, ক্লান্তলগ্নে, মিথুন-মুহূর্তে আনন্দসায়র, আর রূপসাগর—পুরুষ ভুল করলে, লোভ করলে সেখান থেকে পিছলিয়ে যায়।—সাঁতার না জানলে, কুশলী না হোলে—সমুদ্রও তা তার শীতল পরশের গহন শৈত্যে ঢাকা পাতালে টেনে ছুঁইয়ে রাখে। আটক রাখে প্রাণ কেড়ে নিয়ে, পরে একদিন শুধু দেহখানা ভাসিয়ে দেয় ওপরে। তারপর, সত্যি আর প্রশ্ন থাকে না।—হেনাও নায়কের মনের এই সমুদ্রবিলাসের ভ্রান্তিতে উপহাস করতে ছাড়ে নি। হেনা জানতে চেয়েছিল তার পুরুষের কাছ থেকে—'তাকিয়ে কি দেখছ?'...'কিছু না।'...'নিশ্চয় দেখছ, আমাকে দেখছ।' প্রতিশোধ তুলতে ঠোঁটের হাসি নিভিয়ে হেনা গম্ভীর হয়ে ওঠে ঃ 'তা আমায় দেখে দরকার কি—ঘুরে দাঁড়িয়ে সমুদ্র দেখ, সমুদ্র আমার চেয়ে সুন্দর।'...

—মনে হয় সমুদ্র-দর্শনে একটা মায়াবিকার আচ্ছন্ন করেছিল তার স্বামীকে, মনে আস্তে আস্তে রহস্য জড় হচ্ছিল হেনাকে নিয়ে, যা মামা নামে পাগলসদৃশ লোকটির সাক্ষাতে—নায়কের মনে বিরাগ আর অনুরাগের দ্বন্দ্ব বাঁধাত। গল্পের শেষে একটা অঘটন—পারতো। কিন্তু হোল না প্রিয় হেনার জন্য, স্ত্রীর ভয়বিহ্বলা কাঁদো কাঁদো কম্পমান অবস্থার জন্য। নায়ক হয় ত ভুল করতে চাইত না, কিন্তু হেনাকে হাত ধরে জলের কিনারে টেনে নিয়ে স্নান করাবার জন্য পীড়াপিড়ি আরম্ভ করেছিল। কিন্তু তার স্বামীর কাছে দেখা দিয়েছিল সেই মামা নামে লোকটি—যার সম্বন্ধে হেনা জানতে পেরেছে, নিজের স্ত্রীকে নাকি লোকটা সমুদ্রের মধ্যে ঠেলে দিয়েছিল। কী নিষ্ঠুর, ভয়ঙ্কর! হেনা তার স্বামীকে খুবই ভালবাসত। আর তাই সে সুখের নীড় যাতে এত তাড়াতাড়ি হারিয়ে না যায়, তারই জন্য সমুদ্র-স্নানে স্বামীর সহযোগীতা পাওয়া সত্বেও—সঙ্গে যেতে রাজী নয়। দিনমানে বেশীর ভাগই সে লক্ষ্য করেছিল, স্বামী ঐ লোকটার সঙ্গে ওঠা বসা আরম্ভ করেছে। ফলে লোকটার স্ত্রীহন্তা রূপ তার স্বামীর মধ্যেও না জানি—অলক্ষ্যে ছায়া ফেলে যাবে! আর এ ভাবেই প্রেমের দ্বন্দ্ব আরো জোরালো হোয়েছিল দু'জনকার মধ্যে।—তবু বলব, লেখকের সুন্দর জবানবন্দীতে নায়কের চিন্তা তার প্রিয়া হেনার জন্য প্রীতির গাঢ় রঙকেই মুখর করে জানিয়েছে—"...সামনে ফেনশীর্ষ লক্ষ লক্ষ ঢেউ, ডাইনে বাঁয়ে পিছনে উত্তপ্ত প্রখর ঝকঝকে বালুরাশি—আর কেউ নেই, আর কিছু চোখে পড়ল না ; কেবল একজন—

একটি মূর্তি। বেণীটা দুলছে। শরতের এক টুকরো সাদা মেঘ হয়ে আঁচলটা উড়ছে। কি, একবার মনে হল সমুদ্র, আকাশ ও মরুভূমির মতো বিশাল বালুবেলার এই নগন্ন নির্জন ভয়ংকর সুন্দর পরিবেশ ছাড়া আর কোথাও ওকে মানায় না—মানান উচিত না।... হেনা খিল খিল করে হাসছে। এত বড়ো একটা ফেনার ঝকল ওর পায়ের কাছে ছুটে আসে, আলতা পরা পায়ের পাতা ভিজে যায়। যেন ইচ্ছা করে ফেনার দুধে ও পা ডুবিয়ে রাখছে। আজ অন্যরকম। ঝিনুক কুড়োতে মন নেই, জলের স্পর্শে ওর বুঝি রোমাঞ্চ জাগছে ; অসহ্য পুলকে হেনা হাসছে। ভাল লাগল দেখে। আমার মনে পড়ে না, প্রথম রাত্রে আমার স্পর্শ—পুরুষ-স্পর্শ এত আনন্দ দিতে পেরেছিল তাকে। শায়াশাড়ি কুঁচকে দলা করে হাঁটুর কাছে তুলে ধরেছে ও। নিটোল সুবাসিত সোনার রঙের পা দুটো পরিষ্কার দেখতে পাচ্ছিলাম। আমার মনে পড়ে না, এখন বালির বিছানায়, ঢেউয়ের মুখে ওর পা দুটো যেমন সুকুমার লোভনীয় চেহারা ধরেছে—আমাদের ঘরের বিছানায়, তার হাজার ভাগের এক ভাগ সুশ্রী লাবণ্যযুক্ত মনে হয়েছে কোনোদিন! মাথাটা ঝিমঝিম করছিল, যেন নেশা ধরতে আরম্ভ করেছে আমার, টের পেলাম। একটু একটু করে এগোই। হাঁটু থেকে আঙুলের ডগা পর্যন্ত সুঠাম বাঁকা রেখায় কামনার রামধনু ফুটিয়ে হেনাও জলের দিকে পা বাড়ায়।...'আর একটু—আর এক পা এগিয়ে যাও।'... ভয়ে চোখ বোজে ও।....'ঢেউ এখানে আসছে নাকি।' ছোট্ট একটা ধাক্কা দিয়ে ওকে সামনের দিকে ঠেলে দিই।"...

শুধু অনাবিলতা আর স্বার্থহীনতার পরিচয়ে উত্তাল হোয়ে ওঠে সমুদ্রের পার ভাঙ্গা ঢেউয়ে ঢেউয়ে ছড়িয়ে যাওয়া—গুরু-গম্ভীর কলোচ্ছল ছবিখানা। ওর ব্যাপক উদার ভাব আর আত্মভোলা ও ধ্যানমৌন বিরাটত্ব—সত্যি সাধারণ কামনা আর বাসনা জড়ানো মানুষের কাছে একেবারে ধরা ছোঁয়ার বাইরের বিষয়। তবু বলব, "সমুদ্র" নামকরণের রূপকটুকুর ভেতর দিয়ে এক শিল্পী এক অভাবনীয় মনসমীক্ষার সার্থক নিরীক্ষাকে ফুটিয়ে তুলেছেন।—যার ভাবলোক আলোড়নের রূপমদির করা ঝলক মেখে উঠেছিল এক আধুনিক দম্পতির বড় বেশী নিলাজ হওয়া দেহসচেতনতার আড়ালে, আবডালে। দেহবাসরের মধুমাস হেসে খেলে বসন্তের জোয়ারে যুবতী স্ত্রী হেনার মধ্যে একদিন সত্যি খুঁজে পায় তার স্বামী—নিজের পুরুষ স্বভাবের অবেচতন মানসিকতায় জাগা সমুদ্র-প্রিয়তার আতিশয্যকে। সত্যি, যুবকের এই চিন্তার শেষ চমক তাকে বোঝাতে পেরেছিল বোধের প্রতিটি অণুতে ঘিরে—প্রিয়া স্ত্রী রূপে সুস্মিতা হেনার যৌবন তনুখানাই হলো—রূপে-অরূপে মায়াভরা দেহসমুদ্র! তাই "সমুদ্র" গল্প দু ধারাতেই—গল্প ও তার গল্পকার—উভয়ের জন্যই সাহিত্য রূপে চরম সার্থকতারই বুনোন কোরেছে।—এ গল্পেরই রেশ ধরে আমরা বলতে পারি, জ্যোতিরিন্দ্র নন্দীর রোমান্টিক সৃষ্টির অনিন্দ্য রূপায়ণ রূপে

"চন্দ্রমল্লিকা"র বিষয়টি অতি আধুনিক চিন্তার জটিল আর ধোঁয়াটে পরিস্থিতিতেও কম সূক্ষ্ম ও সেই সঙ্গে আটিস্টিক বীক্ষায় যৌবনের মৌ-কথার—দেহের ধেয়ানে বাসর সাজানো না দেখিয়েও, কোরে তুলেছে যৌবনাচারের অমূল্য মূল্যায়ণ। বাস্তবনিষ্ঠ রোমান্টিক শিল্পী রূপে জ্যোতিরিন্দ্র নন্দী তাঁর নিজস্ব জীবনভাস্যের দ্যুতিময়তায় আজও এ কথা ভুলতে না দিয়ে প্রমাণ করাতে পেরেছেন যে—অতি নিষ্ঠার সুন্দর বিকাশ—বিনতা ও তার প্রিয়র সম্পকর্কে সহজ-মধুর কোরে তুলেছিল "Purification of love"—বা ভালোবাসাবাসির শুদ্ধিকরণ কাজেতে যৌবনের দুই দোসরকে দেহ থেকে মনের সুস্নিগ্ধ ঘরেতে টেনে নিয়ে—ভালর সঙ্গে ভালর দ্বন্দ্বকে মিতালিমধুরই কোরে। এ দ্বন্দ্বের অবসান নেই। নিরবধি কাল চলতে থাকে এর টানা-পোড়ানের—এ-দিক আর সে-দিক।—আমাদের ভুললে চলবে না ক্ল্যাসিক রীতির "বারো ঘর এক উঠোনে"র সুরুচি আর "মীরার দুপুরে"র মীরাকে! কেন না, ওদের নারী জীবনের যুবতী ধর্মকে ঘিরেই বাস্তব আর অবাস্তবের সংঘর্ষ নিয়ে যৌবনের পুরুষকে ধন্য কোরে সে সব কাহিনী প্রখর কল্পনাশক্তির ধ্যানে সার্থক রোমান্টিক ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করাতে পেরেছে—জ্যোতিরিন্দ্র নন্দীর গল্পে আর তাঁর গল্পকার পরিচয়ের রূপনিষ্ঠ মনীষায়।

শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের জন্মদিনে ১৯৬০

হিউম্যানিস্ট কথাশিল্পী সুবোধ ঘোষ

সহ লেখিকা ঃ শুচিস্মিতা সন্ধ্যা মুখোপাধ্যায়

মহাভারতের তুমি নব হিমালয়,
গঙ্গার ধারা তুমি কলগীতিময়,
জাগ্রত জনগণ গৌরবে জানিয়াছে সে কথা।
একজাতি একপ্রাণ একতা॥
হিন্দু-মুসলমান-অস্থির বজ্র এ কংগ্রেস,
নবযুগ-সাধিকার চিত্তের শঙ্খ এ কংগ্রেস,
শঙ্কা ও শৃঙ্খল অন্তরে ভাঙ্গিল যে কংগ্রেস,
নবযুগে নবরঙে কোটি প্রাণ রাঙিল যে কংগ্রেস,
চেতনার স্পন্দনে ভাঙিয়াছে জড়তা।।
একজাতি একপ্রাণ একতা॥

—এ শুধু গান নয়, নয় কবিয়ালের রচনা করা ছন্দ-যতি-মিল। এ চারণকবির গাথা—জাতীয় গান। ঋষি বঙ্কিমচন্দ্র, ঋষি দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, শ্রীমধুসূদন, রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ সেন আর নজরুল ইসলামেরই দেশের লেখকের পক্ষে সম্ভব হোয়েছিল—এমন মধুর গীতালী মুখরতায় দেশের মনকে, জীবনকে মিতালিতে সুন্দর করাতে। এই গানের রচয়িতা আজও 'জাগে নব ভারতের জনতা'র পরিচয়ে লোক চক্ষুর অন্তরালে থাকলেও, তিনি আজ বাঙলা সাহিত্যের একজন অনন্য আর অনিন্দ্য প্রতিভার শিল্পী—তাঁকে চিনতে দেরী হয় না—তিনি রূপদক্ষ কথাকার—সুবোধ ঘোষ।

যে দেশপ্রেম, যে জাতিপ্রেম, আর একান্তভাবে যে একতার স্বপ্ন শিল্পী সুবোধ ঘোষের চিন্তায় আলোড়ন তুলেছিল—আমি দেখতে পাই সে মুহূর্তে এই রূপধ্যানীর শিল্প-জিজ্ঞাসায় সার্বিক ভাবে রাঙিয়ে গেছিল—এই ভারতেরই মহামানবের সাগর তীরের শত তরঙ্গ-ভঙ্গে নির্বিকার-চিত্র মানবিকতা। সে দিন থেকেই তাঁর ভাবনায়, ধ্যানসমৃদ্ধ কল্পনায়, মানুষের সত্যসন্ধ রূপারূপের অনুসন্ধানে আপন স্বকীয়তা নিয়ে জাগরূক থেকে এসেছে এক পরম মানবিক মানসের হাজার বিচিত্রিত পরম্পরায়। মানবিক,—আরও জোরালো ভাষায় 'Humanist' কথাশিল্পী সুবোধ ঘোষের শিল্পকলা মূলত ও রূপত—সর্বোপরি শিব-চিন্তার সুনিকেতনে প্রকাশ পেয়েছে। সেখানে আছে বড় বেশী আলোকসম্পাত করা জীবন সম্পর্কিত বিচিত্র জিজ্ঞাসার 'Humane' দৃষ্টি-নিমেষ। এখানে তাঁর সম্বন্ধে মনে একটা প্রশ্ন জাগে—তিনি স্বনিষ্ঠ ও স্বকীয়তার রূপধ্যানে শুধুমাত্র শৈল্পিক কারুকাজের মহত্বতার মধ্যেই নিবিষ্ট থাকতে

পারেননি। ঋষি শ্রীঅরবিন্দ আলোচিত 'আর্টাৎ পরতর' ধ্যানে যে রূপকল্পের ব্যাখ্যা করা হোয়েছে, তারই নিরীখে দেখতে পাই সুবোধ ঘোষের শিল্প-চিন্তা শিল্পের চাইতেও অন্য কিছু, অন্য কোনখানের অনামধেয় জীবনসঙ্গমের রূপচয়নে খুবই সচেষ্ট। তিনি চরম বাস্তবিক। সেই সঙ্গে তিনি তাঁর আত্মপ্রকাশের প্রথম পদক্ষেপেই পরিচয় রেখেছেন নিখুঁত রোমান্টিকবাদীর সৌন্দর্য্যলোকের ঘরনা পরিচিতিটি। এই রূপ, অভিধা, 'আর্টাৎ পরতর' দৃষ্টি-নিমেষ থেকে তিনি মানবতাবোধকে জনগণের গণমাধ্যমী আলাপচারিতার অতি বাস্তবানুগতার বেদীমূলে আরাধনা কোরেছেন—অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের সন্ধ্যাদীপ জ্বালিয়ে,—Humane worship-এর অর্ঘ্য দিয়ে। "ফসিল" হোল—এই ধ্যানের ভাবকুট্টিম শিল্পরূপ। আন্তর্জাতিকতারই গণ-মানস থেকে হোয়েছে এর—অনিন্দ্য সৃষ্টি।

তাঁর বাস্তবনিষ্ঠ কল্পনার উড়ানো উত্তরীয়ে—জীবনের রঙ্ বড় প্রকট ভাবে রেঙে উঠেছিল—হৃদয়ের রঙে জারিত হওয়ায়। সুবোধ ঘোষ তাঁর প্রথম উপন্যাস "তিলাঞ্জলি"তে একটা বাস্তবের রূপকথা তুলে ধরেছিলেন দেশ, কাল, চরিত্র ও বহু নীতির এক নীতির—রাজনীতির অশেষ কিছু ব্যক্ত করার অভিপ্রায়ে। তাঁর মানবিক চিন্তায় কথাশিল্পীর স্বদেশপ্রেমকে দেশপ্রেমিকের অনুরাগে অভিসিঞ্চিত কোরে এক নতুন জীবন ও মানসিকতার রূপ ফুটিয়ে তুলেছেন। তিনি এই কাহিনীতে এক 'রাগমহাদেশের' পরিকল্পনাকে তুলে ধরেছেন চরিত্র চিত্রণের লিপিবিবেক সমেত। গত পঞ্চাশের মন্বন্তরের পরিপ্রেক্ষিতে "তিলাঞ্জলি"র ঘটনা রূপ পেয়েছিল এক আদর্শ-নিষ্ঠ গতিময়তার চাঞ্চল্যে। এর কিছু বিষয়বস্তু আজকের প্রায় দুই দশক পরে রদবদল হোলেও—তার ভেতরকার স্বতঃস্ফূর্ততার, আর প্রেম ভালবাসার মান-বিচিত্রাকে আঁধার ঘেরা করাতে পারেনি। এ গ্রন্থে তত্ত্ব আছে, রাজনীতির তথ্য নিয়ে। রাইটিষ্ট আর লেফ্‌টিষ্ট—চিরকালীন বাম আর ডান সম্পর্কিত—বাগবিতণ্ডার টানাপোড়েনে কাহিনীর প্রধান চরিত্র কয়টি মাঝে মধ্যিখানে গতিহীনতায় হারিয়ে ফেলেছিল—জীবনের রাশ। কিন্তু সুমধুর ভালবাসার ক্ষমারূপ পুরুষ ও নারীকে রাজনীতির তত্ত্বে ও তথ্যে জর্জরমান অবস্থা থেকে মুক্তির এক মহতীলোকে উত্তীর্ণ করেছিল। নায়ক শিশিরের দৃষ্টিতে ধরা পড়েছিল—"চোখে দিয়ে শুধু ছবি দেখা যায়। হৃদয় দিয়ে দেখা যায় প্রাণ। সেটাই সত্যিকারের দেখা। আজ হরু ডোমের পরিণাম সমস্ত বেদনা নিয়ে যেন শিশিরের দৃষ্টির বাঁধা পথের মোড় ঘুরিয়ে দিল। কান পেতে শোনা যায়, দুঃখের আঘাতে নিঝুম সারা জাতির চিত্তের কলবেণু বিচিত্র সুরে উথলে পড়ছে। রাগমহাদেশ জন্ম নিচ্ছে। জীবনে বোধ হয় এই প্রথম এক উপলব্ধির সাড়া শুন্‌ল শিশির।"—সত্যি মন্বন্তর পঞ্চাশের বাঙলার বুকেতে যে দানবলীলার নৃশংসতায় মানুষের, বিশেষ ভাবে অতি নীচু তলাকার প্রাণগুলো নিয়ে ছিনিমিনি

খেলায় মাতিয়ে তুলেছিল—তারই বহ্নিতে নিরীহ হরু ডোম প্রভৃতি ওপর তলার কিছু সংখ্যকের করা দুষ্কৃতির জন্য নিজেদের মৃত্যু দিয়ে প্রায়শ্চিত্ত করাতে পেরেছিল। আর সে কথাই নায়ক শিশিরের মনের তন্ত্রীতে সত্যসন্ধ হওয়ার অভীপ্সা জাগিয়েছিল।—আমি বলব, এখানে সত্যসন্ধ সুবোধ ঘোষ, সর্বত্র মন্বন্তরের যে ভয়াবহ চরিত্রায়ণ ফুটিয়েছেন, তার তুলনা সাহিত্যে খুবই বিরল।

এ কাহিনীর নায়ক শিশিরের ভেতর দিয়ে যে অপরূপ এক পরিকল্পনা রূপ পেতে চেয়েছিল—তা রচয়িতারই এক সুন্দর আর সেই সঙ্গে সুসমঞ্জস মানসিকতা রূপে আজ দু-দশকের প্রান্তেও আমার পাঠক মনকে আবিষ্ট করাতে পেরেছে। এর কারণ সুবোধ ঘোষ গত মন্বন্তরের যে অমানবিক ধ্বংসলীলার মধ্যেও মানবিকতার অনুসন্ধান কোরে একটি আপন বৈশিষ্ট্যপূর্ণ চিন্তায়ন তুলে ধরেছেন—তা শুধু রাজনীতির তত্ত্ব ও সামাজিক ভালমন্দের ন্যায়-অন্যায়ের তথ্যের ভারে কিন্তু—শিল্পের রসো বৈ সঃ থেকে বিচ্ছিন্ন থাকেনি। এই সঙ্গে মানুষের ভাললাগার আর ভালবাসার নম্র বৃত্তিগুলোর মঞ্জুল বিকাশ "তিলাঞ্চলি"কে মধুর কোরে তুলেছে। শিল্পীর সব চাইতে বড় কৃতিত্ব, যে তাঁর সমাজ সচেতন মনীষা সমাজের গণতান্ত্রিক পর্য্যালোচনা করার প্রাক্‌মুহূর্তেও ভুলে যেতে পারে নি সুন্দরের দূতী যৌবন দেশের প্রেম ভালবাসার সুমধুরিক লিপিবিবর্দ্ধনের রূপচর্চ্চা। গানের সুরের ভেতরে যখন অমা-ঢাকা পৃথিবীর পরিচয়টি নেওয়া যায়, তখন তাকে সহজেই হৃদয়ঙ্গম করা যায়। নায়ক শিশির সঙ্গীত শিল্পী। তার নিজের জীবনেও ফুটেছিল মীড় গমক্ মূর্ছনা—বিদূষী কন্যা সীতা বসুর রূপময় দেহমঞ্জিল থেকে নির্ঝরিত মঞ্জু আভাসে আর প্রীতির বিভাসে। শিশিরের ভেতরে এই সুতনুকার লাজাঞ্জলি নিবেদনে তুলসীদেওয়া তিলাঞ্জলীতে যে আকুতি মহৎ হয়ে ফুটেছিল, আমার মনে হয় তাই নায়ককে শেষ পর্য্যন্ত স্বাধীনতার—পূতযুদ্ধে সংগ্রামী কোরে তুলেছিল। সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র তাঁর ঋষিদৃষ্টির ঋতায়ণে "আনন্দ মঠে' জীবানন্দ সমীপে বীরাঙ্গনা শান্তিকে প্রেরণার যে ব্যাপক উৎস কোরে তুলেছিলেন, সেই ধ্যানের আলোকেই একটা চিরায়ত অনু-ভূতির সুতীব্রতা "তিলাঞ্জলি"র কাহিনীকে সংগ্রামী জীবনের লিপিবিবেক কোরে তোয়ের করেছে। কথাশিল্পী এখানে আদর্শবাদী। তাঁর চিন্তা মাঝে মাঝে স্বকীয়তার রণনে চরিত্রগুলোর মধ্যে ভাবনার অনেক ঝিলিক রেখে গেছে। শিশির-সীতা ছাড়া অবনী ও অরুণার যে দাম্পত্য জীবনের রূপলিপি সাজানো হয়েছে, তার মধ্যেও দেখেছি ওদের মানবিকতা বহুজন সুখায় ও বহুজন হিতায় তত্ত্বে—বিশ্বাসী। এ কাহিনীতে গানের মৃদঙ্গ মূর্ছনা সেতারের তানে তুলে ধরেছিল একটি কথা—"জনতার শিল্পীর এই তো কাজ। শিল্পীরা একাধারে চারণ ও সৈনিক। জনতার গুণী শুধু কাজের পথে গান শোনায় না, গান শুনিয়ে কাজের পথে টেনে আনে।" সংগ্রামী

শিশির আরও বলে—"ছয় রাগ আর ছত্রিশ রাগিনীর কৃপা ভরসা করে থাকলে আর চলবে না। নতুন এক রাগ সৃষ্টির লগ্ন ঘনিয়ে আসছে। আজ ভারতবর্ষ আর নারদ ঋষির দেশ নয়—সারা পৃথিবীর আত্মীয়। গীতময় ভারতের আকাঙ্ক্ষা আজ এক নূতন সুরস্বরূপকে খুঁজছে। গুণীর কাজ তাকে আবিষ্কার করা, তাকে চেনা, তাকে পূর্ণতা দেওয়া। মিঞা তানসেন একদিন তাই করেছিলেন। কিন্তু তারপর ? তারপর থেকে যুগের বাতাসে আমাদের জীবনে কত নূতন পাখী ডেকে গেল—আরও কত বিচিত্র ডাক আস্‌ছে, কিন্তু নূতন মুরলী আর তৈরী হলো না।"—জানি না এ মুরলী পরমপুরুষ শ্রীকৃষ্ণের মুরলীর কথাকে বুঝাতে চায় কি না! তবে বলব অন্য পরে কা কথা, আজও এই বর্তমানে আমাদের দেশ জন ও সমাজের অবস্থা যেই তিমিরে ছিল, আজও আছে সেই তিমিরে। কেন না, আজকের জগত আরও বেশী আত্মকেন্দ্রিক। সেদিনকার চাইতেও। তাই দেখি আজকে সৌন্দর্য্যবাদী সুবোধ ঘোষের সুদূরাভিসারী চিন্তা মানুষের মধ্যে, সমাজের মধ্যে যৌবন ঘটিত নায়ক-নায়িকার দাম্পত্য জীবনের কথা থেকেও—মহামারি রূপে দেখা দেওয়া আত্মকেন্দ্রিকতার মূলোৎপাটনে স্থিতধী। শিশির বুঝেছিল গানের চাইতেও 'গানাৎ পরতর' একটা উপলব্ধির জিনিস আছে, আর সে অনুভূতির বিষয় হলো এক সুজনা নারীর—প্রেম ভালবাসা। এরই সুন্দর অনুভূতির আবেশে শিশির খুব সুন্দর কথা শুনিয়েছে মহানগরী কোলকাতা সম্বন্ধে—"সব পথের শেষ কোলকাতায়। বাংলার রাজধানী, মহাযুদ্ধের স্কন্ধাধার, পণ্যের ভাণ্ডার, শস্যের গোলা কোলকাতা। বাংলার সামাজিক, অর্থনৈতিক ও রণ-নীতির জীবনের হেড অপিস কোলকাতা। লাটের মসনদ, উজিরের দপ্তর সাহিত্য বাণিজ্য ধর্ম শিল্প ও বেশ্যার ডিপো কোলকাতা। সারা বাংলায় স্নায়ু শিরা নাড়ি এখানে এসে এক হয়ে মিশে গেছে—একটি ভয়ানক মস্তিষ্ক একটি বিরাট হৃদপিণ্ড একটি প্রকাণ্ড উদর সৃষ্টি করেছে। এই হোল কোলকাতা। কোলকাতার সর্দি লাগলে সারা বাংলা হেঁচে মরে।"—আমি বলব, আর আজকের খণ্ডিত বাঙলার সর্দি লাগলে সারা ভারতবর্ষটাও হেঁচে মরে—রাজনীতির জন্যে, অর্থনীতির জন্যে, সর্বোপরি দেশের সামাজিক সংস্কৃতির ধারক ও বাহক ইন্‌টেলিজেনশিয়ার—অভাবের জন্য!

সত্যি আমাদের সুবোধ ঘোষের শিল্পী-সত্ত্বার সান্ধ্য লগ্নেতে শুভদৃষ্টি বিনিময় হোয়েছিল হিংস্র, লোভী, বর্বর অথচ শিক্ষিত সভ্য জাতিতে জাতিতে তুচ্ছ স্বার্থের নিয়ন্ত্রণা নিয়ে শয়তানী যুদ্ধ-রাক্ষসী—মহাবিশ্বযুদ্ধ নামে বিশিষ্টা আত্মঘাতিনীর সঙ্গে। মানবতা তখন রাজতন্ত্র, ধনতন্ত্র ও গণতন্ত্র—এই ত্রিমূর্তির সঙ্ঘর্ষে ধূলায় লুটিয়ে পড় পড় অবস্থা। এমনি এক সময়ে অস্থিরা, চঞ্চলা বিদেশিনীর ভাসমান চিন্তাধারার সঙ্গে সুধীর-সুস্থির ভারত-আত্মার ঔপনিষেদিক ব্যঞ্জনার সাহায্যে নীরস ও নিরেট

গণতন্ত্রকে হৃদয়গ্রাহী কোরে তুললেন সুবোধ ঘোষ—"অযান্ত্রিক" গল্পে। এ যেন ভারত আত্মারই বাণীমূর্তি। মহামনীষী জগদীশচন্দ্র বসু একদিন জড়ের মধ্যে প্রাণের সঞ্চার কোরে প্রমাণ করেছিলেন তা বিশ্বের দরবারে। বিজ্ঞান-লক্ষ্মীর দরবারে। আর সুবোধ ঘোষ সুন্দরী ভারতী সাহিত্যে এক অজড়, বৃদ্ধা, ফোর্ড ট্যাক্সি গাড়ীর মধ্যে প্রাণের মৃদুল উচ্ছলতার সরব অভিভাষণকে দেখতে পেয়েছিলেন। ঐ সময়েই তারাশঙ্কর রূপাভিসারে যাত্রা করেছেন ক্ষয়িষ্ণুমান ধনিক-তন্ত্র থেকে গণ-তন্ত্রের বেদীমূলে। আর তখন মাণিক বন্দ্যোপাধ্যায়ের যাত্রাভিসার চলেছে গণ-তন্ত্রের ধ্বজাধারী, তথাকথিত প্রলেটারিয়েটদের দেহলিতে। কী যেন একটা অসম্পূর্ণতা রয়ে গিয়েছিলো এই দুই মনীষীর শিল্প-দৃষ্টিতে—যাঁদের উড়ানো পতাকার প্রতীক চিহ্ন ছিলো "গণতন্ত্র"। ভারতের মাটিতে অতি সাধারণ ঋষিকূল প্রবর্তিত চিরন্তন জীবনদর্শনের ওপর নির্ভর কোরে সুবোধ ঘোষের গণ-তান্ত্রিক মন—লেখা নিয়ে এগিয়ে গিয়েছিল গণ-তন্ত্রেরই কোনো অন্দর মহলে—যেখানে কোনো রকমে বেঁচে থাকে বিমল ড্রাইভারেরা। একটি গাড়ী কিনে তাকে সোয়াড়িদের জন্য ব্যবহার কোরে রুজি রোজগার করে,—সেটাই কি সব ? গাড়ীটার কি কোনো ভূমিকা নেই ? তবে তার ভূমিকা অশেষভাবে আছে বলেই—আচার্য জগদীশচন্দ্রের দেশের একজন লেখক তার শিল্প প্রচেষ্টার সন্ধ্যালগ্নে আহ্বান করেছিলো—শতছিন্ন তালির হুড দেওয়া, তোবড়ানো বনেট, ইন্‌সুলিন করা টায়ার, ভেঁপু বাজানো ট্যাক্সিটিকে। ফোর্ড গাড়ীখানাও যে একদিন অজান্তে যৌবন থেকে প্রৌঢ়ত্বের সীমানায়—লাস্যময়ী থেকে জবুথবু অথর্বার রূপে—বিমলেরই প্রিয়তমার সমানা হয়েছিলো—তা কি আমরা ভেবে দেখেছি ? একদিন দামী নতুন মডেল গাড়ীর মালিক পিয়ারা সিং বিমলকে পরামর্শ দিলো এই বুড়ীকে বিক্রী করে দেবার জন্য, তখন বিমলের পোড় খাওয়া চোখে দপ্ করে আগুন জ্বলে উঠলো—বিমল সটান উত্তর দিল—"হুঁ, তারপর তোমার মত একটা চটকদার হাল-মডেল বেশ্যে রাখি।" কি আশ্চর্য, যে বিমল একদিন তার এই তোবড়ানো গাড়ীটিকে বিক্রী কোরতে অস্বীকৃতি জানিয়েছিল, যে বিমলকে শ্রীমতী ফোর্ড স্ত্রীর মমতা—পাশে আদরে ভুলিয়ে রেখেছিল—সেই বিমলকেই একদিন দেখলাম তার এলিয়ে পড়া মানবতাবাদকে চুপটি করে বসে থেকে চোখের জলের ভিতর দিয়ে—ঝরিয়ে দিচ্ছে। খটা খট, ঠক্ ঠকাস্ হাতুড়ির আঘাত পড়ছে বৃদ্ধার লৌহ শরীরে। আর সামনে বসে আছে রাজপুতানারই কোন এক গ্রামের ভাগ্যান্বেষী। মাথায় পাগড়ী। মোটা গোঁফের নীচে হিঃ হিঃ হাসি। সহৃদয়তার মুখোশের অন্তরালে হিঃ হিঃ হাসি দিয়ে বিমলকে সহানুভূতি জানাচ্ছে। কি বিশ্রী এক ক্রূর পরিকল্পনা ঐ পাগড়ী মাথায় ব্যক্তিটির চোখে মুখে ফুটে আছে। সুবোধ ঘোষ দেখলেন—বিমল সভ্যতার ঐশ্বর্য্যের ভারে হারিয়ে যাওয়া অবহেলিত

মানবতাবাদ। আর গাড়ীটি হলো গণ-মানসের প্রতিনিধি। স্থাবর ও জঙ্গমের মিলনসেতু!

মানবতাবাদী সুবোধ ঘোষের শিল্প বৈভবের দরজায় দেখা দিলো—"সুন্দরম", "ফসিল", "পরশুরামের কুঠার" প্রভৃতি গল্প। "সুন্দরমে"র নায়ক সুকুমার মানবতার সুনামেতে কলঙ্ক লেপন কোরেছে। সিভিল সার্জনের শিক্ষিত ছেলে সুকুমার আমাদের চোখে যে নৈষ্ঠিক রূপের পরিচয় দিয়েছে, সেখানে লেখক একটু পরিহাস করে খুঁজতে গিয়েছিলেন মনুষ্যত্বকে। সমস্ত কিছুতেই যে ছেলের এত নিষ্ঠা, পড়তে বসবার আগে যে তার নাভীতে কস্তুরী মৃগ ছুঁইয়ে মনকে প্রফুল্ল করে রাখতো, কেউই ভাবতে পারেনি মনুষ্যত্বকে সে একদিন আস্তাকুড়ে টেনে নিয়ে আসবে। ষোলো বছরের তুলসী, পেশা তার ভিক্ষা। ঘুর ঘুর করে ঘুরে বেড়ায় ডাক্তার সাহেবের বাড়ীর আঙ্গিনায়, ঠিক সুকুমারের পড়বার ঘরের সামনে। সমস্ত গায়ে প্রকৃতির ধূলায় ভর্তি। সাধারণ কথায় ময়লার পুরু আস্তরণ। তার চাইতেও ময়লা, ছেড়া, বিশ্রী গন্ধ মাখানো এক চিলতে কাপড়ের আনাচে কানাচে উদ্ভিন্ন যৌবনের পরিহাস সুস্পষ্ট। সুকুমার তা দেখে মনে যেন বলে,—দ্যুৎ। কত রূপবতী, ধনবতী তার কাছে আহ্বান জানায় সিভিল সার্জনের পুত্রবধূ হবার জন্য! তবু নৈষ্ঠিক সুকুমারের মুখের ভাষায় ফুটে ওঠে, দ্যুৎ। তারপর ? হ্যাঁ, তারপর একদিন সিভিল সার্জনের ময়না তদন্তের টেবিলে দেখা গেল তুলসী ভিখারিণীকে। এখানে সে এসেছে আত্মঘাতিনী হয়ে— এ যেন শিক্ষা আর সভ্যতার অভিমানে আত্মম্ভরী সমাজকে পরিহাস ঠুকে। হঠাৎ যদু ডোম বলে উঠলো শব-ব্যবচ্ছেদের পর—ভিখারিণীর রহস্যময় উদর দর্শনে, "শালা বুড়ো, লাতির মুখ দেখ্ছে।" বিস্ময় বিমূঢ় ডাক্তার তার পাশে দাঁড়িয়ে। কোনো কথা তার কানে গেলো না। ডাক্তারের গ্লাভস্ পরা হাতে ধরা এক টুকরো মাংসপিণ্ড—"শিশু এশিয়া"।—বুড়ো দেখেও দেখছে না। বুঝেও বুঝছে না। নির্বাক। নীরব। তারই ছেলের প্রতিদান। নৈষ্ঠিক অপকীর্তি।—"নিকেলের চিমটের সুচিক্কণ বাহুপুটে চেপে নিয়ে, স্নেহাক্ত আগ্রহে ধীরে ধীরে টেনে তুলে ধরলেন—পরিশল্কে ঢাকা সুডোল সুকোমল একটি পেটিকা। মাতৃত্বের রসে উর্বর মানব জাতির মাংসলা ধরিত্রী। সর্পিল নাড়ীর আলিঙ্গনে ক্লিষ্ট ও কুঞ্চিত যেন বিষিয়ে নীল হয়ে রয়েছে— এক শিশু এশিয়া।"—"সুন্দরম্" গল্পে মানুষের তথাকথিত শিক্ষা, রুচি, ঐশ্বর্য্য মনুষ্যত্বকে গুড়িয়ে দিয়েছে—মানবতাবাদের বেদীমূল থেকে।

যুগে যুগে পৃথিবীর শান্ত রূপকে আলোড়িত করে "পরশুরামের কুঠার" নারী জাতির ওপরে পুরুষের অপকীর্তিকে স্থাপন কোরে গেছে। সুবোধ ঘোষের এই গল্পে সদরের জেলারবাবু, মাষ্টারবাবু, হাকিমবাবু প্রত্যেকেরি বাড়ীতে বিশেষ সময়ে— সবিশেষ ডাক পড়তো—দাই ধনিয়ার। ওই সকলেরই বাড়ীর আসন্না গর্ভিণীদের

জন্যই তার দাম ছিল খুব বেশী। মাষ্টারবাবুর পলকা হাড়জিরজিরে বৌ-কে বছর বছর আঁতুড় ঘরে আশ্রয় নিতে হয়, এই ধনিয়া দাইয়েরই কাছে। সদরের যত ছোট ছোট ছেলেমেয়ে হেসে-খেলে-গেয়ে কল-কল, ছল-ছল, করে ঘুরে বেড়ায়—তাঁদের প্রত্যেকেরই জন্ম লগ্নে পৃথিবীর আলোতে এসে—সেই আলোক ধারায় রাঙ্গিয়ে তোলাতে পেরেছিল এই ধনিয়া দাই। এখন তার ভরা যৌবন। যখন বাবুদের কোন সন্তান হবার সম্ভাবনা দেখা দিত না, তখন তাকে স্বৈরিণীর ভূমিকায় অনেক পুরুষকে তৃপ্ত করাতে হয়েছে। প্রতিদান স্বরূপ—অনেকবার তাকে—প্রজাবতী হতে হোয়েছে। বয়েস থাকতে অনেক মৌমাছির ভিড় হয়েছিলো তাকে এদিক সেদিক ঘুরে ফিরে। একদিন স্বাস্থ্য ভেঙ্গে গেল। রূপ ঝরে গেল। যারা এতদিন বাহোবা দিত, বাহোবা পেতো, আজ তারা ফিরেও তাকায় না। শেষ পর্য্যন্ত তাকে অভাবের তাড়নায় পৃথিবীর অন্ধকার পিছল পথে আরো পিছলিয়ে যেতে হলো। ধনিয়া সব চাইতে মিথ্যা পরিচয়ে স্নেহ মমতাকে পদদলিত করে দিলো। মাষ্টারবাবুর যে ছেলেকে একদিন সে পৃথিবীর আলোতে জন্ম নিতে সাহায্য করেছিল, আজ অনেক বছর বাদে সেই ছেলেরই উত্তাল যৌবনের বল্‌গা হারানো রুচিহীন কামনা—পুনরায় পরশুরামের কুঠারকে হানলো—ধনিয়া দাইয়ের মাতৃ স্বভাবের ওপরে। আর একবার ভাবালো—মনুষ্যত্ব অর্থের কাছে, লোভের কাছে, নিজেকে বারনারীর মত করে তুলেছে। এই হলো শিক্ষা! এই হলো সভ্যতা! এই হলো যুদ্ধের অবদানে—পৃথিবী জুড়ে মূকবধির হাহাকার।

মানুষ চাইছে তার মুক্তি। এই মুক্তি সব রকমের মুক্তি। এরই জন্যে সাড়ে আটষট্টি বর্গ মাইলের ছোট নেটিভ্ ষ্টেট—অঞ্জনগড়ের পরাক্রমশালী মহারাজের অন্যায় অধিকার, অত্যাচার প্রতিটি প্রজা-সাধারণের মনেতে অসন্তোষের আগুন জ্বালিয়ে তুলেছিলো। তারা স্বাধীনতা চেয়েছিলো। মুক্ত হওয়ার স্বাধীনতা। তাদের মধ্যে আন্দোলন জেগে ওঠে। আর তা মহারাজার বিরুদ্ধে। সমর্থ প্রজার ওপর বিচক্ষণতার সঙ্গে নেতৃত্বের ভারও পর্য্যন্ত সমর্পিত হোয়েছিলো। কিন্তু ঐশ্বর্য্যের চমকে ও দাপটে তাদের পরিকল্পনা এলোমেলো হয়ে যায়। কূট চক্রান্তের অন্তরালে খনির ধস ফেলে অনেক প্রজা-শ্রমিকের বিদ্রোহী অস্তিত্বকে পৃথিবীর অতলে হারিয়ে যেতে বাধ্য কোরেছিলো। আজ তারা "ফসিল"। "লক্ষ বছর পরে এই পৃথিবীর কোন একটা যাদুঘরে, জ্ঞানবৃদ্ধ প্রত্নতাত্ত্বিকের দল উগ্র কৌতূহলে স্থির দৃষ্টি মেলে দেখছে কতকগুলি ফসিল! অপরিণতবয়স্ক ও আত্মহত্যা প্রবণতার সাবহিউম্যান শ্রেণীর পিতৃপুরুষের অর্ধপশুগঠন, শিলীভূত অস্থিকঙ্কাল। আর ছেনি, হাতুড়ি, গাঁইতি কতকগুলি লোহার ক্রুড ও কিম্ভূত হাতিয়ার। অনুমান কোরছে তারা, প্রাচীন পৃথিবীর একদল হতভাগ্য মানুষ বোধহয় একদিন আকস্মিক কোন ভূবিপর্য্যায়ে কোয়ার্টস্ আর গ্র্যানিটের গহ্বরে সমাধিস্থ হয়ে গিয়েছিল। তারা দেখছে, শুধু কতগুলি শাদা শাদা

ফসিল। তাতে আজকের এই এত লাল রক্তের কোন দাগ নেই।" মানবতাবাদী সুবোধ ঘোষের অনিন্দ্য মনীষা রাঙিয়ে সাম্যবাদের মূল আদর্শ এখানে "ফসিলে"র মধ্যে সুন্দরতম অভিব্যক্তি পেয়েছে। এর আগে একদিন ঋষি বঙ্কিমচন্দ্রও সাহিত্যে সাম্যবাদের রূপদ্যোতনাকে স্বাক্ষরিত কোরে গেছেন। আর তারপর মনীষী সুবোধ ঘোষ তাঁর মানব-পূজার বেদীতে অশেষ সার্থকতার সঙ্গেই সাম্যের সমদর্শিতাকে—এভাবে দরাজজান কোরেছেন।

পৃথিবী জোড়া প্রত্যেক দেশের, প্রত্যেক সমাজে বাস করা এক বিশেষ শ্রেণীর জাতিকে পুরুষের জীবনের অনিচ্ছাকৃত কতকগুলো উচ্ছৃঙ্খলতাকে—শান্ত করাতে হয়। তৃপ্ত করাতে হয়। পুরুষের এ ইচ্ছা জাগে তারই শারিরীক, মানসিক ও আর্থিক—এই তিন রকম অবস্থার—এলোমেলো ও দিশাহারা কারণ থেকে। আর তখন তাদের ঐ চাওয়া ঘিরে ধরে—এখানে-সেখানে যেখানকারই হোক না কেন, এমন কতক রঙ-করা মুখের—বিলোল-হিলোল কন্যাকুমারীকার দেউলে। কখনো অভাবের তাড়নায় পথে বেরিয়ে আসা কোন এক গৃহস্থ-বধূর শ্রীমতীময় ক্ষতবিক্ষত মনের কাছে—দেহজ ক্ষুধার ভিক্ষাপাত্র হাতে কোরে।—সমাজের চোখে পুরুষের নির্লজ্জ আকাঙ্ক্ষা এদের চিহ্নিত কোরে রেখেছে—ওরা দেহোপসারিণী। ওরা পাপ-বিদ্ধা। আর আমরাও তাই-ই মনে করি—ওদেরকে। ওদের তমসাচ্ছন্ন ঘন কুহেলী রূপকে। ওরা দেহ বিক্রী করে। ভাবি তাই। ভুলে যাই—কোন না কোন বিষয়ে অভাবগ্রস্ত পুরুষ তাই কেনে,—কিছু অর্থের বিনিময়ে। কিন্তু আমরা জানি না, খোঁজও রাখি না—সমাজের পিছলে যাওয়া রূপসীর দেহ-বিকিকিনির হাটেও সন্ধান মেলে এমন কোন এক বিশিষ্টার—যে দশজনের চোখের কৃত্রিম চাহনিতে—দেহোপসারিণী হোলেও, মনে আর প্রাণের উচ্ছলতায় কোন অংশে—কোন বরনারীর চাইতে, ছোট নয়। "পহেলা দর্শনধারী। পিছে গুণ বিচারী।"—আমরা শেষেরটা করি না বলেই ওদের পসারিণীর ভেতরকার বরবর্ণিনীর ভূমিকার কথা ভুলে গিয়ে দেখতে পাই না তার মাধুর্য্যময়ী সুন্দর রূপটুকুন।—এমন এক অপরূপ রূপের ছবিকেই তুলে ধরেছেন সুবোধ ঘোষ তাঁর সুন্দর রচনা "বারবধূ" গল্পটিতে।

এই গল্পের নায়িকা লতা। সে পূর্বাশ্রমের পরিচয়ে একজন কলঙ্কিতা—না, অন্যের দৃষ্টিতে সে বারনারী। এর বেশি কিছু নয়। কিন্তু প্রতি নারীর মধ্যে সুপ্ত থাকে এক অশেষ নারীত্ব—যার তুলনা একমাত্র মেলে তার নীড় বাঁধতে চাওয়া এতটুকু ছোট এক সুখের সংসারের জন্য, যেখানে একজন বিশেষ পুরুষের প্রেমাতুর হৃদয়কে সবুজ রঙে ছোপাতে পারবে সে। আর তাই জমিদার প্রসাদ রায়ের নদীর ধারের নির্জন কুঠির নিরালা কোণেতে লতা একদিন শুধু "রাতকে রহনেবালী"রূপেই বোধ হয় আশ্রয় পেয়েছিল। কিন্তু তা হোলেও লতার অবস্থান সেখানে এক রকম

প্রায় স্থায়ীই হোয়ে উঠেছিল। প্রেম নিয়ে, তার ছলাকলা নিয়ে যতই প্রেমাভিনয় করুক না কেন, আসলে লতা ত এক যুবতী নারী—তাই প্রসাদ রায়ের অজস্র উচ্ছৃঙ্খলতার ভেতরে ছাপিয়ে ওঠা—এক শিশু-স্বভাব দর্শনে—লতা তাকে একটু একটু করে ভালোবাসতে লাগল। রমণীর রমণীয় আভায় দিনে দিনে সে উদ্ভাসিতা হোয়ে চলল। শুধু সুখ আর হাজার তৃপ্তির বিহ্বলতা ঘিরে রেখেছিল তাদের নিরালা মুহূর্তগুলোকে। লতা আস্তে আস্তে নারীর বড় আকাঙ্খার গৃহিণীপনায় মজে যাচ্ছিল। সেই সঙ্গে প্রেমেও মজছিল বারবনিতার বিলোল চপলতাকে দূরে সরিয়ে দিয়ে। কিন্তু লতার সুখের জগৎ অচিরেই তাসের মিনারে পরিণত হোল। অনাহূতভাবে একদিন প্রসাদ রায়ের বাড়ীতে যেচে আসা আভা নামে এক যুবতীর পরিচয় হোল। আর সে পরিচয়ের ফলে প্রসাদ রায়ের মন আস্তে আস্তে টেনে নিয়ে গেল ঐ নব-পরিচিতার যৌবন-দেউলে। এখান থেকেই নারী-দেহ-লোভী প্রসাদের মনেতে বৃশ্চিক দংশনের মত জেগে উঠল, ন্যায় ও অন্যায়ের দ্বন্দ্ব। যুবতী আভার সামাজিক পরিচয় আছে, শিক্ষিতার পরিচয়ে। তাই সে ন্যায়। আর আভার দর্পণে বিচার কোরে প্রসাদ রায় বুঝল—পেছনে ফেলে আসা অসামাজিক প্রতিষ্ঠার লতা আজ প্রেমের আস্বাদে—বারনারী থেকে মিনতি জানিয়ে—বরনারী হোত চাইছে বলেই, —লতা হোল অন্যায়। যতই ইল্‌লেজিটিমেসির ভেতরে তাদের পরিচয় হোক না কেন, লতার ভেতরকার ঘুমিয়ে থাকা প্রেমিকার রূপ আকুতিতে ভেঙ্গে পড়েছিল ন্যায়-বিচারের আশায়, প্রসাদের কাছে—সে কি এর পরেও হোতে পারবে না প্রসাদ রায়ের উচ্ছৃঙ্খল জীবনকে শান্ত কোরে তোলার—সঙ্গিনী। প্রসাদের জীবন-সর্বস্বা!—প্রসাদের 'বেটার-হাফ্'। কিন্তু তা হোতে পারলেও, হোতে দিল না স্বার্থপর পুরুষের বড় বেশী ন্যায়-নিষ্ঠার প্রীতি। লতা তার আগের পিছল পথেতে পিছলানো চরিত্রকে একবারে ভুলে গিয়ে সত্যি এক নিখুঁত বরনারী হোয়েছিল। আনন্দে গরবিনী হোত প্রসাদ রায়ের সমাজ-স্বীকৃত বধূর পরিচয়ে পরিচায়িত হবার জন্য। দারুণ আকুতি ঝরয়ে প্রেম-বর্ষণে ভাসাতে চায় পুরুষকে, তার দেহজ কামনাকে স্নিগ্ধ আর শান্ত করিয়ে। কিন্তু শিক্ষিতা কন্যা আভার মনের এক এলোমেলো ও ছটফট করা দম্ভের কাছে প্রসাদের আকর্ষণকে বন্দী করাতেই ভাগ্যবিপর্য্যয় ঘটলো লতার। তাই আভার উপরে প্রতিশোধ নিতে রায়বাঘিনীর মতই হোয়ে উঠেছিল বরনারী হোতে সুখলোভী লতার সেদিনকার মধুক্ষরা বারনারীর অভিনয়।—তাই লতা চাইল আর একবার অভিনয় কোরতে—"একবার যাচিয়ে দেখলে হয়। রেশমী পায়জামাটা পরে, বেণী দুলিয়ে, চোখে সুর্মা লেপে, একপাত্র হুইস্কি নিয়ে যদি কোলের উপর গিয়ে চড়ে বসি, চরিত্তিরওয়ালার মুরোদটা দেখি একবার! কিন্তু ছিঃ!"—সত্যি ছিঃ, ছিঃ-র এক ধিক্কার এসে লতাকে ঘিরে ফেলেছিল। কেন না প্রেমের জন্য ঘর বাঁধতে চাওয়া, আর তার জন্য অভিনয়

করা সত্ত্বেও প্রতিবেশীদের কাছ থেকে অপার স্নেহ প্রীতি ও শ্রদ্ধা পাওয়ায়, লতা আভাদের মতই মিষ্টি মনের যুবতী হোয়েই থাকতে চাচ্ছে। তাই লতার "সব সামর্থ্য যেন খসে পড়ে গিয়েছে, যেন সব দিক দিয়ে অসহায় হয়ে গিয়েছে লতা। শুধু একটু ছদ্মনামের গৌরবের লোভে! ঘোমটা আর সিঁদুর, শাঁখা আর নোয়া দিয়ে সাজানো তার নিজেরই এই ছদ্ম মূর্তিটার উপর বেশি মায়া পড়ে গিয়েছে। ভাঙতে পারে না এই মূর্তিকে, ভাঙবার চেষ্টাও করতে পারে না। বোধ হয় চেষ্টা করতেই ইচ্ছা করে না। কোন উপায় নেই।"—প্রেমের সোনার ছোঁয়াচ একবার পেয়েছে বলে আগের জীবনে ফিরে যাওয়ার আর তার উপায় নেই। তবু তাকে তার এই প্রেমের জন্য ভাল লাগার জীবনকে ছেড়ে চলে যেতে হচ্ছে। এতে দুঃখ আছে। ব্যথা আছে খুবই এমন বিচ্ছেদে। তবু লতা একটু অভিমান সমাজের মানুষকে জানিয়ে বিদায় নিয়েছিল। লতার মধ্যেও আর একবার এক ধরনের অবহেলিত মনুষ্যত্ব শুধু অবহেলা পেয়েই শান্ত হোল। লতা তার দু'দিনের সাজানো ঘরের মায়া ছেড়ে চলে যাচ্ছে, তখন "ভয় পেয়ে কম্পিত স্বরে প্রসাদ ডাকে—লতা। আমি ত তোমার কোন ক্ষতি করি নি।"—সত্যি ক্ষতি কোরেছে কিনা তা প্রসাদ বুঝতে চায় না। মানে প্রসাদেরা যুগ যুগ ধরে এমনি ভুল কোরেও আবার ভাবে—বোধ হয় কোন ক্ষতি করিনি। ক্ষতি এসেছে একদিক থেকে, যেখানে আভা নামের যুবতীর প্রজাপতি স্বভাবের রঙবাহার রূপের কাছে সে হারিয়ে ফেলেছিল নিজের পৌরুষ, ঠিক সেখানটিতে। তাই প্রসাদের সংশয় ভরা প্রশ্ন শুনে "আলোর ধাঁধানি থেকে চোখ দুটোকে আড়াল করার জন্য নিশ্চয় নয়, কিন্তু কে-জানে কেন আর কি আশ্চর্য, হেঁট মুখ হয়ে হঠাৎ মাথার উপর কাপড়টা বড় করে টেনে দিল লতা। যেন জীবনের একটা মোহময় ছদ্মবেশ শেষবারের মত গায়ে জড়িয়ে নিল। তার পরেই একটা দীর্ঘশ্বাস ছেড়ে লতা শুধু আস্তে একবার ফুঁপিয়ে ওঠে—না, তুমি ক্ষতি করবে কেন, আভা-ঠাকুরঝি আমার এ সর্বনাশটা করল।"—সত্যি একথা ভাবিয়ে তোলে, একজন পিছল পথের নারীর সুজনা হোয়ে ওঠা নারী-প্রেমকে কিন্তু ঠকিয়ে দেয় সুরুচি, সুশিক্ষায় সাজানো এক সুভদ্রার মনের লোভ আর হঠকারিতা। আভার না বোঝা মন।

যুগ পালটায়। মানুষের ধ্যান ধারণাও সেই সঙ্গে পালটায়। এতদিন সুবোধ ঘোষ কতকগুলো চিরন্তন সত্যকে হিরন্ময় পাত্রের আড়াল থেকে মানুষের, সমাজের চোখে তুলে ধরেছিলেন শুধু একটি কারণে—তা মানবতা-বাদের জয়গানকে মুখরিত কোরে তুলতে। এ যেন ছিল তাঁর অশেষ করণীয় কাজ। শিল্প বৈভবের চরমতম স্বতঃস্ফূর্ততা নিয়ে গণ-মানসের আধারে, অনিন্দ্য কল্পনার রূপায়ণে, বিশেষ করে প্রেমের তাগিদে ছিলেন আবিষ্ট। আজকে তিনি তাঁর শিল্পীসত্ত্বাকে মানুষের প্রয়োজনের

অতিরিক্ত অনেক কিছুর ভেতরে ভেতরে সাহিত্য নিয়ে রূপাভিসারে তথা প্রেমাভিসারে স্থিতধী। ভালবাসা, শুধু তাই নয়, ভালবাসা তার চরমতম সার্থকতায় আর শিল্পীর ধ্যানেতে মূর্ত হয়ে উঠেছে নরনারীর মিথুনরূপে ব্যঞ্জনা পেতে অভিলাষী—পরমতম আকাঙ্খিত পরিণয়ের মধ্যে। তা হোল ঈশ্বর অভিপ্রেত, মহাকবি শেলী, মহামনীষী রুসোর অনেক সাধের, অনেক কল্পনার সোনার জগৎ—ইউটোপিয়ার পারিজাত কাননে সংঘটিত—পবিত্র বিবাহ। ভালবাসা আর বিবাহ—এরা দুটি সবুজ জীবনের শুধু মধুর অভিব্যক্তির দুই পিঠ। এক পিঠে ভালবাসা—তারই সঙ্গে অপর পিঠে—বিবাহ। তাই মনীষী অন্নদাশঙ্কর রায়ের মতনই আজ সুবোধ ঘোষের মনীষালব্ধ শিল্পসম্ভার—আজ প্রেম কি, পরিণয় কি—এর সাধনা লব্ধ দিকনির্দেশক নানান বিচিত্রতাকে ফুটিয়ে তুলেছে—"ভারত প্রেমকথা" এবং দুটি মানবিক ধর্মী উপন্যাস "ত্রিযামা" ও "শতকিয়া"-তে।

শুধু তার ব্যঞ্জনা, আর প্রকাশে শাশ্বত হয়ে আছে মহাভারত। এক এক সময় ভাবি—মানুষের কোন্ না কাজ, কোন্ না চিন্তাধারা এর মধ্যে নেই? সব আছে। আর এই সব "আছের" মধ্যেই আছে প্রেম। ব্যাপক কথা, আর কঠিন আদর্শের রূপাঞ্জন মাখা মহাভারতের সে সব প্রেমকাহিনী। সেখানে ভুল আছে। আছে তাদের জন্য মহান ক্ষমা আর মহৎ সুসমাধান। সেই সব কাহিনীরই প্রতীক-ধর্মীতাকে শুধু যুঁই চামেলীর ভুর ভুরে সুবাসে ভরিয়ে সর্বাধুনিক বাঙলা সাহিত্যের মজলিশে পরিবেশন কোরেছেন কল্পনার ইন্দ্রজালে, ভাষার ছান্দসী রূপায়ণে, বর্ণনার মদিরেক্ষণ চিত্র-বিচিত্রায় অনন্য রূপদক্ষ সুবোধ ঘোষ। এ যেন কবিসম্রাটের জীবন দেবতার প্রতি অর্ঘ্য নিবেদন করা হোয়েছ—

"নূতন করিয়া লহ আরবার চির পুরাতন মোরে।
নূতন বিবাহে বাঁধিবে আমায়, নবীন জীবন ডোরে।"

পুরনো কথা যে কখনো পুরনো হয় না প্রেমের সরব ও আকুল আদর্শের গুঞ্জরণে ভরা থাকায়, সে কথাই ভাব-রূপ ও বোধের মিতাচারে ও মিতাক্ষরে সৌন্দর্য্যবাদী সুবোধ ঘোষের প্রখর মনীষা আলোকিত কোরে সৃষ্ট হোয়েছে এই "ভারত প্রেমকথা"য়। আমার ধারণায় এর রূপবেত্তা রচনারীতির কারুকাজে অতি আধুনিক মানসের প্রমিতিতে মশগুল থাকা সত্ত্বেও, হোলেন এক অনিন্দ্য ধারার আদর্শবাদী। যিনি সাহিত্যের আসরে প্রথম পদার্পণের শুকতারা ফুটিয়ে তোলার সময়েই বোঝাতে পেরেছিলেন 'স্টার্ন রিয়ালিজম্'ও হতে পারে কত বড় সুন্দরের ঘরের বাসিন্দা—তিনিই শেষ পর্য্যন্ত এ-ও বোঝাতে পারলেন যে, তাঁর শিল্প-সত্তার 'স্টার্ন আইডিয়ালিষ্ট' হয়ে ওঠায় বিন্দুমাত্র বিরোধ বাধে নি দু-ধারার সাধারণে ভাবিত—আশমান্ জমিন ফারাকটুকু নিয়ে। অনেক শিল্পীরই চিন্তাধারার দৃষ্টি-নিমেষে বাস্তব

ও কল্পনার বিরোধিতা তাঁদের আপন আদর্শের সংঘাতে যখন প্রকটিত হোয়ে ওঠে-তখন দেখি সুবোধ ঘোষ নিজের স্বকীয় ধ্যানের কল্পনায় দু ধারারই সঙ্গমে আত্মনিষ্ঠ, আর শিল্পচেতনায় আত্মতৃপ্ত। সত্যি এমনটা মিলনে সুমধুরিক না হোলে পর জীবনের যত কিছু জটিলতা, জড়তা, যন্ত্রণা, আবিলতা, কাতরতা—এর সবেরই শান্ত আর শ্রীময় হোয়ে ওঠা সম্ভব হোত না তাঁর সৃষ্টির কাজে। এ চিন্তার অশেষ ব্যক্তি-স্বাতন্ত্রতা রূপঝরার প্রথম রোমান্টিকতার আশ্লেষে আবেশিত ধ্যান রূপে প্রকাশিত হোতে পেরেছে "ভারত প্রেমকথা"য়। এখানে বলে রাখতে চাই—কোন রূপদক্ষ শিল্পীর মনের রোমান্টিকতাকে আমি তাঁরই "strong personality" বলে অভিহিত করি। আর অস্বীকার করা যায় না যে, এই রোমান্টিক রীতির স্বনিষ্ঠ ও একান্ত আন্তরিকতা ভরা সৃষ্টি—কি সাহিত্য কি শিল্প—সর্বত্রই original কিছু না করিয়ে ওঠে না। সুবোধ ঘোষের রূপচিন্তা ও মনীষায় অলঙ্কৃত "ভারত প্রেমকথা" এই নিরীখেতেই হোয়ে উঠেছে এক অশেষ সুরের ক্ল্যাসিক। শিল্পীর সৌন্দর্য্যস্নাত আদর্শবাদ মধূরিম দৃষ্টিপাতে জানাতে পেরেছে—"মহাভারতীয় প্রেমোপাখ্যানগুলির বৈচিত্র্য আরও বিস্ময়কর। উপাখ্যানগুলি যেন প্রণয়তত্ত্বেরই মনো-বিশ্লেষণ। সাবিত্রী-সত্যবান, নল-দময়ন্তী, দুষ্মন্ত-শকুন্তলা ইত্যাদি লোক-সমাজের অতি পরিচিত উপাখ্যানগুলি ছাড়াও এমন আরও বহু উপাখ্যান মহাভারতে আছে, যেগুলি লোকসমাজে তেমন কোন প্রচার লাভ করে নি। এই সব অল্প-প্রচারিত উপাখ্যানও প্রেমের রহস্য বৈচিত্র্য ও মহত্বের এক একটি বিশেষ রূপের পরিচয়। ভারত প্রেমকথার বিশটি গল্প এই রকমই বিশটি মহাভারতীয় প্রেমোপাখ্যানের পুনর্গঠিত অথবা নবনির্মিত রূপ। উপাখ্যানের মূল বক্তব্য অক্ষুণ্ণ রেখে এবং মূল বক্তব্যকে স্পষ্টতর অভিব্যক্তি দান করার জন্যই—মাঝে মাঝে নতুন ঘটনা কল্পিত হয়েছে।"—এর মুখবন্ধে শিল্পী 'নতুন ক'রে পাব বলে' যে ভাব সুষমার রূপনিকেতন তোয়ের করাতে পেরেছেন তা সত্যি পুরনো কথার সঙ্গে আধুনিক ধ্যানের—শুভবিবাহ সুম্পন্ন করানোর মধ্যে হোয়েছে—নামধেয় ক্ল্যাসিক।

মোট কুড়িটি সুমধুরিক কথা-রূপের বহুত আকুতির নির্ঝরণে "ভারত প্রেমকথা'র রূপকুট্টিমতা পাঠকের সৌহার্দ্য-প্রীতির ভুবনকে আশ্লেষিত কোরে তোলে। কাহিনীর বাস্তবতা তার বহু হাজার বছরের দূর-সুদূরের মধ্যে থেকেও তারুণ্যের সবুজাভায় হোয়ে উঠেছে আধুনিকতম। যুবকের, বিশেষ ভাবে তার যুবতীর মনের আকুতির সুখ আর আরতির খুশী সমেত দেহের যৌবন যে ভাবে লজ্জায়, তৃপ্তিতে, রভস চিন্তার সুনিশ্চিততায় হোয়ে ওঠে রিমঝিম করা লিরিক্—তা আগে পরে কা কথা—ও যে সর্বযুগেরই রমণীয় নিবেদন। ওরা যে অনুরাগবতী সন্ধ্যা—একে ও অপরে। প্রত্যেকে। সেকাল আর একাল সমতে। তাই দেখি পরীক্ষিৎ

ও সুশোভনা, সুমুখ ও গুণকেশী, সংবরণ ও তপতী ও অপরাদের কথা পরম্পরাতে—পুরুষ সমীপে রমণীর মিলিত জীবনযৌবন নিঙাড়িত ও আদর্শ রূপাঙ্কিত, আর সুন্দর অভীপ্সায় ভরা বসন্ত-সম্ভোগ-কথা অনুরণিত হোয়েছে। এ রণন আধুনিক পলে-অণুপলে আবেগ ভরা। মধুঋতা সুশোভনার কথা প্রথমেই মনে পড়ে।—এই মহাভারতী প্রেমকথা তার রূপকুট্টিম জগতে বহুত আকুতির রস নির্ঝরণের মধ্য নায়িকা সুশোভনাকে প্রথম দর্শনে তারই জন্য প্রতীক্ষারত রাজা পরীক্ষিতেরই প্রেম তাপিত হৃদয়কে শান্ত ঝড়ের তাণ্ডবে পাগলপারা কোরে মাতোয়ারা করাবার ভূমিকায় রূপায়িত কোরেছে। ঠিক সলাজ মধুর বীরাঙ্গনার সরব মূর্ছনায়। সুশোভনা কয়েক হাজার বছর আগের সত্যযুগের কোনো এক সে কালিনী বরবর্ণিকা হলেও তার রূপকথা সৌন্দর্য্যবাদী সুবোধ ঘোষের বাক্-বিভূতিতে অতি সহজ সুরেরই নামধেয়া আধুনিকা হোয়ে উঠেছে। প্রেম ভালবাসার জগতে যখন অকারণে আর অজানিতে বহুত মিনতি করার জন্য নিলাজ-চপল লগ্ন-শুভ মুহূর্তটি সহাস পদক্ষেপে নূপুরের মধুগুঞ্জন তুলে উপস্থিত হয়, তখনকার সময়ে মিষ্টি রাগে সাজানো সুশোভনার দেহবল্লরী যে ভাবে লজ্জা ঘৃণা ভয় থেকে মুক্ত হোয়ে চিরন্তণী যুবতী নারীর অতি আধুনিকার নিলাজতায় আবেশময় করাতে পেরেছিল—তার তুলনায় আজকের অতি আধুনিকারও এই পূর্বতনীকার কাছে হোতে পারে না পারঙ্গমা।

যখন রাজপ্রাসাদ থেকে অদূরে ছাউনিফেলা শত্র শিবিরেতে অপেক্ষায় রত নায়ক সমাগমে আসবার অভিলাষে—সুশোভনা তার যৌবন-আকুতির সাহসিকতায় মূর্ছনা তোলে, ঠিক তখন নিপুণিকা সখি সুবিনীতা জানতে চায় বিস্ময়ের ঘোরে—"কি বেশে সাজাব?" বোধ হয় লজ্জা ঝরিয়েই সুবিনীতা তার প্রগলভ যৌবনকে আহ্লাদে নাচিয়ে উত্তর দিয়েছিল—"বধূ বেশে।" এই 'বধূবেশে' সাজার মধ্যে সত্যি মহৎ ও চরম আদর্শের গরিমা প্রেম ও প্রণয়ের সমাজ নিহিত রূপদর্শনকে এক চিরায়ত মানবতাবোধে ভাবসিক্ত করাতে পেরেছে—আর তাই আধুনিক যুবক ও যুবতীর যৌবনের প্রাঞ্জলময় রূপকথায় তা এক মহত্বর নির্ঝরিণীর ধারায় অভিষিক্ত কোরেছে। —এর পরেই অনিবার্য্য কারণে মনে পড়ে সংবরণ ও তপতীর বিবাহিত জীবন-সম্ভোগের পুলক জাগানো সবুজ কথার অনুরণন—যা এক অকারণ পুলকের ঝুলন মেলায়—দোল দিয়ে যায় জীবন-সমুদ্রের কূলে কূলে। তপতী হোলেন ভগবান আদিত্যের আত্মজা। তার পিতা হোলেন সমাজের লোকপ্রদীপ। সমস্ত জাগতিক বিষয়ে সামাজিকতার মধ্যে কল্যাণসাধন ব্রতে সমদর্শিতার সুন্দর নীতির ধ্যানে সবাইকে আবেগ মথিত করাতে পেরেছিলেন। তাঁর এই বিরাট ভাবের মস্ত অংশ নিয়েছিলেন—শিষ্য-সংবরণ। আর তাঁর হাতে সঁপেছিলেন শুভ-পরিণয়ের কবোষ্ণ-

বাঁধনে আপন—আত্মজাকে। সমদর্শিতার শুভালোকে দুজনেই মিলেছিলেন মিতালি মধুরতায়। কিন্তু বুঝি আজকেরই কোনো আত্মকেন্দ্রিক পুরুষের একদেশদর্শিতার ছোঁয়াচ দেখা দিয়েছিল সংবরণের মধ্যে। তাই তিনি প্রজার মঙ্গল, দেশের মঙ্গল মায় সর্ববিষয়ের প্রীতি নিবদ্ধ সমদর্শিতার আদর্শকে ভুলতে বসেছিলেন আপন পরিণীতাকে ভুল পথেতে ভালবাসতে চাওয়ায়। স্ত্রী তপতীর প্রতি তাঁর ভালবাসা হোয়ে উঠেছিল বড় বেশী রকমের মোহান্ধময়। কিন্তু প্রজ্ঞাপারমিতা রূপী বরকন্যা তপতীর তাই আপন স্বামীর মঙ্গলের জন্য মনেতে আত্মশ্লাঘা জেগেছিল। আদর্শবর্তী প্রিয়ার আরতিতে ধীরে ধীরে সংবরণের মানসনেত্রে তুলে ধরেছিলেন তাঁরই ভুলগুলোকে। প্রিয়া তপতীর প্রণতির আভায় ঝালকিত হওয়ায় তাঁর চোখের মোহান্ধতা হোয়েছিল দূরীভূত।—তাই সংবরণ শেষের পটভূমিকায় প্রথমের মিতালি মধুরতায় কাকলী ফুটিয়ে—শান্তভাবে বলেন "বার বার তিনবার আমার ভুল হয়েছে তপতী, কিন্তু তুমিই চরম শাস্তি দিয়ে শেষ ভুল ভেঙে দিলে। ......উত্তর দেয় না তপতী। চরম শাস্তি গ্রহণের জন্য তপতীও আজ প্রস্তুত হয়েছে।......সংবরণ ধীর স্বরে বলেন—সত্যই তোমাকে আমি আজও আমার জীবনে পাইনি তপতী। কিন্তু এইবার পেতে হবে। ...চমকে ওঠে তপতীর শান্ত কঠোর দৃষ্টি। ...তপতীর হাত ধরবার জন্য এক হাত এগিয়ে দিয়ে সংবরণ বলেন...চল। ...তপতী—কোথায় ? ...সংবরণ—ঘরে, সমাজে, জগতে। ...তপতী বিস্মিত হয়। সংবরণ যেন সেই বিস্ময়কে চরম চমকে চকিত করে দিয়ে বলেন—চল তপতী, গুরু বশিষ্ঠ আমাদের অপেক্ষায় বাইরে দাঁড়িয়ে আছেন। ...লুব্ধা লুণ্ঠকীর মত তপতী তার দুই বাহু সাগ্রহে নিক্ষেপ করে সংবরণের কণ্ঠ নিবিড় আলিঙ্গনে আপন করে নিয়ে বক্ষে ধারণ করে। জীবনের আনন্দের সঙ্গীকে এতদিনে খুঁজে পেয়েছে তপতী ...হ্যাঁ, সারা জীবনের তৃষ্ণা যেন এতদিনে তৃপ্তি খুঁজে পেয়েছে। সংবরণের মুখে সেই সুস্মিত আভাষ ফুটে ওঠে।......লতাবিতানের ছায়াচ্ছন্ন নিভৃত হতে বের হয়ে অবারিত সূর্যালোকে আপ্লুত তৃনপথ ভূমির ওপর দুজনে দাঁড়ায়। মনে হয় সংবরণের, মনে হয় তপতীর যেন ক্ষুদ্র এক কারাগারের গ্রাস হতে মুক্ত হয়ে এই বার সত্যই জীবনের পথে এসে দুজনে দাঁড়াতে পেরেছে। ......তরুপল্লবের অন্তরালে হতে অকস্মাৎ পিকস্বর ধ্বনিত হয়। স্মিত সলজ্জ ও মুগ্ধ দৃষ্টি তুলে সংবরণ ও তপতী পরস্পরের মুখের দিকে তাকায়, যেন নবপরিণয়ে প্রীতমানস এক প্রেমিক ও এক প্রেমিকা। ...সংবরণ হাসেন—তুমি শাস্তি দিয়ে আমাকে ভালবেসেছ তপতী। ...তপতী লজ্জিত হয়—তুমি ভালবেসে আমাকে শাস্তি দিয়েছিলে সংবরণ।"

"ভারত প্রেমকথা"-র আলোচনায় সুন্দর ভাবেই প্রতীয়মান হোল যে রূপদক্ষ সুবোধ ঘোষ ভারতীয় ক্ল্যাসিক সাহিত্যের মস্ত বড় প্রেমিক। এ আলোচনার প্রথম

পরিচয়েতে জানানো হোয়েছে—সুবোধ ঘোষ সাহিত্যের এক ভাবগম্ভীর রূপচর্চার মধ্যে অতি সার্থকতার সঙ্গে গণতান্ত্রিক তত্ব ও তথ্যের যে মঞ্জুল সুরীতিতে, আর সত্যদ্রষ্ট শিল্পীর আর্তির মায়াময় অঞ্জন মাখিয়ে আপন বৈশিষ্ট্যপূর্ণ সাহিত্য সৃষ্টি কোরেছেন তার মূল সুরেতে গুঞ্জরিত হোয়েছে মানুষেরই প্রতিটি মানবিক চাওয়া ও পাওয়ার কথা। কখনো তা হাজার রীতির আর নীতির আর প্রবৃত্তির মায়াপাশে বাঁধা রঙছুট্ করা ভাবেতে দরাজজান। তবু সে সব কথার সাজঘরে অমানবিক কিছু প্রকাশ পেয়েও অচিরে তা মানব-প্রেমিক এই শিল্পীর ধ্যানের কাছে সংকট থেকে, আর সমস্যা থেকে শান্ত হোয়ে ফুটে ওঠে ফুল্ল-কুসুমশোভিত মানবিকতায়। এ হোল সুবোধ ঘোষের ভাবলোক আলোড়িত মনীষার মূর্ত পরিচিতি। শিল্পী যখন সৌন্দর্য্যে আর মাধুর্য্যে ভরাট কথার কাকলি ছড়িয়ে ঝরিয়ে গণতন্ত্র-বিলাসের স্থির অভিব্যাঞ্জনায় আবিষ্ট হন—তখন অতি স্বাভাবিক কারণেই আপন রস-স্বরূপের হ্লাদিত গতিবেগ থেকে তা ভালবাসতে পারেন। বাঙলার চৌদিকের উন্মুক্ত হাটে-বাটে, মাঠে-ঘাটে, সমস্ত জলস্থলী ও বনস্থলীকে কাঁপিয়ে হাসিয়ে কাঁদিয়ে অতি সাধারণ মানুষ থেকে আরম্ভ কোরে রাজা উজির পর্য্যন্ত যে সব লোকগাথা রচনা করা হোয়েছিল, বা রটনা করা হোয়েছিল—তারই গভীরে দেশের সংস্কৃতি ও ঐতিহ্যের গরিমায় সঞ্জাত সুবোধ ঘোষের রূপচিন্তা অভিসার কোরেছিল। তারই এক শিল্প-সমৃদ্ধ লোকগাথার রূপায়ণ মানসে। আমাদের দেশটা হোল সুজলায় আর সুফলায় আকুল করা—কিংবদন্তীর দেশ। কান্ট্রি অফ্ হিয়ারসে! এ দেশের লোকগাথা ইতিহাসের পটভূমিকায় দামী ও নামী, জ্ঞান ও বিজ্ঞানের জানা ও না-জানা—হাজার এক কথা ও কাহিনী হয়ে আছে। সুবোধ ঘোষ বলেছেন, লোক-সাহিত্যের আবেশ রসে মনসিজ হোয়ে—"জনসমাজের মুখে-মুখে প্রচলিত কাহিনী মাত্রকেই কিংবদন্তী বলা ঠিক হবে না। ঐতিহাসিক অথবা প্রাকৃতিক কোনো বাস্তব নিদর্শনকে আশ্রয় করে যে কাহিনী জনগণের কোন কল্পনায় রূপ গ্রহণ করে, সেই কাহিনীকেই যথার্থ কিংবদন্তী বলা যায়।" তিনি আরও বলেছেন, "তাই আজ-ও দেখা যায় যে, জংলী অঞ্চলের নিভৃতে অবস্থিত কোন ডিহির অথবা ক্ষুদ্রতম গণ্ডগ্রামের সাধারণ নিরক্ষর মানুষও তার জীবনের চারিদিকে কাহিনীময় এক পরিবেশ রচনা করে রাখে। স্থানিক ঘটনা অথবা স্থানিক নদী দীঘি অরণ্য পাহাড় ও জলকুণ্ড অথবা একটি বটবৃক্ষ কিম্বা একটি প্রাচীন সমাধি-ক্ষেত্রকে আর শ্মশানভূমিকে প্রসঙ্গ করে নিয়ে সে বহু কাহিনী সৃষ্টি করে। তার মন তার নিজেরই রচিত এই কিংবদন্তীর দেশে ঘুরেফিরে তার বিস্ময় ও কৌতূহলের তৃপ্তি খুঁজে বেড়ায়। পৃথিবীর প্রত্যেক দেশে এই ধরণের এক একটি কিংবদন্তীর দেশ আছে। আমাদের বাংলা দেশেও আছে"।—তাই সত্যি হয়ে উঠেছে রূপধ্যানী সুবোধ ঘোষের শিল্প-বিচিত্রা রূপে রচিত এই আধুনিক "কিংবদন্তীর

দেশ"এ। এখানে এক একটি কিংবদন্তীর কথা মধুর হইতে সুমধুরিক লিপিবিলাসে সাজানো হয়েছে। এর মধ্যে কহ কৌশিকী, সখীসোনার পাঠশালা, মেহের হামারা, একটি বুলবুলের শিস, সবিতার দাসী সাবিত্রী, রাণী রায়বাঘিনী, লীলা ও চারণক প্রভৃতির আধুনিকীকরণ হয়ে উঠেছে এক একটা রূপের ধূপ-বিভাসের—প্রজ্জ্বল কুট্টিম। এই কিংবদন্তীর কাহিনী পরম্পরায় রসাবেশের মধ্যেও সুবোধ ঘোষ তার প্রেম চিন্তার নিকষ হেমাঙ্কনে—আদর্শ লোকের ভাবযান বনাম রূপযান তৈয়ার কোরেছেন। এরই ভেতরের সুতনুকার লম্বা বিনুনীতে নার্গিশ শোভিত রূপেতে শাহজাদী আমিনা সকালে মনসবদার ওসমানের যে ভালবাসাকে একটি বুলবুলের শিশ সমেত হত্যার মৌনতায় ট্র্যাজিক করেছিল হুসেন খাঁর কু-চক্রান্ত, তার কথা পাঠকের চোখের দৃষ্টিকে সজল বিলোল না কোরে ছাড়ে না। এর চাইতেও বড় বেশী আবেশে মনের আশান্ততাকে রিমঝিমিয়ে নাচিয়ে তোলে কিংবদন্তীর সেনাপতি লাউসেনের রাজকুমারী কানেড়াকে বুকের নিটোল উষ্ণপাশে প্রিয়তমা রূপে বন্দী করার জল্পনাটি। এই বরবর্ণিনীর প্রগল্‌ভতা যখন তার কুমারী হৃদয়ের শঙ্কা জড়ান লজ্জাকে ডালি সাজিয়ে নিলাজ হওয়ার জন্য 'কহ কৌশিকী' সম্বোধনে আকাশ বাতাস ও বনান্তরালকে কাঁপিয়ে তুলে প্রশ্ন করত, আর শেষ মুহূর্তে যখন লাউসেনের বুকের বন্দিনী হতে পারলে, তখনও সে প্রশ্ন করে, "কহ কৌশিকী" কেমন করে এমনটা হোল!

কথাশিল্পে রূপদক্ষ সুবোধ ঘোষ, আমার সুন্দর ধারণায় প্রথম থেকে শেষ পর্য্যন্ত তাঁর বর্তমানের প্রজ্ঞাময় মানসদর্শনের মধ্যে প্রতীয়মান যে,—তিনি রূপবাদী রূপে সুন্দরের ঘরের অনন্য সাধারণ স্রষ্টার ভূমিকায় জোরালোভাবে পরিচয় রেখেছেন চরম ধারার মানবপ্রেমিকের। তারপরেও বলব, তিনি দেশপ্রেমের মায়ায় ভারতকে তার অখণ্ড রূপের মধ্যে ভালবেসেছেন—দরদী শিল্পীরূপে, এদেশেরই ঐতিহ্যময় আর সুসংস্কৃতিতে ঘেরা মানবতাবোধের পূজারীরূপে। তিনি এমন পরিবেশে শুধু কথা ও নানান কাহিনী পরম্পরার রূপদর্শনে প্রেমের কুট্টিম তৈয়ার করার আবেশতা থেকে দূরে ক্ষণকালের জন্য করা যাত্রার মধ্যে শৈল্পিক এ্যাড্‌ভেঞ্চার সমাপ্ত করাতে পেরেছেন। এদেশেরই সংস্কৃতির গাম্ভীর্য্য নিনাদিত ধ্যান-যানে ও ঐতিহ্যের ইতিহাস হয়েও মৌন নয় এমনই কিছু গতিময় কথা-যানে। তাই রূপবাদী সুবোধ ঘোষ অনন্য-সাধারণ শিল্প-সৃষ্টি হিসাবে রচনা করাতে পেরেছেন "ভারত-প্রেমকথা" ও "কিংবদন্তীর দেশ"। এ-দুটি সৃষ্টি সাহিত্য আলোচনার রূপেরখায় সীমার মধ্যে অসীম রূপকল্পের জীয়ন-কাঠির সন্ধান দিয়ে হোয়ে উঠেছে সরবে উচ্ছলিত—ক্ল্যাসিক। এ ব্যাপারে অদ্ভুত সামঞ্জস্য বিধিত হোয়েছে পাঠকে আর সমালোচকে—এই দুটি গ্রন্থের অনিন্দ্যতা নিরূপণে। কিন্তু-এর পরের শিল্প সমৃদ্ধির অনুসন্ধিৎসায় সুবোধ ঘোষ

আপন কথাযান নিয়ে পৌঁছেছিলেন ভারতীয়তার সংস্কৃতিময় আন্তর কোণে, যেখান থেকে তিনি শিল্প সম্বন্ধীয় নানান কথার চিন্তা ও প্রশ্নকে তুলে ধরেছিলেন যুগোপযোগী নানান নিবন্ধনে—প্রকটভাবে রচিত হওয়া "রঙ্গবল্লী"-তে। কথাসাহিত্যে সুবোধ ঘোষ যে অপরুপ মনন করা হৃদয়-সর্বস্বতার আকুল রসাবেশে বিভোর কোরে তোলেন, এ গ্রন্থের প্রকৃষ্ট চিন্তার বাঁধনে নিটোল ভাবে সাজানো প্রবন্ধগুলোর মধ্যে উজ্জ্বল হয়েছে শিল্পীর—বস্তুনিষ্ঠ মননশীলতা। আমাদের দেশেরই কতক নিজস্ব শৈলীর শিল্প সম্পর্কিত বিশ্লেষণী রচনা হিসাবে, মায় শিল্প সম্বন্ধীয় প্রবন্ধাবলী রূপে "রঙ্গ-বল্লী"র একটা মূল্য থেকে গেছে,—যেহেতু তা একজন রূপবাদী কথাসাহিত্যিকের মনের শিল্প-জিজ্ঞাসারূপে—বিশ্লেষিত হয়েছে।

কিন্তু এর পরেও মহাভারতী প্রীতির প্রমিতিবোধ—সুবোধ ঘোষকে অশেষ আন্তরিকতার শিল্প-জিজ্ঞাসায় অনুপ্রাণিত করাতে পেরেছিল—বর্তমান ভারতেরই দুটি প্রধান বিষয়ের ব্যাপক সমস্যার প্রাণিধানমূলক কাজে। এর একটি বিষয় হোল ভারতীয় আদিবাসীর বিরাট সমস্যগুলো। সুবোধ ঘোষ তাঁর রচিত "ভারতের আদিবাসী" প্রসঙ্গে যে নিপুণতার সাহায্যে এর সামাজিক, ঐতিহাসিক, রাজনীতিক, অর্থনীতিক মায় নৃ-ময় anthropological analysis স্বয়ং সম্পূর্ণ করাতে পেরেছিলেন—সেই প্রসঙ্গে আমরা খুবই জোরের সঙ্গে জানাতে চাই,—এদেশের তথাকথিত বহুমাথাওয়ালা স্যোসিওলজিষ্ট থেকে আরম্ভ করে তথাকথিত পরিকল্পনার ব্যর্থ হওয়া উচ্চ মর্য্যাদা সম্পন্ন সম্মানিত পর্য্যবেক্ষকগণ যখন শীতাতপনিয়ন্ত্রিত ঘরে—ডানলোপিলোতে বসে—'ট্রাইবাল্ ওয়েল্ফেয়ার' নিয়ে মাথা ঘামান, সেই মুহূর্তে মনে হয়—ওটা ওঁদের বিলাসিতা। এই মানস প্রতিবিম্বের উল্টো দিকের ছবিতে দেখছি সুবোধ ঘোষকে—একাত্ম হৃদয়ের সুরে মিলিত হয়েছেন আদিবাসীদের সুখ দুঃখের—জীবনরথের চক্রে। সেই দিক থেকে যবনিকার অন্তরালে থেকেও সুবোধ ঘোষ রাষ্ট্রীয় জীবনের সমাজবোধে উজ্জ্বল। আর তাই রাজনীতিক্ষেত্রেও নমস্য। তাই "ভারতের আদিবাসী" শুধু সাহিত্যিক মাধুর্য্যের সার্থকতার রূপ নিয়েই আসেনি—ওর মধ্যে রয়েছে প্রকৃত বাস্তবজীবনের রূপ আর ওদের উন্নতির পরিকল্পনার কথা। তিনি তাঁর এই গ্রন্থে অতি আধুনিক বিজ্ঞান সম্মত Statistical Index-এর ছবি তুলে ধরেছেন। আদিবাসীদের অনগ্রসরতার কারণ কি, এবং কেমন ভাবে, আর কি কি উপায়ে তার উন্নতির পথে হাজার রকম বাধাকে এড়িয়ে অগ্রসর হতে পারবে—সেই সবেরই নিখুঁত পরিসংখ্যানের কাজ ফুটিয়ে তুলেছেন—সম্মানিত ব্যক্তিদের ভবিতব্য চিন্তার রেখায় যা "Planning Target" নামে অলংকৃত হোয়েছে। অনিন্দ্য কথাকার, মানবপ্রেমী আর সৌন্দর্য্যলোকের প্রেমবাদীর ভূমিকা ছাড়িয়ে—সুবোধ ঘোষ এখানে হোয়ে উঠেছেন—নিখুঁত রীতির পরিসংখ্যানবিদ্। এত কিছু

থাকা সত্বেও কেন যে এই "ভারতের আদিবাসী" গ্রন্থটি বর্তমান ভারতের প্ল্যানিং-এর অন্দরমহলে উপেক্ষিতা হোয়ে থাকল—তার কারণ আমাদের জানা নেই। তার কারণ বোধ হয় ম্যাথু আর্নল্ডের প্রবক্তৃতায় বিশ্বাসী এই মানবপ্রেমী শিল্পীর "disinterested endeavour"—যা মহৎ প্রয়াসে এ সৃষ্টিকে যুগাতীত নির্দেশনায় আরো মহৎ কোরেই সৃষ্টি করিয়েছে। তাই তাঁর পাঠকের কাছে এর 'গ্র্যাঞ্জার' অপরিসীম। আর এই আদিবাসীদের নানান সমস্যায় জর্জরিত জীবনযাপনের দুনিয়ায় অদ্ভুত 'গ্র্যাঞ্জার' আছে বলেই তাদেরই বাস্তবতায় অভিজ্ঞ ও সৌহার্দ্যতায় তৃপ্ত সুবোধ ঘোষের মানবিক আবেদন আকুল করা রূপযান কোরে তুলেছে—দাশু ঘরামি ও মুরলীকে নিয়ে—"শতকিয়া"তে।

সুবোধ ঘোষের আরেকটি সাহিত্যিক দান হোয়ে ফুটেছে "ভারতীয় ফৌজের ইতিহাস"। এ আমার মতে বাঙলা ভাষায় সর্ব প্রথম ভারতীয় সেনা ও তাদের ইতিহাস থেকে আরম্ভ কোরে প্রতিটি বিভাগীয় বিষয়াদি সমেত সুদীর্ঘ আলাপ ও আলোচনা, এবং স্থান বিশেষ মন্তব্য করার মধ্যে রচনা করা হোয়েছে—এই ব্যাপকতায় শীলিত ও সুচিন্তিত গ্রন্থটি। আমরা যে সুবোধ ঘোষকে প্রথমেই পরিচয় নিয়ে থাকি দারুণ বাস্তবিক বনাম কল্পনায় শ্রেষ্ঠ কথাকার রূপে—তিনি এই ফৌজী ইতিহাসের আলোচনায় গ্রন্থের প্রথম থেকে শেষ পর্য্যন্ত নৈষ্ঠিক ঐতিহাসিকের মত ভারতীয় ফৌজের গোড়াপত্তনের প্রাতিটি কথাকে পুঙ্খানুপুঙ্খরূপে প্রণিধান করার মধ্যে ফুটিয়েছেন। অসাহিত্যিকও এ গ্রন্থের ভেতরে মনোনিবেশ না কোরে থাকতে পারবেন না,—কারণ ফৌজী জগতের যত কিছু এ্যাড্‌ভেঞ্চার ভারতের মাটিতে তার অভিজ্ঞতা রেখে রেখে চলে আসছে—সে সবই মুখর হোতে পেরেছে জ্ঞানপ্রেমী সুবোধ ঘোষের সুনিপুণ ভাবে করা প্রাতিটি data by data মেনে চলা এই আলোচনায়। ভারতীয় ফৌজের কথা প্রথম থেকে আধুনিক বিকেন্দ্রীকৃত নৌ, স্থল ও বিমান বিভাগীয়—ত্রিবেণী সঙ্গমে পৌঁছেছে। হোয়ে উঠেছে সেনাদলের অ্যানেকডোট্। নিঃসন্দেহে বলা যায় লেখকের এটা মহৎ সৃষ্টি। সেই সঙ্গে রূপদক্ষ ও প্রখর কল্পনাপ্রেমীর এটি হোল চরম ধারারই তীব্র বাস্তবিক নিষ্ঠার সাহিত্যিক পরিচিতি। তাই "ভারতীয় ফৌজের ইতিহাস" আজ বাঙলা ভাষার এক মস্ত গৌরব।

মানুষের শ্রেষ্ঠত্ব প্রমাণিক হয় তারই মনুষ্যত্বের পরিপাটি বিকাশের মধ্যে। এ থেকে ত্রুটি-বিচ্যুতি তাকে ন্যায়তই কোরে তোলে—অমানবিক। কেন না মানুষ তার অন্তরে ত নিশ্চয়, এমন কি বাইরের প্রকাশেও প্রায়ই রহস্যময় থাকে বলে সঠিক রকম বোধগম্য হয় না। উত্থানে পতনে এই দুইয়ে মিলে একটা জীবনের পরিগণ্ডিকে পরিসীমিত রাখলেও—মানুষ তার নিজেরই খেয়ালীপনার দুনিয়া কোরে সহজেই জীবনটাকে একটা অতি সাধারণ নিয়ম মাফিকই কাটাতে অভ্যস্ত থাকে। সে

একঘেয়েমি নামক বস্তুটিকেই ভাল না লাগিয়ে পারে না। কাজেই এমনতর হ-য-ব-র-ল জীবনের কাছে নিখুঁত মানবতার কোন দাম নেই। মানবতা যখন মূল্যহীন এ হেন কোন জীবন-নির্বাহকের কাছে,—তখন তার কাছে থেকে মনুষ্যত্বের অনুসন্ধান করা বৃথা হোয়ে ওঠে। সাংসারিক মায় সমাজবোধকে ডিঙিয়ে চলা রাজনীতির কুটিল প্রভাবে তমসাবৃত জীবন—তাই পাটোয়ারী ভঙ্গিতে পছন্দ করে বিকিকিনি করার কল-কৌশলাদি। বার্টার সিস্টেম'টাই হয় মূলমন্ত্র। আর নয় অন্য কিছু। কাজেই একই ছাঁচে গড়া জীবনপারির কাজ ও অকাজ দুইয়ে শেষ পর্য্যন্ত মানব মানসিকতাকে কোরে তোলে—অসুস্থ আর অপ্রকৃতিস্থ। সুস্থ দেহ-মনের বালাই নেই তেমন প্রাণের যে কোন ইচ্ছার কাছে। অসুস্থতার ঘোরপ্যাচে যখন 'জন্‌ডিসড্‌' চোখের দৃষ্টিতে সব কিছুকেই হলুদ বর্ণ বলে ভ্রম জাগে—তখন তার সে অবস্থায় দেহ-মনের শুদ্ধিকরণ একমাত্র সম্ভব হোতে পারে সুস্থ, আর শুচিময় জীবন ধারণের সাত্ত্বিকতায়। তবু বলব, আজকের সমস্যা ও শঙ্কায় জড়ীভূত অবস্থা থেকে মুক্তি পাওয়া মোটেই সহজ ব্যাপার নয়।—কিন্তু, তবুও বলব, সমাজের হাজার হাজার বৈচিত্র্যভরা পরিবারের আলোচনায় তাদের সে সব পারিবারিক কথা এই পাটোয়ারী ভাবনাকে আরো জোরালো করে তুললেও,—আমরা জানি বাঙলা সাহিত্যের কয়েকজন অনন্য প্রতিভার বাস্তবনিষ্ঠ রোমান্টিক কথাশিল্পীর শুচিময় শুভ্রবিতানে—এর প্রতিচ্ছবি বিন্দুমাত্র ছায়াপাত কোরতে পারেনি। আজকের ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে একদা যেমন ধর্মানুসরণের আনুষঙ্গিক কাজরূপে "আত্মার পরিশুদ্ধিকরণ" একটা মস্ত সামাজিক রীতি ছিল, এই কথারই আলোকে আমরা ভাবতে পারি সামাজিক জীবনযাত্রার পরিশুদ্ধিকরণের শুভ প্রচেষ্টাকে। সাহিত্যিকেরা অনিবার্য্য কারণ বলেই এই সম্পর্কে বড় বেশী ভাবিত না হোয়ে পারেন না। আর সেই কারণেই জোরের সঙ্গে জানাব—ওঁদেরই আন্তরিকতায় সৃষ্ট সাহিত্যই হোয়ে দাঁড়ায়—ভুল পথে চলার জীবনধারাকে—অশুভ থেকে শুভময় কোরে তোলার নির্মমে কঠোর হাতিয়ার। একটা কথা, সাম্প্রাতিকতার মায়া-বিভোরতায় মশগুল থাকায়—সব সাহিত্যিকই এই মহতী জীবনাদর্শের সার্থক রূপ আঁকতে পারেন না। যিনি পারেন, তিনি খণ্ডকালের সমস্ত দাবীকে মিটিয়ে অখণ্ডকালের মধ্যে একটা স্থায়ী আসন লাভ কোরতে পারেন। তিনি কালান্তরের পদযাত্রার এক মৃত্যুহীন পথিক—মহাশিল্পীর ভূমিকায়। তাই তিনি আপন সাহিত্য সৃষ্টি সমেত হোয়ে ওঠেন—কালাতীত। পৃথিবী ও প্রকৃতি আর তার সামাজিক কানুনে শুচিশুভ্র যে জীবন-মানসিকতা রেঙে ওঠে প্রেম ভালবাসার রূপদর্শনকে আবরিত করে, তেমনি এক রুচি-সুন্দর শিবচিন্তার রণন তুলে এ হেন প্রীতিতে আবেশ-মুগ্ধ যে কোন মানীষী কথাশিল্পীই গড়ে তোলেন—তাঁর আপন ভাবলোক। তাঁর প্রিয় প্রসঙ্গেরই ভালবাসাবাসির নারীর আস্তিত্বকে দিয়ে কর্মী ও ধর্মী

পুরুষেরই—আসল রত্নত্বকে ফুটিয়ে তোলেন সার্থকতায়। সর্বোপরি প্রণয়রীতির মন্‌সুখ করা জীবন-সঙ্গমেতে নীত হওয়া ধী-তে আর শ্রী-তে।—এই রূপদৃষ্টির আলোকসম্পাতে আমরা বলব—আজকের দিনে মানবপ্রেমী সুবোধ ঘোষের মনীষা বহু ধারার শিল্পসৃষ্টির মননশীল স্বকীয়তায় ও অশেষ সার্থকতার পরিণত অবস্থার থেকে হোয়ে উঠেছে—যুবকের ঘন আকুতির সবুজ ভুবনের রূপদ্রষ্টা। এরই প্রগাঢ় তাগিদে তাঁর সত্যসন্ধ শৈল্পিক অভিভাষণ যুবতী বরবর্ণিনীর ভাল লাগা ভালবাসার আঙ্গিনাকে—বহুত মিনতিতে রাঙ্গিয়ে তুলেছে।

রূপসাগরের পারাপারে কল্পনার মনপবনের ভেলায় চড়ে বসন্তের ফাগরাঙা যে সমস্ত যৌবন—ন্যায়ের আর ধ্যানের মধ্যে প্রস্ফুটিত হোয়েছে সুবোধ ঘোষের প্রজ্ঞার প্রমিতিলোকে, সেখানে ভাবের শ্রেষ্ঠতম মঞ্জুষায় সালঙ্কৃত হোয়েছে—কথাযান "ত্রিযামা"। আলোচনায় এই উপন্যাসকে অভিন্দন জানিয়ে বলব, এর কথা সমস্ত জাগতিক নিছকতাগুলোকে কাটিয়ে উঠে এক সঘন আদর্শলোকের গুঞ্জরণে, মঞ্জুল চিন্তার রূপকথায় হোয়েছে পর্য্যবসতি। ন্যায়ের নিক্তিতে এর প্রতিটি চরিত্র পরীক্ষিত হোয়েছে। স্রষ্টা এখানে মানুষের ভালমন্দ পরিচয়ের 'কৃষ্টাল' রূপ থেকে বিচার কোরে দেখাতে চেয়েছেন—নির্মোকে ঢাকা কতকগুলো প্রাণের অন্যায় জিদ্ ও অমাবৃত চাওয়া ও পাওয়ার ইতিহাসটাই—মানুষের শেষ কথা,—না সুস্থ চিন্তায় জাগা নম্র বৃত্তির হৃদয়-সর্বস্ব স্নেহ ভালাবাসার মমতা প্রভৃতির উপচিকীর্ষা রূপটিই হোল আদি ও অন্ত মানবিক কথা ? শেষোক্ত ধারণারই শিবময় অস্তিত্বে বিশ্বাসী থেকে কথাশিল্পী এখানে তাঁর আপন রূপকথার জগত আলোকিত কোরে তুলেছেন। স্বরূপা ও কুশলকে নিয়ে মা মিত্রাদেবী, বিজয়বাবু, রাধেশবাবু, পাঠকজী প্রভৃতির স্বত্ব-স্বীকৃতি মানবিকতার জয়গানকে মুখর কোরেছে। মানবতাবাদী সুবোধ ঘোষের অন্যায়ের দর্পণে বিম্বিত "জীবন হোল সোনার গয়না, ডিজাইন বদলানই সুখ"-এ মতাবলম্বিনী নন্দা দেবী, "এই জীবন একটা স্পোর্ট, ইয়ে জিন্দেগী হ্যায় খেলে"র ঝানু খেলোয়াড় দেবী রয়, "জীবন হোল টাকা, আরো টাকা"র জন্য সর্বনাশা পথের অনুসন্ধানী মৃগেনবাবু, মায় "জীবন যেন রঙীন সুখের ছুটন্ত স্বপ্নে"র ধারণায় মশগুলা নবলার উগ্র আধুনিকা মূর্তি পর্য্যন্ত—ন্যায়ের চাবুক হেনে তাদের দুস্কৃতির অনাদর্শগুলোকে অচলতায় প্রস্তরীভূত ফসিল করাতে পেরেছেন। এদের প্রত্যেকেরই জীবন ও কাজের মধ্যে ছিল—ছন্নছাড়া অসংগতি। ভুল তারা কোরবে তাদের অন্যায় জীদ্ রক্ষার জন্য, তবু তারা রাজী নয় ভালো হোয়ে মন্দত্ব ত্যাগ কোরতে। আপন কৃত কর্মের জন্য তারা ভুলের মাশুল গুণতে তৈরী নয়। সমস্ত অনর্থের মূল যে অর্থ, তারই রূপালী চাক্‌তির ঝন্‌ঝনানীর মধ্যে দম্ভ, অন্যায়, হঠকারিতা, কপটতা, মিথ্যাচার, অভাবনীয় নোংরামি এবং যতপ্রকার কু-বৃত্তিগুলো আছে—তারাই আজকের দিনে

প্রতিধ্বনিত হোচ্ছে বাস্তবের বড় করুণ এক ইতিহাসে রূপে।—তবু ও-গুলোকে সময়মত ভেঙ্গে গুড়িয়ে এগিয়ে এসে দাঁড়ায় সুন্দর পৃথিবীর সুন্দরতম আদর্শঘরের কথা। আর তখনই জীবন যে একটা বিশ্বাস, এমনই বিরাট ও ব্যাপক ধারণার অখণ্ডত্বে বিশ্বাসী বিজয় মুখার্জীর জীবনধর্ম বলতে পারে—"সুন্দর, তুমি আমার বিশ্ব"। সব চাইতে ভালো লাগে যখন দেখি "ত্রিযামা"র মানবিক দৃষ্টি এই পরিণত বয়স্কের অভিজ্ঞতার আলোয় আপন আত্মজ কুশলের যৌবনকে ধ্যান-স্নাত হোতে বাধ্য করাতে পেরেছিল শেষ পর্য্যন্ত মধুকন্যা স্বরূপার বহু প্রতীক্ষায় অগ্নি-পরীক্ষিত স্বর্ণালী প্রেমের আভায়—যা ত্রিযামার তিনটি যাম পরম্পরায় প্রণয়ের অর্ঘ্যে, স্থৈর্য্যে, ঐশ্বর্য্যে—সর্বোপরি রমণীয় ঔদার্য্যে বাস্তবের যৌবন বাসরের—পূর্ণমিদম্ অভিধায় হোয়েছে অভিষিক্ত। আপন আত্মজের দিশাহীন সবুজ জীবনকে কি ভাবে একদিন তারই স্নেহধন্যা প্রজ্ঞাপারমিতারূপে স্বরূপার সব ভাবনার দ্বিধা ও শঙ্কার শেষে তার মধুরিম ছন্দের মধ্যে অন্‌চানানো হৃদয়ের নম্র স্নিগ্ধ বাসরে যে অসম আন্তরিকতার সঙ্গে করাতে পেরেছিলেন—দু'টি তাপিত যৌবনের "করোনেশন্ অফ্ লাভ থ্রু অ্যাডোরেশন্'—সে সবই পৃথিবীর ও-পারে থেকে বিজয় বাবুর অখণ্ড বিশ্বাস আরো গভীরে, আর এক বিরাট অনুভূতিময় বিশ্বাসে খুঁজে পেয়েছিল নিশ্চয়ই।

আমরা রূপলোকের প্রণয়রাগের মধুবাতা ঋতায়ত মঞ্জুলিক রভসে মুগ্ধ থেকে বলব—সুবোধ ঘোষের শৈল্পিক চিন্তায় প্রতিভাসিত জীবনের দার্শনিকতা তার গভীরতায় ও মিতিময় প্রমুক্ততায় "ত্রিযামা"কে কোরে তুলেছে—আধুনিকতম যৌবন দেশের এক চিরায়ত ভালোবাসার দলিল। এর ভাবে-বিভাবের প্রতিটি অণু-পরিক্রমা সবুজ জীবনের বসন্তমাদক প্রেমরাগকে অনুরাগের কষ্টিপাথরে সাজিয়ে ধরেছে—শিবময় সাংকেতিকতায়। তিনি শিল্পীর মানসদর্শনে তাঁর রচিত অন্য কোন কাহিনীর রূপচর্চায় যা করেন নি—এই "ত্রিযামা"য় কিন্তু এক ভাবাকুল শিল্প-স্থাপত্যের প্রতীক-দ্যোতনার সহযোগে চিন্তাকুল করিয়ে তুলেছেন—যৌবনের রাজটীকায় সাজা যুবতীকে দিয়ে—উতাল-মাতাল যুবকের প্রমত্ততাকে। সে প্রমুগ্ধতাকে শেষ প্রহরের শান্তির সুনিকেতনে শ্রীময় কোরে আশ্লেষের আনন্দে টেনে আনার জন্য সংগ্রামী দেহ-মনের দ্বন্দ্বমধুর রূপকথা পর্য্যন্ত। আমাদের মতে প্রতীকের উদ্দেশ্য হোল মানুষের জীবনের চল্‌তি পথের কতকগুলো নিশানায়—দিশা ফুটিয়ে তোলার—বিনিদ্র প্রহরীত্ব। যান্ত্রিক প্রেম যখনই পথ হারাবে ক্লান্তিতে, অবসাদে কি পরাজয়ে—তখনি প্রতীকের সচল সংকেতময়তাই তাকে ভাবিয়ে ভাবিয়ে পথের সন্ধান পাইয়ে দেবে। এরই নাম 'সিম্‌বলিজম্'। আমার ধারণায়, জীবনের চলার পথেতে সকলেরই মধ্যে সুপ্ত থাকে এর প্রভাব। সাহিত্যই তাকে বারে বারে প্রকট কোরে তুলে দেখায়। "ত্রিযামা"ও সে কথারই রণনে আবিষ্ট হোয়েছে—সর্বোপরি বিশ্বাসই হোল জীবনের

মানে, —এমনি নিরীখে সাযুয্যমান দুটি ভিন্ন রীতির বাসন্তিক সুরসঙ্গম রূপে—কুশল ও স্বরূপার—ভাল লাগা ভালোবাসার রূপবিবর্ধনে। তাদের পঁচিশ ও তেইশ বসন্তের ঋতুভারে দ্বন্দ্ব-করুণ হোয়ে পড়া দুটি স্বত্বারই একেতে অদ্বিতীয় হওয়ার তাগিদে—পরে হোয়েছিল সংকেতানুসন্ধানে মিতালিমধুর। 'ত্রিযামা'র সমাপ্তির শেষ যাম পর্য্যন্ত কল্লোলিত-কান্তি গঙ্গামূর্তির দেবিকা সত্বাকে অশেষা মানবিকার লাজাঞ্জলি ভরা কাকলি মুখরতায় ভরাতে পেরেছিল—পুরুষ প্রতিমের জন্য—সত্যরূপের আরাধনা। কুশল নয়াক। তার থেকে বড় কথা—সে প্রত্নতাত্বিক। তার যৌবনে সবুজ পঁচিশটা বছর 'হরভবনে'র প্রত্নতত্ত্বশালায় খুঁজে পেয়েছিল এক সুস্মিতা দেবিকার ধোঁয়া রঙ্ পাথরের ক্ষুদিত মূর্তি। ও চিল গঙ্গা। কিন্তু তার মনে প্রশ্ন জেগেছিল নিজেরই প্রেমার্তির দুনিয়া রাঙিয়ে—গঙ্গা আছেন, কিন্তু গঙ্গাকে যিনি বক্ষে ধারণ মানসে বাম হস্তের আকর্ষণে কাছে টানেন—সেই গঙ্গাধর কোথায়?—আমাদের মতে, জীবনের পার্থিব চাওয়ার সুনীল আকাশ হোয়ে উঠেছিল সংকেতময় এই গঙ্গাধর মূর্তির পরিকল্পনায়, ও তার জন্য প্রণয়ে সিক্ত সোনার কাঠির—ধৃতিসাঙ্গ অন্বেষণে। এই ধৃতিই ত কৃতি করাবে সহাসিতা গঙ্গার কল্লেলিতা কান্তি আর শান্তিকে। মৃন্ময়ী কেন চিন্ময়ী হবে না! হবে না কেন হিরন্ময়ী! তাই আপনার নিজের ছোট জগতের সঙ্গে আপনারই একটা ব্যাপ্তির মানসিক বিবাদ কুশলকে দিনে দিনে কোরে তুলেছিল নিজেরই আদর্শের জন্য সংগ্রামে ও কাজের নৈষ্ঠিক 'প্রোগামে'—অবসাদগ্রস্ত। অসহনীয়। স্বজনের মধ্যে সুজন থেকেও না হোয়ে পারেনি—বিজনময়। ব্যাপ্তিতে এসেও সে খুঁজেছিল নিবৃত্তি। ধীরে ধীরে হচ্ছিল অশান্ত ঘুর্ণি। কিন্তু বেশীদূর এগোবার মাঝে একবার অন্তত কুশলের উষ্ণ প্রাণের তপ্ততা মাতাল না হয়ে পারে নি এক হ্লাদিনীর শ্রান্তি ঝরা বাদল ধারায়। বৃষ্টিতে সিক্ত করিয়েছিল স্বরূপার নরমে আর শরমে রঙীন প্রেমাকুলতা। আজকের আধুনিক যৌবন তার আধেয়কে উর্ম্মিমালায় অস্থির চঞ্চল না কোরে শ্রান্তি দেয় না! "ত্রিযামা"র কুশল তারই সবুজ প্রতীক। আর যুবকের এই স্বত্বময় অবসাদ থেকে মুক্তিতে সুক্তির মুক্তা হোয়ে ফোটায় যে সলজ্জ ও সম্ভ্রমিত প্রাণকণা—সে হোল রূপেরেখায় সবুজাভায় ঝলকিতা—সুস্মিতা স্বরূপা। কুশল সে কথা বুঝতে বাধ্য হয়েছিল। তাই "ত্রিযামা"র রূপলিপিকা থেকে দেখি—"ঘরের অদৃশ্য বাতাস নয়, কল্পনাও নয়, সত্যি সত্যিই দুটি হাত অলক্ষ্যে এসে হঠাৎ বন্দী ক'রে জড়িয়ে ধরেছে স্বরূপাকে। শিউরে উঠে স্বরূপা, মাথা হেঁট করতে গিয়ে খোঁপার দোপাটি খসে পড়ে যায় মেঝের উপর। ...এতদিন যেন বহু সন্ধানের পর, দুটি পরিশ্রান্ত সত্তা পথের দু'দিক থেকে এসে একই পান্থশালার আলোকের কাছে পৌঁছে গিয়েছে। আর হঠাৎ দেখার আনন্দে শান্ত হয়ে গেছে। ...একেবারে শান্ত। দেয়ালের উপর দু'টি ছায়ার নিবিড় সান্নিধ্য একেবারে নিশ্চল

হয়ে আছে, দু'জনের মাঝখানে একটা বাতাসের রেখাও আর ব্যবধান হয়ে নেই। ...যদিও চোখের দৃষ্টিতা ঝাপসা হয়ে ওঠে কুশলের, তবুও ঐ ছায়ার দিকে তাকিয়ে আজ একেবারে স্পষ্ট করে বুঝতে পারে, যেন দশ বছরের জেদকে, ভালবাসার একটা নীরব তুফানের মূর্তিকে সে বুকে জড়িয়ে ধরেছে। ধরে রাখবার অধিকার আর শক্তি এসেছে তার জীবনে, এতদিনে। দাবি করে না, জোর করে না, পথ রোধ করে না, পথের পাশের ফুলবনের মত সুরভিত হয় পড়ে থাকে যে ভালবাসার মন, তারই একটা রূপকে যেন বক্ষোলগ্ন ক'রে রেখেছে কুশল। কি কঠিন আর অপার্থিব, অবিশ্বাস্য ও অসম্ভব বলে মনে হয়েছিল এই মূর্তিকে! কিন্তু সে-ই তো আজ দুর্লভার ছদ্মবেশ ছেড়ে দিয়ে এতদিনে এসে ধরা দিয়েছে একটি সাধারণ মেয়ের লাজুক শরীর আর অলাজুক মনের মধুরতা হয়ে।—স্বরূপা।...কুশলের ডাক কানের কাছে বেজে উঠলেও মুখ তুলতে পারে না স্বরূপা। তার চোখের দৃষ্টি পড়েছিল কুশলের পায়ের দিকে। যেন মনে পড়ে গিয়েছে স্বরূপার ঐ পায়ের কাছে তার একটা দেনা রয়ে গেছে, যে দেনা সেদিন শোধ করতে পারে নি, প্রণাম না ক'রেই দুয়ার থেকে ফিরিয়ে দিতে হয়েছিল কুশলকে। ...শান্তস্বরে ও অনুনয়ের সুরে স্বরূপা বলে—ছাড়, প্রণাম করতে দাও। ...কুশল—প্রণাম তো চিরকালই ক'রে এসেছ। ...স্বরূপা—আজ নতুন ক'রে আমার প্রণাম নাও। ...কুশল—নতুন ক'রে কেন? ...এই প্রশ্নের উত্তর জানে স্বরূপা, কিন্তু জানাতে পারে না। পুরনো অভ্যাসের জন্য নয়, লৌকিকতার নিয়ম রক্ষা করার জন্য নয়, তার জীবনের দাবিটাই যে এতদিন পরে প্রণাম হয়ে নেমে পড়বার সুযোগ পেয়েছে। ...আগের জীবনে আর আজকের জীবনে তফাৎ আছে অনেক। যে প্রণাম ছিল আবেদন, তাই আজ নিবেদন হয়ে উঠবার লগ্ন লাভ করেছে। নতুনতর এই পরিণামের কাছে প্রণামও নতুন হয়ে উঠবে বৈকি। ...প্রশ্ন করে কুশল—আমাকে ভালবেসেছে, তাই না? ...স্বরূপা—না, তার জন্য নয়। ... কুশল—তবে? ...স্বরূপা—তুমি ভালবেসেছো, তাই। ...দেয়ালের উপর দুটি সন্নিবদ্ধ ছায়া আবার কয়েকটি মুহূর্তের মত চঞ্চল হয়ে ওঠে। প্রণামের সুযোগ পাওয়ার আগে হেঁট মুখ তুলতে হয় স্বরূপাকে, সরিয়ে নেবার সামর্থ পায় না, ইচ্ছাও হয় না। রাঙা হয়ে ওঠে সারা মুখ, খোঁপা থেকে আরও কয়েকটি দোপাটি খসে পড়ে মেঝের উপর। সত্যি সত্যিই তার প্রণামের জীবনকে একেবারে নতুন ক'রে দেবার জন্যই যেন ভোরের আকাশ প্রান্তের মত একটি উৎসুক পিপাসার স্পর্শ এসে উষ্ণ ক'রে দিয়েছে তার ওষ্ঠাধার।"—

ওপরের এই রূপলিপিকার মধ্যে একদিকে প্রকাশ পেয়েছে তার ছোট শহর মহারাজাপুরের সমস্ত কিছুকে দূরে সরিয়ে দেওয়া—আনন্দ-সদনের ছেলে—আর ফুলবাড়ীর মেয়ের যৌবনে অভিষিক্ত রূপে-অরূপে ঝলমলানো প্রণয়কুট্টিম

আদর্শটি—আর অন্যদিকটি আলোক-সম্পাতের প্রণিধানে বুঝাতে পেরেছে, প্রেম ভালবাসার অন্তরঙ্গ সত্বার লিপিময় অলঙ্করণের অশেষ হৃদবৃত্তির মধ্যে সাজানো এ হেন রচনার ঐশ্বর্য্যে ও মাধুর্য্যে—সুবোধ ঘোষ অনন্যসাধারণ। প্রণয়রীতির সবুজে আর রক্তিমে প্রতিভাসিত হৃদয়সর্বস্বতায় রূপদক্ষ সুবোধ ঘোষের মাধুরীসৃষ্টির শিল্পকাজ তাঁর আজকের সমস্ত রচনায় অশেষ-বিশেষে সরবে স্বাক্ষরিত থাকলেও, মনে হয় এ ধারার শ্রেষ্ঠত্ব নিহিত আছে "ত্রিযামা'র মধ্যে। কেন না প্রণয়ের কথার যে মহৎ আদর্শ, তার উদার ব্যাপ্তি আর সত্য প্রশান্তির বোধে সব রকম দ্বন্দ্ব আর ভ্রান্তি থেকে শ্রীময় শান্তির রূপঝরা ভুবন হোয়ে উঠতে পেরেছে—তা ভাবে ও অপরূপতায় স্রষ্টার মানবিক দৃষ্টিতে না হোয়ে পারে নি চিরায়ত আবেদন, নিবেদন মায় প্রতিবেদন। তাই গঙ্গার জন্য গঙ্গাধরের মূর্তি কল্পনার যে সংকেতটি জাগরূক হোয়েছিল কুশলের মনে উতাল স্বভাবকে ঘিরে, তাই শেষ পর্য্যন্ত তার মিউজিয়ামের হর্ম্যতলে দাঁড়িয়ে সুন্দর ভাবে পরীক্ষিত হয়ে উঠে। সুস্মিতার শুচিতায় মায়ারাগ ঝরা দেবিকা মূর্তির গঙ্গা রূপের সামনে এসে দাঁড়িয়েছিল নির্জনে প্রতীক্ষারতা— স্বরূপা নিজে। এই দুইয়েরই রূপ দেখেছিল সেদিন কুশল তুলনামূলক ভাবে হৃদবৃত্তির তাগিদে। একজনা হোল পাথরে গড়া নিষ্প্রাণ রূপ—কিন্তু আরেকজনা ছিল।

দেহ-মনে-যৌবনে সলাজুকা প্রাণের বিপ্লব ভরা লহরদল। তাই মূর্তি পাষাণীর মধ্যে অহল্যার জাগরণ কখনো দেখতে না পাওয়া কুশলের তাপিত চোখ সত্যি দেখতে পেয়েছিল, এই স্বরূপার চোখের মেঘমেদুরতা জলের সিক্ততা নিয়ে নির্ঝরণী হোতে প্রস্তুত। তাই শেষ মুহূর্তে কুশল মনের সমস্ত বিষাদ আর যন্ত্রণাকে দূরে সরিয়ে দিয়ে বলতে পেরেছিল—"না ডাকতে যে বার বার এসেছে, অনেক ভুল ভেঙ্গে দিয়ে গিয়েছে, বীরভদ্রের কঠিন পাথুরে হাতের আঘাতে বিক্ষত এই কপালেই হাত বুলিয়ে দিয়ে গিয়েছে, অবিশ্বাসের ধূলো ধুয়ে মুছে দিয়েছে স্রোতধারার মত, তারই কাছে গিয়ে শুধু বলে দিয়ে আসা—তুমিই ত গঙ্গা।"—হ্যাঁ, কুশলের জীবনের দীর্ঘ পঁচিশটা বছরের জেদ আর তৃষ্ণাকে শেষ পর্য্যন্ত শান্ত আর স্নিগ্ধ করাতেই— স্বরূপার দেহমনের তেইশটা বছরের বসন্তরূপই হোয়ে উঠেছিল তার 'প্রাণের গঙ্গা', সেই সঙ্গে—কল্লোলিতা কান্তি! গঙ্গাধরের সাংকেতিকতায় কুশলেরই যৌবনের রূপরেখায় বামবাহুলীনার মধ্যে এসে —স্বরূপার মনের গরিমা যেভাবে আবেশনির্ঝর হোতে পারল—তা "ত্রিযামা"কে প্রেমের অশেষ দীপাধার কোরে মুঠো মুঠো রূপবর্ণনায় ঝরিয়ে দিয়েছে—হৃদয় থেকে পুনরায় মননে। মনের গহনতায়।

হৃদয়ের রস নির্ঝরণতার আবেদন কাথাশিল্পীর সৃষ্টিকে আবেশের রূপসাজে মহৎ জীবনের কথা পরম্পরায় মানবিক কোরে তোলে—এই চিন্তারই অশেষ উপলব্ধির জগতে প্রণয়কুট্টিমতায় আকুল করিয়েছে, বিহ্বল করিয়েছে বিলোলতার

রাগলতায় কথাযান "ত্রিযামা"র রূপযানী সাংকেতিকতা। অশেষ বিশ্বাসের সঙ্গেই বলতে পারি, কুশল সমীপে স্বরূপার কল্লোলিতা কান্তিময়ী হ'য়ে ওঠার ইতিকথার শেষকথা জুড়েই রয়ে গেছে—ভালোবাসার রূপ কাঠি ধরে এগিয়ে চলা প্রাণময় সাংকেতিকতাটি। যে প্রণয় সবুজে আর্তির পলাশ রাঙিয়ে সিদ্ধপথের দিশারী হয়, বিনিদ্র প্রহরীর মত প্রতিটি উপদ্রব থেকে রক্ষা করায়—তারই অপর কোন নাম হোল প্রতীকধর্মী ভালোবাসা! রূপদক্ষ কথাকারের শিবচিন্তা এই "ত্রিযামা"র আধুনিক রূপকথার মধ্যে সমস্ত কুচক্রান্তের আর অন্যায়ের বিরুদ্ধে একটা যৌবনে স্বতঃস্ফূর্ত 'ক্রুসেড্' সম্পন্ন করাতে পেরেছে—যার আয়ুধ ছিল—ভালবাসা নামক নম্রে নির্মম বিশেষ কিছু। আর জীবন সম্পর্কে অখণ্ড বিশ্বাসের অশেষ কিছু অবিচলিত মিততা। তাই দেখি এরই আলোর বৃত্তে শ্রান্তি খুঁজে পেতে ত্রিযামা রাত্রির শেষ যামের মুখোমুখি কুশল তার ভালোবাসায় সক্রিয় হয়ে নিজে হোতেই এগিয়ে এসে আত্মসর্মপণ করাতে পারল অনায়াসে—স্বরূপার ধীময় চাওয়ার শ্রীমতার সুনিকেতনী সত্ত্বায় জাগ্রত বহৃত আকুতির আরাধনার মধ্যে। তাই দেখি—"স্বরূপাকে বুকের কাছে টেনে নিয়ে কুশল বলে—আমাকে আর আমার ভালবাসাকে বিশ্বাস করলে, আর আমার হাতে ধরা দিলে, সে কি শুধু আমি আজ নিজে থেকে তোমার কাছে এসেছি বলে? ...স্বরূপার চোখের তারায় অদ্ভুত এক হাসিভরা হর্ষের বিদ্যুৎ যেন ঝলক দিয়ে ওঠে।—তুমি কথা দিয়েছিলে, আমার কাছে নিজেই আসবে। বড় লোভ করেছিলাম আমি, যেন একদিন তুমি নিজের থেকেই আস। কিন্তু তোমার কথা আর আমার লোভ হেরে গিয়েছে কুশল, তুমি আসতে পারনি। তোমার আমার সব চেষ্টার ওপর যার ইচ্ছার জয় হবে চিরকাল, তারই ইচ্ছার দান হয়ে তুমি আজ এসেছ, না হলে আসতে পারতে না। ...স্বরূপাও যেন তার আগল খোলা মনের আবেগে নিজেকে ভাসিয়ে দিয়েছে—বিনা কারণে যাকে ভাল লেগেছিল, না বুঝে যাকে ভালবেসে ছিলাম, আর সব বুঝেও যাকে এগার বছর ধরে খুঁজেছি, তুমিই ত সেই! বিশ্বাস করি কুশল, ফুলবাড়ির মেয়েকে ভালবেসেছ তুমি। আমি ব্রজ নই, গঙ্গাও নই, কিন্তু তুমিই ত আমার ...।"

ভালবাসা জিনিসটা যে অণু থেকে পরমাণু পর্য্যন্ত এক সূক্ষ্মতম অনুভবের আধার—এ কথা অনন্য মাধুর্য্যের বিভূতিতে সেজে প্রণয়রীতির ঋতুঘেরা সাজঘর হোয়ে তুলে ধরেছে কুশলের মঙ্গল কামনায় স্বরূপার খুশী ঝলমল মনেতে, আর তৃপ্তিতে রিমঝিমানো দেহেতে। আধুনিক যুব-মানসের দ্বন্দ্বে করুণ অথচ দিশা ফিরে পাওয়া ঐকান্তিক আত্মীয়তার মধ্যে যে ঋতুময় বিহ্বলতাগুলো সত্য, সুন্দর মায় শিবময়তায় মুখর হয়—তারই প্রিয়কথার মধ্যে রূপকথায় অভিষিক্ত হয়েছে সুবোধ ঘোষের এই "ত্রিযামা" উপন্যাস। কথাশিল্পীর রূপচর্চার লিপিবিলাসের ধৃতি-সাঙ্গ

হৃদয়-নির্ঝরণতার আমেজ থেকেই এই মধুর হোতে রসমধুরিক সংকেতময় মানসদর্শনটির প্রেম-প্রণয়ের শেষ কথায় জানতে পাই—"ত্রিযামা রাত্রি শেষ হ'য়ে আসে। কামরাঙা গাছের পাতার ঝোপে উসখুস করে ঘুম-ভাঙা নীলকণ্ঠ। লেখা থামিয়ে টেবিলের কাছ থেকে উঠে এসে জানলার কাছে দাঁড়ায় কুশল।...জানলার কাছ থেকে সরে এসে আবার টেবিলের কাছে বসে কুশল। আবার কলম হাতে তুলে নেয়। মহারাজাপুরের এই কর্পূরবাসিত রাত্রি শেষ হ'য়ে ভোরের আলোক ঝলক দিয়ে উঠবার আগেই রূপতত্ত্বের উপসংহার লিখে শেষ করতে থাকে কুশল। ...কল্লোলিতকান্তি গঙ্গার দুটি অপলক চোখের হাসিকে অনেকে প্রথমে দেখে ভুল বুঝতে পারে, কারণ অনেকেই এই মূর্তির আসল ইতিহাসটুকু জানে না। এমনিতেই দেখে ধারণা হয়, ব্রঞ্জের এই গঙ্গামূর্তির যেন কারও প্রতীক্ষায় আকুল হয়ে তাকিয়ে আছে দূরান্তরের পথের দিকে। যেন কেউ আসছে, একদিন না একদিন আসবে। তারই প্রতীক্ষা। কিন্তু সে-আকুলতায় ও-রকম হাসি থাকতে পারে না। কপোল ও চিবুকের গঠনভঙ্গীর মধ্যেও তা হলে একটু বেদনা না থেকে পারতো না। চৌধুরী সাহেবের ধারণাই নির্ভুল বলে মনে হয়। ব্রঞ্জের গঙ্গা যুগলমূর্তির একটি, পাশেই ছিল গঙ্গাধর, এবং তারই বামবাহুর উপর গ্রীবাভারে সঁপে দিয়ে দাঁড়িয়েছিল গঙ্গা। ...গঙ্গার চোখের হাসি হলো পরম নির্ভরতার প্রসন্ন রূপের হাসি। আমি এক নই, তুমি আছ আমার পাশেই, তুমি সুখী হ'লে আমি সুখী, তোমার ইচ্ছাই আমার ইচ্ছা, এই অবিচল বিশ্বাসে ভরা প্রাণের হাসি।"

সবুজে উচ্ছল কোন সমবয়সী যুবকের হৃদয়ে ভালবাসার পলাশ ফোটাবার জন্য ঐকান্তিকতায় স্থৈর্য্যময়ী এক সুন্দরী সুস্মিতা রূপে মধুঋতা স্বরূপার প্রণয়াভায় ঝলমলানো "ত্রিযামা"র উপসংহারে দেখেছি তৃপ্ততায় খুশীবিভোর যুবক কুশল 'রূপতত্ত্বে'র অলোচনা লিখে শেষ করার জন্য হয়েছিল ব্যস্তসমস্ত। সত্যি এই পৃথিবী হাজার এক রূপে আর অরূপের আভাসে ও বিভাসে ধ্যানস্নাত। মৌনে সমাহিত। এই নিরীক্ষা থেকে বলব-শৈল্পিক ঋদ্ধির আধুনিকতায় রূপমদির থেকেও আজকের সুবোধ ঘোষের চিন্তার নৈষ্ঠিকতা তাঁকে অনন্যধারার প্রবক্তা কোরে তুলেছে যৌবন দেশের মধুরিম আশ্লেষের বহুবিচিত্র কথা ও কাহিনীর গুঞ্জরণে। শিল্পায়ণে। রূপতত্ব এমন এক অভাবনীয় জগতের ব্যাপকতা ধরে ক্রমঃপ্রসারে পরিচায়িত হয়, যার বিরাটত্ব ভূমার সঙ্গে গ্রন্থিবদ্ধ। এই রূপতত্বকে বিশেষে আর অশেষে যৌবনের প্রেম-পরিণয়ের আধার ধরেই মানবপ্রেমী সুবোধ ঘোষের বর্তমানের প্রতিটি কথাসাহিত্যিক প্রতিদান সৃষ্টির কারুকাজ সমেত স্রষ্টার অনিন্দ্য মানসিকতার অনন্যসাধারণত্বকে স্বাক্ষরিত কোরে চলেছে। আমি জোর দিয়ে বলব—যৌবনের সজীবে সবুজ ভালবাসার সাহিত্যিক পারিকল্পনায় সুবোধ ঘোষের ভাব ও বিভাব চরম আদর্শবাদীর

স্বনিষ্ঠায় আপ্লুত। এ প্রেম যখন গল্প শোনায়—তখন তা চাওয়া পাওয়ার নিঃস্বার্থতার মিতাচারে স্থির। শুদ্ধাচারে ধীর। মূল সুরের সুরেলা লহরদলে ছুটানো প্রেমার্তিকথা যেমন হৃদয়ের রসে টইটম্বুর, তেমনি সে সবের শিল্পরীতিগত ভাব তীব্র অনুভূতির পারিপাট্যে, আর তারই নরমে ও শরমে দোলা জাগানো ভাষা প্রয়োগের অপার কুশলতায় অনন্যতাকেই প্রকাশ কোরে চলেছে। পাশ্চাত্য সাহিত্যে আমরা যাকে 'নভেলেট্' বলি, তাকে বাঙলায় বলতে পারি ছোট উপন্যাস বা বড় গল্প। এমন রীতির ছোট উপন্যাসের ভেতরে সুবোধ ঘোষের "একটি নমস্কারে" "বহুত মিনতি" "সীমন্ত সরণী" "মীনপিয়াস" "নাগলতা" "রূপসাগর" "নবীন শাখী" "শুন বরনারি"র আপন পরিবেশ সৃষ্টির চমৎকারিত্বের ও কাহিনীর বিচিত্র সুরের মনোহারিত্বে, আর সবুজ জীবনেতিহাস ভোরের শুকতারা ফুটে ওঠা থেকে আরম্ভ কোরে পরস্পরের উচ্ছল প্রাণের শুভসন্ধ্যায় আরাধনা জানানোর যে মিতালি-মধুর কাকলি রবাবে মুখর হওয়ার রূপতত্ত্ব রাঙিয়ে গেছে—তার তুলনা একমাত্র এ সব কাহিনীর স্রষ্টার কাছেই মেলে। অন্যত্র নয়।

আজকের দিনে এ কথাটি অবিসংবাদিত রূপে স্বীকৃতি পেয়েছে যে—গল্প রচনায় এক সবিশেষ স্টাইলের উদগাতা রূপে—সুবোধ ঘোষের প্রতিভার অনিন্দ্য কথা সর্ব শ্রেণীর পাঠকমানসে ব্যাপ্তির প্রশান্তিতে ভরিয়ে, আর আমেজরাঙা কোরে রেখেছে। বাঙলা ছোটগল্পের দুনিয়াদারি তাঁর শিল্প-ঋদ্ধির আলোয় একটি স্বতন্ত্রতা ফোটাতে পেরেছে। সুবোধ ঘোষের ছোটগল্প বিশ্লেষণের ব্যাপারে 'বীরবল' প্রচারিত কানুনে বিচার করা মোটেই যায় না। কেন না গল্প রচনায় শুভযোগে দুটি রীতি মেনে চলার, অর্থাৎ তার আকারের স্বল্পত্ব ও প্রকারের গল্পত্ব নিয়ে সুবোধ ঘোষ কোন রকম বন্ধন কোথাও স্বীকার করেন নি। আর তাই তাঁর রচিত সেদিনকার "ফসিল" কি "অযান্ত্রিক" কি "জতুগৃহ" থেকে আরম্ভ করে অতি সাম্প্রতিক গল্পগুলো পর্য্যন্ত যে কোন ভাবনার মুক্ত রসস্বরূপ একটা ব্যাপ্তির উদার প্রসারতার মধ্যে প্রশান্তির ব্যাপকতাকেই সাজাতে পেরেছে। গোছাতে পেরেছে এই সমীক্ষায় তাঁর লেখা "বৈদেহী" "কুসুমেষু" "কথামালা" "চোখ গেল" "অর্কিড" "খদ্যোত" "স্নানযাত্রা" "শ্মশানচাঁপা" "মনোলোভা" "ছায়া" ও কায়া" "সতী ঠাকুরণের ভিটে" "মনোবাসিতা" "সায়ন্তনী" গল্পগুলো ভাবে, ভাষায়, রূপে ও রূপকে এক একটা যৌবনেতিহাসের প্রণয়দ্যোতক কুট্টিম হোয়েই সৃষ্টি হোয়েছে বলে অভিহিত হবে। সেই সঙ্গে কোন একটি আন্তর্জাতীকতার ধী-ময় ও শ্রী-ময় রূপারূপেতে পরিব্যাপ্তি পেয়েছে। পুনরায় আর একবার আমরা এ কথাটি বলতে চাই যে,—যুবক যুবতীর ভালো লাগা জগতের ঋতুসুন্দর ভালবাসার আদর্শভরা ছবির চিত্রাঙ্কনের মধ্যে অনন্য পরিবেশ ও আবেশ-নির্ঝর ফোটাতে—ইদানিংকালে বাঙলা সাহিত্যে সুবোধ ঘোষের

কবিকল্পনা ও প্রতিভার রোমন্টিক দৃষ্টিনিমেষ অনন্যতার অলঙ্করণই কোরেছে। তাই আর একবার তাঁর অন্য একটি রচনার থেকে উদাহরণ দিতে চাই। "একটি নমস্কারে"র কথাই মনে পড়েছে এ ব্যাপারে। গত স্বাধীনতা সংগ্রামের পটভূমিতে গ্রাম-বাঙলারই অনামধেয় কোন কাঞ্চীপুরের একজন সংগ্রামী যুবকের আত্মত্যাগের মহিমাধারায় এর কাহিনী—গল্প শুনিয়েছে। একটা কথা আমাদের মনে পড়ে—দেশপ্রেমের আগে প্রয়োজন—সংগ্রামীর জীবনেতে—যৌবনের ধ্যান করা privacy রাঙানো কোন সুচরিতার কাছ থেকে ভালোবাসা পাওয়ার ও দেবার পরিপূর্ণতাটি! সত্যি, ব্যক্তিক প্রেম হলো সবার আগে! দুটি "ইনডিভিজুয়াল" প্রাণ যখন ভালোবাসার চাহিদায় পূর্ণতা পায়, তখনি সম্ভব মুক্ত মনে আর নিঃস্বার্থতায়—দেশপ্রেমের সংগ্রামী জোয়ারে নেবে সেনা হওয়া, কি সেনানী হওয়াটা।—"একটি নমস্কারে"তে মানবপ্রেমী সুবোধ ঘোষ এই ধারণাকেই মহিমান্বিত করে এঁকেছেন। অনেক সময় ভেবেছি এই ছোট আয়তনের মধ্যে অত বড় একটি যুগ-মানসের সংগ্রামী ইতিহাস সমেত—নায়ক প্রবীর ও নায়িকা সোমার—প্রেমার্তির ভুবনকে রূপে ও রসে যে ভাবে অনুরঞ্জন করাতে পেরেছেন এর রচয়িতা, তা তাঁর অনন্য প্রতিভার স্বাক্ষরকেই জোরালো কোরে গেছে। এর কাহিনী সমাপ্ত হয়েছে নায়কের কারাবাসের মধ্যে, যখন নায়িকা সোমা একটি নমস্কারের প্রণতি জানানোর মধ্যে পরমপুরুষের জন্য প্রতীক্ষারতার আরতি নিবেদন করাতে পারলো প্রীতির অকপট আকুতির ঝড়ে। কাহিনীর মাঝে দেখেছি কি সুন্দর মানসকি তৃপ্তির তুফানে উড়িয়ে এনেছিল প্রবীরের চব্বিশটা বসন্তে আনচান করা তার কবোষ্ণ ছোঁয়াচের শুচি-স্নিগ্ধতায়—সুন্দরী সোমার বাইশটা গ্রীষ্মের তপ্ততায় মাতাল করা যৌবনবল্লরীর সুখাবেশকে।—"মৃদু দীপালোকের পেলব স্পর্শে এই মুহূর্তগুলি যেমন মধুর, তেমনি মধুর সোমার পেলবতর স্পর্শ। কাঠুরিয়ার মাণিক কুড়িয়ে পাওয়ার মত প্রবীরের জীবনে আকস্মিক এক উপহার। সোমাকে বুকের কাছে নিবিড় করে টেনে নিয়ে প্রবীর মুখের দিকে তাকিয়ে থাকে—শুধু এরই জন্য আমি বাঁচতে চাই সোমা, এই প্রাণটার হেস্তনেস্ত করতে চাই না।...... দুটি ব্যগ্র বাহু দিয়ে ঘেরা এই ক্ষণিক স্বপ্নের আক্রমণের কাছে নিঃশব্দে আত্মসমর্পণ করে সোমা। মনে মনেই বলে—এর জন্যই যে আমিও এই হাহাকারের মধ্যে মরেও বেঁচে আছি।......প্রবীর কথা বলে, কথাগুলি শান্ত হাহাকারের মতই শোনায়—আজ আমি তোমায় চলে যেতে দিতে চাই সোমা, কিন্তু......। ......সোমার মনটাও নিঃশব্দে হেসে ওঠে বোধ হয়। এ তো বেশ ভাল কথা। দু হাত দিয়ে জড়িয়ে ধরে চলে যেতে বলা!......প্রবীর বলে—কিন্তু তুমি যেও না। ......ব্যগ্র বাহু দিয়ে ঘেরা স্বপ্ন হঠাৎ মাত্রা ছাড়িয়ে ব্যাকুল ওয়ে ওঠে। তারই মধ্যে সোমা সকল অনুভব দিয়ে নিঃশব্দে বরণ করে নেয় কপালের উপর

একটি নতুন টিপ। বড় উষ্ণ। চন্দনতারার মত স্নিগ্ধশীতল নয়। ......প্রবীরের হাত ছাড়িয়ে মুক্ত হবার জন্য একটু মৃদু চেষ্টা করে সোমা বলে—এমন করে সব কেড়ে নিলে মানুষ যায়ই বা কি করে ?......"

আর একটা কথা আছে। প্রাবন্ধিক হিসাবে বাঙলা সাহিত্যে সুবোধ ঘোষের নিজস্ব স্টাইল তাঁকে একটা বিশেষ আসন দিয়েছে। তিনি সুন্দর ধ্যানের জগতে রম্যরচনার গণ্ডীকে আরো আমেজমুখর কোরেছেন। "কাগজের নৌকা" আর "কালপুরুষের কথা" তার প্রমাণ। যিনি সেদিন তাঁর একটি রম্য-প্রবন্ধে 'মধুমালার দেশে'র রোমাণ্টিক চিন্তার মননে এক রূপকথার দর্শন নিয়ে যুক্তিতে-বিযুক্তিতে পাঠকমনে আলোড়ন তুলেছিলেন, তিনিই 'কবি ও বিজ্ঞানী' নামধেয় প্রবন্ধের চিন্তায়ণে যুক্তির বন্ধনকে আবেগের মুক্ততায় মিলিয়ে মিশিয়ে জানাতে পেরেছেন— "বাস্তবিকের ধ্যান রোমাণ্টিকের স্বপ্নকেও ছাড়িয়ে গেছে. লক্ষ লক্ষ মুকুতা হারের মত লক্ষ প্রবাহিকা সারা ভারতভূমির বুকে ছড়িয়ে থাকবে। প্রাচীন আর্য্যাবর্তের হৃদয় প্রাচীনতর দ্রাবিড়ের সঙ্গে ধমনীতে যুক্ত হয়ে যাবে। লক্ষ বছরের এক একটি পিয়াসী প্রান্তর আর উদাস মৃৎ কণিকা রসিত হয়ে উঠবে। রেললাইন দিয়ে বাঁধা ভারতভূমির শৃঙ্খলিত মূর্তির বিষণ্ণতা ঘুচে যাবে প্রতি লহরের জলে গ্রামের ছায়া টলমল করবে। ......এবং হয় ত এক কৃষ্ণা চতুর্দশীর রাত্রে গ্রাম-বালিকার দল লহরের জলে লক্ষ লক্ষ প্রদীপ ভাসিয়ে ঘরে ফিরে যাবে। কোন এক উৎসবের প্রত্যুষে গ্রাম-বালকের দল লক্ষ কাগজের নৌকায় নাগকেশরের কুঁড়ি ভাসিয়ে দেবে। ......কবি এবং প্ল্যানার, রোমাণ্টিক ও বাস্তবিক, ধ্যান ও প্ল্যান—রূপ সৃষ্টিতে কেউ কারও চেয়ে কম নয়। কেউ কারও প্রতিদ্বন্দ্বী নয়। গঙ্গা ও কাবেরীর স্বপ্ন এক হয়ে মিশে যাবে।"—শুধু কি তাই, এর চাইতেও গভীরে-প্রবেশ করে প্রাবন্ধিক সুবোধ ঘোষ একটা বড় সত্যকে আবিষ্কার কোরে না লিখে থাকতে পারেন নি সে কথাকে। তিনি প্রবন্ধে যুক্তির অবতারণায় বোঝাতে পারলেন—"

......'এ প্রাণ রাতের রেলগাড়ি দিল পাড়ি
কামরায় গাড়ী ভরা ঘুম রজনী নিঝুম।'

কবিরাই বা কম বস্তুবাদী। প্রাণকে রাতের রেলগাড়ির সঙ্গে তুলনা করলেন। রেলগাড়ির মত একটা আধুনিক কৃত্রিম সৃষ্টি, লৌহ কাষ্ঠ ও বাষ্পের একটা প্রচণ্ড পদার্থ-কীর্তির জিনিসকে উপমা হিসাবে প্রাণের মত দুর্জ্ঞেয় বিচিত্র ও অপার রহস্যের পাশে বসিয়ে দিলেন ? রেলগাড়ীকে প্রাণ পবনের ডিঙ্গা নাম দিতে পারতেন কবি, কিন্তু দেন নি। কবিরা রূপবাদী বাস্তবিক, কবিরা বস্তুবাদী রূপস্রষ্টা।"—সত্যি প্রাবন্ধিক সুবোধ ঘোষের কবিতে আর বিজ্ঞানীতে এক প্রকল্প কোরে তোলা এই চিন্তার রণনকে ছাড়িয়ে অন্য কিছু বলতে চাওয়া হোল—এহো বাহ্য।

রূপদক্ষ আর প্রেম, প্রত্যয় ও পরিধির সীমারেখায় অসীমের শিল্পদ্যোতক সুবোধ ঘোষের কথা-সাহিত্যের ব্যাপক সৃষ্টির আমেজে মশগুল হোয়ে আমরা শেষ কথায় তাঁর আপন প্রমিতিতে রাঙা সবুজে আর পলাশে ঝলমলানো ভালবাসারই রূপবিবর্ধনের মানবিক কথায় শুধু এইটাই বলতে চাই—

জানিস্ তো সব বন্ধু তোরা—
কাণ্ডটাই বা কয় দিনের—
বাস্তুভিটায় কাট্‌ল যে মোর
নূতন বিয়ের স্ফূর্তি জোর।
বন্ধ্যা বধূ যুক্তিদেবী—
সেই রাতে তার নির্বাসন,—
সেই বাসরে নতূন বধূ
আঙুরলতার সম্ভাষণ।"

—আর এর পরে খৈয়ামের এই অসাধারণ কবির স্বকীয় কথাতেই মন ওঠে গুনগুনিয়ে—

"কোন সাহারায় রাত্রিশেষে গাঁথ্‌ছ তারার মালায়
নিজের বোনা তাঁবুর মাঝে জাগে সে কোন্ বালা ?
পেয়ালা হাতে কাট্‌বে রাতি ? সুর্‌মা-পরা আঁখি
পিয়াস্-আকুল পথ্-চাওয়া তার সফল হবে নাকি !"

(—কবি ব্যারীস্টার কান্তিচন্দ্র ঘোষ।)

তিরিশে অক্টোবর, ১৯৬০
(শুচিস্মিতা সন্ধ্যার জন্মদিনে।)

আই. সি. এস সুকুমার সেন

আসি নয়—আসছেনই স্বয়ং রবীন্দ্রনাথ—জানাতে সুকুমার সেনই গৌরচন্দ্রিকার—প্রিলিউডী—টাচ নিয়ে।

কিন্তু—ভাসাভাসিতে আগুয়ান—রবির সখা, আচার্য স্যার জগদীশচন্দ্র, হেতুতে যেহেতু বেশ কয়েক বছর আগে রবীন্দ্রনাথের হাতে গড়া সংগীতের মনসবদারনী শ্রীমতী মালতী ঘোষাল—যিনি জগদীশের একমাত্র বোন শ্রীমতী স্বর্ণময়ীর—দেবর কন্যা।

এই মালতী মাসী বলেছিলেন, সে সময় বালিগঞ্জ সার্কুলার রোডের এক কর্নার প্লটের ত্রিতল বাড়ির—একতলার বাসিন্দা। ও বাড়ি গৌরী সেনের। অর্থাৎ স্বরাজ্যে স্বরাট প্রশাসক, আই. সি. এস.—সুকুমার সেনের ঘরণী।

বয়সের ভারে ন্যুব্জা মালতী মাসী ঢাউস সোফায় হেলান দিয়ে বসে। সামনে তেমতিকায় শ্রীমতী গৌরী সেন। দুজনেই আশির এ পারে। যেন সংসার থেকে বিবাগী ধারায় সুস্নাতা। দু'জন বিশিষ্টা।

হাসতে হাসতে জানিয়েছিলেন মালতী মাসী—'আরে জেনে রাখো গৌরীর বিয়ে সুকুমারদার সঙ্গে হয়েছিল মূলত রবিকাকার আগ্রহে। একথা অনেকেই জানে না। তুমি জেনে রাখো।'

মুখর আমি তখনই জানিয়েছিলুম—'এটা আমি জানি।' সহাস্যে মালতী মাসী জানতে চান 'কোথা থেকে। সোর্স কী ?'

ওঁর আগ্রহান্বিত মুখের দিকে বারে বারে তখনই দৃষ্টি ঘুরছিল মিটিমিটি খুশির হাসি ভরা,—'আশিতে-পরা গৌরী মাসীর দিকে।'

'একথা জেনেছিলাম শ্রীযুক্ত সুধীর সোমের কাছ থেকে। পেশায় ইঞ্জিনিয়ার। সারাটা জীবন—অবসর না নেওয়া পর্যন্ত সপরিবারের কাটিয়েছিলেন—আরবের শহরে শহরে। তিনি সুকুমার সেনের ছোটো ভাই—অধুনা বোস্টন নিবাসী ডা. অরুণ সেনের সহপাঠী। স্কুলে ও কলেজে—এই অরুণ সেন পৃথিবীর কয়েকজন ব্যতিক্রমী প্রতিভার একজন। তিনি ইঞ্জিনিয়ারিং-এ ম্যাসাচুসেটস্ থেকে মাস্টার অফ্ সায়েন্স। আবার তিনি দক্ষ চিকিৎসকও। স্ট্যানফোর্ডে প্রথম শ্রেণী থেকে ফাইনাল পর্যন্ত পড়াশুনা করে হয়ে যান সুদক্ষ চিকিৎসকও। এক্স ডক্টর। ওঁর বয়স এখন একশো ছুঁই-ছুঁই। শ্রীযুক্ত সোম আজ নেই। তিনি দারুণ উদ্দীপনায় জানিয়েছিলেন, 'হ্যাঁ গুরুদেবই শান্তিনিকেতন থেকে সুকুমারদার বিয়ের কলকাঠি নেড়েছিলেন। ভায়া—সুরেন ঠাকুরের বড়ো জামাই ক্ষিতিপ্রসাদ চট্টোপাধ্যায়। এই ক্ষিতি নেতাজী সুভাষ, দিলীপ রায় সি. সি. দেশাই এবং সুকুমার সেনের সঙ্গে আই. সি. এস. পরীক্ষা

দিয়ে অকৃতকার্য হন। তখন নৃ-বিজ্ঞান নিয়ে পড়াশুনা করে ফিরে আসেন প্রথম সারির অ্যানথ্রোপলজিস্ট হয়ে।" বলেই শ্রীযুক্ত সোম কথা বলছিলেন 'সুখাবতী ভবনের' এক তলায়—আই. সি. এস. রায় গুণাকর অন্নদাশঙ্কর রায়ের ফ্ল্যাটে বসে—মুখোমুখি। সামনে আমি আর মেসোমশাইয়ের পেছনে বসে—ওঁরই বেটার হাফ, আমাদের মাসীমা—ভারত-নারী-আত্মার পরাকাষ্ঠা—শ্রীমতী লীলা রায়। ওই বাড়িরই তেতলায় সুধীরবাবু থাকতেন। ছেলে গৌতমের ফ্ল্যাটে। হঠাৎ করে উঠে 'আসছি বলেই'—বেরিয়ে গেলেন। পলকেই ফিরে এলেন অক্টোজেনেরিয়ান শ্রীযুক্ত সোম—দেয়ালে ঝোলানো একটি বড়ো মাপের বাঁধানো ফটো হাতে। 'এই যে অশোক, এই যে আপনারা সবাই ভালো করে তাকিয়ে দেখুন ফটোর মাঝখানে বর-বধূর বেশে দাদা ও বউদি—সুকুমার সেন ও গৌরী সেন। ওঁদের ডান পাশে আমি ও বাম ধারে অরুণ। আর অল্প দেখা যাচ্ছে শ্রীমান পাণ্ডাকে। পাণ্ডা মানে ভারতের এক নম্বর ব্যারিস্টার ও বহু বছর কেন্দ্রের ক্যাবিনেট মন্ত্রী থাকা—শ্রীমান অশোক সেনকে।

অনেক বিখ্যাত জনের জন্য—পাত্র ও পাত্রী আপন পছন্দে প্রায় রাজযোটকীয় পরিসমাপ্তি ঘটিয়েছিলেন কিংবদন্তিতুল্য—'পুরুষোত্তম' রবীন্দ্রনাথ। হ্যাঁ, মনস্বী অমল হোম—তোমাকে স্মরণ করি। যে তুমি বহুদিন অবধি এক দিকে কালিদাস নাগ অন্য দিকে চাটুজ্জে সুনীতিকুমার—এই দুই সতীর্থকে নিয়ে গুরুদেবের অতি নিষ্ঠাবান সেক্রেটারির কাজ করেছিলে। সেকথা আমরা জানি। ভুলিনি। যেমন ভুলিনি মহালানবীশ প্রশান্ত, চক্রবর্তী অমিয়, চাটুজ্জে কেদারনাথ, চন্দ অনিল কুমার, দাশ সজনীকান্ত, মুখুজ্যে কানন বিহারী, রায়চৌধুরী সুধুড়িয়া—অমল হোমের সাথে সাথে তোমাদেরও ভুলিনি। নাহে নাহে এ প্রসঙ্গ অবান্তর।

স্বয়ং সুকুমার সেন সেই মারাত্মক অসুখে আক্রান্ত হবার আগে শেষবারের মতো—প্রেসিডেন্সির বন্ধু সতীর্থ, সেই 'রমলা'-খ্যাত মণীন্দ্রলাল বসুর আবাস পি-৩০ গড়িয়াহাট রোডের বাড়িতে এসেছিলেন—যে ঐতিহাসিক বাড়িটি আজ হাত বদল হয়ে বিখ্যাত ও সুহৃদয় হৃদয়ী সুসংস্কৃতিমনস্ক পি. সি. চন্দ্রের—সুদৃশ্য শোরুম। উপস্থিত আমার সামনে একত্রিত হওয়া দুই বন্ধু পুরোনো কথা নিয়ে অনেক কথা আলোচনার মধ্যে আনেন। সুকুমার সেন দস্তুরী পুরোতে। উপস্থিত ছিলেন আরও তিনি সতীর্থ প্রেসিডেন্সিয়ান—স্থপতি ভূপতি চৌধুরী, প্রধান বিচারপতি ফণিভূষণ চক্রবর্তী এবং বাম মার্গীয় নেতা অধ্যাপক নির্মলচন্দ্র ভট্টাচার্য। মনে আছে—সে হয়েছিল এক বৈকালিক মেলমেশ। নট্ টু ফরগেট, যাহা ছিল বাহারী বাহানা।

যা বলছিলাম। মালতী মাসী মানে ক্ল্যাসিক্যাল সংগীতের মালতী ঘোষাল ছিলেন— সেন বাড়ির কমনফ্রেন্ড। একদিকে রবীন্দ্রনাথের আপন হাতে গড়া গানের

ভাণ্ডারী, অন্যদিকে পারিবারিক সূত্রে—ভারত গৌরব, দেশের প্রথম র‍্যাংলার আনন্দ মোহন বসুর (স্যার জগদীশের ভগ্নীপতী) দাদা, দেশখ্যাত ভারতীয় পারফিউমার এইচ. বোসের আদরের কন্যা, যাঁর দাদারা দেশ বিখ্যাত। যেমন—পৃথিবীতে ছায়াছবির জন্য প্রচলিত প্লে-ব্যাক মিউজিকের উদ্‌গাতা—শ্রীযুক্ত নীতিন বসু। আর, দাদারা এক্স ক্রিকেটিয়ার্স কার্তিক বোস ও মুকুল বোস। মা ছিলেন কবিগুরুর শ্রদ্ধাভাজনীয়া শ্রীমতী মৃণালিনী বোস। তিনি উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ছোটো বোন এবং সুকুমার রায়ের পিসী ও আন্তর্জাতিক সত্যজিতের ঠাকুমা। কহতব্য খুবই এবং স্মর্তব্য দারুণ, এই কারণে যে আপন প্রিয়া—স্ত্রী মৃণালিনী দেবী যেন কবির মানস পটে আরও খুশির ঝিলিক আনত—বিখ্যাত আরও তিন মৃণালিনী। এই মৃণালিনীর মহীয়সী মাতৃত্বকে ঔজ্জ্বল্যে রেখেছিল তাদের—চোদ্দ জন ভাইবোনই। আর একজন শ্রীঅরবিন্দের স্ত্রী—মৃণালিনী ঘোষ। এবং শেষোক্তজনা, কেশব-তনয় আই. সি. এস. নির্মল সেনের স্ত্রী শ্রীমতী মৃণালিনী সেন—কবি ও সমাজ সেবিকা। যিনি যৌবনকালে ছিলেন পাকপাড়া স্টেটের মহারানী—পূর্ব পরিচিতিতে। জানার কথা—রবীন্দ্রনাথের জন্যই নির্মল-মৃণালিনী পেয়েছিল বিবাহের মেলবন্ধন। একথা—আলোচ্য সেন-দম্পতি সুকুমার ও গৌরী দুজনের কাছেই শুনেছি।

জানানোর মতো কথা গৌরী সেন তখন অথর্ব। সুকুমার সেন তখন অন্য লোকে গেছেন। বড়ো ছেলে দীপক তখন বিহারের প্রধান বিচারপতি, সেই সুবাদে কিছুদিনের জন্য বিহারের রাজ্যপালও। ছোটে ছেলে রাহুল। দেশের বিখাত বাণিজ্যিক প্রতিষ্ঠান গিল্যান্ডার আরবুথনট-এর চেয়ারম্যান-কাম-ম্যানেজিং ডিরেক্টর। দুই মেয়ে ও জামাইরাও প্রতিষ্ঠিত। কাজের সংসারে ঝাড়া হাত-পা। স্বামী সুকুমার সেন বেঁচে থাকতে যে প্রতিষ্ঠানটিকে পৃষ্ঠপোষকতা করে গেছেন—সেই লেডি রমলা সিংহ প্রতিষ্ঠিত অল বেঙ্গল উইমেনেস ইউনিয়ন-এর সহ-সভানেত্রী ছিলেন গৌরী সেন—আজীবন। সেই সুযোগে মনের প্রসন্নতা বাড়াতে রামকৃষ্ণের অর্ডারে—শিষ্যা হন। গৌরী সেনের কেপিবিলিটি ছিল অসাধারণ। যখন চলতে পারতেন না—দেখেছি ফোন করলেই স্বয়ং প্রেসিডেন্ট মহারাজ গাড়ি পাঠাতে বলে—সেই গাড়িতে এসে দেখা করে যেতেন। দেখেছি বিরেশ্বরানন্দজী এসেছেন। এসে গেছেন গম্ভীরানন্দজী। এমনকি আশা-যাওয়া থেকে ভূতেশ্বানন্দজীও বাদ জাননি, যদিও তিনি সভাপতি নন তখন মিশনের। একথাই একদিন মাসীমা গৌরী সেনকে বলেছিলাম। সুকুমার সেন তো নেই উনি থাকলে কী যে খুশি হতেন তা বলার নয়। পাল্টে বলি—মাচ য়্যাডো য়্যাবাউট নাথিং।

সেন সুকুমারে লিখতে বসে তাঁরই তরে বলার ফাঁকে আমি কি মশা মারতে কামান দাগছি, কেননা কেন আসছেন 'স্যার জগদীশ' আর 'স্যার রবীন্দ্রনাথ' (স্বয়ং

রবীন্দ্রনাথ সেই বিরাট ঘটনায় তিতিবিরক্ত হয়ে ত্যাগ করেন নাইটহুড। যদিও ব্রিটিশ ক্রাউন নেভার উইলিংলি অ্যাকসেপটেড দ্য রিজেকশান অফ কে.টি। পরবর্তী কালে দেখেছি ১৯৩৫ এ যখন স্নেহভাজন স্যার সর্বপল্লী রাধাকৃষ্ণান—দেশ-বিদেশ থেকে এ বাঞ্চ অফ লেটার্স, মানে শতখানেক চিঠি গুরুদেব রবীন্দ্রনাথকে লিখছেন—তখন তার অধিকাংশতেই লেখা আছে—চিঠির শুরুতে 'মাই রিভিয়ার্ড স্যার রবীন্দ্রনাথ টেগোর'। এমনকি খামের ওপরও লেখা থাকত 'স্যার' কথাটি নামের আগে। যাইহোক কবিগুরুর উপর আরোপিত ওই খেতাবের সামনে-পিছনে সত্যি ছিল না কোনো স্বার্থের অভিসন্ধির কারচুপি। তাই সুন্দর মনে ওই খেতাব জুড়লে এই আজ এই মুহূর্তে—হবে না কো—কোনো মহাভারতের অশুদ্ধি) বারে বারে আসছেন ঘুরছেন, যেন মাদল বাতাসে করছেন মাতামাতি—সহিতে কজ্—তাই করি লাজ—টু ডজ্ অ্যাওয়ে—স্মৃতির স্মরণ-করণ।

সুকুমার সেন, তোমায় লিখতে বসে পাচ্ছি দারুণ—এ সেন্স অ্যান্ড সেন্সেবিলিটিস—সাথ সাথ আরুণী সেনস্ সেনশেসনস্। কবিগুরু স্ট্রেচারে শুয়ে বারান্দা দিয়ে যেতে যেতে স্যার নীলরতনকে বলছেন—'শোনো বন্ধু, আমার নার্সিং মেয়েরা না করায় করবে আই. সি. এস. সুকুমামরবাবুর ছোটো ভাই অমিয় ও রানির দাদা সত্যসখা? কী দারুণ যোগাযোগ, ওগো সেন সুকুমার'—অন্তিম মুহূর্তের কিছু আগে অচৈতন্য লোকে আশ্রয় নেবার পূর্বাহ্নে কবিগুরু খোঁজ নিয়েছিল—তোমারি সার্জন ভাই-এর। একী কম কথা। হাজার কথার কথা। পরবর্তীকালে লেকগার্ডেন্সের বাড়িতে বসে অমিয় সেনের মুখ থেকে অনেক কথা শুনেছি এই সেদিনকার ঘটিত সেই রাজসূয় যজ্ঞতুল্য অস্ত্রোপচারের কথা ও কাহিনী। সেইদিন নেতৃত্বে ছিলেন—ভারতরত্ন বিধানচন্দ্র রায়। ছুরি ধরেছিলেন প্রবাদপ্রতিম ললিত ব্যানার্জী। নার্সিং-এ দুই পুরুষ—ডা. সত্যসখা মৈত্র ও ডা. অমিয়কুমার সেন। সঙ্গে ১৪ জন বিখ্যাত ডাক্তারদের একটি দল। পাশের ঘরে উৎকণ্ঠায় বসে কবিবন্ধু স্যার নীলরতন সরকার সমেত স্যার ইউ. এন. ব্রহ্মচারী, স্যার কৈলাশনাথ বোস এবং স্যার কেদারনাথ দাস প্রমুখ ডাক্তারেরা। এই গল্প সেই কবে শোনা বাহান্ন-এ প্রথম সর্বভারতীয় নির্বাচন সমাপনান্তে—ছোটো ভাই অমিয়র লেক প্লেসের ভাড়াবাড়িতে বিশ্রাম নিচ্ছিলেন—দোর্দণ্ডপ্রতাপ সুকুমার সেন সাহেব, যিনি দিল্লিওয়ালা বড়োকর্তা জওহরলালজিকে কেয়ার পর্যন্ত করতেন না—ধার ধারতেন না তালিমী কুর্নীশ-এর। তবু প্রধানমন্ত্রী তাঁকে কোনোদিন এড়াতে পারেননি। খাস্তালুকের হননি হয়েও—একজন মেম্বার অফ অয়োলোলজি।

বলি কেমন করে এলাম সুকুমারি সাক্ষাতে। লেক প্লেস যখন হুমড়ি খেয়ে পড়ল লেকের ধারে—চাটুজ্জে শরৎচন্দ্রের অ্যাভেনিউ-এ, সেই সংযোগে এককোণায় নবদ্বীপ থেকে সদ্য নির্বাচিতা, এম. পি.,—বিশিষ্ট খানদান জমিদারনী, অনেক

ভাষায় বিদুষী শ্রীমতী ইলা পাল চৌধুরীর বাড়ি, তারাই অপর কোণে মজুমদার সাহেব—সতীশ চন্দ্রের বিরাট তিনতলা বাড়ি। দুঁদে আই. আর. এস.। তিনি ছিলেন প্রথম ভারতীয় চিফ ইঞ্জিনিয়ার—একটি জোনাল রেলওয়ের। ঐতিহাসিক রমেশ মজুমদার ওঁর অনুজ। এই সতীশ চন্দ্র ছিলেন ভবানীপুরের হরিশ মুখার্জী রোডে থাকাকালীন সেই বিশ্বগৌরব স্যার সর্বপল্লী রাধাকৃষ্ণাণের বৈঠকী আড্ডার—এক ও আর এক জ্ঞানী আড্ডাবাজ। এই বন্ধুত্ব ছিল আমৃত্যু। তাঁরই ছোটো মেয়ে বাণী ছিল—স্যার রাধাকৃষ্ণাণের প্রিয়পাত্রী হিসাবে—দত্তক-কন্যা। বাণীর স্বামী ছিলেন আমাদের পারিবারিক কাকু—বাবার বিলেতের বন্ধু আই. পি. এস.—কর্নেল নির্মল সেনগুপ্ত। একসময় এই নির্মলকাকু ছুটির দিন পেলেই সাদার্ন অ্যাভেনিউ থেকে ছুটে আসতেন হনহনিয়ে—এক ঝকঝকে র‍্যালির বাই-সাইকেল চেপে। আস্তিন গোটানো শার্ট পরা। মালকোচা মেরে ধুতি পরা। একাধারে তাস খেলতেন বাবার সঙ্গে। ছোটো বড়ো সবরকম খাওয়া গ্রহণান্তে। ভাবা যায় একজন ফৌজী কর্নেল ফৌজ ছেড়ে—হয়েছেন নমিনেটেড্ আই. পি. এস. (পুলিশ নয়, ইন্ডিয়ান পোস্টাল সার্ভিস) গাড়ি থাকা সত্ত্বেও এই দেশীয় পোশাকে আসতেন নির্মল সেন—টু স্যালুট দ্য এনসিয়েন্ট ভেহিক্যাল—এই দুই চাকার সাইকেলকে। হ্যাঁ, জানানোর আছে সেই প্রথম আই. সি. এস. থেকে শেষ আই. সি. এস. পর্যন্ত প্রত্যেককেই বিলেতের মাটিতে—কি শহর কি গ্রামের মসৃণ-অমসৃণ পথে—নিজের সাইকেলে সওয়ার হয়ে সঠিকভাবে চালানোর পরীক্ষা দিয়ে তাতে পাশ করে—তবে আই. সি. এস. বনতে হত।

স্কুলের শেষ দিকে একদিন নির্মল কাকুর ওই শ্বশুরবাড়িতে হাজির। ওঁর বড়ো শ্যালক বিনয় মজুমদার বাবার বন্ধু ছিলেন। সেই মুহূর্তে বিনয় কাকু বেরোচ্ছেন। আমায় বললেন, 'এসেছ ভালোই হল, চলো একজনদের বাড়ি চলো, পায়ে হেঁটে আমাদের বাড়ি আসবে। ওঁরই ফুটবাত ধরে সাদার্ন অ্যাভেনিউ-এর দিকে আমাদের প্রস্তুতি। বেশি এগোতে হল না। খানকয়েক বাড়ি পরেই একটি খোলা দরজার সামনে দাঁড়িয়ে পড়লেন। বললেন, 'এসো ভেতরে যাই সুকুদার কাছে। এখানে আছে আমাদের আত্মীয় আর তোমার বাবারও খুবই চেনা। দুদিন হল মিশর থেকে ফিরেছেন—এখানকার যেমন প্রথম, তেমনি ওদেশীও প্রথম নির্বাচন উনি সুষ্ঠুভাবে তদারকি করে ফিরলেন।' দেখি ভেতরের ড্রয়িংরুম থেকে বেরুচ্ছেন ওয়েল স্যুটেড্ ও বুটেড্ দীর্ঘদেহী এক সুদর্শন মানুষ। ডান ধার দিয়ে মাথার সিঁথি কাটা। বললেন, 'আরে আমাদের বিনয় যে। নিমু ও বাণী কোথায় ? আরে এ ছেলেটি, আবার কাকে সঙ্গে নিয়ে এসেছ ? একে তো চিনলাম না।' কাকু জানালেন, 'আমাদের বাবলু। ওর বাবা বি. কে. রায়কে তুমি ভালোভাবেই চেনো। তা এখন কোথায় যাচ্ছ ?' উত্তরে সুকুমার সেন জানালেন—'যাচ্ছি অশোকের বাড়িতে। এবার লম্বা ছুটি

পেয়েছি। মাকে নিয়ে ভারতের তীর্থস্থানগুলি দর্শন করাতে বেরোচ্ছি। অশোক টিকিট পত্র সব ব্যবস্থা করে রেখেছে। আমার গাড়ি নেই। অমিয় আর. জি. কর থেকে তার গাড়িটা ফেরত পাঠাচ্ছে। তাই অপেক্ষা করছি।' আমার দিকে স্মিত মুখে তাকিয়ে বললেন, 'বাবা তো ইঞ্জিনিয়ার! ছেলের চোখের চাউনি দেখে বুঝছি মতিগতি অন্যদিকে। কবিতা, না গল্প, না প্রবন্ধ লেখো? যাই করো, দাগ রাখার চেষ্টা করো ভবিষ্যতে আপন মুন্সিয়ানায়। মনের রাখবে দেশটা আর ভাষাটা—রবীন্দ্রনাথের। ঘুরে আসি ভারতের এখান ওখান। ফিরে এসে তোমার সঙ্গে কথা হবে অনেক।' এরই মধ্যে দুয়ারে এসে হাজির অমিয়র গাড়ি। উর্দি পরা সোফার, সেলাম ঠুকে দরজা খুলে দাঁড়াল হাসিমুখে। 'আসি বিনয়, আসি বাবা।' বলে গাড়িতে উঠতেই উধাও হল গাড়ি—সেন সাহেবকে নিয়ে। ওটাই আমার ওঁর সঙ্গে প্রথম আলাপ।

একটু কথা আছে—যে নির্মলকাকুর কথা বললাম, যে বাণী কাকিমার কথা বললাম—এঁরা ছিল, যদিও স্ত্রীর জন্যই—স্যার স্বর্বপল্লীর অতি স্নেহের, অতি কাছের। এই কাকু ব্যাঙ্গালোরের টেলিফোন সংস্থা আই. টি. আই.-এর এম. ডি. হয়ে বদলি হন এ রাজ্যেরই রূপনারায়ণপুরের হিন্দুস্থান কেবলস্-এর এম. ডি.-তে। বছর দুই-আড়াই-এর মাথায় দুর্গাপুরের এম. এ. এম. সি-র এম. ডি.। তারপর কলকাতা টেলিফোনস-এর অখণ্ড জি. এম.। তখন এটিকে সি. জি. এম. বলা হত না। এখান থেকে ডাক ও তার পরিষদের মেম্বার হয়ে দিল্লি এবং কিছুদিনের মধ্যেই অবসরের আগে সেষ অ্যাসাইনমেন্ট ওঁরই সর্বোচ্চ পদ—চেয়ারম্যান। এই কাকু যখন রূপনারায়ণপুরে তখন দত্তক কন্যারূপী তাঁর স্ত্রী বাণীকে দেখার জন্য যখনই রাষ্ট্রপতি স্যার সর্বপল্লী—কোনো কাজে পশ্চিমবঙ্গে আসতেন তখন উনি এই বাণীর জন্যই পরিহার করতেন সবরকম বিমান যাত্রা। তখন ভারতের একমাত্র সুপার ফাস্ট ট্রেন ছিল, হেরিটেজ ঘেঁষা 'কালকা মেল'। সেদিনকার ওয়ান আপ টু ডাউন। উনি রূপনারায়ণপুরে নেমে যেতেন এবং সশস্ত্র প্রহরায় লাইনে সাইডিং করা থাকত রাষ্ট্রপিতর জন্য রাখা কয়েক বগির—সেলুন কার্। এ জিনিস আজকের দিনে ভাবা যায় না। কোন রাষ্ট্রপতি আজকের দিনে হাজার সুবিধার বাতানুকুল ট্রেন পরিহার করে চলতে ভালোবাসেন—সেন্ট পার্সেন্ট।

তারপর সেন সাহেবের কথাতেই ফিরছি।

বছর দুয়ের মাথায়—সুকুমার সেন অবসর নিলেন। রিটায়ারের পর এমন দুঁদে ও জবরদস্ত আই. সি. এস.-কে কোনো রাজ্যের রাজ্যপাল বা কোনো বিদেশস্থ রাষ্ট্রদূতের পদে বসাতে গররাজি ছিলেন—জওহরলালজী। এমন লোককে নিয়ে প্রধানমন্ত্রীর ঘর করা খুব মুস্কিল ছিল। সেই সময় মহানুভব স্যার উদয় চাঁদ ও মহারাণী অধিরাণী রাধারাণী তাঁদের বর্ধমানের কোটি কোটি টাকার রাজ্যপাট দান করেন—বিধানচন্দ্রের হাতে তা সঁপে দেন—ইউনিভার্সিটি তৈরির জন্য। একজন

জবরদস্ত উপাচার্য দরকার। যেই শুনলেন নেহরুজী বর্ধমানের মাধ্যমে কলকাতায় সুকুমার বাবুর কাছে নিয়োগ পত্র পাঠিয়ে দেন। অবশ্য অনিচ্ছা থাকলেও হাসিমুখ বিধানচন্দ্রের আবদার অস্বীকার করতে পারেননি। উনি সানন্দে যোগ দেন। রাজপ্রাসাদ হল ওঁর বসবার দপ্তর ও আবাস। আর অন্যান্য প্রাসাদে পঠন-পাঠনের ব্যবস্থা হল।

আমি বলি—যা। কাজটি আজাদ সাহেব ভালো করেননি। জওহরের নির্দেশে তড়িঘড়ি মৌলানা আবুল কালামের দেওয়া এই নতুন নিয়োগ—ভায়া সচিব হুমায়ুন কবীর। যেন সাত তাড়াতাড়ি ব্যাপক কিছুর জন্য তাঁকে না রেখে—দাও বসায়ে আসন এক উপাচার্যের। বিধান রায়ের তা পছন্দ হয়নি। কারুরই নয়। সেন্ ওয়াজ অফ্ সো হাই ক্যালিভারস্ সেলিব্রিটি, তাঁকে যেন এভাবে ধপাস্ করে টেনে নামানো হল—নীচে,—দ্য পোস্ট্ অফ V.C. তে—যা নট আপটু হিজ ডিগনিটি ! এক কথা প্রাক্তন মহারাজ, স্যার উদয় চাঁদের সঙ্গে ক্যালকাটা ক্লাবে আমার দেখা। আমি সে মুহূর্তে গেস্ট, কবির ভাগিনেয় স্যার জ্যোৎস্নানাথ ঘোষাল, আই. সি. এস.-এর চা-চক্রে। আমি বলি বর্ধমানের লোকেরা বেইমান। পুরোদস্তুর। সবাই যে অত্যাচারিত ছিলেন, রাজ শাসনে—তা নয়। বেশিরভাগই স্বার্থ মেটান ধনীদের থেকে। সব রাজ্য-পাট, বসত-বাটি টাকার স্থাবর সম্পত্তি দানের বিনিময় মূল্যটা অচিরেই পেয়ে যান—স্যার উদয় চাঁদ। প্রথম সেই নির্বাচনে দাঁড়িয়ে হারেন গো-হারা। বলতে চাই, এটা ছিল সুবিধাভোগী বর্ধমান বাসীদের অসাধারণ বেইমানগিরি। আন্‌ফেইথফুলনেস্। বিধানচন্দ্র রুষ্ট হয়েছিলেন। কিন্তু পরবর্তীকালে এক রি-ইলেকশানে একালের বিদুষী ও রূপবতী রাজপুত রাজকন্যে—মহারাণী অধিরাণী রাধারাণী দারুণ গরিষ্ঠতায় জিতে আসেন বিরোধীর জামানতকে বাজেয়াপ্তায়ানে। রাজরাণীর ব্যবহারের তুলনা ছিল না। উনি আপামর জনতার ঘরে ঘরে ঘুরে, বসে এমন কি—চা চেয়ে পর্যন্ত খেয়েছেন। রাখেননি কোনো বাছ-বিচার। ভোর থেকে রাত পর্যন্ত ডেমলার কী মিনার্ভায় সওয়ার হয়ে গরীবের পর্ণকুটীরে পায়ে হেঁটে ঢুকে—ক্যাম্পেন করেছেন। জোড় হাতে 'স্বামীকে আপনারা চাননি ভালো কথা তো। একবার আমাকেই চেয়ে দেখুন না। ভালোও করতে পারি।' তারপর জেতেন। মন্ত্রীও হন। কিন্তু সাত তাড়াতাড়ি—দারুণ অসুখের হাতছানি স্বীকার করে চলে যান কাঁদিয়ে সবাইকে। বেশী মাত্রায় বেইমানগিরির বর্ধমানবাসীদের। বিধান রায়, জওহরলালকে কনডোলেন্স সভায় বলেছিলেন—'শি ওয়াজ টু ওয়ার্দি ফর আওয়ার মিনিষ্ট্রি।'

যাক। উপাচার্যের পদ কিন্তু সময়সীমার মধ্যে বেঁধে রাখতে পারেনি সেন সাহেবকে। দারুণ ঝামেলা দেখানো হয়, ইচ্ছে করেই পাকায় দলীয় কোন্দল, সেই পরগাছী পরচর্চায়ী শিক্ষাবিদেরা—বলি আদৌ তাঁরা শিক্ষাবিদ ছিলেন না। ছিলেন সেলফ লাভিঙ স্বার্থপরবাহী। উনি—রিজাইনড ফ্রম দেয়ার। খুবই অনায়াসে।

তুমি সন্ধ্যার রভস

সন্ধ্যাতে গৌতম রোমাঞ্চিত। হতচকিত। তাই ত সত্যি বলে খুশী গমক-রাঙা হোতে চায়। ওগো সন্ধ্যা, সুন্দরী সন্ধ্যা...

কিন্তু প্রিয়া সানন্দিতা—নিজের সম্বন্ধে এত গুণগাথা শোনাটা অস্বস্তিকর মনে করা মাত্র—নিত্যকার মতো নরম হাতের আড়াল দিয়ে চেপে ধরে—স্বামীর সহাসে ঘেরা অধর। ওভাবে বুজিয়ে দেয়—মধুরিম কথার ফুলঝুরি।

আজ আবার এই এখন এত, আনন্দ-স্নাত রুমুরুমু মুহূর্তে আলিঙ্গনের ঘন তাপে আবেশ ধরার পর—কথা বলার মধ্যে হঠাৎই অকারণে খুশীয়ালিন সন্ধ্যাকে এভাবে সুন্দরীধারার কান্নায় ভেসে যেতে দেখে—স্বামী গৌতম বিহ্বল সুরে না ধাঁধালেও—হোল চঞ্চল। রেপথুমন। তারই মধ্যে প্রিয়াকে নিজের তাপঝরা বুকের সুনিশ্চিত সুখের কারাগরে আর একটু বেশী ঘনতার নিভৃতি দেওয়া বাঁধনে টেনে নিল। সোহাগ সিঁদুরে। আদরে।

সন্ধ্যার পিঠময় হাতের ওই বুলানো আদর ঝরাতে থেকে গৌতম জানতে চাইলো—

—"সন্ধ্যা, আমার লাভলি, তুমি যে কি না! তোমাদের বোঝাবুঝি দেবতাকুলেরও নাগালের বাইরে থেকে যায়। এমন খুশীর এই দেশটি সুখের ধারে—আনন্দের ভারসাম্য রাখতে না পারারই যে পরিচায়ক, তা জানি। কিন্তু, কিন্তু সাঁঝের বেলা এত, পরিপাটি ক'রে তোমার মুখরুচিরায় যে প্রসাধন সযতনে সাজিয়ে তুলেছিল, বলি, দু'ধারার অশ্রুধারা ভেসে গিয়ে—করালো না কি তা এলো ? দিলো না কি মুছিয়ে ভিজিয়ে দেওয়ায় ? সত্যি, তোমার ছবি হোয়ে সব সময় ফুটে থাকা—এ মুখশ্রী এভাবে কাজলে পরাগে ঠোঁটের লাল রঙে একাকার হোলে পর—আরেক ধারার শোভায় তোমায় করায় যে—অনিন্দিতা! তুমি কেঁদো। আরো বেশী কোরে। তা দেখতে আমার বড়ো মিষ্টি লাগে। মধুরের চাইতেও মধুর। সুন্দরের চাইতেও শোভনীয়। সন্ধ্যা, তবু না কেঁদে পারো না ? বল।"

হ্যাঁ, কান্নারও আছে এক ধরনের মস্ত আর্ট। শিল্পত্ব। বিশেষ ভাবে যুবতীদের মহালে। তাদেরই রীতি মাফিক। অকারণের যতি ধরে। সত্যি-সত্যি, কখনো কোনো কারণের কণামাত্র ধার—না ধাররই মধ্যে!—স্বামী গৌতম তার বিবাহিত জীবনে এর যথার্থ রূপ চরম সার্থকতার মধ্যে দিয়ে নির্ঝরিত হোতে দেখেছে—আপন ছান্দসিকারই কাজল আঁকা, টানা-টানা দু'খানা—কালো হরিণ চোখে।—হ্যাঁ, এ কান্না তার সন্ধ্যার মনের সুখকেই করায়—ছন্দের সিমফনি। যতির রিদ্‌মিক মিটার।

ছোট্ট এক আবদারের রেশ তুলে গৌতম বলল—"সংস্কৃতটা শোনাবে আমায়।"

"হ্যাঁ, নিশ্চয়।" মাথা সেখান থেকে না তুলেই আমেজ ধরা স্বরলহরে সন্ধ্যা ঝন্‌ঝনালো মেঘদূতী ছন্দের কারাগারে বাঁধা থাকার মতোই—"শোন গৌতম। ওতে আছে, 'নীবিবন্ধোচ্ছ্বসনশিথিলং যত্র বক্ষাঙ্গনানাং/বাসঃ কামাদানিভৃতকরেশ্বাক্ষিপৎসু প্রিয়েষু/অচ্চিসত্তুঙ্গানভিমুখমপি প্রাপ্য রত্ন-প্রদীপান/হ্রীমূঢ়ানাং ভবতি বিফল-প্রেরণশ্চূর্ণমুষ্টিঃ!' এই, বলি হোল এবার? শুনলে নিশ্চয় ভালো ক'রে।"

সন্ধ্যা সন্ধ্যারই মতো রঙীন অনুরাগে ঝলমলালো তখনি—কথা শেষে—আদরায়নে যখন ওর আবেশময় অবস্থা 'হরিছে অবিরাম প্রিয়ের বাহু-পীড়া পীড়িতা রমণীর দেহের ক্লেশ, যখন তারে প্রিয় শিথিল করি' বাহু ছাড়িয়া দেয় হতে বক্ষদেশ।'

ওই মধুরাগ ভরা কাব্যিক অনুভবে আকুল হোয়ে সন্ধ্যা বলল বেপমান গলায়—

"এই। একবারটি ছাড়ো আমায়। গৌতম, হাতের বাঁধন কোরবে না শিথিল বারেক তরে? ওগো লক্ষ্মী ছেলে। শোন।"

"কেন? ঈষ্, মুক্তি চাইছো।" শুধালো সুজনক।

"হ্যাঁ। এত' জোরে তোমার শরীরের সব শক্তি জড়ো ক'রে আমায় তুমি নিজের বুকে কেড়ে রাখো না বাব্ বা, তাইতো মাঝে-মাঝে ব্যথা কোরে ওঠে। হ্যাঁ, মুখ ফুটেই বলছি, তুমি একজন মস্ত দস্যু। তায় দুর্দান্ত।" কথা শেষ কোরেই ছোট্ট এক শিশুর মতো প্রাণখোলা হাসির উদ্দামতায় আছড়ে পড়ে—সন্ধ্যা উঠলো খিলখিলিয়ে। ঝকমকিয়ে।

তখনি অল্প একটু চমক ছোঁয়ায় বিহ্বল হওয়ার মতো হোয়ে জানতে চাইলো গৌতম—

"এই মেয়ে, মন থেকে বিশ্বাস করো কি যা বললে তাই?"

প্রাণপ্রতিমের কাঁধের উপাধানে ন্যস্ত রাখা মাথা তুলে—সমস্ত মুখময় ছান্দস্ দুলুনি ভরিয়ে—দীঘল চোখের চাহনি মিটিমিটি ভাবতরঙ্গিমায় ফোটানোর একান্ত মেয়েলি আর্ট দেখাতে-দেখাতে বলল সন্ধ্যা—সুন্দরী সাঁঝের মায়ারাগ ধরে—

"করি। করি। করি। এই দস্যু ছেলে, এই ত' বার-বার তিনবার বললাম। আর আমারই মনের অতল পারাবার থেকে জানালামও।"

খিলখিলানো সরবতায় মুখর সেই শিশুর মতো দেয়ালা হাসি তখনো লেগে আছে—সন্ধ্যা শুচিস্মিতার অধরে—মধুঋতা কথা নিয়ে থামার পরেও।

"তাই ঠিক? আচ্ছা। বেশ, তবে বোঝো এইবারটি এমন বিশ্বাস রাখার ফল কি।"

কথার সাথে-সাথে যৌবনিক দুষ্টুপনায় দুর্নিবার থাকা দুরন্ত স্বভাবকে চালাচালি করার প্রয়াস দেখালো—স্বামী গৌতম—দারুণ ছন্দ-খুশীয়ালে।

শিউরে উঠলো প্রিয়ার সমস্ত বরতনু।

যুবতীপনা প্রায় কান্নার সামিল হোল দুষ্টুমান গৌতমের সজোরে বিস্তার ক'রে রাখা বাহুলতায় তৈরী বাঁধন—সংকোচন করার মধ্যে।

"না-না। ছেড়ো দাও। লাগছে বড়ো। এই গৌতম, কী যে না তুমি। এই লক্ষ্মী ছেলে হোয়ে আছো কি, মুহূর্তের টানে হোয়ে ওঠো অসম দুষ্টুবুদ্ধিতে দুরন্ত ছেলেটি! তোমায় নিয়ে পারা সত্যি মুস্কিল। ছাড়ো না, লাগছে খুব। এমন দস্যির মতো জোরে আমায় তোমার বুকে ধরে রেখেছো দেখলে মনে হয় যেন অন্যে কেউ আমায় পাছে কখনো যদি চুরি করে নিয়ে যায়—ঠিক তেমনি।"

মুহূর্তের যৌবনিক প্রণয়ে যুবক তার সজোর আলিঙ্গনা—লৌহকপাটের কঠিন ঘেরাটোপে ঘিরে ধরায়—তখনি যেন উবে গেলো তার রত্নাবধূর লাল অধরে দুলতে থাকা—সেই খিলখিলানো স্ফূর্তির জোয়ার! চোখের ঘন আঁধার ভরা কুট্টিম আর অপাঙ্গ চাহনির ফাঁকে মিটমিট তারার মতো জ্বলছে না তখন—মুক্তাদানার ঝলকে জল থৈ থৈ ক'রে ওঠায়।

মিষ্টি গলার স্বরে কারণ বিহ্বলতা ভরিয়ে—সন্ধ্যা কাঁদো-কাঁদো হোয়ে জানালো, তখন-তখনি—

—"বেশ। ছাড়বে না ত'? আচ্ছা রাতে যখন শরীর ব্যথায় টনটন ক'রবে—তখন কিন্তু তোমার এক্তিয়ারে থাকবে টুলটুল। দেখো, তখন কত আরাম লাগে। ভালোয় ভালোয় আমায় এখন লক্ষ্মীটি ছেড়ে দাও। রাতে দেখবে কত বেশী নিশ্চিন্তে নিরুপদ্রবে—নিরুপম এক ঘুমের রাজ্যে চলে গেছো। সত্যি বলছি, ছাড়ো। রাতে ভালো ভাবেই তুমি আজ আমায় পাবে। এখনকার মতো সব দুষ্টুপনা জমা রেখে দাও, কেমন? না-না, কথা দিচ্ছি, শান্ত হোয়ে ঘুমিয়ে থাকা টুলটুলকে তখন আমাদের মাঝখানে থেকে সন্তর্পণে তুলে নিয়ে—দেওয়ালের ধারে শুইয়ে দেবো। না-না, তাই বলে বেবীকটে শোয়াবো না। সেটা হবে স্বার্থপরের মতো। চারদিকে ওর বালিশের ব্যূহ ঘন ভাবে রচনা ক'রবো—যাতে এমতাটা ওকে অনেকক্ষণ পর্যন্ত রাখতে পারে সুপ্ত। নিরুপদ্রব। বুঝলে? বাঃ, এই ত' লক্ষ্মী ছেলে। বেশ কথা শুনলে তা হোলে।"

নিজের ডান হাত তুলে তর্জনী দিয়ে চোখে ছেপে ওঠা জলরেখা মুছে নিতে-নিতে সন্ধ্যা বলল—চিরকালীন স্বভাবস্নিগ্ধ যুবতীত্বে রেঙে—

"তুমি এত' ভালো ছেলে যে তার তুলনা নেই। সত্যি ভালো। হ্যাঁ-হ্যাঁ, গৌতম, এই দ্যাখো না কত সুন্দর কোরে তুমি আমায় আদর কোরলে—যতো বেশী শরীরী জোর থাকতে পারে একজন স্বাস্থ্যবান ছেলের, ঠিক তারই সজোর বাহুবন্ধনে। বুঝতে পারছি এর পরিচয়—আমার পিঠের দু'ধারে—তোমার হাতের ছাপ তুলে দিয়েছে।

অল্পস্বল্প ব্যথা ক'রছে। যাক্, তবু ভালো বলতে হ'বে যে রাতের কথায় আমায় ছেড়ে দিলে শেষ অবধি।"

আগের মতোই দেয়ালা হাসির লাল ঝলক ফুটে এলো সন্ধ্যার রঙীন ঠোঁটের চোহদ্দি ছাপিয়ে।

—"গৌতম, ওকি, অমন অবাক বিস্ময়ে তাকাচ্ছো কেন আমার প্রতি? বাব্‌বা, দুষ্টুমিকে আর মাত্রা ছাড়িয়ে নিতে পারলে না বলেই বুঝি—অভিমান ক'রতে চাইছো আমার 'পরে? কৈ, কথা বল।"

কথার মধ্যে প্রিয়ার শুচিস্নিগ্ধ ভাব ঝল্‌মলিয়ে গেল—আমেজ ছড়িয়ে। ঝরিয়ে। নাচিয়ে।

"এই? বলি, লক্ষ্মী ছেলে, টুলটুলকে ঘুমে ও-ভাবে নিশ্চিন্ত রাখার পর কী কোরবো বলত' দেখি।"

আনন্দের ঝরনাধারা তখন সন্ধ্যার দীঘল চোখের কাজলদৃষ্টিতে ঝকঝক্ কোরে উঠেছে। দুলুনি ভরিয়ে।

"কৈ, বল গৌতম। আমার মনের গোপন কথাটি পারো কি বলে দিতে? ওগো মধুর, বল, হোয়ো না কণামাত্র এ নিয়ে অধীর।"

"পারলেও আমি কখন বলতে পারবো না সন্ধ্যা।" একটু থামলো পলক তরে। তারপর বলল অসহায়ের মতো হোয়ে—"সন্ধ্যা, আমার আদর, তোমার কথা তুমিই বলে শেষ কর। কেমন?"—কথা শেষে সেই ক্ষণেকের অসহায় ভাবটিকে লুকোতে তো চাইলো গৌতম—প্রিয়ার সুরভিত মস্ত খোঁপার রেশমী অনুভবে—নিজের মুখ ডুবিয়ে দিয়ে।

সুমসৃণ দুটি পেলব হাতের নরম বাঁধন মালার মতো ক'রে সুদর্শন স্বামীর গলায় জড়িয়ে রেখে—প্রিয়ংবদার পরিচয় ধরে সন্ধ্যা জানাতে লাগল কাকলী-নির্ঝরে—রুমঝুমিয়ে,

"জানো গৌতম, আজ থেকে ঠিক ক'রেছি টুলটুলকে ও-ভাবে ঘুমের রাজত্বে নির্বাসন দিয়ে, বুঝলে, যা বলছিলাম আর কি, ওর প্রথম রাতের লম্বা একটানা ঘুমটি যতক্ষণ না ভাঙ্গছে, হ্যাঁ, ঠিক সেই টানা সময় ধরে—তোমার পাশে শুয়ে আদুরে মেয়র মতো নিজেকে সঁপে দিয়ে রাখবো তোমারই বুকে। তোমারই তাপনির্ঝর কোলে। তারপর আমায় তোমার বুকে নিয়ে, কোলে পেয়ে যুবকোচিত রীতিতে—যতো দুষ্টুমির দুরন্ত লোকে টেনে নিয়েই যাও না কেন,—তাতে বুঝলে গৌতম—আমি খুশী হবো চরমে। সুখী হবো অসমে। কেন, জানো? বলতে পারো এত,

বেশী নিশ্চিন্তি পেলাম কোথা থেকে—দারুণ সহজ পদক্ষেপ যে কোনো মিথুনসম্পর্ক ধরে—মিতালিসুন্দর হোতো চাইছি?"

কবির আপন মনের মাধুরী মিশায়ে রচনা করারই মতো এ মধুরিম ব্যাখ্যার সঠিক অনুধাবনে নামতে না পেরে—শ্রীমতীরত্না এই মঞ্জুলিকা সন্ধ্যার ছবির মতো মুখের প্রতি বিস্ময়বিস্ফারিত অপলক চাহনি তুলে ধরে মৌন হোয়েই থাকলো—তার এই বরপুরুষ। কোন হদিস খুঁজে পেলো না গৌতম—এই প্রশ্নায়িত কেন'র রহস্য উন্মোচনে।

"মধুর, তুমি অবুঝ ছেলে নও ত' কী? আজই বাড়ী ফিরে তুমি, জানলে না এই গরিমা রাঙা কথাটি, যে,—দু'মাস হোল আই হ্যাভ্ কন্সীভড্ আওয়ার সেকেণ্ড চাইল্ড। আবার খুবই শিগ্গির ক'রে হোলেও, ভাববার মধ্যে দারুণ রোমাঞ্চ আছে। কেন, জানো?"

ছোট্ট এক ছেলের মতো অবুঝ মনে ব্যাকুলতা নিয়ে চুপটি কোরে রইল স্বামী গৌতম—প্রিয়ার ছড়িয়ে রাখা নরম বাহুলতার ঘেরে।

"সত্যি, জানি না সন্ধ্যা। জানা থাকলেও এখন তোমার প্রশ্নের ছায়ায় তা ঢেকে গেছে—অজানারই জিনিস হ'য়ে। হ্যাঁ, তুমি জানাও তা বুঝিয়ে। সাজিয়ে। জানো ত' যৌবনের মধুর কথাগুলো তুমি যতো সুন্দর ভাবে পরিবেশন করাতে পারো,—আদর, আমি কি পারি তা তত'টা? সন্ধ্যা, আমার লাভলি!"

চোখে-মুখে চাহনি ও হাসির নির্বিকার হ'য়ে ওঠা ভাব গৌতমকে অবুঝ শিশুই ক'রে তুলেছে। শান্ত। সমাহিত সৌম্য। সন্ধ্যাকর!

"সন্ধ্যা, এই?"

"বল। শুনছি গৌতম।"

"বলছি, এমন কি রোমাঞ্চের কথা আছে, যার বিষয় ধরে তুমি এত' খুশীয়াল হোচ্ছ? সন্ধ্যা, বল।"

"শুনলেই যে সব মাধুর্য্য শেষ হোয়ে যাবে। গৌতম, তাই জানাতে অল্প-স্বল্প গড়িমসি ক'রছি।"

মুক্তার মতো ঝকঝকে দাঁতে—নিজের ঠোঁট ছাপানো পাগল করা হাসির তীব্রতা রোধ করার জন্য—চেপে ধরলো সন্ধ্যা। তবু সেই মারাত্মক হাসির রেশ শেষ হোয়েও—হোচ্ছে না শেষ। চাপা দু' ঠোঁটের বাঁকাচোরা কোণ দিয়ে গমক ঠেলে বেরিয়ে আসছে। ঠিকরে। আছড়ে।

নয়নাভিরাম চোখের দীঘল দীঘিতে—টলায়মান মদিরা কাজল আঁকা পাতামধ্যে ঢেকে রেখে—বলল সন্ধ্যা আদর করার ভঙ্গিমায়—

"গৌতম, বলি জানো, এখন আমাদের অবস্থা কত' মুক্ত। কত' বেশী নিশ্চিন্তি নিতে পেরেছে।" সন্ধ্যা-প্রিয়া চুপ কোরল এটুকু বলেই।

ঔৎসুক্য ঝরলো গৌতমের গলায়—

"এই মেয়ে, বলি কি ব্যাপারে?"

"ব্যাপার ত' আমাদের নিয়েই। তা তোমার জন্য। তোমার এই লক্ষ্মী মেয়েটির জন্যও। যাতে তুমি তোমার সন্ধ্যার সাজানো-গোছানো দেহী অবস্থাটি অস্বীকার করার অভিলাষে মেতে—ভয়ানক বেশী দুষ্টু হ'তে পারো, এ হোল সেই তারই বিষয়।"

আরো গাঢ় হোল ঔৎসুক্য। গৌতম জানতে চাইলো—"তার মানে?"

"মানে খুঁজতে চাইছো গৌতম!" বলতে-বলতে চোখ বন্ধ রেখেই মধুর যুবকের ঈষৎ ছোপ ধরা অধরসমীপবর্তী হোল সন্ধ্যা সানন্দিতা—নিজের মুখের সাথে দু'ধারার ঘনতা সংস্থাপনার্থে।

বলল সন্ধ্যা দারুণ এক নিলাজিতার মঞ্জুলে রাখা ধ্যানে আকুল হ'তে হ'তে—

"গৌতম। আমার আদর। তুমি আজ যেমন ভাবে আমায় চাইবে, পাবে ঠিক তেমনি ভাবে। অনায়াসে। বিনা দ্বিধায়। প্রিয়া এরই মধ্যে আজ তোমার সৃজনী শোণিতে পুনরায় দ্বিতীয় সন্তানের সম্ভাবনায় পুষ্পিতা হ'য়ে পড়েছে। জানো ত' তাই আজ আমার পরিচয়—দেহীবিলাসে পুরোপুরি মুক্তিপ্রিয়া। মিথুন যতোই তুফান হোয়ে আমার যৌবন নিয়ে তোমায় মাতাল করাক না কেন—এ জানবে তাই স্বাভাবিক—আমার এই সৃষ্টিশীল পৃথিবীতে। আর ভয় নেই। দ্বিধা আসবে না কণামাত্র। থাকছে না অহেতুক ভাব-ভাবনার টানাটানি। ওগো, তোমার ইচ্ছার যুবকত্ব নিয়ে। আমার অনিচ্ছার যুবতীত্ব ঘিরে। হবে না কোন জারিজুরি। কেন, জানো?"

আলতো চুমার স্নিগ্ধ আদর বারেকের জন্য গৌতমের বাক্‌শূন্য ঠোঁটে বসিয়ে দিয়ে—সলাজুকার তরঙ্গিমায় দুলতে দুলতে ওর রত্নাবধূ জানালো এক বহুত করা মিনতি—

"আমার এখনকার অবস্থায়, মানে এইমাত্র দু'মাসের কন্‌ফাইন্‌মেন্ট পিরিয়ডে তোমার, হ্যাঁ আদর, তোমার কোলে আমি রাতের আঁধারে প্রণয়ের জ্যোৎস্না হোয়ে যখন নিজেকে সঁপে দেবো, বুঝলে তখন, হ্যাঁ, গৌতম, তখন তোমাতে-আমাতে যুগলিত মিলন-মেলায় লগ্ন-শুভ মিথুন নিয়ে আর আমি হবো না—ভীতিবিহ্বলা। তুমি হবে না সসংকোচে—শঙ্কিত। এবার এখন থেকে আমার থাকবে না—বিন্দুপরিমাণ ভয়ের শিহরণ। তুমি হবে না মোটেই শঙ্কায় দিশেহারা।"

কাকলি ধরা কথা স্ফূর্ত হাসির গমকে টাল খেয়ে পড়লো—ক্ষণেকের জন্য।

শুধালো গৌতম—"কেন?"

"ভারী দুষ্টু তুমি! কিচ্ছু যেন বোঝো না দেখাচ্ছো এমনই এক ভাব। না!" তাই বলার মধ্যে সন্ধ্যা নিজের বক্তব্য করাতে চাইলো এইবারটি সহজ সরল— "গৌতম, আমার সম্ভাবিত দ্বিতীয় সন্তান যত'দিন না পৃথিবীর মধুর আলোকধারায় চোখ মেলে—পুন্যশ্লোক হ'তে পারছে,—তত'দিন ঠিক আর আমার কোনো ভয় থাকছে না। আমার মধ্যে পুষ্পিত এই আনকোরা নতুন প্রাণ তার স্বত্বা নিয়ে ছিমছাম এক ডল্ পুতুলের আকারে দিন-দিনে পরিপূর্ণ রূপ নিতে থাকায়,—ও, মানে এই সম্ভাবিত প্রাণকণা আর অন্য কোন উপায় খোলা রাখলো না—যাতে তোমার আবদার অনুযায়ী মিথুনে লাজহরা হোয়ে—ইন্ ইটস্ ট্রিমেণ্ডাস্ য়্যাক্সটেসিতে—যতোই মাতি না কেন,—তবু আর তোমার দেহের পবিত্র কোন অণু পরিমাণ শোণিতকণা—আমার মধ্যে খুঁজে পাবে না সৃষ্টির—সেই উৎসটিকে। কাজেই, উই হ্যাভ নো মোর এনি নীড্ অফ্ প্রিকোশান।"

প্রজ্ঞাপারমিতার সেই নামধেয় মাধুর্য্য—তখন এই সাঁঝের সুন্দর পরিবেশ ধরে সন্ধ্যাকে কোরে তুলেছে—অপার রহস্যময়ী। অথির বিজুরিকা।

সব কিছু জানাকে যেন ভুলে গেছে এমনি এক অসহায় অবস্থার মুখোমুখি এসে দাঁড়ানো গৌতম বলল আকুলতা দেখিয়ে—

"কেন? কি কারণে?"

"ভারী অবুঝ সেজে বসছো, না?" তাই শুধিয়ে নিয়ে সন্ধ্যা বলে উঠল রূপকথার মায়াঞ্জন ভরিয়ে, তারই প্রভা প্রাণাধিকের মনে পরশ বুলিয়ে দেওয়ার মতোই—

"শোন গৌতম, 'ইট্ হ্যাজ বিন অবজার্ভড্ দ্যাট্ মোর দ্যান ওয়ান মেল সেল্ ক্যান এণ্টার দ্য এগ্—বাট ইজ থট দ্যাট ওনলি দ্য ফার্স্ট টু রীচ দ্য ফিমেল নিউক্লিয়াস ক্যান কমপ্লিট ফার্টিলাইজেশন,—দেয়ারবাই শাটিং আউট দ্য কম্পিটিং স্পার্ম সেলস্।'—বুঝলে, আশা করি। শ্রীমতী জেরালাডাইন্ লাক্স ফ্লানাগান—এ কথা বলে গেছেন মেয়েদের কন্ফাইনটেন্ট পিরিয়ডের প্রথম মুহূর্ত থেকে ধরে—প্রতিটি দিন, সপ্তাহ, আর মাসে-মাসে ঘটে চলা—সৃষ্টিকাজের নানান পর্যায়গত ডেভলপ্মেণ্টের পুঙ্খানুপুঙ্খ ভাবে ব্যাখ্যা করা—ঐ 'দ্য ফার্স্ট নাইন মান্থস্ অফ লাইফ্' নামী গ্রন্থে। টুলটুল হওয়ার আগে বইটি ছিল আমার পথপ্রদর্শক। অনেক বার পড়ার দরুণ এই কথা মনে র'য়ে গেছে। তাই বলছিলাম কি, হ্যাঁ, বলছিলাম এবার থেকে নির্ভাবনায় নিঃশঙ্ক চিত্তে তুমি আমার রাতের প্রমত্ত প্রহর ধরে—মিথুনলোকে খুশী হ'তে হ'তে রাখতে পারবে—সুখী। দারুণ রভসিতা। ধ্যাৎ, বাজে কথা বলছি না? লোকে এমন

অবস্থায় আমার মুখে এই লাজহীন অভিলাষে—স্বেচ্ছায় ডুবে যাবার ইচ্ছা প্রকাশ ক'রতে দেখে ভাববে—তোমার সন্ধ্যা কত লোভী ! কত বেশরম !" একটু বিরতির ছন্দ ধরে বলতে লাগলো সন্ধ্যা মধুরিকার আর্তিতে—

"হ্যাঁ হ্যাঁ, আমি জানি আমার গৌতম আমায় ভুল বুঝবে না।"

সে কথা বলেই প্রাণাধিকের সুস্মিত ঠোঁটে সশব্দে ঘেরা সেই চুম-চুমা-চুম আলপনা দীর্ঘ ক'রে এঁকে দিয়ে—সুধীরা হোয়ে সন্ধ্যা জানালো—

"এই মনে আছে ? মনে করাবো ?"

"কী ? লাভলি, তুমিই মনে করিয়ে দাও।"

"দিচ্ছি।" আবেশ ঝরা গলায় নিবেদনে নামলো সন্ধ্যা—"যৌবনকালে শুধু শুচিতা নিয়েই বিবাহিত যুবক সকাশে—যুবতীর প্রসঙ্গ পৌছয় মিথুনের আসঙ্গ নিয়ে। এ কথা বিয়ের আগে আমায় কোর্টশিপ্, করার ফাঁকে—একদিন ভাবে জ্বল্‌জ্বল্ হোয়ে তুমিই বলেছিলে। আর, তারপর গৌতম তুমি এ-ও বলেছিলে যে, যৌবনে পরস্পরের যৌবনকে ব্যবহারে—যেন আমরা যৌবনের সুধা নিয়েই মাতি। ড্রিঙ্ক দ্য গ্যাষ্টো অফ লাভ টু দ্য ইয়্যুথ্ ! মনে পড়ে গৌতম, একদিন তুমি তোমার মনের কথা খোলাখুলি ভাবকুট্টিম করার মধ্যে—একখানা সুন্দর চিঠি হাজারীবাগ বেড়াতে গিয়ে লিখেছিলে,

'জানো সন্ধ্যা, এখানকার প্রাকৃতিক পরিবেশ আমায় এত মুগ্ধ কোরে তুলছে যে, খালি জন কীটসের মতো নিজেকে মনে হোচ্ছে—ওয়ান হু হ্যাজ বিন্ লঙ্ ইন্ দ্য সিটি পেন্ট। এখানের বন-বাংলাতো থাকতে-থাকতে, গাছ গাছালির শুধু সবুজ সমারোহে অহরহ যাচ্ছে আমার চোখ ধাঁধিয়ে। অনুভব ক'রছি দারুণ অস্বস্তির সঙ্গে যে, এখানে তুমি অনুপস্থিত। মাঝে-মাঝে দুপুরে ছায়াসুনিবিড় মৌনতা ছড়িয়ে রাখা কোন গাছের নীচে শতরঞ্চি বিছিয়ে হাল্‌কা মেজাজের বই শুয়ে-শুয়ে যখন পড়ি, তখন প্রায়ই কবি হোতে ইচ্ছে যায়। মনে গুনগুনিয়ে ওঠে কয়েক লাইন। ছন্দে ঘিরে। ভাবে মাখামাখি হ'য়ে। কিন্তু আমার কাছে অমন অবস্থায় অমারই বুকে—নিজস্ব গুচ্ছ-গুচ্ছ সোনালী চুলে ভরা মাথাটি রেখে কোন ফ্যানি ব্রন্ প্রণয়সাধিকার আর্তিতে ঝল্‌মলাতে থেকে, নীল-নীল দুটি ডাগর চোখের মিষ্টি চাহনি দূর-সুদূরের আকাশে ধরে রেখে—বারে বারে ব্যস্ত হ'য়ে ওঠে না—ওর এই বিশেষ ধরনেরই স্লিপিং-কাম-সিটিং ভঙ্গিমায় শ্বেতশুভ্র দু'খানি হাঁটু ছাড়িয়ে রেশমী স্কার্ট হাওয়ার দাপটে সরে-সরে যাচ্ছে কিনা—তাই দেখা নিয়ে। হয় ত' বা লাজের গুরুভারে ভেঙ্গে পড়তো—লিজারেরই প্লেজারেবল মুডে—আমারই বুকে শায়িতা ঐ শ্রীমতী—যখন যুবক তার যৌবনিক স্বভাবে দুষ্টু হ'তে-হ'তে আপন হাতে মধুরিকার

নিখুঁত ছবির মতো বুকখানার ধারালো সুষমায় আদর করার কানুনে—ভরাতো মুঠো-মুঠো শিহরণ। গুচ্ছ-গুচ্ছ আরক্তিম চন্দ্রমল্লিকা তোলাতো ফুটিয়ে—যেমন সত্যেন দত্তের সেই লিমেরিক কবিতার জাপানী মেয়ে ও'হারুর যৌবনতরী বুকেতে উঠতো ফুটে। থরে থরে। বৃন্তে বৃন্তে। ইষ্, লজ্জায় উঠছো ত' ভয়ানকরকমে রেঙে ? সন্ধ্যা, তাই না ? আমি ত' তোমার মন দিয়ে আগাগোড়া ক'রেছি—মনসিজা। মনোবাসিতা। জানি, অনেক আধুনিক আজ যেখান ধার ধারে না কণামাত্র লজ্জার—সেখানে তুমি অসম ভাবে ভালো বলে ভালোবাসো—লাজুকার নম্র ছন্দটিকে। ব্রীড়াবনতাকে।

জানো সন্ধ্যা, লজ্জা শব্দটি যত বেশী ভাবগাঢ়, —তেমনি ঐ ইংরেজীর 'শাই' বা 'কয়' বা 'মডেষ্টী'—অতটা গভীর নয় লাজময়তা বোঝানোর ব্যাপারে। এ আমার নিজস্ব ধারণা। জানতে ইচ্ছা করে, তোমারও কি তাই ?

শোন সন্ধ্যা, গাছ-গাছালির সুনিবিড়ী মধ্যয়ায়—আমি তোমাকে ভাবছি। তোমাকে দেখছি। মজা পাচ্ছি ভেবে চলায়। তুমি যদি কাছে থাকতে, আমারই শতরঞ্চে ঐ শোয়ায়-বসায় কখনো পা ছড়িয়ে, নয় ত' শাড়ির আড়ালে গুটিয়ে, হাতে থাকতো ক্যাডবেরীর ফ্রাই, তা খাঁজে-খাঁজে টুকরো ক'রে ভেঙ্গে নিজের মুখে দিতে, আর বলতে 'এই, হাঁ কর'। আর কথা মতো তা'করার সাথে পলকও পড়তো না—তুমি তা পুরে দিতে আমার মুখে। ভারী মজার, না ? তোমার লাল পাড় শাড়ী উড়তো বাদলার পাগলা হাওয়ায়। পিঠ এড়িয়ে, আর শৈল্পিকতায় ঝকমকানো বুক ছাড়িয়ে। এড়িয়ে। কেয়ারফুলি কেয়ারলেসলি।

তুবি বলতে অস্ফুটে 'না-না, দ্যুৎ। ছাড়ান দাও দুষ্টমি'। কিন্তু ওটা ত' তোমাদের মনের কথা নয়।

মনের কথা ইশারায় জানায়, ওগো সুন্দরমন, তোমার যুবক স্বভাবে মধুর হ'য়ে 'রাঙাও আমারই বুকের কাঁচলি।' তুমি যখন আঁচলে আবার আড়াল দেওয়াবে,—তখন কানে-কানে তোমায় শুধাতাম নিশ্চয় 'কোমল দুখানি বাহু শরমে লতায়ে/বিকশিত স্তন দুটি আগুলিয়া রয়,/তারি মাঝখানে কি যে রয়েছে লুকায়ে/অতিশয় সযতনে গোপন হৃদয়।'—তাই, হ্যাঁ, আজ এখানের সবুজ বনানীর সাথে আরো সবুজ হোয়ে চুপি-চুপি শুধাই 'সেই নিরালায়, সেই কোমল আসনে,/দুইখানা স্নেহস্ফুট স্তনের ছায়ায়' রাখবে না কি আমায়—নিরবধিকালের জন্য ? ওগো সন্ধ্যা, মাই লাভলিয়েস্ট্ ইভেনিঙ্ ?

মধুমিতা, জানো, আমার ভালোবাসা আমারই জীবনপণ করা ধর্ম। আর তার প্রবাহমান পথের উৎস বল, আর লক্ষ্যই বল না কেন—সে হোলে তুমি। তুমি। তুমি-ই। আমার জানাতে ইচ্ছুক শতেকেরও বেশী বছর আগে,—বুঝলে আনন্দিতা ঠিক

তাঁরই জবানবন্দীতে—'Love is my religion—I can die for that. I could did for you. My Creed is Love and you ane is only tenet. You have revished me away by a power I cannot resist....I cannot breathe without you....'

এ কথা উদ্ধৃত ক'রছি দারুণ পুলক থেকে। তারই ঝলকে দুলে উঠে বিহ্বল হ'য়ে। আমি লিখছি। কিন্তু লেখা ফুরাতে চাইছে না কিছুতেই। প্রিয়ার কাছে পত্রবিলাসে নামলে পর বোধ হয় কেন, হয় ত' নিশ্চয়ই—এমন বাদুলে পাগলামি পেয়ে বসে! কত পাগলামিই না পেয়ে বসেছে আমায়। দেখলে পর তুমি নিজেই হেসে লুটোপুটি খেতে। হেসে—গড়িয়ে কুটোপাট।

সেই বিয়ে বাড়ীতে আর সবার ফোটো তোলার ফাঁকে—প্রথম পরিচয়ে তুমি আমায় অনুমতি দিয়েছিল—তোমারও একটি স্ন্যাপ্ নিতে চাওয়ায়। গেভাপন ফিল্মে তোলার সে ফোটো তোমার চেহারা ও সাজ-পোশাক প্রতিটি নিয়েই—হু-বহু রঙ-বেরঙে ফুটেছিল। জানো সন্ধ্যা, তারই ক্যাবিনেট সাইজ এক এনলার্জমেন্ট সঙ্গে ক'রে এনেছি। রোলাঁর মহাগ্রন্থ 'জ্যাঁ ক্রিস্তফে'র মধ্যে ছিল। বার ক'রে তার গায়ে দাঁড় করিয়ে রেখেছি।

জানো, দু'চোখ দিয়ে দেখছি। তারিয়ে তারিয়ে ছবির মধ্যে ব্যঞ্জিত তোমার ম্যাচলেশ সুষমার রূপাঞ্জন চোখে মাখছি। তোমার বাম ধারের প্রোফাইলে তোলা। ঐ মুহূর্তে মনে পড়ে তুমি তোমার লাল পিওর সিল্কের সোনালী পাড় শাড়ী পরেছিলে—গাছকোমরে টাইট কোরে। ব্লাউজখানা ছিল সাদা দুগ্ধফেননিভ। তাতে ব্রোকেডের কাজ করা। তুমি পেছনে দু'খানা হাত রেখেছিলে মুষ্টিবদ্ধ—একটা খাবারের রেকাবিকে ছবির আওতা থেকে বাদ দেবার জন্য। চমৎকার ছবি উঠেছিল। তুমি ছোট্ট মেয়ের মতো পরে তা হাতে নিয়ে দেখতে দেখতে—'কি সুন্দর! ঈষ্, আমি কী এত' সুন্দর!' বলতে বলতে একটা নাচের ছন্দ খেলিয়েছিলে তুমি—তোমার সমস্ত শরীরময়। যার ফলে তোমার মাথার লাল বিরন বোধ হয় আল্গা ভাবে ফুল হ'য়ে থাকায়—খুলে গিয়েছিল। তুমি পরমুহূর্তে আমায় চমক দিয়ে—আমারই সামনে কেঁদে ফেলেছিলে।

বলেছিলে, 'এ কি কোরেছো তুমি ফোটোতে।'

'জানো গৌতম, আমি কত লক্ষ্মী মেয়ে। আর এই ফোটোর আমি দেখতে হ'য়েছি ভয়ানক দুষ্টু মতন। খু-উ-ব আধুনিক। ধ্যাৎ। এ আমি নই।'

আর তখনি তোমার মা তোমায় ডেকে ওঠায়—তুমি পড়ি কি মরি ক'রে ছুটে বেরিয়ে গিয়েছিলে। দরজার কাছে গিয়ে ফ্রেম থেকে দু'ভাগ করা ক্রেপ কাপড়ের আকাশ রঙ্ পর্দায়—তাড়াতাড়ি জোরে জোরে ঘষে মুছে নিয়েছিলে—চোখের জল।

তারপর কিছুক্ষণ পরে বাইরে থেকেই খিল্‌খিলানো হাসিতে ছুটতে ছুটতে ঘরে এসেছিল—এক হাতে চায়ের পেয়ালা অন্য হাতে খাবারের রেকাবি নিয়ে। সমস্ত শরীরের যৌবনিক কন্টুর (contour) ভরিয়ে এক নাচের মুদ্রা খেলিয়ে—সামনের টেবিলে রাখতে রাখাত—লাল সোয়েটসের স্লিপারে ঝরিয়েছিলে নাচের শেষ বোল—ছান্দষ্‌ভাবে পা ফেলে ফেলে। সপ্রগলভা হোয়ে নিজের দু'হাত জড়ো ক'রে সামনে আমার ওপের হুমড়ি খেয়ে পড়ার মতো হোয়েই বলেছিলে 'গৌতম? এই, হুজুরে হাজির আছি। তা' এই বার কালবিলম্ব না ক'রে আপনি ভুজপাশে বান্ধি করো দ্বন্দ্ব। কেমন?

তোমার কোনো এক ছোট্ট মেয়ের মতো দেয়ালা হাসিতে ঝলসে উঠে। বলেছিলে তখনি, 'অনার্সে বিদ্যাপতি পড়তে হ'য়েছিলো। আচ্ছা গৌতম ফোটোতে তুমি যে আমায় একেবারে বানিয়ে দিয়েছো বিদ্যাপতির আঁকা শ্রীরাধা। কী দুষ্টু মেয়ে আমি! বল, তা না হোলে অমন পোজে এই প্রোফাইল ছবিটি তুলতে দিলাম কেন? তোমার সন্ধ্যা যে তোমার ক্যামেরায় শ্রীরাধা হোয়ে উঠে 'ফুলের গেরুয়া ধরয়ে লুকিয়ে সঘনে দেখায় পাশ। উঁচু কুচযুগে বসন ঘুচে মুচকি হাস।' ঠিক তা যে।'

তারপর আমার একখানা এনলার্জ করা কপিতে তুমি দিয়েছিলে তোমার নাম লিখে। সেটাই আমার কাছে রয়েছে এখন। আমিও দিয়েছিলাম নিজের হস্তাক্ষরে মন্তব্য ভরিয়ে—যেটি তোমার দেরাজে কোন না কোন শাড়ীর ভাঁজে রেখেছো সযত্নে। জানো সন্ধ্যা, তোমার ঐ জন্ কীটসের ধ্যানে ভাবিত ও অনুরঞ্জিত হোয়ে এই পত্রালী মারফৎ জানাচ্ছি আমার রুচিস্নিগ্ধ এক মিনতিভার—

'O, let me once more rest
My soul upon that dazzling breast!
Let once again those achin arms be plac'd
The tender gaolers of thy waist!
And let me feel that warm breath here and there,
To spread rapture in my every hair.'

নিজের মহাকবি পরিচিতের মতোই, ব্যক্তিক জীবনে ছাব্বিশ বছরের স্বল্পায়ু এই কীটস্ ছিলেন মহাপ্রেমিকও। সন্ধ্যা, আমার লাভ্‌লি, একটিবার ভেবে দ্যাখো ত' তা হোলেই বুঝবে—কত গভীর ভালোবাসার অনুধ্যান জানতেন এই মহাকবি। এই চির সৌন্দর্যের মহান সাধক। ভাবলে মুঠো মুঠো অবাক বিস্ময়ে মন-প্রাণ ছেয়ে যায়। রেঙে ওঠে। জানো সন্ধ্যা, আজ যেমন এক একবার অসীম আকাশের নীল নির্জনতার দিকে তাকিয়ে উদার ব্যাপ্তির ছোঁয়ায় সীমা-সীমাহীনতার হদিশ নিয়ে

বিবাগী হ'চ্ছি, বুঝলে তেমনি ওপর থেকে দৃষ্টি নামিয়ে এনে যেই সামনে রাখা ফোটোতে তোমায় দেখছি, ঠিক তখনই বুঝতে পারছি—আমারই যৌবনের সীমা। জীবনের ধর্ম। গেভা-প্রিন্টে ফুটে উঠেছে তোমার লাল লাল ঠোঁট। ঝল্সে আছে তার কিনারা জুড়ে—তোমারই শুচিস্মিতা রূপ। তার ধ্যানস্নিগ্ধতা।

জানো সন্ধ্যা, তোমার এ ঠোঁট এত ভাবময়তার ছন্দ নিয়েও—আকুল হয়ে আছে—দুষ্টু অনেক কিছু অভিলাষে। অভিমানে। এখনও জানি এ ঠোঁট কৌমার্য্য হারায় নি—যদিও তুমি আমায় কয়েকদিন আগেই দিয়েছিলে এক সানন্দিতার অধরে—থরে থরে মন্ পসন্দ্ যুবকেরই অধরায়ন সমাপ্ত করার জন্য—রীতিসুন্দর অধিকারটী। তার স্বাধিকারকে।

সন্ধ্যা তখন কথার গতি হারিয়ে মৌনতার ধ্যানে—অধরে অধরে ক্ষণিকের জন্য ঘটিয়েছিত—প্রণয়সম্মিলন। সম্পন্ন হোয়েছিল রুমুঝুম্ সন্ধ্যালী লগনের—নির্জন স্বাক্ষরিল—One small bethothed kiss. আজ সে কথা মনে ঝল্মল্ ক'রতে থাকায়, আর মাদুরে রাখা বইয়ে ঠেস দিয়ে থাকা তোমার ঐ গেভাপ্রিন্ট ফটো অপলক চোখে দেখায়—মনমদির স্ফূর্তিতে ভাসতে ভাসতে ভাবছি—সেদিন আমার যুবকাধর তোমারই অভিলাস অনুযায়ী 'met in embrace with your red lips, 'It was the juxtaposiion of two orbicularies oris muscles in a state of contraction.' সন্ধ্যা। সেই যৌবনের দু'তরফাই তেমন ভাবগাঢ় লাজগাঢ় ক্ষণিকের অধিবাসে—প্রাথমিক কুমারবিস্ময়টির উন্মোচনে সহযোগী হ'য়েছিল—এমন ব্যাখ্যায়। এমনই ধ্যানের আকর্ষণে। নিলাজে মৃদুল—কনট্রাক্শানে। জাক্সটাপজিশানে। স্বাভাবিক রঙে ফুটে ওঠা এই ফটোর তোমায় লাল-লাল অধর জোড়া শুচিস্মিতা-তরঙ্গিমা—আমার মনে গুন-গুনিয়ে তুলছে—লর্ড বায়রনকে। তুমি আমার হেইডী। আমি তোমার জুয়ান। তাই মনে হোচ্ছে—

'A long, long kiss, a kiss of youth and love,
And beauty, all concentrating like rays,
Into one focus kindled from above;
Such kisses as belong to early days,
Where heart and soul and sense in concert move,
And blood's, have and the pulse a blaze
Each kiss a heart–quake and for a kiss—is strength,
I think it must be reckoned by its length.'

জানো সন্ধ্যা, তারপর দেখছি তোমার লাল রেশমী শাড়ীর আঁচলে আড়াল দেওয়া সত্বেও—গাছকোমরে তা পরার জন্যই তোমার মধুছন্দায়ী বক্ষসুষমা—ভাষাময় রূপতরঙ্গ নিয়ে ঝলসে আছে। তুমি সন্ধ্যা, আধুনিক প্রেমমানসের অসম জটিলাদি সমেত ব্যাপক বিশ্লেষণাত্মক কাহিনী—গদ্যে লেখা মহাকাব্যোচিত 'রত্ন ও শ্রীমতী' পড়েছো তা' ? মনীষী-শিল্পী অন্নদাশঙ্কর কৃত নায়ক রত্নর চোখের সামনে নায়িকা শ্রীমতী গোরীর রূপবর্ণনার ঐ 'বজ্রশ্রী'র মতো এক মূর্তি নিয়ে—তুমি নিজেও বিভাসিত হোয়েছো—আমার হাতে তোলা—ঐ গেভাপ্রিন্টে—দ্যাট হোয়াইট লুসেন্ট, ওয়ার্ম, মিলিয়ন প্লেজার্ড ব্রেস্টস—তোমার লাল আঁচলের কারাগারে—দুষ্টু আভাষ ফুটিয়ে রেখেছে।—ঝলকে ঝলকে। সন্ধ্যা, সেই অনিন্দ্য সুষমার সাগরে কী আমায় একদিন করাবে না—জন কীটসের মতো ধ্যানস্নিগ্ধ প্রণয়ে, রভসময় ? বহুত মিনতি করার পর শুদ্ধশীলা সন্ধ্যা কি নিজে থেকে আমার আদর ভরা আধারের অবস্থান স্থাপন করাতে নিলাজিকা হবে না,—যাতে ক'রে আমার প্রণয়ার্তি সমেত আমি 'Pillowed upon my fair loves ripening breasts/ To feel forever its soft fall and sweel' এ—রুচিস্নাত হোতে পারি ? জানো ত সন্ধ্যা, কীটস্ তাঁর সাহিত্যিক ভুবনে শ্রীমতী ফ্যানী ব্রন্ সমক্ষে ঐ সৌন্দর্য্যানুভূতির প্রখরতায় রেঙে উঠে না জানিয়ে পারেন নি—'Ode To Fanny' তে—

'Physician Nature! let my spirit blood!
O ease my heart of Verse and let me rest;
Throw me upon thy Tripod, till the flood
Of stifling numbers ebbs from my full breast.
A theme! a theme! great nature! give a theme;
Let me begin my dream.
I come—I see thee, as thou standest there,
Beckon me not into the wintry air.'

না-গো-না, সন্ধ্যা,—এত' লাজমধুর কথা আর শোনাতে চাই না—আপাতত। তুমি নিশ্চয়ই স্বাভাবিক যুবতীপনায় মনে-মনে সায় খুঁজে পেলেও—তোমার একলা থাকার গৃহকোণে এ-কথা পড়তে-পড়তে শরীরে লাজময় ছন্দ দোলন জাগাতে থাকায়—খুব ব্যাকুল হোচ্ছ। কেমন, তাই না ? এ কথা বাদ দিচ্ছি। সাক্ষাতে আমার প্রণয়—ওপরের কথার যাথার্থতা নিরূপণে তোমারই স্বত্বায় মুঠো মুঠো আবীর মাখানোর মধ্যে—ন্যায়তঃ পেতে চাইবে এরই সত্যসন্ধ একান্ত যৌবনিক রীতির নিলাজক সমীক্ষাটি। অভিজ্ঞা অর্জনের অভিজ্ঞতাটি। শোন সন্ধ্যা, কিছুক্ষণ আগে

